রূদ্ধের বচন।

প্রথম খণ্ড।

"এীরৃদ্ধ" রচিত। হিত্রাদীর সহকারী সম্পাদক

শ্রীযোগেন্দুকুমার চট্টোপাধ্যায়

কর্তৃক

সঙ্গলিত ও সম্পাদিত।

হিতবাদী ষ্টীম-মেদিন প্রেদে শ্রীনীরদবরণ দাস স্বার। মুদ্রিত। ৭০ নং কল্টোলা খ্রীট, কলিকাতা। .

১৩२৫ माल।

মূল্য এক টাকা



Bee Press, Cal,

डे८ त्रश्री



ভোধিকারী ন বন্দোপাধাায়

কল্যাপনবেষ্।

, ীর্দ্ধ "হিত্রাদীর" এবং "ব্চন গুলি' ব্চনগুলি, পুস্তকাকারে সঙ্গলিত করিয়া লাম। বৃদ্ধের আশীর্কাদ স্বরূপ, এই পুস্তক রলৈ আমি আপ্যারিত হইব। ইতি

> তোমার চিরগুভাকাজ্জী শ্রীবৃদ্ধ—

ভূসিকা।

২০১৪ সালের ২০শে পৌষ তারিখে দৈনিক হিত্রাদীতে "রন্ধের বচন" প্রথম প্রকাশিত হয়। তদব্দি মধ্যে মধ্যে দৈনিক ও পরে সাপ্তাহিক হিত্রাদীতে উহা প্রকাশিত হইয়া আসিতেচে।

হিতবাদীর পাঠকগণের মধ্যে অনেকেই এই "রুদ্ধের বচনকে" প্রীতিপূণ দৃষ্টিতে দেখিরা থাকেন। মধ্যে কয়েক মাসের জন্ত "বদ্ধের বচন" প্রকাশ বন্ধ ছিল, নে সময় অনেকেই উহা বাহাতে প্রনরার প্রকাশিত হইতে থাকে, তাহার ব্যবস্থা করিবার জন্ত হিতবাদীর সম্পাদক বা কার্য্যাগ্যক্ষ মহাশয়কে বারংবার অন্তরোধ করেন। ইহা "বচন"-লেথকের সামান্ত সোভাগ্যের বিষয় নহে।

অনেক দিন হইতেই, "বৃদ্ধের বচন"গুলি সংগ্রহ পূর্ব্বক পৃস্তকা-কারে প্রকাশ করিবার জন্ত আমাদিগকে শত শত পাঠক ও গ্রাহক বারংবার অন্তরোধ করিরাছেন। কিন্তু সময় না হইলে কিছুই হয় না। এত দিনে বোধ হয় সময় হইরাছে, তাই কতকগুলি বচন প্রথম গণ্ড (পুস্তকাকারে) প্রকাশ করিরা তাঁহাদের অনুরোধ রক্ষায় স্মর্থ হইলাম। কোন কোন সাহিত্যদেবী বন্ধু, আমাকে পরামশ দিয়াছিলেন যে, হিতবাদীতে যতগুলি "বচন" প্রকাশিত ইইরাছে, তাহার
সকল গুলিই সংগ্রহ না করিরা বাছিরা বাছিরা করেকটা "বচন"
লইরা প্রতকাকারে প্রকাশ করা হউক। কিন্তু কোন্টি ভাল আর
কোন্টি ফল, তাহা বাছাই করিবার সমর মততেদ উপস্থিদ
হইল। একজন যেটাকৈ ভাল বলেন, অন্তে সেটাকে ভাল মনে
করেন না। ভিন্ন লোকের ভিন্ন কটি, স্কুরাং এ মততেদের
নিরাকরণ হওরা স্কটিন; তাই অনেকের পরামশে সকল "বচন"ই
সংগ্রহ পুর্বক প্রকাশ করা বৃক্তিসঙ্গত বলিরা মনে করিলাম।
অবশ্র ইহার সকল গুলিই যে সকলের ভাল লাগিবে, এরপ আশা।
করা যায় না।

এই প্রক প্রকাশে আমার প্রিয় মিত্র শ্রীষুক্ত সুরেক্সনার্থ রার চৌধুরী মহাশর সামাকে আশাভীত সাহায় করিরাছেন। তাঁহার সাহায় না পাইলে, এই কাগজের জুর্মুল্যুতার দিনে আমি এই প্রক প্রকাশে সাহসী হইতাম না। এজন্ত আমি তাঁহার নিকটে চিরপণী রহিলাম। আর পণ্ডিত শ্রীষুক্ত ধীরানন্দ কার্যানিধি মহাশর ও হিত্রগাদীর অন্ততম সহকারী সম্পাদক সোদরোপম শ্রীরুক্ত পাঁচুগোপাল মল্লিক এই পুস্তকের প্রফ সংশোধনে সাহায়া করিরা যৎপরোনান্তি সহদরতার পরিচয় প্রদান করিরাছেন এজন্ত আমিও তাঁহাদিগের।নিকট যথোচিত ক্লভেজ বহিলাম।

बिरगरगन्तकमात हरहोशामात्र ।



বৃদ্ধের আশির্কাদ গ্রহণ কর। তোমাদের কুন্ল সর্ক্রা প্রীঞ্জীত জানে প্রার্থনা করিতেছি। স্থরাটে কংগ্রেসের অস্ত্রোষ্টিক্রিরা * শেশ করিরা প্রতিনিধিবর্গ নিজ নিজ আবাদে প্রত্যাবর্তন করিরাছেন। কংগ্রেসের অবিবৈশন এত দিন যত্র তত্র, হট্টমন্দিরে ইইতেছিল বলিরা অনেকে মনে করিয়াছিলেন যে, উহার মরণ গোমতীতীরে হওলাই সম্ভব। কিন্তু বিধির বিধানে মরণটা গোমতীতীরে না হইরা অবশেষে তাপ্তাতীরে হইল। এখন সকলে জিজ্ঞাসা করিতেছে যে, এই মরণেই কি কংগ্রেসের শেষ হইবে ? আমার মনে হর, এই খানেই শেষ নহে। মৃত্যু শেষ

[া] ২০১৬ সালে বড়দিনের অবকাশে, ডাক্তার (এখন সার) রাসবিহারী বোক মহশেরের সভাপতিছে হ্রাট নগরে কংগ্রেসের অধিবেশন হইবে, এইরূপ ছির হইয়ছিল। সেই অধিবেশনে, মধ্যপদ্ধী ও চরমপদ্ধী, উভন্ন দলই আপনাদের প্রধান্ত অক্স্প রাপিবার জন্ম প্রাণিশে চেষ্টা করেন। অধিবেশনের প্রথম দিনে সভাপতি মহাশন্ত বখন শীর অভিভাষণ পাঠ করিতেছিলেন, সেই সমন্ত, কোন সশাস্থ ব্র অবলখনে উভন্ন দলে কলহ, এমন কি পরে জন্মনক গোলঘোগ ও মরোমারি পন্যান্ত ইইয়ছিল, কলে সভাভঙ্গ ইইয়া বান্ত হ্রাটে কংগ্রেসের অধিবেশন বক্ষরক্তের ব্যাপারে পরিণ্ড ইইয়াছিল।

নহে, একটা পরিবর্ত্তন মাত্র; এরপ পরিবর্ত্তন অবশুন্থাবী। স্ত্রাণ এখন "অপরং কিং ভবিষ্যতি" তাহাই দ্রষ্টব্য।

কংগ্রেসে নাকি হুইটা দল হুইরাছে; একটা দলের ইংরাজি নাম "মডারেট", অক্সদলের নাম "একট্রামিষ্ট।" এই দলচুইটাকে কেহ বলেন "নরম দল" এবং "গরম দল"; আবার কেহ বা বলেন "মধ্যপন্থী" এবং "চরমপন্থী"। আমি বলি একদল "ধীরপন্থী", অক্সদল "উপ্রপন্থী"। লোকে ঐ ইংরাজি শব্দ চুইটার অন্থুবাদে ভূল করার সকলে মনে করে যে, একদলের সহিত বুঝি অপর দলের চির্বাবিরাধ বিভ্যমান আছে। বস্তুতঃ তাহণ নহে—উত্তর দলে এক পথেই চলিয়াছে, তবে কেহ বা একটু ধীর ভাবে, আর কেহবা একটু উপ্র ও ব্যপ্রভাবে। অনেকে বলে যে, উত্তর্দল এক লক্ষ্য অভিমুখে ভিন্ন ভিন্ন পথ অবলম্বন করিয়া অপ্রসর হুইতেছে, কিন্দু আমার বোধ হর, উভ্র দলই একই লক্ষ্যের প্রতি দৃষ্টি ভাগিত করিয়া—একই পথে অগ্রসর হুইতেছে, তবে গতির একটু ভারতম্য আছে। কাহারও গতি ধীর, কাহারও গতি ক্লত। মেদিনীপুরে ও স্বাটে উভ্রদলকে এক পথেই অগ্রসর হুইতে দেখা গিয়াছে।

লজ্জিত হইবার ত কোন কারণ দেখিতেছি না। বিলাত হইতে ছই তিন জন সাহেব এবারে ভারত-ভ্রমণে আসিরা কংগ্রেস দেখিবার জন্ম হ্বরাটে গমন করিয়াছিলেন। তাঁহাদের সমুগ্রে কংগ্রেসে মারামারি লাঠালাঠি দাঙ্গাহাঙ্গামা হইয়াছে। কংগ্রেসের

অধিবেশন বন্ধ হইয়াছে বলিয়া অনেকে বলিতেছেন যে, আমাদের লক্ষা রাণিবার স্থান নাই। আমি বলি, যদি কংগ্রেসে এবার দক্ষয় না হইত, তাহা হইলে আমাদের লক্ষা রাণিবার স্থান হইত না, আমরা তাঁহাদের নিকট মুখ দেখাইতে পারিতাম না। যখন এদেশে সংস্কৃত ভাষা সর্বান্ত প্রচলিত ছিল, তখন "বলং বলং বাহুনলং" কথাটাও প্রচলিত ছিল। এখন সংস্কৃত ভাষা বিলুপ্ত হইরাছে, বাহুবলও সেই পথে; কিন্তু ইংরাজিতে এখনও might is right কথাটার বিশেষ প্রচলন আছে। আমরা যাহাকে বলি মনুষ্যুত্ব, ইংরাজ তাহাকে বলে manliness এই manliness শক্টার একটু বাহুবলের গন্ধ পাওরা যার না কি ?

মিঃ নেভিন্সন ও ডাক্তার রাদারকোর্ড এবার আমাদের manlinessএর একটু দৃষ্টান্ত দেখিরা যাইতেছেন, ইহা কি আমাদের গৌরবের কথা নহে? ভারতবাসী যে স্বরাজ্যলাভের যোগ্য, এ কথাটা তাঁহারা আর অস্বীকার করিতে পারিবেন না। তবেই দেশ, তোমরা যাহাকে লজ্জাকর বলিয়া মনে করিতেছ, কার্যতেঃ তাহাই আমাদের গৌবরকর হইয়া দাড়াইতেছে।

বিচ্ছেদ না হইলে মিলন মধুর হর না, বিবাদ না হইলে একতা স্থদৃঢ় হয় না। ইংরাজের সহিত ফরাসীর বহুকাল হইছে আহি-নকুল সম্বন্ধ ছিল, এখন কিন্তু উভয় জাতির প্রণয় একেবারে গলার গলার হইয়াছে। যে বোথা ইংরাজের অন্তি চুণ করিয়া

দিয়াছিলেন, সেই বোথার অভ্যর্থনার জন্ত লগুনে কিরপ সমারোহ হইরাছিল জান ত ? স্বরং সপ্তম এডোরার্ড বোথাকে আদর আপ্যাধ্বনে আপ্যাধ্বিত করিবার চেষ্টা করিরাছিলেন। স্কৃতরাং এই বিচ্ছেদের পর যে মিলটা হইবে, তাহা যে মধুরতর হইবে, তাহাতে আমার কণামাত্র সন্দেহ নাই। এখন হইতে তাহার লক্ষণও দেখা মাইতেছে। কংগ্রেসের জন্ত ভাবিও না, কংগ্রেস আবার হইবে— স্বরাটে হইল না, মিরাটে হইবে। বরিশালে কন্দারেসাভাঙ্গিরান

কংগ্রেম হইবে ইহা স্থির, তবে evolution এর হিসাবে 'মর্থাই ক্রমোয়তির মতে কায়ার পরিবর্তন হইতে পারে এবং পরিবর্তনের কলে উয়তিই হইবে এ কথা ধ্রুব সত্য। ইংরাজ বৈজ্ঞানিক ভার উইন পলিয়াছেন যে, বানর হইতে নর হইয়াছে; আমাদের শ্বিরা পলিয়াছেন যে মানব সাধনার ফলে দেবত প্রাপ্ত হয়। কংগ্রেম এত দিন ধরিয়া যে সাধনা করিয়াছে, সে সাধনা বার্থ হইবে না। স্থরেক্র, তিলক, দাদাভাই, লক্ষ্পং, অধিনীকুমার, উমেশচক্র, অম্বিকাচরণ, ইহাদের জীবনবাাপী তপস্থা বিফল হইবে না। স্থরাটে এই বে স্থরাস্থরে মিলিভ হইয়া সমুদ্র-মন্থনটা করিল, ইহার ফলে যে অমৃত লাভ হইবে, তাহা ত দিবা চক্ষে দেখিতেছি। যদি বল ছই দলের মধ্যে স্থরই বা কাহারা, আর অস্থরই বা কাহারা ? তাহা হইলে আমি সে প্রশ্নের উত্তর দিতে পারিব না। তবে এইটুকু বলিতে পারি, ধৈর্যা ধারণ করিয়া অপেক্ষা কর, দেখিবে, এই মহনজাত হলাহলে অম্বের দল দগ্ধ হইবে, জার ম্বের দল অমৃত পান করিয়া অমরত্ব লাভ করিবে। ভারউইন সাহেব বলিয়া গিয়াছেন "Survival of the fittest" যোগ্যতরই এ জগতে জয়লাভ করিবে। ইতি—

(২০শে পৌষ রবিবার ১৩১৪)

(2)

সম্পাদক ভাষা,

এবার ন্তন দল গুণ্ডামি করাতে কংগ্রেসের অধিবেশন হইল না, ২০ বংসরের কংগ্রেস নপ্ত হইল দেখিয়া এংগ্লো-ইণ্ডিয়ান সংবাদপত্রগুলা নরমদলের সহিত সমবেদনা প্রকাশ করিয়া গরমদলকে গালি
দিতেছে, আর মনে করিতেছে যে, ভারতবাসীরা কি নির্বোধ,
ভাহারা আমাদের এই খলতা ব্যিতে পারিতেছে না। কিন্তু
ভারতবাসী নির্বোধ নহে, তাহারা ভক্ষ। কাহারও কোন দোর
দেখিলে মুখের উপর কড়া কথা বলিয়া ভাহাকে অপ্রস্তুত করিয়া বাহাত্রী করাকে ভারতবাসী অভদ্রতা বলিয়া মনে করে।

তবে এখন পাশ্চাত্য গুরুর নিকট পাশ্চাত্য সভ্যতার দীক্ষিত ২ইলা ভারতবাসী অপরের দোষ দেখিলে তাহা প্রকাশ করির। বলিতে শিথিয়াছে। তথাপি এখনও পাশ্চাত্য স্পাতির স্থায় একেবারে

হু কের

চক্লজ্ঞা শৃন্ত হইতে পারে নাই। সে দিন বিলাত হইতে একজন ভদ্রলোক এদেশে আদিরা প্রাষ্ট্রই বলিরা গিরাছেন যে, তোমাদের চক্লজ্জা বড়ই অধিক। বণিকজাতির সহিত বসবাস করিতে হইলে চক্লজ্জা একটু কমাইতে হইবে। এই কংগ্রেসের ব্যাপার লইরা এংশ্রো-ইণ্ডিরান সংবাদপত্রগুলাকে বৃরাইতে হইবে যে, ভোমরা আমাদের এই জাতীর মহাসমিতির শোচনীর পরিণামে তঃখ প্রকাশই কর, আরু আনন্দ প্রকাশই কর, আমরা তাহা গ্রাহ্য করি না। তোমরা মাঝে হতে কেন বাপু অন্ধিকার চট্টা করিতে অগ্রের হও প

এবার মহাসমিতি পণ্ড হওরাতে আমি নরমদলের জন্ম গুঃপিত হই নাই। আর ইংলও হই নাই। আর ইংলও হই নাই। আর ইংলও হই তে সমাগত ডাঃ রাদারদোর্ড বা মিঃ নেভিন্সেনের জন্মও গুঃথিত হই নাই। আমি ছঃথিত হইরাছি ট্রান্সভালপ্রবাসী ভারত সন্তান-দিগের জন্ম। অজ্ঞান বালক পথে থেলা করিতে গিরা ফদি ভর পার, তাহা হইলে ছুটিয়া আসিয়া মাভার অঞ্চলের আশ্রর গ্রহণ করে। অবোধ শিশু মনে করে যে, একবার জননীর ক্রোড়ে আশ্রন প্রবাসী ভারতসন্তানগণ স্থানীর রাজপুরুষগণের অত্যাচারে জর্জারিত হইরা শান্তি এবং প্রতিকার লাভের আশার এবারকার মাতৃপুজার প্রতিনিধি প্রেরণ করিয়াছিলেন। তাঁহারা মনে করিয়াছিলেন যে, জাতীর মহাসমি।ত যদি তাঁহাদিগকে আশ্বাস প্রদান করেন.

তাঁহাদিগের হঃথে সমবেদনা প্রকাশ করেন, ভাষা হইলে তাঁহাদের সকল কষ্ট দূর হইবে।

সেইজন্ত অপার আরবসাগর পার হইরা, শত শত মুদ্রা ব্যর করিয়া, করেকজন ট্রান্সভালপ্রবাসী ভারত-সন্তান আপনাদের ছংথের কথা মাতৃচরণে নিবেদন করিবার উদ্দেশ্রে স্থরাটে আসিয়াছিলেন। কিন্তু তাঁহারা আসিয়া যাহা দর্শন করিলেন, তাহার উল্লেখ না করাই ভাগ। তাঁহারা জননীর চরণে পুশাঞ্জলি দিবার জন্ত আসিয়া দেখিলেন, জননীর অস্ত্যোষ্টিক্রিয়া আরক হইয়াছে, বীরভদ্রের দল দক্ষসক্র নষ্ট করিতেছে। তাঁহারা বড় জালার জালাতন হইয়া স্থরাটে ছুটিয়া আসিয়াছিলেন, কিন্তু সেখানে গিয়া যে বীভংস বাপার, পৈশাচিক কাণ্ড, ভূতপ্রেতের তাণ্ডব দেখিলেন, তাহাতে তাংগদের হৃদয়ের জালা শতণ্ডণ বৃদ্ধি পাইয়াছে সন্দেহ নাই। আহা বেচারাদের জন্ত আমার বড়ই কন্ত হয়।

ন্তন দল ইংরাজের সংস্রবশৃত্ত স্বাধীন স্বরাজ লাভ করিবরি

পতা বাহা হইয়াছেন শুনিয়া বড়ই আনন্দিত হইয়াছি। নাবালক

দ্মিদার সাবালক হইয়া কোট-অফ-ওয়ার্ডদের নিকট হইতে

আপনার জ্মিদারীর হিমাব ব্নিয়া লইবেন, স্বয়ং জ্মিদারীর কার্যা

পর্যালোচনা করিবেন, ইহাতে আনন্দিত না হইবার ত কোন কারণ

নাই। কিন্তু একটা কথা আমাকে তোমরা ব্যাইয়া দিতে পার বে

ইংরাজের সংস্রবশৃত্ত স্বরাজ্য ব্যাপারটা কি ? নরওয়ে যেরপ

স্থানের সংশ্রব পরিত্যাগ করিয়। স্বাধীনতা লাভ করিয়াতে, তোমরা কি তাহাকেই স্বাধীন অর্থাৎ ইংরাজের সংশ্রবশৃত্য স্বরাজ্যর বল ? বলি তোমাদের তাহাই উদ্দেশ্য হয়, তাহা হইলে স্মতবড় স্থানি নামটা বলিবার প্রেরাজন কি ? স্পষ্ট করিয়া সহজ্ব কথায় বলিলেই ত হয়, যে দেড়শত বৎসর পূর্বের্ম বড়,সাধ করিয়া আমরা স্বেচ্ছায় যে শিকল গলায় পরিয়াছিলাম, তাহা খুলিয়া ফেলিব, ইংরাজের অধীনতাপাশ ছিয় করিয়া আমরা স্বাধীন হইব। এই স্কৃদ্র সহজ, "স্বাধীনতা" শক্ষ্মীর পরিবর্ত্তে অতবড় দীর্ঘ, "ইংরাজের সংশ্রবশৃত্য স্বরাজ্য" এত বড় কথাটা বলিবার প্রয়োজন কি ? ফলতঃ তোমরা যাহা চাও, তাহা সাহস করিয়া মূথ ফুটিয়া বলিতে পার না : অথচ অপরে তাহা বলে না বলিয়া তাহাদিগকে ভণ্ড, ভীক, কাপুরুষ প্রভৃতি মধুর বিশেষণে অভিহিত করিয়া আপ্যায়িত কর ।

যদি তোমরা সত্যসত্যই ইংরাজের সংশ্রবশূন্ধ স্বরাজ লাভ করিবার জন্ম ব্যুগ্র হইরা থাক, তাহা হইলে প্রথমে কি করিতে হইবে জান ? প্রথমে ইংরাজি ভাষাতার সংশ্রব ছাড়িরা দাও, তোমাদের আয়ত্তে যে ক্রথানা ইংরাজি ভাষার সংবাদপত্র আচে, তাহা উঠাইরা দিরা খাঁটি বাঙ্গালা কি হিন্দি, অথবা মারাঠি ভাষার সংবাদপত্র পাঠ কর। তোমরা হয় ত বলিবে যে সংবাদপত্রটাইংরাজি ভাষার না চালাইলে চলিবে কেন ? ভারতের অঞ্চান্ত প্রদেশের লোকে তোমাদের বক্তব্য তোমাদের মনের ভাব বুকিবে কিরূপে ? আমি বলি কি, এখন আমাদের এই বঙ্গদেশ হইতেই

কার্য্য আরম্ভ করা হউক না কেন? ভোমার মনের কথা প্রথমে রামধন পোদ, হলধর বাগদী এবং স্বরূপ মণ্ডলকে বৃঝাও, পরে পাঞ্জাবী, মারোয়াড়ী বা মারাঠাকে বুঝাইও।

তোমরা যে কি চাও, আর কি বল, তাহাত দেশের সাড়ে পনের আনা লোকে বৃধিতে পারে না। অথ্যে তাহাদের প্রত্যেককে বৃনাইবার ব্যবস্থা কর দেখি, তাহার পর অন্ত প্রদেশের লোককে বৃনাইবার ব্যবস্থা হইবে। তোমাদের ঐ ইংরাজি সংবাদপত্র কয়খানা বন্ধ করিতে পারিবে কি ? যদি তাহা না পার, তবে আর স্বাধীন স্বরাজ্বের কথা মূথে আনিও না। আর যদি ঐ কাগজ্প কর্থানা বন্ধ করিতে পার, তাহার পর তোমাদের স্বন্ধান্ত কর্ত্তিগ্য পালনের তেন্তা করিও।

বীকার করিয়া লইলাম যে, স্বাধীন স্বরাজ্য লাভের জন্ত তোমাদের এতই আগ্রহ হইরাছে ষে, তোমরা ঐ ফিরিঙ্গী ভাষার লিখিত কাগলখানা বন্ধ করিয়া দিলে। তাহার পর কি করিছে হইবে জ্ঞান ? যাহারা পরস্পরের মধ্যে পএ লিখিবার সমন্ত না ভূলিয়া "My Dear" লেখে, তাহাদিগকে দল হইতে দ্র করিয়া দাও; বাহারা কথার বার্ত্তার, লেখার চিস্তার, বক্তৃতার আলোচনার ইংরাজি ভাষা অথবা ইংরাজি শক্ষ ব্যবহার করে, তাহাদিগের সহিত্ত সকল সংশ্রব পরিত্যাগ কর। যাহারা উদ্বারের জন্ত ইংরাজের হাইকোটে ব্যারিষ্টারি করে, তাহাদিগের সংশ্রব হইতে

দুরে থাক। যাহারা শমন পাইলে ইংরাজের আদালতে উপস্থিত হয়, যাহারা ইংরাজ বিচারকের হস্ত হইতে অব্যাহতি পাইবার জ্ঞ ইংরাব্দের জটিল আইনের কৃট তর্ক তুলিরা আত্মরক্ষার চেষ্টা করে, সেই সকল ভণ্ড কাপুরুষকে গলহস্ত দিয়া দুর করিয়া দাও। অন্তের ধারা উৎপীড়িত হইলে ইংরাজের বিচারালয়ে স্থায়-বিচার প্রার্থনা করে, তাহাদের সহিত বাক্যালাপ বন্ধ কর। ইংরাজের নামগন্ধে যাহারা থাকে, তাহাদিগকে সর্ব্বপ্রকারে পরিত্যাগ কর। ষদি এই সাধনায় সিদ্ধ হইতে পার, যদি আপনার মন, পরিবার, আত্মীয়, অন্তরঙ্গ সমস্ক ইংরাজের অপবিত্র সংস্রব হইতে মুক্ত করিতে পার, তবে "স্বাধীনতা" "ম্বরান্তের" নাম উচ্চারণ করিও। নতুবা অন্তর্কে ইংরাজীতে বক্ততা করিতে গুনিলে বা ইংরাজী পরিচ্ছদ প্রিধান করিতে দেখিলে ক্রোধে আত্মহারা হইও না। ইংরাজিতে একটা কথা আছে "Charity begins at home" এই ইংবাজী কথাটা স্মরণ করিয়া ইংরাজের সংস্রবশুক্ত স্বরাজ লাভের কথা বলিও। প্রথমে স্বরং নিম্নল্ব হও, পরে অপরের কলক্ষের উরেখ করিও।

Prevention is better than cure রোগ হইলে চিকিংশ করা অপেকা থাহাতে রোগ না হয় তাহার ব্যবস্থা করা ভাল। স্থরাটে যাহা হইবার ভাহাত হইয়া গেল, এখন পাবনায় কি করিবে, তাহার ভাবনা এই সময় হইতে ভাবিয়া রাখিও। ভোমাদের ধরাধরি মারামারি যাহা আছে, তাহার উপরে আবার গুণার গুঁতার কথাটা, বিশোলের ব্যাপারটা ভাবিও! কাহাকে পাবনার প্রাদেশিক সমিতির সভাপতি করিবে, তাহা পুর্ক হইতে দ্বির করিরা রাখিও। নতুবা যেন সেখানে উপস্থিত হইরা একবার রামকে, একবার শুামকে, আবার তার পর হরিকে বা ষত্তক বর্মাল্য দিবার জন্ত গোলযোগ করিও না। পরের গৃহে আমান্তিত হটরা পরের বাটাতে আতিথ্য গ্রহণ করিরা অবশেষে আতিথ্য ধর্মের ম্বমাননা করিও না। ইংরাজ কবি মিল্টনের সম্বতান বলিয়াছিল 'ঈশর স্থংগ পরিপূর্ণ পৃথিবী সৃষ্টি করিতে স্থির করিমাছেন, আমি দেই পৃথিবীকে অস্থ্যের আগার করিব, তিনি যাহা পুণ্যময় স্থময় করিয়া সৃষ্টি করিবেন, আমি তাহাই পাপময় হঃখময় করিয়া কৃতিব।' তোমরা সেই সম্বতান প্রকৃতির একবার পরিচয় দিয়াছ, ইহাই স্থেপ্ট হইয়াছে। ভবিষ্যতে আর স্বতানি করিও না,

একজন কাজী মোকজমার সমর উভর পক্ষকেই ডিক্রি দিতেন বলিরা প্রবাদ আছে। এবার স্করাটের ব্যাপারে নরম দল ও পরম দল উভর দলেরই জর হইরাছে। নরম দল বলিতেছে যে "ভণ্ড বদেশ হিতৈবীদিগের পরিচর পাওরা গিরাছে, স্বার্থপর স্বদেশ হিতৈ-মীরা স্বদেশের কল্যাণ অপেক্ষা আমুগৌরব প্রতিষ্ঠাকে কত গুরুতর বলিরা মনে করে, তাহা এবার সকলে জানিতে পারিয়াছে।" আর গরম দল বলিতেছে যে "মহাসমিভিতে গরম দল এবার নরম দলের গথেচ্ছাচারের মূলোংপাটন করিয়াছে। আমরা যে প্রতিজ্ঞা

হজের

করিয়াছিলাম, সেই প্রতিজ্ঞা রক্ষা করিয়াছি। নরম দলের কংগ্রেস পণ্ড করিয়াছি।" স্থরেক্স বাবু বলিয়াছেন—কংগ্রেস আবার হইবে, কংগ্রেসের মৃত্যু নাই, অমর কংগ্রেস আবার দেখা দিবে। কিন্তু এবার যে কংগ্রেস হইবে, তাহা নরম দলের কংগ্রেস হইবে কি গরম দলের কংগ্রেস হইবে তাহাই দ্রেইব্য। আপাততঃ উভন্ন পক্ষই । জ্বরণাভ করিয়া আনন্দে অধীর হইয়াছে। ইতি

(২৫শে পৌষ গুক্রবার ১৩১৪।)

:(🔊)

সম্পাদক ভারা,

ষাট বৎসরের বৃদ্ধ বারেক্ত কুলীন ব্রাহ্মণ ছর্গাচরণ সাম্যাণ ছই বংসরের জন্ত জেলে গমন করিলেন *। সকলেই বলিতেছেন দও ঠিক হয় নাই।

^{*} শ্রীযুক্ত প্রগাচরণ সায়াল নামক একজন বৃদ্ধ উকিল, কোন আয়ীয়ের সূত্য সংবাদ পাইয়া রাত্রিকালের ট্রেণে স্থানান্তরে গমন করিতেছিলেন। পথিমধ্যে একটা স্টেশনে গাড়ী আমিলে প্রগাচরণ বাবু, তাঁহার গল্পরা স্টেশনে উপস্থিত ইইয়াডেন মনে করিয়া তাড়াভাড়ি গাড়ী ইইতে অবতরণ করেন। কিন্তু পরে আপনার অম ব্বিতে পারিয়া সেই গাড়ীতেই উঠিবার চেষ্টা করেন। তথন গ'ড়ী ছাড়িয়া দিয়'ছিল, আব'র অনেকক্ষণ পরে গাড়ী জানিয়া প্রগাচরণ বাবু সেই গতিশীল গাড়ীরই একটা দিত্রীয় শ্রেণীর কামরায় উঠয়া পড়েন। সেই কামরায় ইইজন ইংরাজ বাত্রী নিদ্রা যাইতেছিলেন, সায়াল মহাশয় গাড়ীতে প্রবেশ করিবামাত্র উহাদের নিদ্রাভঙ্গ হয়। প্রগাচরণ বাবুকে ডাকাত মনে করিয়া সেই স্ইজন ইংরাজ হয় উক্লীলকে আক্রমণ পূর্বকে প্রহার করিতে থাকেন। প্রগাচরণ বাবু আপনার কাহিনী বুলিরার জন্ত বারংবার চেষ্টা করিলেও তাঁহারা সে কথায় কর্ণণ্ড করেন নাই। তথন বৃদ্ধ প্রগাচরণও আয়্রবশার জন্ত সেই সুইজন ইংরাজকে প্রহার করেন। অবশেষে পরবর্তী স্টেশনে ইংরাজ যাত্রীয়া প্রগাচরণ বাবুকে পুলিশের হত্যে সমর্পণ্ড করেন।

ঠিক হয় নাই কেন ? যদি বল ব্রাহ্মণ সম্ভান, কুলীন, বলস

যাট বংসর, আব্দ বাদে কাল শমনের ডাক পড়িবে—তাহার কারাদণ্ডের কথা শুনিলে কাহার না ছাথ হল ? ইহার উভরে

শামি পিনাল কোডকে নথাবিহিত সম্মান পুরঃসর নমস্কার
করিয়া বলিভেছি যে, এ রাব্দ্যের আরভ্যে ব্রাহ্মণ কুলভিলক নন্দ
কুমারের ফাঁসি হইরাছিল, ছুর্গাচরণ ত দিনাজপুরের উকিল।

আমিও বৃদ্ধ, তর্গাচরণও বৃদ্ধ। বৃদ্ধের কথা বৃদ্ধই বৃণ্ধতে পারে; তোমরা এখন আমাদের কথা বৃদ্ধিবে না। তবৃও বলি, তুর্গাচরণের তই বংসরের জন্ত কারাগারবাদের ব্যবহা তইরাছে, ইহাতে আমি ত কোন তঃথের কারণ দেখিতেছি না। কারাগারের বাহিরেই বা আমরা কি স্থপে আছি ? ৭ টাকা মণ চাউল, বার আনা দের তৈল, টাকার চারিদের ত্র্য্ধ, বার আনা ভরি আফিম, স্তরাং সংসার অনেকেরই অচল। তাহার উপর আবার আজ এ টেরা, কাল ও চানা, পর্য আর এক ফ্যাশান। প্রতিদিন গটাবাটি ক্রোক। শেষে আছেন প্রেগ, ম্যালেরিয়া, বসন্ত। বল তভারা, বাহিরে স্থা কোথার ? আমাদের বাহিরেও যে হাস জন, কারাগারেও সেই যাস জল।

ছুর্গাচরণের কারাদণ্ড ঠিকই হইরাছে। হিন্দুর চেলে রান্ধণ সন্তান, কোথার পঞ্চাশোদ্ধিং বনং এজেং, না দিনাঙ্গপুরের জাদালতে এই ধার্ট বংসবের বুড়া উদরাধাের জন্ত "ইওর জানার" "ধ্যাবভার"

র্ত্কের

করিয়া বেড়াইত। ধর্মাজের কি ইহা সহা হয় ? ভাই বৃদ্ধ
গুর্মাজের প্রকোরে "বন' ব্রভেং" করিয়া দেওয়া হইয়াছে।
ইংরাজের কারাগার আরু দেকালের বন কতকটা একই প্রকার,
দেখানে হিংস্র জন্তর অভাব নাই: আর সেখানে লতা ও
পাতা ফলমূল গাইয়াই জীবন ধারণ করিতে হয়। বাঁচিয়া
থাক বাবা রায়বংশ-প্রদীপ, তৃমি রাজ্ঞান সন্তানের ধর্মপথের
সহার হইলাছ।

বগুড়ার জ্লু বাবু (শীবিঞ্জ্লু সাহেব) এই মামলার যে প্রকার স্থবিচার করিরাছেন, তাহাতে সকলেরই আনন্দ প্রকাশ করা কর্ত্তব্য । কিন্তু দেশের লোকের কেমন ভাব হইরাছে যে, তাহারা লোকের লোকের লোকের বিশেষ অনুসন্ধান করিয়া থাকে। তোমাদের কি বাপু, তোমরাত দশ কথা শুনাইরা দিয়া খালাদ। কিন্তু রায়নন্দনের অবস্থাটা একবার ভাব দেখি। বেচারা জ্লু সাহেব বড় চাকুরে। এই মোকলমার ফরিয়াদী সাহেব; সাহেবের শরীরে আঘাত লাগিরাছে, রক্তপাত হইয়ছে। আর আসামী একজন বাঙ্গালী —একে বাঙ্গাণী তার উকিল, খাঁটি "বন্দে মাত্রম্"। এ অবস্থার ছগাচরণকে ছাড়িয়া কি রায় মহাশর চাকুরীটা খোয়াইবেন ? সর্বাহে আপনাকে রক্ষা করিতে হয়; রায় সাহেব আপনার কৃটি বাচাইয়াছেন। ভোমরাও তাহাই করিতে। পরকালের সহিত বোঝাপড়ার এখনও অনেক বিলম্ব, আপাততঃ ইহকাল ত বাচাইতে হইবে।

তোমরা অত্ব সাহেবের রায় টা আগাগোড়া পড়িয়াল কি ? আমি
পড়িয়ালি। এমন স্থান্দর স্থান্তি তক অনেক দিন শুনি নাই।
তর্গাচরণ যে সকল কথা বলিরাছে, তাহা বিশ্বাসযোগ্য নহে, কারণ
সে বাঙ্গালী। তর্গাচরণ যে আয়রক্ষার জন্তা চেষ্টা করিয়াছিল, একথা
জন্তা সাহেব অস্বীকার করিতে পারেন নাই, তর্গাচরণের যে আক্রমণ
করিবার কোনই উদ্দেশ্য থাকিতে পারেন নাই, তর্গাচরণের যে আক্রমণ
করিবার কোনই উদ্দেশ্য থাকিতে পারেন না, তাহাও রায়ের মধ্যে
বলা হইয়াছে, ত্র্গাচরণ কি জন্তা কুক্রী (ভোজালী) লইয়া সাহেবের
গাড়ীতে প্রবেশ করিবে, তাহাও জন্ত সাহেব ব্রিতে পারেন নাই,
তিনি এ সকল রহন্তা কিছুই বৃঝিতে পারেন নাই, ব্রিয়াছেন কেবল
একটি কথা; তাহা এই যে, তর্গাচরণকে শান্তি দিতেই হইবে।
ইহার উপর মুক্তিও নাই, তর্কও নাই। তবুও যে রায় সাহেব কেন
এত বড় একটা রায় লিখিয়া সরকাবের কাগন্ত কালি ও নিজের
বহুমুল্য সময় নষ্ট করিলেন, তাহাই আমি ব্রিতে পারিলাম না।

রারের মধ্যে একটি চমংকার হেঁরালি আছে। যে কুক্রী ধারা ছর্গাচরণ সাহেবদিগকে আঘাত করিরাছিল, সে থানি কাহার ও কেমন করিরা ঐ স্থানে আদিল ? সাহেবেরা বাইবেল স্পর্শ করিরা বলিরাছেন, কুক্রী থানি তাঁহাদের নহে; এদিকে ছর্গাচরণের যে ব্যাগটিছিল, তাহা পরীকা করিরা দেখা গিয়াছে যে কুক্রীথানি তাহার মধ্যে অনারাদে প্রবেশ শাভ করিতে পারে। এ অবস্থার কুক্রীথানি যে ছর্গাচরণের, তিম্বিরে আর কোন সন্দেহ নাই। কিন্ত ছর্গাচরণ যে কেন এত রাত্রে কুক্রীথানি লইয়া সাহেবদের গাড়ীতে প্রবেশ করিবে, জ্জু সাহেব তাহার কারণ গুঁজিরা পান

নাই। আমাকে জিজ্ঞাসা করিলে আমি কারণ বলিতে পারিতাম। তর্গাচরণ পিশাচিসিদ্ধ ব্যক্তি; সাহেবেরা যথন ত্র্পাচরণকে চোর মনে করিরা গর্জন করিরা উঠিলেন, ত্র্গাচরণ তথন পিশাচিদিগকে শ্বরণ করিলেন, আর তাঁহার ব্যাগ হইতে মার থাপ্ কুক্রী আসিরা তাঁহার হস্তে অধিষ্ঠিত হইল। আহা, এমন সুৰ্ক্তি থাকিতে জঞ্জ সাহেব অকারণ বিব্রত হইয়াছিলেন।

আমার সহিত হুর্গাচরণের সাক্ষাং হইরাছিল। আমি ভাহাকে জেরা করিয়াছিলাম। সে কোন সমিতির মেম্বার কি না, সে কোন সাশানাল ভলন্টিরারদলের দর্ভার কি না, এবংবিধ অনেক প্রশ্ন তাহাকে করিয়াছিলাম; কিন্তু লোকটা কিছুই বলিল না। আমার মনে হর, তাহার ঘরবাড়ী খানাতরাদী করা কর্ত্তব্য। তাহার গৃহে হরত রাজনোহের অনেক সাজসরঞ্জাম থাকিতে পারে। তুই চারিজন ডিটেক্টিভ লাগাইলে অনেক রহস্ত বাহির হইতে পারে। এখনও সে চেষ্টার দমর আছে। হাইকোর্টে দরবার হইবার পূর্কেণ্ড সকল আরোজন করা সরকারের বিশেষ কর্ত্তব্য। আমি এ বিষরে সহারতা করিতে প্রস্তুত আছি। ইতি—

(> ना गांच वृक्षवात ५०५८)

(B)

সম্পাদক ভারা,

আপৎকাল উপস্থিত হইলে বৃদ্ধের বচন গ্রাহ্ম করিতে হর। তোমাদের এক আপদ যাহা হর একরকমে কাটিয়া গিরাছে, আর এক আপদ সন্মুবে, তাই বৃদ্ধ আবার ছই একটি কথা বলিতে আসিরাছে। একটু মনোযোগপূর্দ্ধক শুনিবে কি ?

সুরাটের কংগ্রেদ উপলক্ষে তোমরা সকলে মিলিয়া বে কাণ্ডটা করিয়। আদিলে, তাহা কাহারও জানিতে বাকি নাই। তাহার পর ঘরে ফিরিয়াও তাহার জের চালাইতেছ। তোমরা বল, ওরা অপরাণী, তোমরা নিরপরাধ, আর ওরা বলে, যত দোষ তোমাদের, ওরা অতি ভাল মানুষ। তুমি বল দক্ষিণী পাছকা ওরাই তোমাদিগকে লক্ষ্য করিয়া নিক্ষেপ করিয়াছিল, ওরা বলে, তোমরাই উহাদিগকে লক্ষ্য করিয়া পাছক। নিক্ষেপ করিয়াছিলে। বে-ওয়ারিস পাছকা নাকি কলিকাতা পর্যান্ত আদিয়াছে। আরও কোথাও ঘাইবে নাকি?

কংগ্রেস মিটিরা গেল, কিন্তু বাঙ্গালীর গোল মিটিল না।
এখনও দিন নাই রাত্রি নাই, ভোমাদের ঐ ঢেঁকির কচকচি শুনিতে
শুনিতে কাল ঝালাপালা হইরা গেল। আর কেন ভারা, ও
গোলমাল এখন করেক দিনের জন্ত বন্ধ রাখ না। যাহা হইবার
ভাহা ত হইরা গিয়াছে। রামের দোষেই কংগ্রেসের কাজ পণ্ড
হউক আর শ্রামের খামপেরালিতেই কংগ্রেস ভঙ্গ হউক, কংগ্রেস
ভাঙ্গিরাছে ত ? ১৯০৭ অব্দের ২৭শে ডিসেম্বরকে আর ত ফিরাইরা
আনিতে পারিবে না, দক্ষিণী-জুতা ত আর ফিরিয়া গিরা অধিকারীর

স্থেকর

চরণের শোভাবর্দ্ধন করিবে না, তিলকের তিলক ত আর মৃছিয়া যাইবে না, স্বরেক্রনাথের অবমাননা ত আর ঘুচিবে না। তবে আর গত কথা লইয়া অত কথা-কাটাকাটি কেন ? ও কথা ছাড়িয়া দাও। তোমরা বাঁচিয়া থাকিলে নৃতন কথার অভাব হইবে না। ঐ শোন, পাবনায় ঢাক বাঞ্চিয়া উঠিয়াছে।

এবার পাবনাতে প্রাদেশিক সমিতির অধিবেশন হইবার কথা।
সরাটের কাণ্ডের পরই, ব্রিয়াছিলাম যে, পাবনায় এবার ভাবনার,
সত্যসত্যই আমরা একটু ভাবনায় পড়িয়াছি। তোময়া সংবাদপত্রের থাতিরে পাবনার অনেক সংবাদ পাও, আমিও রক্ষত্তের থাতিরে অনেক কথা জানিতে পাই। পাবনায় নরমও যেমন আছে,
গরমও তেমনই আছে। ঐ ষে তোমার মহাগরম শ্রামস্থলর বার,
উহারও বাড়ি ঐ পাবনা জেলায়, আবার ঐ যে তোমাদের আশুবার্ (মি: এ, চৌধুরী) উনিও পাবনা জেলার নরমপন্থী। পাবনা
জেলার মধ্যে নরমদলের যেমন প্রাধান্ত, গরমদলেরও তেমনই
প্রাধান্ত। স্বতরাং একটা যে কথা উঠিবে, তাহা আমি পূর্কেই
ব্রিতে পারিয়াছিলাম।

আমি দ্রদেশে থাকিয়া যাহা ব্বিয়াছি, পাবনার মহায়ারা যে তাহা কেন ব্বিলেন না, তাহাই আমি ব্বিতে পারিতেছি না। প্রথমেই ত সভাপতি নির্বাচন ব্যাপার লইয়া গোল উঠিয়াছে। বরিশালের অধিনী বাবুকে সভাপতি করিবার জন্ম অনেকে প্রয়াসী, শেষে গুনিলাম যে, অভ্যর্থনা সমিতির অধিকাংশের মতানুসারে
শ্রীমান রবীন্দ্রনাথকেই সভাপতি মনোনীত করা হইয়াছে। তথে
তিনি এমন সময় এই ভার গ্রহণ করিবেন কি না, সে কথা জানিতে
পারা যায় নাই। কিন্তু গাঁহারা অখিনী বাবুর নাম প্রস্তাব করিয়াছিলেন, তাঁহারা যে চটিয়া লাল হইয়াছেন, তাহা আমি দিব্য চক্ষে
দেখিতে পাইতেছি। স্ত্রাং পাবনা লইয়াই ভাবনা।

তোমরা বৃদ্ধের বচন যদি গ্রাহ্ম কর, তাহা হইলে আমি একটা প্রস্তাব করি। সুরাটে সভাপতি লইয়া গোলবোগ হইল আর সেই জন্মই কংগ্রেদ ভাঙ্গিয়া গেল, পাবনাতেও যখন সেই ব্যাপারের পুনরভিনয় হইবার আরোজন হইতেছে, তথন ও কাজটা বিকলে শেষ করিলে হয় না ? এীরামচন্দ্র সীতার মূর্ত্তি নিশাণ করিরা যক্ত করিয়াছিলেন। তোমরাও না হয় ঐ রকম একটা কিছু কর। প্রাদেশিক সমিতি, স্থতরাং একেবারে একটা মূর্ভি প্রতিষ্ঠার কথা সাহস করিয়া বলিতে পারি না। উহাতে পৌত্তলিকভার গন্ধ বিলক্ষণ আছে। আমি বলি কি "বন্দে-মাতরম" বলিয়া সঙ্কল্প করিয়া সভাপতির আদন "মায়ের" জন্ম শুন্ত রাখিয়া তোমরা দশজনে কাজ চালাইয়া লও। সভাপতির বক্তৃতার কথা বলিতেছ ? সুকুলে মিলিয়া "বন্দে মাতরম্" মন্ত্র সমন্বরে গান করিও। ঐ গানের মধ্যে ভোমার সহস্র সভাপতির বক্তভার দার মন্ম আছে। তোমার রবি-কবিই বল, আর অখিনী বাবুই বল, আর সুরেজ বাবুই বল, "বলে মাতরমের" অধিক কথা কেইই

র্জের

বলিতে পারিবেন না, কেহই জানেন না। সভাপতির গোল এই ভাবে মিটাইয়া ফেলাই আমার প্রস্তাব। বৃদ্ধের বচন গ্রহণ করিও, কোন আপদ থাকিবে না।

পত্রান্তরে প্রকাশ,—পাবনার মহাজন সমিতি মহাসমারোহে

জ্রীন্সারসতী পূজার আয়োজন করিতেছেন। তাঁহারা এই উপপক্ষে শ্রীবৃক্ত অরবিন্দ ঘোদ, শ্রীবৃক্ত অধিনীকুমার দত্ত, ও শ্রীবৃক্ত
জ্ঞামস্থনর চক্রবর্তীকে নিমন্ত্রণ করিয়া মানিবেন। সরস্বতীপূজা
উপলক্ষেই বদি নিমন্ত্রণ হইত তাহা হইলে পাবনার মহাজন সমিতি
শ্রীবৃক্ত রবীজ্ঞনাথ ঠাকুর, শ্রীবৃক্ত রামেশ্রস্থনর তিবেদী, শ্রীবৃক্ত
অক্ষরচক্র সরকার, শ্রীবৃক্ত চক্রনাথ বস্থ প্রভৃতি সাহিত্য মহারথকে
নিমন্ত্রণ করিতেন; তাহা না করিয়া যে উপরিউক্ত তিনজন বাণীবিনোদকে নিমন্ত্রণ করিবার সক্ষর করিয়াছেন, ইহার মধ্যে আমার
মত অতিসাবধান বৃদ্ধেরা অনেক ব্যাপারের আভাস পাইতেছেন।
ন্তর্মশাস্ত্রেবলে পর্বতা বিক্ষমান্ধ্যাংশ। আজ এইথানেই। ইতি—

(৭ই মাঘ মঙ্গলবার ১৩১৪)

(6)

সম্পাদক ভারা,

তোমরা বেশ আছ ; একটু যদি আইন বাঁচাইগ্রা কলম পরিতে পার, তাহা **হইলে** বিনা ক্লেশে স্বদেশ-হিতৈষী হইতে পার। একটু শামাল হইয়া যদি দশটা কথা বলিতে পার, ভাহা হইলেই একটা ক্ষা বিষ্ণু হইয়া যাইতে পার।

কিন্দ ভারা, স্বদেশী ও বরকটের যে কি জালা, ভাহা ত সহরে বিদিনা ভোমরা দেখিতে পাওনা; যাহারা পরীগ্রামে থাকে, ভাহারা বৃদ্ধিতে পারে যে, ভাহাদের ছেলে পিলেদের মাথার উপর কান বিপান। কথার কথার জেলে ত মফস্বলৈ আছেই। এভ বিপাদের মধ্যেও যে আমাদের পলীগ্রাম সমূহে স্বদেশী টিকিরা মাছে, ভাহা কেবল ঐ বিন্দে মাতরম্" ময়ের প্রভাবে।

কিন্দ ভারা, আর বৃঝি তোমাদের স্বদেশী থাকে না। ভোমরাত সহরে বসিয়া ঝগড়া-বিবাদ বাধাইয়া বেশ আমোদে আছা। মধ্যে মধ্যে "স্বদেশী ছাড়িও না" "বরকট কর" বলিয়া এক একটা হন্ধার ছাড়িয়াই তোমরা কার্যা শেষ কর। এদিকে ধে স্বদেশী যায়, তাহা শুনিয়াছ কি ? ভাহা দেখিতেছ কি ?

সামাদের পূর্ব্বব্দের কর্তা মহাশরদিগের সম্মতিজনে, মরমনসিংহ জেলার ম্যাজিস্ট্রেট সাহেব যে নোটিশ গ্রামে গ্রামে জারি
করিরাছেন, তাহার প্রতি তোমাদের মনোযোগ হইরাছে কি দ্
গ্রামের পঞ্চারং অর্থাৎ থানাওরালাদের চাকর মহাশরেরা এখন এক
একটা হাকিমের পদ পাইলেন। তাঁহারা যাহার নামে রিপোট
করিবেন, তাহাকেই সাত্র্যাটের জল থাইতে হইবে। এখন

ভাবিতেছি, একটা পঞ্চারেং হইতে পারিলে এ সময় বিলক্ষণ স্থবিধা করিয়া লওয়া যাইত।

পঞ্চারৎদিগের উপর হুকুম আসিয়াছে যে, গাঁষের মধ্যে যে কেই কোন জিনিস খরিদ বিক্রয়ে বাধা দিবে, পঞ্চারৎ তথনই ভাহার নাম ও ঘটনার বিবরণ, হাতের কাছে যে ধানা থাকিবে, সেই থানার পাঠাইয়া দিবে। তাহার পর কি হইবে জান ? যাই রিপোট পাওয়া, আর অমনি লাল পাগড়ি; জেলায় হাজির, মুচলেক।, শেষে কারাবাস। এখন বল দেখি, স্বদেশী করিবার উপান কি দু জলে বাস করিয়া কুন্তীরের সহিত কত বিবাদ করা যান ?

তোমরা ত জান না। মফরবের পুলিশের তেজ কত; ক্ষমত কত। তাহারাই দেশের মালিক। তাহাদের মন যোগাইলা না চলিতে পারিলে দেশে বাস করা অসম্ভব। এত দিন পুলিশই মনিব ছিল, এখন আবার গাঁরের পঞ্চায়তও হাকিম হইল। এখন তাহার মন সোগাইতে না পারিলে কোন্ দিন কাহার ছেলেকে সদেশা বলিয়া ধরাইয়া দিবে। এই বুড়া বন্ধসে এমন ব্যাপারও দেখিকে হইল। পূর্বেত এমন ছিল না, এখন কথার কথার কাহান, কথার কথার নোটাশ।

আমার জিজ্ঞান্ত এখন এই যে, আমাদের পলীগ্রাম সমূহে 'ব্রদেশীকে' বাচাইয়া রাথিবার জন্ত এখন কি করা কর্ত্তব্য ? আমরা

এতিদন সামাজিক শাসনের ভর দেখাইরা অনেক পাশগুকে স্বলেশী করিরাছিলাম। কিন্তু এখন ত আর তাহা চলিবে না। এখন কাহাকেও একটি কথা বলিবার যো নাই। কোন কথা বলিবেই একেবারে কারাবায়। অবশু ভোনাদের কল্যাণে আমাদের পাড়াগারে এমন অনেক ছেলে জন্মিরাছে, যাহারা কারাগারে গমন করিতে ভীত নহে; কিন্তু এমন করিবা দলে দলে কারাগারে সাইবাই বা লাভ কি হইবে ?

এবার পাবনার প্রাদেশিক সমিতির অধিবেশন হইবে। তোমরা সেখানে বড় বড় কথার আলোচনা করিবে, তাহা আমি জানি। কিন্তু আমার বিশেষ অনুরোধ তোমরা সকলে মিলিরা সেই সভাতেও মরমনসিংহের কার্ক সাহেবের এই পরোয়ানার আলোচনা এবং স্থানেশী ও বয়কট্কে। কেমন করিয়া সজীব রাখা যায়, তার একটা ব্যবস্থা করিও। তোমরা স্থারজই বল, আর মাই বল, স্থানেশী ও বয়কটই আমানের মূলমন্ত্র। রুজ বয়সে আমরা ভারত উদ্ধারও করিতে পারিব না, তোমাদের মত ভলন্টিয়ারও হইতে পারিব না। আমরা গ্রামে বসিয়া স্থানেশ। হইতে ভাই ও স্থানেশী প্রচার করিতে চাই। 'কিন্তু তাহাতেও যে বিয় উপস্থিত।

খাবার শুনিতেছি; তোমাদের কলম বন্ধ করিবার জন্ত নাকি একটা আইনের থসড়া হইতেছে। <u>আইন করা ড শক্ত</u> রাপ্রার

হ্রব্ধের

নর; কালী আছে, কলম আছে, কাগজ আছে লিখিলেই ২ইল এই আইন হইলে নাকি ভোমরা আর কোন কথা লিখিলে পারিবে না, কোন উচিত কথা বলিতে পারিবে না। উচিত কথ বলিলেই তোমাদিগকে ধরিয়া লইয়া যাইবে। দেখ ভারা, আফি ইংরাজ রাজপুরুষদিগের বর্ত্তমান ভাবটা মোটেই বৃত্তিশে পারিতেছি না। তাহারা কি মনে করে, বলপ্ররোগে ধরিয় রাখিলেই সব চুপচাপ হইয়া যাইবে ? আমার ত মনে হর, যতই চাপ পড়িবে ততই আগুন জলিয়া উঠিবে। আলোক অপেক যে অন্ধলারেই অধিক ভরের সন্তাবনা, আমাদের রাজপুরুষেরা কি ভাহা ভূলিয়া গিয়াছেন ? কি জানি, তোমাদের পাশ্চাত রাজনীতির অর্থ আজও বৃত্তিতে পারিলাম না। ইতি— (১২ই মাঘ রবিবার ১৩১৪)

(😊)

সম্পাদক ভারা,

এবার বিলাতের মহাসভার উবোধন দিনে ভারতেশ্বর স্থাতি পথন এডোরার্ভের বক্তৃতাটা তোমরা নিশ্চর পাঠ করিয়াছ। বুরার সমাটের অধীন ম্যাসিডোনিরা প্রদেশের মুসলমান ও খুষ্টানগণে মধ্যে দাঙ্গাহাঙ্গামা ও মামলা মোকদামা হইলে খুষ্টানগণ নাকি মুসলমান বিচারকের নিকট স্থবিচার পার না; সেইজ্লা বুরুদ্ধ সম্রাটকে ইউরোপের শক্তিপুঞ্জ বিচার-প্রণালী সংস্কারের জন্ত

অন্ধরোধ করিবেন, সমাট মধোদ্য এইরূপ কথা বলিরাছেন। ভাল, মুসলমানরাজ্যে মুসলমান কাজিরা বে খৃষ্টানদিগের প্রতি অবিচার করেন, ইহা কোন খৃষ্টভক্ত সহ্য করিতে পারেন না। তাই তুরুদ্ধ সমাটকে, ভয় দেখাইয়া অথবা অন্ধরোধ করিয়া ন্যাসিডোনিয়ায় খৃষ্টান প্রজাদগকে রক্ষা করিবার ব্যবস্থা হইতেছে। তোমরা এই ব্যাপারের কিছু তাৎপর্য্য বুঝিলে কি ?

ইহার তাৎপর্য্য এই যে, খুটানের রাজ্যেই হউক, আর
অখ্টানের রাজ্যেই হউক, খুটানিদিগের স্বার্থ রক্ষা করা খুটধর্মাবলম্বী মাত্রই পবিত্র কর্ত্তব্য বলিয়া মনে করেন। তোমরা
খুটান রাজার রাজ্যে বাস কর, স্ক্তরাং যদি ভোমাদের বিচারক
কিংসকোর্ড ছইজন কালা ব্যারিটারের কুথার অবিধাস করিয়া
একজন খেতাক কনটেবলের কথা বাইবেল-সত্য বলিয়া
বিধাস করেন, অথবা খুটান গবর্গমেন্টের বেতনভোগী ভূতা
কোন দেশীল বিচারক, বৃদ্ধ রাজ্যণের কথায় অবিধাস করিয়া
একজন খেতাকের কথা বেদবাক্য বলিয়া বিধাস করেন, তাহা
হইলে চমকিত হইয়া গোলযোগ করিও না। নীরবে খুটানের
কর্ত্তরাপালন অবলোকন কর। সদি ম্যাসিডোনিয়াতে খুটানের
কর্ত্তরাপালন অবলোকন কর। সদি ম্যাসিডোনিয়াতে খুটান ও
মুসলমানের মধ্যে সংঘর্ষ না হইয়া বৌদ্ধ ও মুসলমানের মধ্যে
সংঘর্ষ হইত, তাহা হইলে কি ইউরোপের খুটশিষ্যগণ ভ্রমেও তুরুকে
বিচার বিদ্রাটের কথা মুখে আনিতেন ? এ কথা মনের কোণেও
ভান দিও না।

দে দিন কলিকাতার ট্রেডস এসোসিয়েসন অর্থাং খেতাঙ্গ বণিক সভার একটি অধিবেশনে হাইকোর্টের প্রধান বিচারপতি মহোদর কথায় কথায় বলিয়া ফেলিয়াছিলেন যে, হাইকোটটিকেও বদদেশের ন্তার বিচ্ছিন্ন হইতে হইবে। এই কথায় অনেক সংবাদপত্রের মম্পাদক নাকি দিবসে আহার ও রাত্রে নিদ্রা পরিত্যাগ করিয়াচেন। তাহারা এই হাইকোটের বাবচ্ছেদের প্রতিবাদ করিবার জন্ম স্কর্মীর্ঘ প্রবন্ধ প্রকাশিত করিবেন বলিয়া তির করিরাছেন। ইস্তক ঘোষাল নাগাইদ বাঁড়ুযো পর্যান্ত বক্তার শল নাকি ইহার প্রতিবাদে বক্ততা করিবেন বলিয়া এখন হইতে আগ ড়া দিতেছেন। সম্পাদক ভারা রাগ করিও না, তোমরা এবং বক্তার দল বড়ই হজুগে ইইরা উঠিয়াছ। হজুগ পাইলে ছাড়িতে চাও না, না পাইলে হজুগ গড়িয়া চিংকার কারতে থাক। কিন্তু একটু চিন্তা করিয়া বল দেখি, যদি বভলাট বাহাত্রর একটা হাইকোটকে গুইটা করিলা দেন, ভাষা হউলে তোমাদের কি ক্তি হইবে > হাইকোটের ক্ষমতা কমিলে অথবা বাড়িলে ভোমাদের বা আমাদের কি ক্ষতি বৃদ্ধি হইবে, তাহা মামাকে বুঝাইতে পার? স্বিচার? তা, এখনও হেরুণ পাইতেছ, তখনও মেইরপই পাইবে। হাইকোট একটাই হউক আর দশ্টাই হউক, ইংরাজের রাজ্যে স্থবিচারের কথন অভাব হর্টবে না। তোমর। যে অবিশ্বাসী। একবার ভোমর। বিশ্বাস কর দেখি বে, হাইকোট বিধা বিভক্ত হইলেও ভোমাদের স্থবিচার প্রাপ্তির কোনরপ ব্যাঘাত হইবে না, তাহা হইলে দেখিবে. ভোমরা কথন কর্ত্তপক্ষের বিচারকার্য্যের দোমারোপ করিবার

স্বৰোগ পাইবে না। কথার আছে "বিখাদে পাইবে বস্ত তর্কে বহু দুর।"

ভোমরা বলিবে একটা হাইকোটের পরিবর্ত্তে ছইটা হাইকোট হইলে তোমাদের অনেক ব্যয় রূদ্ধি হইবে। তাতেই বা ক্ষতি কি ? তোমরাই বল "দোণার বাঙ্গালা" "মুজ্জলা মুফলা শস্ত্রভামলা" তবে আর তোমাদের কিনের অভাব ৭ তোমরা সংকার্য্যে অর্থ ব্যয় করিতে কাতর হও কেন ? আরবৃদ্ধিই বলু আর ব্যাববৃদ্ধিই বল, সকলই উন্নতির লক্ষণ। গ্রথমেণ্ট ব্যারবৃদ্ধির ব্যবস্থা করিতেছেন, ভোমর। সকলে আয়বুদ্ধির বাবস্থা কর, তাহা হইলে ত সকল গোলমাল মিটিয়া যার। ভারা, যথন বঙ্গদেশ ধিলা বিভক্ত হইয়াছে তথন যে **হাইকোট দ্বিধা বিভক্ত হইবে, ইহা ত জানা কথা**। সুষ্ঠ কর্জন যদি পাশ্চাত্য সত্যনিষ্ঠার থাতিরে অথবা রাজনীতিক চালের জন্ম ভোমাদিগকে বলিয়া থাকেন যে, হাইকোট বিধা বিভক্ত হটবে না, তাহা হইলে তোমরা সেই কথাটা কি ভারতেশ্বরীর ঘোষণাপত্রের স্থায় একটা দলীল বলিরা মনে করিবে? কোন প্রদেশে হাইকোট বা চিফকোট নাই ৪ মালাজে আছে, বোদায়ে খাছে, পঞ্জাবে আছে, এলাহাবাদে আছে, বঙ্গে আছে। মাসাম বা পূর্ববঞ্চেই বা না থাকিবে কেন? এইটুকু বুঝিঃ দেখিলে ত সকল ভ্রম দূর হইরা যাইবে। আর এক কথা, লর্ড কৰ্জন যদি বলিয়া থাকেন যে, হাইকোট দ্বিধা বিভক্ত হইবে না. ভাহা হইলে লর্ড মিণ্টোর সময় সে কথা উল্লেখ কর কেন্ গ্লড

হ**জের**

কর্জন যাহা বলিয়াছিলেন, এখন লর্ড মিন্টো তাহা political hypocracy বলিয়া উড়াইয়া দিতে পারেন। স্বতরাং এখন আর আন্দোলন, প্রতিবাদ, আলোচনা করিয়া কি ফল হইবে? শাস্তে বলে "বর্ররন্ত ধনক্ষয়ঃ" অর্থাৎ বর্বরের্বই ধনক্ষয় হইরা থাকে। স্বতরাং তোমরা যদি প্রতি পদেই "আমাদের ধনক্ষয় হইবে," বলিয়া চীৎকার কর, তাহা হইলে কি তোমাদেরই বর্বরতার পরিচয় দেওয়া হয় না ? যখন ধনক্ষয় হইবেই, কিছুতেই তাহার নিবারণ হইবে না, তখন আর গলাবাজী অথবা কলমবাজি করিয়া জগতের নিকট আপনাকে বর্বর বলিয়া পরিচিত কর কেন ? কিল পাইয়া কিল চুরি করা বুদ্ধিমানের কাজ, বিশেষতঃ ইংরাজের রাজ্বে—দৃষ্ঠান্ত প্রার ব্যামফিল্ড ফুলার প্রভৃতি।

আমাদের ছোট লাট সার এপ্রক ক্রেজার শীঘ্রই খোদ মেজাজে, বহাল তবিরতে স্থানেশ গমন পূর্বাক পেসান ভোগ দখল করিবেন বলিয়া শুনিতেছি। এ ধবরটা তোমরা অবগ্রই শুনিরাছ, কিন্তু ভিতরের কোন সংবাদ রাথ কি ? ছোটলাট কেন বঙ্গদেশ ছাড়িয়া স্থানেশ যাইতেছেন তাহা কিছু জান কি ? জার্মানি ও জাপানের সহিত প্রতিযোগিতার ইংলপ্তের বাণিজ্যের বড় ক্ষতি হইতেছে, তাহার উপর তোমাদের এই স্থানেশী আন্দোলন ম্যাঞ্চেটারকে মাটি করিবার উল্লোগ করিতেছে। ইংলপ্তের প্রাদান মন্ত্রী সার হেন্রি ক্যাম্বেল ব্যানার্ম্যান, ইংলপ্তের রাজকোষের এইরূপ প্রথানার স্থাবনা দেখিয়া ভাবনার পীড়িত হইরা পাড়িয়াছেন।

এক দিন পীড়িভাবস্থার স্বপ্ন দেখিলেন যে ইংলণ্ডের রাজলক্ষী তাঁহার মস্তকের নিকট দণ্ডারমান হইয়া বলিতেছেন "বৎস ব্যানারম্যান, তুমি চিস্তিত হইও না। ইংলণ্ডের এই আর্থিক বিদ্রাটের মীমাংসা করিতে পারে, এরূপ স্থতীক্ষ প্রতিভাশালী ব্যক্তি সমগ্র পৃথিবীতে এক জন ব্যতীত আর কেহ নাই। তুমি সেই প্রতিভাবান্ ব্যক্তিকে ইংলণ্ডের রাজস্ব সচিবের পদে বরণ কর। দেখিবে, ভোমার কোমাগার পরিপূর্ণ থাকিবে। বৃটিশ রাজলক্ষ্মী এই কথা বলির্মনীরব হইলে সার 'হেন্রি কর্যোড়ে বলিলেন 'মা, তিনি কে?' উত্তরে লক্ষ্মী বলিলেন, "কাল প্রাতঃকালে তাঁহার বিবরণ সংবাদ প্রে জানিতে পারিবে।" এই বলিয়াই লক্ষ্মী অন্তর্হিত হইলেন!

মরিপ্রবর পরিদিন প্রাত্তকালে গ্রান্তোখান করিরাই সংবাদপতি পাঠে নিম্ম হইলেন। সহসা একখানি সংবাদপত্তি দেখিতে পাইলেন যে, বন্ধীর গবর্ণমেন্ট কয়েকক্ষন পুলিশ কর্মাচারীর নইমান উদ্ধারের জন্ত এপর্য্যস্ত ১৭ হাজার টাকা ব্যয় করিরাছেন, ভবিষ্যুত আরও ব্যর হইবার সম্ভাবনা আছে। এই সংবাদপত্র পাঠ করিরাই প্রধানমন্ত্রী তংক্ষণাং ভারত-সচিব বৃদ্ধ সাধু জনকে তলব করিলেন। এই দারণ মাঘমাসের শীতে বৃদ্ধ জন মলি কম্পিত কলেবরে প্রধানমন্ত্রীর নিকট উপস্থিত হইলে প্রধানমন্ত্রী বলিলেন "কোন্ ভাগ্যবান্ এখন বৃদ্ধদেশের শাসনকর্তার আসন অলঙ্কত করিতেছেন ?" ভারত সচিব বলিলেন, "সেই মহাভাগের নাম সার এপ্লক ফ্রেজার। প্রথাননারী প্রবার বলিলেন "কলিকাতার কোন-সংবাদপত্রের নিকট হুইতে

বঙ্গীর গবণমেন্টের সাহায্যে পুলিশ কর্মচারীর। নষ্টমানের মূল্য-স্বরূপ কত টাকা পাইরাছে, তাহা আপনার স্মরণ আছে ?" সাধু জন বলিলেন "আমার স্মরণ হইতেছে যে ইণ্ডিয়ান ডেলিনিউজের নিকট হইতে করেকজন পুলিশ কর্মচারী ২৫০ শত টাকা মানহানির জন্ত ফতিপূরণ স্বরূপ পাইরাছেন। ঐ মোকজমার ব্যর ভার বঙ্গীর গবর্ণমেন্ট বহন করিরাছেন।"

এই কথা শ্রবণ মাত্রেই সচিবপ্রবর আনন্দে আত্মহারা হইরা "Eureka" অর্থাৎ "আমি পাইশ্বাছি" এই বর্লিয়া বারংবার চীৎকার পূর্বক নৃত্য করিতে লাগিলেন। ১৭ হাজার টাকা ব্যয় করিয় ২৫০ শত টাকা আদার ? এমন না হইলে বিষরবৃদ্ধি ? তোমরা দেখিও সার এগুরু বিলাতে পদার্পণ করিবার পরই তাঁহার কিরুপ অভাবনীয় পদোন্নতি হইবে। এখন । ছোটলাটের পেন্সন গ্রহণের কারণটা বৃদ্ধিলে ? ইতি

(১৯শে মাঘ রবিবার ১৩১৪।)

 (\mathbf{P})

তোমাদের কলিকাতা বিশ্ব-বিন্তালরের বয়স নাকি ইহার মধে পঞ্চাশ বংসর হইয়া গেল ? তা হইতে পারে, ইংরাজ নবীস ত কা জব্ম লাই, disappointed graduates (নিরাশ গ্রেজ্রেট অনেক হইয়াচে। একটা পনের টাকা :বেতনের চাকুরির সন্ধান পাইলে তিনশত বি, এ, আবেদন হত্তে সেই দিকে ধাবিত ১য় । বিশ্ব-বিত্যালয়ের বয়স ৫০ বংসর হইরাছে বৈকি।

এই পঞ্চাশ বংসর বরসের সময় একটা আনন্দোংসব করিবার রীতি বিলাতে প্রচলিত আছে। বিশ্ব-বিত্যালয় ত আর এদেশীর নয়, একেবারে শাস বিলাতি আমদানি, বিলাতিপানি, বিলাতি বিশ্বনিত্যালয়ও একট জাহাজে চড়িয়া এদেশে আসিয়াছিল। স্থতরাং কলিকাতার বিশ্বনিত্যালয়ের বিশ্ব-পণ্ডিতগণ তাঁহাদের Alma Mater এর (বাঙ্গাল তর্জনা ঠিক আসিল না) বয়স ৫০ বংসর পূর্ণ হইল দেখিয়া একটা উৎসবের আয়োজন করিতেছেন।

কিছু মনে করিও নঃ ভায়া। উৎসবের নাম শুনিলেই আমার বাহ্মণ ভোজন, কাঙ্গালী ভোজন—"দীয়তাং ভুজ্যতাং" মনে পড়ে, নানা প্রকার মাঙ্গলিক অনুষ্ঠানের কথাও মনে পড়ে। উৎসবের সহিত যদি হোম যজ্ঞ না পাকিল, লুচি মণ্ডা না পাকিল, যথাসন্থা কাঞ্চনমূল্য দক্ষিণা না পাকিল, তাহা হইলে আর উৎসব কি ? কিন্তু ইংরাজের শাস্ত্রে ভাহা লেখে না। আর তোমরাও ইংরাজের নকলনবীশ, ভোমরাও ভোমাদের বিশ্ব-বিভালরের অর্দ্ধ শতান্ধী উৎসব তাহা করিবে না। ভোমরা সভা কবিবে, বক্তৃতা করিবে, সম্মানিত উপাধি দান করিবে, তাহার পর ঘরে ফিরিবে। বিশেষ কোন খরচাই নাই। অপ্ত এক মহোৎসব হইয়া যাইবে।

শুনিলাম তোমরা,—শ্রীবিষ্ণু—তোমাদের বিশ্ব-পণ্ডিভেরা এই মোছ্ব উপলক্ষে কতকগুলি ভাগ্যবান্ ব্যক্তিকে উপাধি প্রদান করিয়া সন্মানিত করিবেন। এই সকল ব্যক্তির নামের তালিকাও প্রস্তুত হইয়াছে, তাহাও দেখিয়াছি। পণ্ডিতগণের নাকি একট! মহাজ্রম হইয়াছিল। বড়লাট বাহাত্রর তাহার সংশোধন করিয়াদিয়াছেন। ভাগ্যবানের তালিকা হইতে মহাভাগ্যবান সার এগুরু ফ্রেজারের নাম বাদ পড়িয়াছিল। সে ক্রটি সংশোধিত হইয়াছে; সার এগুরু Doctor of Literature (সাহিত্যপাওত) উপাধি লাভ করিবেন। লাটের মাল রিজ্বলিত নামও বাদ বায় নাই; মেডিকেল কলেজের বম ভোলার নামও আছে। নাম নাই কেবল ডাক্রার শ্রীযুক্ত জগদীশচক্র বন্ধর, আর ডাক্রার রাসবিহারী ঘোষের। তোমাদের বিশ্ব-বিভালয়ের মাপ কাঠিটা একবার আমার দেখাইতে পার ?

তোমাদের বিখ-পণ্ডিতগণ বৃদ্ধের বচন গ্রাহ্ করিবেন না তাহা জানি; তবুও কথাটা বলিতে হর, হুইটা উপদেশ অবাচিত ভাবেও দিতে হর। আমার পরামর্শ এই, বিশ্ব-বিজ্ঞালয়টে কলিকাতার অথবা বাঙ্গালার; এই বাঙ্গালার বিশ্ববিজ্ঞালয়ের বয়স ৫০ হইয়াছে। এ উপলক্ষে বিলাতী পণ্ডিতদিগের তৈলাক্ত মস্তকে তৈল প্রদানের প্রয়েজন কি? বাঙ্গালা দেশের বাহিরে যাইবারই বা আবশুক কি? বাঙ্গালা দেশের পণ্ডিতদিগেরই সম্মান কর না কেন? তোমাদের তালিকার শ্রীযুক্ত গুরুলাস বাবু, শ্রীযুক্ত আভ্রোব বাবু, শ্রীযুক্ত আভ্রোব বাবু,

নাম স্থান পাইরাছে। বেশ কথা আরও করেকটা নাম বলি।
তোমাদের বিশ্ব-বিছালধের প্রথম স্থপক ফল—প্রথম এম, এ,
শ্রীযুক্ত নীলাম্বর মুখোপাধ্যায় মহাশয় সশরীরে বর্ত্তমান, তাঁকে একটা
উপাদি দাও না। তিনি ত তোমাদের বিশ্ব-বিছালয়ের প্রথম
বিজ্ব-নিশান। তারপর ডাক্তার রাসবিহারী; কবি রবীন্দ্রনাথ,
ডাক্তার স্থরেশ সর্কাধিকারী, পণ্ডিত হরপ্রসাদ, অরবিন্দ ঘোষ,
বার চূণিলাল বস্থ প্রভৃতিকে উপাধি প্রদান কর, বিশ্ব-বিছালয়ের
গৌরব বৃদ্ধি পাইবে।

কলিকাতার মিউনিসিপালিটাতে নাকি চুরি ও ঘুষের ভারি
প্রচলন; সেই জন্ত যাহারা ঘুষ লয় না বা পার না, তাহারা দল
বাধিরা একটা কমিশন বসাইতে চাহিয়াছিল। চেয়ারম্যান সার
এলেন বাহাতর নাকি প্রথমে তাহাতে সম্মতি প্রদান করেন, পরে
ভিনি অসম্মতি প্রকাশ করার কমিশন এক প্রকার ভাঙ্গিয়াই
রিরক্ত হইয়াছেন, আমি ত বিরক্তির কোন কারণই দেখিতেছিনা।
আমাদের দেশে প্রবাদ আছে "অর্দ্ধেক মা ষষ্ঠী, আর অর্দ্ধেক
সকল গোষ্ঠী।" কলিকাতা মিউনিসিপালিটার আয় কম বেশী
সক্তর লক্ষ টাকা; আফিষের বেতন হিসাবে দিতে হয়, কম বেশী
তেইশ লক্ষ। আয়ও নয় লক্ষ টাকা ঐ থাতে থরচ পড়িলে
ভবে ত মা ষষ্ঠীর পোষার। সোজাম্বজি বেতন হিসাবে ভাহা
থরচ লিখিতে ত চক্ষ্ লজ্জাও হয়; স্বতরাং আর বার লক্ষ বাজে

থরচের শার্ষে স্থান প্রাপ্ত হইলে আমাদের ক্ষোভের কোনই কারণ নাই। আমাদের কষ্টোপার্জিত অর্থ যে ধাঙ্গড়, মেথর, কাড়্দার প্রভৃতি সাধু সজ্জনের সেবার লাগিতেছে, ইহাতেই আমাদের পরমার্থ লাভ হইতেছে। আমরা নিঃস্বার্থ ভাবে মিউনিসিপাল ট্যার প্রদান করিয়া থাকি। তাহার পরিবর্তে, কলের জল, গ্যাসের আলো অথবা আবর্জনা পরিষার চাই না। ইতি

(২৮শে মাঘ মকলবার ১৩১৪ I)

(**b**)

সম্পাদক ভারা,

তোমাদের লালবাজারে হাড়িকাঠ পোঁতাই আছে, কামার কিংসকোর্ড থাঁড়া হত্তে দাঁড়াইরা আছে, 'জর মা' বলিরা পুরোহিত ছোটলাটের মুন্সি একটি একটি বলি অগ্রসর করির। দিতেছে, 'মার —আর আবার কি ? আর যাথা, তাহা ত দেখিতেছ।

আচ্ছা ভাষা, আমাদের গবর্গমেণ্টের কি বৃদ্ধি বিবেচন। একে-বারে লোপ পাইরাছে ? ইংরাজের কারাগার, যাহার নাম শুনিলে পূর্বের বাঙ্গালীর ছেলের শরীরের রক্ত জল হইরা যাইত, সেই কারাগারে যাইবার জন্ম বাঙ্গালীর ছেলে, বাঙ্গালীর যুবক দলে দলে প্রস্তিত। বীরের ন্থায় অমানবদনে জেলে যাইতেছে, একটা দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিতেছে না, একবার ফিরিয়াও চাহিতেছে না। এই প্রায় একসঙ্গে তিনজন ব্যক্ত জেলে গেল; বুগান্তরের বিভূতিভূষণ, সন্ধ্যার মানবেক্ত্র, নবশক্তির মনোমোহন রাজদ্রোহের অভিযোগে কারাদগুজ্ঞা লাভ করিয়া হাসিতে হাসিতে কারাগারে চলিয়া গেল। আবার ঐ দেখ, আর তিনজন ব্যক ঐ তিনজনের স্থানে কার্য্য করিবার জন্ত পুলিশ ম্যাজিষ্ট্রেটের নিকট নাম রেজেষ্টারী করিতে গিয়াছে। বুগাস্তরের বিভূতির স্থানে অতুলচক্ত চক্রবর্ত্তীর সন্ধ্যার মানবেক্তের স্থানে যোগেক্তনাথ সেন, আর নবশক্তির মনোমোহনের স্থানে বিহারীলাল রায় প্রকাশক ও মৃদ্রাকর হইবার জন্ত উপস্থিত হইরাছে, অর্থাং তাহার। কারাগারে যাইবার জন্ত প্রস্তুত হইরাছে। এত দেখিরাও যদি রাজপুক্ষগণের চৈত্ত্যোদ্য না হয়, তাহা হইলে আর কথা বলা রুখা।

বাঙ্গালীর ছেলে যে আর 'ইংরাজের কারাগার দেখিয়া ভর পায়
না, বাঙ্গালী ব্বক যে শত অত্যাতার ব্ক পাতিয়া গ্রহণ করিছে
শিথিরাছে, এ কথা আর অস্বীকার করিবার উপায় নাই। ভারতবর্ষে, বিশেষতঃ বাঙ্গালা দেশে এখন যে তরঙ্গ উঠিরাছে, পিনাল
কোডের ধারা দেখাইয়া তাহা দমন করা অসম্ভব। 'বন্দেমাতরম্'
মন্ত্র দেশবাসীর মনে যে উৎসাহের সঞ্চার করিয়াছে, তাহা তুই
চারিটা কারাবাসে দমন করা যাইবে না। ইংরাজ রাজপুরুষগণ
মনে করিতেছেন আইনের বাধন আরও দৃঢ় করিলেই সমস্ত শাস্ত
হইয়া যাইবে। আমরা বলি, আইনের বন্ধন দৃঢ় করিলে হইবে
না, প্রীতির বন্ধনটা দৃঢ় করিতে পার ?

বাঙ্গালী এখন ইংরাজকে ভাল বাসেনা। ইংরাজ ত কোন
দিনই বাঙ্গালীকে ভাল বাসে নাই। পূর্ব্বে ইংরাজের নিকট বেত
গাইয়াও বাঙ্গালী কিছু বলে নাই; এখন বেতের বদলে বেত তুলিতে
আরন্ত করিয়াছে, এখন দেশের যুবক ও বালকেরা প্রামে প্রামে
ক্তির আখড়া করিয়াছে। এ সকল দেখিয়াও কি রাজপুরুষয়েরা
বোঝে না যে সে দিন আর নাই। লাল পাগড়ির দিন চলিয়া
গিয়াছে। পিনাল কোডে আরও ন্তন ধারারই সমিবেশ কর, আর
ন্তন ন্তন আইনই কর, কিছুতেই কিছু হইবে না। যতদিন
রাজপুরুষ-মন্তকের মধ্য হইতে জমননীতি বিদার গ্রহণ না করিতেছে,
ততদিন তাঁহারা গওগোল আরও পাকাইয়াই তুলিবেন।

ইতোমধ্যে জনরব প্রচারিত হইল যে, কণ্ঠরোধ করিয়া বিশেষ কোন ফল হয় নাই, স্তরাং কোম্পানী বাহাছর সন্থরই লেখনী রোধের ব্যবস্থা করিতেছেন। কেহ কেহ এমনই সংবাদ দিলেন বে, আইনের প্রস্থা পর্যন্ত প্রস্তুত হইয়াছে, এখন একবার টেবিলে ফেলিলেই হয়। যখন কণ্ঠরোধের হুকুম হইয়াছিল, তখন আমরা বলিয়াছিলাম যে এই বোকামি নম্বর এক। লেখনী-রোধের মাইনের কথা শুনিয়া বুঝিলাম যে বোকামি নম্বর ছই আসিতেছে। স্মানাদের মনে হয় যে, ইংরাজ রাজপুর্ষধ্যণের বুজি নামক পদার্থটির একাস্তই অভাব হইয়াছে, নতুবা এত ভ্রম কি সহজে হয় ?

ও কথা পাকুক। ভারা রাগ যদি না কর, গালাগালি

যদি না দাও, তবে, একটা কথা বলি। দেখ, এই যে সিডিশনের
মামলা তুলিয়া গবর্গমেণ্ট তোমাদের প্রিণ্টার ও প্রকাশকদিগকে
জেলে পাঠাইতেছে, এই কাজটা কি ভাল হইতেছে ? গবর্গমেণ্টের
ভাল মন্দের কথা বলিতেছি না, ভোমাদের মত উৎকট স্বদেশহিতৈষী মহাশয়দিগের পক্ষে কি এটা গৌরবের বিষয় হইতেছে ?
ভোমরা একবার এই কথা বলিতে গিয়া বিলক্ষণ গালাগালি খাইয়াচ, ভাহা জানি। তবুও কথাটা না বলিয়া থাকিতে পারিলাম না।

যে সকল বাছারা জেলে গেল, তাহারা কি কেহ প্রবন্ধ লিণিয়া জেলে গেল? তাহারা আইনের 'বাঁধনে পড়িয়া কারাগারে গমন করিল, আর তোমরা—যাহারা ঐ সকল প্রবন্ধ লিখিলে, তোমরা নিশ্চিস্ত মনে আরামস্থ উপভোগ করিতেছ। যদি লেখার দায়িওও লেখক গ্রহণ করিতে ভীত হয়, তবে দে লিখিতে সায় কেন ? আমার কথা এই, তোমরা স্বদেশ-হিতৈষী, তোমরা বাঙ্গালীর ম্থ উচ্চা করিতেছ, তোমরা শবন্দেশ-হিতিষী, তোমরা বাঙ্গালীর ম্থ উচ্চা করিতেছ, তোমরা শবন্দেশ মাতরমের" প্রধান পাণ্ডা। তাহার জন্ত তোমাদের প্রশংসা করি; কিন্তু যখনই মনে হয় যে, তোমরা তোমাদের বুবক প্রকাশকে জেলে পাঠাইয়া নিজেরা বাহিরে নাড়াইয়া আছ, তখনই তোমাদের উপর অশ্রন্ধা হয়, তখনই তোমাদিগকে গালাগালি দিতে ইচ্ছা হয়। আমার উপদেশ গ্রহণ কর, তোমরা এমন করিয়া গোণার বাছাদিগকে জেলে পাঠাইও না, গদি জেলে যাইতেই হয়, তবে তোমরা নিজে যাও। বাহার কলমে আন্তন জলে, সে এত ভীক্ত এত কাপ্রক্ষ হইবে কেন ? আর বদি

তাহা না পার তাহা হইলে এই মেঘনাদর্ভি ত্যাগ কর, শশুশ্রামণা বহুদ্ধরার বক্ষে এখনও অযত্নসভূত ত্ণলতা যথেষ্ট আছে, তাই গলাধঃকরণ করিরা রোমছন করিতে করিতে পশু জীবনের অবসান কর, সম্পাদকের, সংবাদ পত্র-লেখকের পবিত্র আসন কলুমিত করিও না। দোহাই ধর্মের, আমি ব্যক্তি বিশেষকে লক্ষ্য করিবা কোন কথা বলিতেছি না, তোমাদের সকলকে বলিতেছি। বুদ্ধের বচন গুলি একটু ভাবিয়া দেখিও। ইতি

১০ই ফাব্ধন শনিবার ১৩১৪ সাল !

(a)

সম্পাদক ভারা.

অনেক দৈখিয়া শুনিয়া বৃদ্ধ হইয়াছি। কিন্তু এখন বেখিতেছি
যে. আমাদের দেখিবার ও শুনিবার অনেক বাকি আছে। সেই জ্ঞা
এক এক সময় মনে করি, যে কয়টা দিন এই প্রবাসে থাকিব, সে
কয়টা দিন আর কথা কহিব না, এবারকার যাআটা দেখিয়া শুনিয়াই
কাটাইয়া দিই, পরে আবার যখন ফিরিয়া আসিব, তখন যদি এই
জন্মের অর্জিত জ্ঞান নই না হয়, তাহা হইলে কিছু বলিব। কিন্তু
কেমন বয়স দোম, চুপ করিয়া থাকিতে পারি না। কিছু বলিব না
মনে করিয়া বসিয়া থাকি, কিন্তু না বলিয়া থাকিতে পারি না ! ভাই
আজ আবার ছই একটা কথা বলিতেছি।

আন্ত বাবু বিশ্বা কন্তার বিবাহ দিয়া সমাজে, বিশেষতঃ সংবাদ
পত্র মহলে বড়ই হলস্থল বাধাইরাছেন। সকল ব্যাপারে বেরপ
হইরা থাকে, এই ব্যাপারেও সেইরপ হইরাছে অর্থাং কেহ আন্ত
বাবুকে সমাজজোহী বলিয়া গালি দিয়াছে, জাবার কেহ বা তাঁহার
সংসাহসের প্রশংসা করিতেছে। এরপ দলাদলি, কথা কাটাকাটি
সকল দেশে সকল সমরেই হইরা থাকে, স্করাং বঙ্গদেশে না হইবে
কেন? এই বিশ্বা-বিবাহ ব্যাপারে কাহার লাভ ও কাহার ক্রতি
হইরাছে, তাহা তোমরা একবার ভাবেরা দেখিরাছ কি? আন্ত
বাবুর জামাত্লাত, তাঁহার কন্তার পতিলাত, জামাতা বাবাজীবনের
স্বোতুক পত্নীলাভ এবং ইতর জনের মিষ্টান্ন লাভ ত হইরাছে,
কিন্তু সর্ক্রাপেক্ষা অধিক লাভ কাহার হইরাছে জান? তোমাদের
অর্থাং সংবাদপত্র ওরালাদিগের।

শীতকাল কাটিয়া গেল, সংবাদ পত্র মহলেও হাহাকার উপস্থিত হইল, কি লিখিব ? কংগ্রেস, কন্দাবেন্স, কাউন্সিলের অধিবেশন শেষ হইল, কি লিখিবে ! তোমরা এই ভাবনাতে অধীর হইয়ছিলে। এমন সমর আশুবাবুর গৃহে মঙ্গল শুজা ধ্বনিত হইল, ভোমরা নৃত্ন উংসাহে কাগজ কলম লইয়া লিখিতে বসিলে। কেহ আশু বাবুকে গালি দিলে, কেহ প্রশংসা করিলে, যে দিক দিয়াই হউক, কাগজটা প্রিয়া গেল, নগদ বিক্রয়ণ্ড কিছু হইল। মোটের উপর ভোমাদের আধ্যাত্মিক এবং আথিক উভর প্রকার লাভ হইল। স্কুতরাং এই বিধবা বিবাহ ব্যাপারে ভোমরাই সর্কাপেকা লাভবান হইয়াছ, একথা

তোমাদিগকে স্বীকার করিতেই হইবে। তথাপি আধিভৌতিক লাভের কথাটা বলি নাই, সেটা গালাগালি।

সে দিন একদল অর্বাচীন বুবক একথানা বাঙ্গালা সংবাদপত্র পাঠ করির। আমাকে শুনাইতে আদিরাছিল। সহসা আমার প্রতি তাহার এইরপ অসম্ভব অমুরাগ দর্শনে আমার মনে একটু সন্দেহের সঞ্চার হইরাছিল, পরে বুবিলাম যে আমার সন্দেহ রুথা হর নাই। সে সেই সংবাদপত্র পড়িয়া আমাকে শুনাইল "আশুবাবু পরপুরুষের হস্তে আপনার বিধবা কল্লাকে সমর্পণ করিরাছেন, সমর্পণ ব্যাপারটা অম্ভংপুরেই হইরাছিল" ইত্যাদি কত কথাই সে সেই সংবাদ প্রত্তিত পাঠ করিরা আমার শুনাইল। আমাকে শুনাইবার উদ্দেশ কি জান ? আমি ক দিন তাহাকে বলিরাছিলাম যে, এখন দেশের লোকের কচি পরিবর্ত্তিত হইরাছে, কুংসিত ভাষার রিসক্তা করিলে কোন সংবাদ পত্রেরই আর প্রতিপত্তি বৃদ্ধি হয় না, বরং নই হর প্রত্তিবাদ করিরা বলিরাছিল বে, স্থবিধা পাস নাবলিরাই অনেক সংবাদ পত্র সাধু সাজিরাছে। যেদিন স্থবিধা পাইবে সেই দিন আবার পুরাত্তন ছর্গন্ধনম্ব রিসক্তাকে ঝালাইরা ভূলিবে। দেখিলাম যে তাহার কথাই সত্য।

এই বিধবা বিবাহ ব্যাপারে তুমি, অর্থাং শ্রীমান হিত্রান। এক প্রকার মৌনভাবই ধারণ করিয়াছিলে, এখনও মৌন হইরাই আছ। তোমার এই মৌন ভাব অবলম্বনের কারণ কি. ভাষা ত বৃঝিতে পারিলাম না। অনেকে বলিতেছে যে "মৌনং সম্পতি লক্ষণম্"। আবার কেহ কেহ বলিতেছে "তত্ত্ব মৌনং হি শোভনং"। কোন্টা সত্য ?

আমি সমাজ-সংশ্বারক নহি এবং শাস্ত্রদর্শী অধ্যাপকও নহি।
স্বতরাং আশুবাবু ক্সার বিবাহ দিরা ভাল করিলেন কি মন্দ করিলেন, শাস্ত্রসমত কার্য্য করিলেন কি শাস্ত্রের অবমাননা করিলেন,
তাহা বলিয়া প্রত্তা প্রকাশ করিতে চাহে না। তবে একটা কথা
এই যে, আশুবাবু কোন্ সমাজে ছিলেন এবং কোন্ সমাজ হইতে
বিতাড়িত হইলেন, তাহা আমি বুরিতে পারিলাম না। শুনিরাছি,
ইপ্ত ইণ্ডিরা কোম্পানির আমলে একজন ইংরাজ বলিকের সহিত্
করমদন করিরাছিলেন বলিরা আমার প্রপিতামহকেই কিছু দিনের
জ্যু সমাজচ্যুত হইতে হইরাছিল। তিনি স্বেতাঙ্গ স্পর্শ জনিত
পাপের প্রায়শিচত্ত করিরা সমাজে আসন পাইরাছিলেন। আর
এখন
প্রথম বে ব্রাহ্মণ সন্তান সাহেবের পানিম্পর্শ স্থা লাভে
অরিকারী হরেন (ঘুষি হিসাবে নহে, কর্মদ্দন হিসাবে) তিনিত
সমাজে পুজিত। এইত সমাজ। শত বংসরের মধ্যে যে সমাজে
এরপ পরিবর্ত্তন হইরাছে, সেই সমাজকে একটা গণ্ডির ভিতর
প্রিরা রাখিবার চেটা কি বালকোচিত নহে
প্রিরা রাখিবার চেটা কি বালকোচিত নহে
প্রিরা রাখিবার চেটা কি বালকোচিত নহে
প্র

আবার এ কথাও বলি যে, সমাজ প্রবল স্রোভঃশালিনী তর্মিণীর মত আপনার গস্তব্যপ্থ আপনি প্রস্তুত করিয়া লইতেছে, শেই সমাজুকে ব্যক্তি।বশেষের পক্ষে পরিচালিত করিবার চেঠ। কি বাতুলতা নহে ? অনেকে বলিতেছে যে আও বার বিধবা কঞার বিবাহ দিয়া সমাজসংস্কারক হইবার স্পর্ক্ষা প্রকাশ করিরাছেন। নাকে ধাহাই বলুকনা কেন, আমি একধার আস্থা স্থাপন করি না, আমাদের সমাজের সংশারক এখন কেহই হইতে পারে না। রামন্মাহন রায়কে ও বিভাসাগরকে অনেকে সমাজ-সংস্কারক কখনও বিদেশা রাজার রাজবিধানের সাহায্য গ্রহণ করেন না। আমরা বোধ হয় সার্ভিশিরোমণি র্ঘুনন্ধনের পের বঙ্গদেশে আর কোন সমাজ-সংশ্বারক জন্মগ্রহণ করেন নাই।

নদীর স্রোতে শত শত তৃণ ভাদিরা যার। যে তৃণটা সর্কাত্রে থাকে, সে জলক্রোতকে পথ দেখাইয়া লইয়া যায় না, স্বয়ং জল স্রোতের অন্তুসরণ করে মাত্র। আমাদের দেশের বর্তমান মুগের সমাজ-সংখারক আখ্যাধারী ব্যক্তিরাও তৃণের স্থায় প্রবল সমাজ-শোতে ভাসিয়া ঘাইতেছেন মাত্র। তাঁহারা সমাজকে নিজের ইচ্ছামত পথে পরিচালিত করিতে পারেন না, দেশ কাল পাত্র বিবেচনার সমাজ যে দিকে অগ্রসর হইতে থাকে, তাঁহারা সেই পথেই পরিচালিত হইতে থাকেন। তবে তাঁহারা জলস্রোতে প্রবমান অগ্রবর্ত্তী তৃণের স্থায় সমাজক্রোতে অপ্রবর্ত্তী ত্রেন বলিয়া সকলে মনে করে যে, তিনিই বৃঝি সমাজকে ভগীরথের স্থায় পথ দেখাইয়া লইয়া ঘাইতেছেন।

প্রবল নদীর স্রোতে প্রবমান তুণে লায় আমর। সকলেই এই
বিশাল সমাজ স্রোতে ভাসিয়া এটি ছি। কাহার সাধ্য এই
স্রোতের গতিরাধ করিবে ? যিন গ্রাগামী হইতেছেন, তিনি
মনে করিতেছেন আমিই নেতা, আমার শিলতে এই বিরাট সমাজ
পরিচালিত হইতেছে; আর-মিনি পারার্ক্তী হইতেছেন, তিনি
মনে করিতেছেন, আমি প্রাচীন রীশিনা স্থাক্ত্র রাধিরা সমাজকে
সংগত ও নিলোষ করিয়া রাধিতেছি। হায় ভ্রান্ত ! আজ যদি
রগুনন্দন স্বরং স্পরীরে আমাদের মধ্যে অতীর্ণ হরেন, তাহা হইলে
তিনি কি আমাদিগকে হিন্দু সন্তান বলিয়া ব্রিতে পারেন ? অথচ
আমরা ত তাঁহারই প্রদর্শিত পথে গমন করিতেছি। কথাটা কি
জানং আজ বাহাকে এক বংসরের শিশু দেখিতেছ, কুড়ি বংসর পরে
সে ব্রকরপে তোমার সন্ত্র্থে উপস্থিত হইবে, অথচ তুমি তাহাকে
চিনিতে পারিবে না। তাহার অস্তির থাকিবে, কিন্তু তাহার লক্ষণের পরিবর্ত্তন হইবে। এই পরিবর্ত্তনে কে বাধা প্রদান করিবে ?

এখন পাত পোকসানের ব্যাপারটা ব্রিলে? সংবাদপত ছাড়া, আর এক শ্রেণীর লোকের এবার বেশ লাভের সন্তাবনা আছে। বাহারা, "আপনি মোড়ল" গোছের পণ্ডিত, তাঁহারা সাজিয়া আসিয়া দেবী চৌধুরাণীর প্রকুরের মারের মত সন্মুধে দাঁড়াইরা "আমার সঙ্গে বিচার কর" বলিরা জনসমাজে বড়পাণ্ডিতা লাভ করিতে পারিরাছে, এ কি কম লাভ? অর্থাং যে আগুবাবুর বিরোধী, সে হর বড় পণ্ডিত, না হর বড় সামাজিক, না হর বড়

ার্মিক, না হয় অতি বড় আর একটা কিছুগ আভি নের ক্রার ববাহ না দিলে ত এই "বড়" মহাশয়গণ যাহা ছিলেন, তাহাই থাকিতেন! এখন কাহার লাভ বল দেখি ? ইতি—

২৭শে ফান্তন মঙ্গলবার ১৩১৪।

(50)

সম্পাদক ভারা,

বৃদ্ধের বেচন কোন কোলেই কুবকের গ্রাহ্ম হয় না। বৃধক থাদি বৃদ্ধের কথা শুনিত, বৃদ্ধের পরামর্শ লইয়া কাজ করিত, তাহা হইলে হয়ত অনেক গোলমালের—অনেক অশান্তির হস্ত হইতে নিঙ্গতি লাভ করিতে পারিত। কিন্ত তাহা হইবার নহে। পৃথিবীর সর্বভিই ক্ষিত্র, মুবক—বৃহক।

তবে এ র্থা ।কর্মভোগ কেন ? অনর্থক তোমার কাগজের বানিকটা স্থান মধ্যে মধ্যে জুড়িয়া ।বসা কেন ? এখন প্রশ্ন করি ভেছ, বিস্তু যখন আমার মত বৃদ্ধ হইবে, তখন :ব্ঝিবে যে, মালুমের খন অক্তান্ত অঙ্গ-প্রভাঙ্গ, এমন কি মনেরও বল কমে,তখন জিহ্বার ভালরুদ্ধি হিন্ন, সেই অন্তই বৃদ্ধ বাচাল হয় । 'বৃদ্ধের বচনের' ইহাই। এক নেম্বের কৈফিল্লং ।

আর একটা •কথাও আছে। •আমরাও এককালে বুবক ছিলাম, আমরাও এককালে তারত উদ্ধারের মৃত্যু বক্তৃতা করিয়াছি। তবে তথন আমরা স্বদেশী করিতে পারি নাই, বয়কট করিতে শিথি নাই; খবরের কাগম্বে ইংরাম্বের বিক্রম্ভে লিথিয়া জ্বেলে যাইবার জন্তও প্রস্তুত হই নাই। তথন বাহারা রাজনীতি ক্বেত্রে আমাদের নারক ছিলেন, আমাদের শিক্ষাদাতা ছিলেন, তোঁহারা আবেদন নিবেদন করিয়াছেন, বিধিসঙ্গত আন্দোলনের (Constitutional agitation) মাহায়্যু প্রচার করিয়াছেন; আমরা তাহাই তখন বৃধিয়াছিলাম, কাজও তজ্ঞপ করিতাম।

তাহার পর তোমাদের এই বর্ত্তমান স্বদেশীর প্রবল বঞা যথন আসিরা পড়িল, "বলে মাতরম্" যথন তোমাদের মন্ন হইল, স্বরাজ্প লাভ যথন তোমাদের চরম সাধনার বিষয় হইল, তথনও আমরা এত কালের শিক্ষা, এতদিনের অভ্যাস ত্যাগ করিয়া একেবারে তোমাদের দলের মধ্যে বাগাইরা পড়িতে পারিলাম না। আমরাও স্বদেশী চাই, বয়কট চাই; আমরাও স্বদেশের জন্ত এই বৃদ্ধ বয়দে যথাসাধ্য খাটিতে প্রস্তুত্ত কিন্তু বৃড়া একটু ধীরে চলে, বুড়ার পাকা চুলের মধ্যে যে দীর্ঘনালের অভিজ্ঞতা রহিয়াছে—বুড়া এক সেকেণ্ডে তাহা সমস্ত ভুলিতে পারে না। বুড়ার এই অপরাধ, ইহ র জন্ত বড়াকে তুক্ত করিও না।

হ্রকের

যাক বাজে কথা। এখন ছই একটা কাজের কথারই আলোচনা করা যাউক। কলিকাতা লালবাজারে গোরা বিচারক শ্রীমান কিংসকোর্ড মজাকরপুরের জজ সাহেব হইরা গিরাছেন; ইহাতে তোমরা নাকি ভারি আনন্দিত হইরাছ? ইহার মধ্যে আনন্দের কথা কি আছে, তাহা আমি বেশ ব্রিরা উঠিতে পারিতেছি না। গ্রীম্মকালে মজাকরপুরে যথেষ্ট আম ও লিচু জন্ম, সেখানে শ্রীমানের উদর ভৃপ্তি হইবে; আমের মধুর রসে তাঁহার তিজ্ঞানর অভিষিক্ত হইবে; ইহাই যদি তোমার আনন্দের কারণ হর তবে আমার কিছুই বক্তব্য নাই। কিন্তু তোমরা যদি হাঁফ ছাড়িয়া বল বান বল বালা গেল", তবে সেটি তোমানের ভ্লা। কবির কথার বলিতে হয়,—

এক গোৱা যাবে পূনঃ অন্ত গোরা হবে লালবাজারের গদি শুক্ত নাহি রবে॥

বিলাতের পার্লামেণ্টে ভারতবর্ষের কথা লইনা গুর কথা কাটাকাটি হইন্টেছে। ভারত-তর্মীর বৃড়া কর্মধার একেবারে 'অতিষ্ঠ'
হইরা পড়িয়াছে। লোকটা সত্যসত্যই "হালে পানি পাইতেছে না।" এতকাল বাহারা মাঝিগিরি করিয়াছেন, তাঁহাদের
কোন গোল ছিল না, রাজার শীত হকুম চালাইতেন আর এদিকে
কলে কাজ হইরা হাইত। আর এখন ? দে কথা আর বলিও না!
এখন উঠিতে বদিতে প্রশ্ন, আর প্রশ্নেরই বা বছর কেমন! প্রশ্ন
হইল, নিপাতগঙ্গের ডেপ্রটী কমিশনর দে দিন ধ্বরের কাগজ্ঞাবালা-

দিগকে আগুমানে পাঠাইবার পরামর্শ দিয়াছেন! একথা কি মহাশমের কর্ণগোচর হইরাছে? যদি হইরা থাকে, তবে সে পরামর্শ অফুসারে কাঞ্চ করিবার বিলম্ব কত? কর্ণধার উত্তর করিলেন "সব জানাইব, একটু সব্র কর"। এই রক্ষ কন্ত প্রশ্নই হয়! এদেশীয় ঝুনা সিবিলিয়ান হইলে বলিত "নেকাল দেও রাম্বাল লোগোঁকো।" কিন্তু মলি একে ব্ড়া, তার সাধু, তায় আবার পালিটি—সেয়ান; তিনি উধুই বলিতেছেন "সব্র কর, সব্রে মেওয়া ফ্লিবে।"

ঐ যে কলিকাতার কর্নাঘাটের কাছেই ফিরিঙ্গির একটা থবরের আড্ডা আছে, দেই আড়ার মহাপ্রভুরা দিনকে রাত্রি করিতে চান, গাঁটি মিথ্যাটাকে একেবারে জীয়স্ত সত্য করিতে চান। তারা বলে কি জান ? তারা প্রচার করিতেছে যে, এই যে এত বনেশী, এত বর্ষটি দেখিতেছ, এ সব কিছুই না। বিলাতি কাপঙ্গ পুর্বেষেন কাটিত, এখন তাহা অপেকা আরও অধিক কাটিতেছে, আমদানি খুব বাড়িয়া গিরাছে। অতএব কাহারও নিরাশ হইবার কারণ নাই, আবার বিলাতী বন্ধে দেশ ছাইরা ঘাইবে। চক্ষু কণ থাকিতে যে লোকে এ কথার বিশ্বাস স্থাপন করিতে পারে না, চক্ষ্ কর্ণহীন ইংলিশম্যান কি তাহাও ব্রিতে পারে না ? দেখিতেত সব, ব্রিতেছে সব, কিন্তু কি করিবে বল! পশার বজার রাখিবার জন্ম মিথ্যার প্রচার করিতেছে। ওরা ঐ রক্ম করিরাই থাকে, ওদের কথার বিশ্বাস করিরা যাহারা কার্য্য করে, তাহাদের

র্ত্তের

বৃদ্ধি বিবেচনার প্রশংসা করিতে হয় ! দেশ . বল্লে দেশ ছাইরা পাড়িল, আর সাধু পুরুষ বলে কিনা বিলাতী বল্লের আমদানী বাড়িয়াছে। এ কথায় কেহ ভূলিতেছে না। স্বদেশীর জন্ম হইবেই তইবে। ইতি

১৬ই চৈত্র ববিধার ২৩১৪।

(55)

সম্পাদক ভারা,

নববর্ষের আশীর্কাদ গ্রহণ কর। তোমরা বল, থেন বৃদ্ধের বৈভরণী পারের বিলম্ব না হয়। বৃদ্ধা বরসের কথা মুবকদের মনের মত হয় না, যুবকেরা যাহা চার, বৃদ্ধা তাহা দিতে পারে না, স্মতরাং বৃদ্ধার কথায় অনেকেই বিরক্ত হয়। কেহ কেহ বা বৃদ্ধার গঞ্চান গঞ্চান ব্যাত্রার ব্যবস্থা করিতে চার। তথাপি বৃদ্ধ পাঁচ জ্বনকে "বচন" ভ্রাইতে ইচ্ছা করে।

সেই ইচ্ছাটাকে দমন করিতে পারিনা বলিয়াই তোমাদিগকে মধ্যে মধ্যে বিরক্ত করি, মধ্যে মধ্যে তুই চারিটি অবাচিত উপদেশ প্রদান করিবার প্রলোভন সংবরণ করিতে পারি না। তোমরা সংবাদপত্ত্রের সম্পাদক, তোমরা লোকশিক্ষক, স্বদেশহিতৈষী। তোমাদের কথা দশব্দনে শোনে, তোমাদিগকে দশ জনে মানে।

তোমরা যাহাতে ভাবিলা চিন্তিলা দশটা কথা বল, বুড়ার তাহাই উচ্চা, সেই জন্মই "বৃদ্ধের বচন।"

তোমরা দেখিতেছি বিধবার বিবাহ লইয়া খুব আন্দোপন আরম্ভ করিরাছ। তোমাদের "বঙ্গবাসী" বলিতেছেন, আরক্ত আশুতোদ মুখোপাধ্যার কোথাকার কে ? সমাজ তাহাকে মানে না, সমাজের সে কেহ নহে, দে ব্রহ্মণই নহে। কোথাকার কে বিগ্রা মেরের সিবাহ দিল, তাহাতে হিলুদমাজের কিছুই যার আসেনা।

কিন্দু এদিকে দেখিতেছি বঙ্গনাদী গাছ কোমর বাঁধিরা এই কর
দপ্তাহ অবিশ্রাস্ত আগু বাব্র উপর পুশার্ষ্টি করিতেটেন, তোমরাও
তাহার ভাগ পাইতেছ। আগু বাব্ যদি ভোমাদের দমাজের কেইই
না হন, তাহা হইলে তুমি "বঙ্গবাদী" এমন কাগুলিতাও জ্ঞানহীন হইরা
তাহার উপর গালিবর্ধণ করিতেছ কেন ? এদিকে বলিতেছ, দশটা
আগু বাব্ মেরের বিবাহ দিলেও সমাজের কিছুই আদে যার না,
অথচ তোমাদের আর্ত্রনাদ শ্রবণ করিলে, তোমাদের পণ্ডিতবাহিনীর
রণসজ্জা দেখিলে ত সে কথা মনে হর না। তোমাদের কথার ও
কাজে কবে মিল হইবে ?

শ্রীষুক্ত বিপিনচন্দ্র পা**ল মহাশর ছরমাস ফারাদণ্ড ভো**গ করিরা ঘরে ফিরিরাছেন। তাঁহার অভার্থনার বিবরণ তোমাদের পত্রে পাঠ করিরাছি। তিনি এ কম্নদিনের মধ্যে যে সমস্ত বক্তৃতা করিরাছেন ভাষাও পাঠ করিয়াছি। কেই কেই মনে করিয়াছিলেন, বিপিন বাবু আদিলে দলাদলিটা আরও পাকিয়া উঠিবে। "একা রামে রক্ষা নাই, স্থতীব দোসর।" একা তিলকে রক্ষা নাই, এবার আবার তিলকের উপরে রক্তচন্দনের ত্রিপুণ্ড ক শোভিত ইইবে। কিন্তু আমিত দেখিতেছি, ছয়মাস নির্জ্জনে বাস করিয়া ১৮০ দিন হাততালির হাত এড়াইয়া বিপিনবাবু বেশ থিতাইয়া আসিয়াছেন। বিপিনবাবু দলাদলি ভালিতে চান, এক সঙ্গে মিলিয়া কংগ্রেস করিতে চান, মেটার পার্মে তিলককে বসাইতে চান, মদনমোহনের বামে অরবিন্দের স্থান নির্দেশ করিতে চান। বদ্ধও একদিন এই কথা বলিয়াছিল। বিপিনচক্র দীর্মজীবী হউন।

গবর্ণমেণ্টের সেতারের নাকি তার ছিড়িয়ছে; সেইজ্প বাঙ্গালা, মাক্রাজ, বোছাই এমন কি মগের মুল্ল,ক পর্যান্তও বেসুরা বাজিতেছে। কে একজন প্রকাণ্ড ওস্তাদকে নাকি অনেক টাকা প্রণামী দিয়া এদেশের তার বিভাগের স্থর বাঁধিবার জ্পন্ত আনা হইয়ছে। এই ওস্তাদ স্থর মিলাইবে কি, আরও করেকটা তার ছিঁড়িয়া একেবারে যয়টাকে অচল করিয়া ফেলিরাছে। এখন সকল ওস্তাদে মিলিয়া শুধু পিড়িং পিড়িং করিতেছেন, আর ওদিকে । ভাঁহাদের জাত ভাই এবং পরমায়ীয়গণ একেবারে আদর ছাড়িয়া ভাঁগাড়ে গিয়া দাঁড়াইয়ছে। কলিকাতার চেম্বার অব কমার্স বেচারী বেনেদের আমনোক্রার। সে কাঁদিয়া আকুল; দেখি তেছে আর ছই চারি দিন এমনই বেস্থরা বাজিলে বেণের পুঁটুলীকে হাত পড়িবে। তাই সে ঘোর চীংকার আরম্ভ করিয়াছে। সেই চীংকারের ফলে সিমলার টনক নড়িরাছে। শীঘ্রই ময়ের সূর বাধা হইবে। ধর্মাঘটে বালালী নাই, তাই চোটটা স্বদেশীর উপর প্রিল না। ইতি—

১লা বৈশাথ মঙ্গলবার ১৩১৫ i

(52)

সম্পাদক ভারা.

কেমন ? আপদ কাশ উপস্থিত হইরাছে ত ? এ সররে এক-বার রুদ্ধের বচনে কর্ণপাত কর। দেখিতেছ না, চারি দিকে খেতাঙ্গের আরক্ত শোচন। ইহাতে অনেককেই ভত্মীভূত হইতে ভইবে।

আমিত ভারা, একেবারে অবাক হ**ই**রাছি। এ কি ব্যাপার ? ইহার সহিত ত হিলুড়ের নাম গন্ধও নাই, ইহার মধ্যে আমিত এক বিলুও স্বদেশী দেখিতেছি না। ইহা যে একেবারে পশ্চিমে আমদানী মাল। ইহা যে দানবের অস্ত্র। মানবের দ্বাত ইহা নহে। হার বিলাতী শিক্ষা, তুমি এদেশটীকে একেবারে বিলাত, একেবারে কষিরা করিয়া ফেলিয়াছ। তাহা না ছটলে বাঙ্গালীর ছেলে বোমা প্রস্তুত করে? গাড়ী উন্টাইতে চার ? হত্যাকারী হর ? ইহার একটুও স্বদেশী নহে। ইহা সেই বিলাতী শিক্ষা। বিলাত হইতে নিহিলিজ্ম, এনারকিজ্ম জাহাজ বোকাই হইয়া এদেশে, আসিয়াছে; আর আমানের গোটা করেক ভ্রান্ত বুবক ভাহাকে পরম উৎসাহে বরণ করিয়া লইয়াছে।

যাহা কিছু বিলাতী, তাহাই না তোমরা বন্ধকট করিবার জ্ঞাপ্তিজ্ঞা বন্ধ হইরাছ ? বিলাতী লবণ ও বিলাতী কাপড়ই বুঝি তোমাদের চক্ষুংশূল হইরাছে। কেন ? এই বিলাতী নিহিলিজ্ম, এনারকিজ্মগুলাকে ব্যক্ট করিতে কে তোমাদিগকে নিষেধ করিরাছিল ? হিন্দুরের সহিত, গীতা উপনিষদের সহিত গুপ্তাতকের কোন সম্বন্ধ নাই। এ প্রকার বড়বছের কোন প্রকার পোষকতা হিন্দু শাম্রে করে না। এমন নরাধ্যের জ্ঞা হিন্দুর শাম্রে জ্মন্ত নরকের ব্যবস্থা আছে। হিন্দুর বৃদ্ধ নীতিতে হক্ষুণ বৃদ্ধ ব্যতীত আর কোন প্রকার ব্যবস্থা নাই। সেই হিন্দুর দেশে কি না গোপনে বোমণ ছুড়িয়া লোকের প্রাণনাশের চেটা!

চাহিয়া দেশ, ভোমাদের এই নীচ কাপুরুষোচিত চেষ্টার কি ফল হইল। তুমি কুদিরাম * তোমার হস্তে নিরপরাধা অসহায়া রমণী ও কুমারীর প্রাণ গেল। ভারতমাভার উদ্ধারপ্রতে দীক্ষিত হইরা, তুমি প্রথমে মাতা ও ভগিনীর প্রাণসংহার করিলে। বাহারা তোমার শত্রু নহেন, বাঁহারা তোমার কোন অনিষ্ঠ করেন নাই, বাঁহারা তোমার বিরুদ্ধে কোন প্রকার কুভাব হানরে পোষণ করেন নাই, তুমি তাঁহাদেরই রক্তে বাঙ্গালা দেশের ধরণী সিক্ত করিলে। এই পাপের ফল, স্বধু তোমাকে নহে, সমস্ত বাঙ্গালীকে ভোগ করিতে হইবে।

3 !

এখন ও বলি বৃদ্ধের বচন শোন; তোমার ও বিলাতা আম-লানী এনারকিজ্ম, নিহিলিজ্ম ধারা এদেশে কাজ হইবে না।

[া]নিঃ কিংসকোর্ড, কলিকাতার অদেশী আন্দোলনের প্রথম অবস্থায় প্রধান প্রেলিডেপি ম্যাজিট্রেট ছিলেন। যাহারা অদেশীর নামে দেশে অশান্তির সন্ধার করিতেছিল, মিঃ কিংসকোর্ড তাহাদের কয়েকজনকে কঠোর শান্তি প্রদান করেন। এজন্য বঙ্গের বিপ্লববাদীর দল তাহার ঘোর শত্রু হইয়ছিল। মিঃ কিংসকোর্ড কলিকাতা হইতে মজংকবপুরে বদলী হইলে, কুদিরাম বহু নামক এক ব্রক্ মিঃ কিংসকোর্ডের প্রাণ বিনাশের জন্ম মজংকরপুরে গমন করে। এক দিন কুদিরাম মজংকরপুরের অন্যতম উকীল মিঃ কেনেডির গড়ীকে মিঃ কিংসকোর্ডের গাড়ী মনে করিয়া, তাহার উপরে বোমা নিক্ষেপ করে। সেই গাড়ীতে জ্রীমতা কেনেডিও কুমারী কেনেডি ছিলেন, উভরেই বোমার আ্বাতে নিহত হয়েন, গাড়ীর কোচমান্ত এই তুর্বটনায় মারা যায়। নরহত্যার অপরাধে কুদিরামের প্রাণদণ্ড হয়াছিল।

ভারতবর্ষের ইতিহাস কি পড় নাই ? ভারতবর্ষে ও সব জিনিসের স্থান নাই; ভারতবাদী ও সকল দানব অন্তের পক্ষপাতী নহে। ইহার জন্ম প্রমাণ আর কি দিব, নিরপরাধা রমণী ও কুমারী হত্যাই কি ইহার প্রমাণ নহে ? ভারতমাতা কি এই হত্যার দ্বারা স্পষ্টা-বাক্ষের বলিলেন না যে, এমন দানব শক্তিতে ভারতের কার্য্য হইবেন। এ যে রমণী ও কুমারীর শোণিতে মজ্ফেরপ্রের ভূমি রঞ্জিত হইরাছে, উহারই ফলে তোমাদের সর্বনাশ হইবে। ভারতবর্ষ মুনি শধির দেশ, ভারতবর্ষ ঘোগী সন্মানীর আশ্রম, ভারতবর্ষ রাম মুদিছিরের লীলাক্ষেত্র, এখানে পাশ্চান্ত্য সর্থানের আমদানি করিলে ভারতে

বাঙ্গালা দেশের ইতিহাস খুলিয়া দেখ, হে ক্ষুদিরাম, হে মন্তরাম-গণ, কোথাও এমন ষড়য়য় দেখিতে পাইবে না; এভাব বাঙ্গালীর ভাব নহে। হিন্দুর শিক্ষা-দীক্ষা স্বতর, হিন্দুর ক্ষর অন্ত উপাদানে নির্মিত, ইহার মধ্যে ক্ষের প্রবর্তিত, ইউরোপের অবলম্বিত স্থণিত অপবিত্র ভাব মাহারা আনিরাচে, তাহারা নিজের সর্বনাশ ত করিয়াছেই, দেশেরও সর্বনাশ করিল। মহান্ উদ্দেশ্রসিদ্ধির জন্ম যাহারা নীচ উপার অবলম্বন করে, তাহাদের উদ্দেশ্রকান দিনই সিদ্ধ হর নাই, কোন দিন ইইবেও না। ক্ষ্দিরামের দলের যদি কেহ এখনও বাহিরে বিচরণ করে, তাহারা রুদ্ধের এই কথা করটী এই ঘোর আপংকালে গ্রহণ করক। তাহাদের মঙ্গল হইবে, দেশের কল্যাণ

হইবে, মাতৃমন্ত্ৰ সফল হইবে। নতুবা ষড়দন্ত্ৰের পথ গ্ৰহণ করিলে তোমাদের বিনাশ অবশুস্তাবী; আর তোমাদের বিনাশের সঙ্গে সঙ্গে জারতবর্ষের ভাবী কল্যাণ পদদলিত হইবে, জারতবর্ষ শ্রশানক্ষেত্রে পরিণত হইবে। ইতি—

২৭৫৭ বৈশাখ ব্যবিধার ২৩১৫ ৷

(50)

সম্পাদক ভারা.

বুড়ার লজ্জা নাই, তাই আবার তোমাদিকে বিরক্ত করিতে মাসিরাছি। তোমাদেরও কিন্তু দোৰ আছে, ভোমরা বৃদ্ধের বচন না ছাপিলেই ত সকল গোল মিটিরা যার।

যাক্ সে কথা। ভারা আমাকে একটি সংবাদ দিতে পার ?
এই বে বিলাতে এস, এম, মিত্র না শিশ্ধমোহন মিত্র নামধারী
একটা লোক আছে, ভাহার বংশ পরিচয়টা একবার ভোমরা দিতে
পার ? আর :ভাহার একধানি ঠিকুজি দিতে পারিলে আমি
একবার ভাহার ভবিষয়ং গণনা ক্রিয়া দেখিতে পারি।

মাই বল, তোমরাই কিন্তু 🏖 হতভাগাটাকে বাড়াইয়। তুলিলে। কোথাকার কে, সিদ্ধ কি পোড়া, একটা জীব কিঞ্চিং পাথেয়।সংগ্রহ

হজের

করিয়া বিলাতে গিয়াছে। সেধানে যাহা হয় বলিতেছে, লিপিতেছে, তাহাতে এত বড় একটা বাঙ্গালী জাতির কি যার আসে ? ছই দশটা কালাপাহাড় যদি দেশটা ওলট-পালট করিছে পারিত, তাহা হইলে এত দিন হিন্দুর নাম ইতিহাসের পৃষ্ঠাগত হইত।

আমাদের করি রবীক্রনাথ সে দিন তোমাদের একটা রগনপে, চৈতন্ত লাইব্রেরর এক অধিবেশনে "পথের কথা" ও "পাথেরর কথা" বলিরাছেন। আমি কথাগুলি বঙ্গদর্শনে পড়িরাছি। রবীন্দ্র বাবু একচোটে অনেক কথা বলিরা ফেলিরাছেন। আমিন ভারা একবার পড়িরা পথই পাই নাই, তা পাথের সংগ্রহ করা ভূরের কথা। তোমরা সমজদার লোক, রবীক্র বাবুর কথাগুলির কবির বাদ দিরা একটা সার সংগ্রহ প্রকাশ কর, আমাদের পাথের মৃত্রুক।

কলিকাতার নিউনিসিপালিটার দৃষ্টি এখন বাড়ীওরালাদিগের উপর পড়িরাছে। সে দিনের একথানি ধবরের কাগন্ধে দেখিলান, কলিকাতার বাড়ীওরালারা ভাড়াটারাদিগের নিকট হইতে অধিক ভাড়া লয় কেন, তাহার কারণ অনুসন্ধান করা হইবে। ইহার আবার অনুসন্ধান, নির্দারণ কেন বাপু ? দলে দলে ছেলে স্কুলে কলেজে পড়িতে যার, তাদের জন্ম বাড়ী চাই। তারা ত আর রোজগার করে না যে, তাদের টাকার মারা থাকিং

বাড়ীওয়ালারা যে ভাড়া চার, তাহারা তাহাই দিতে সীক্ত হয়; ইহা বাড়ীভাড়া দৃদ্ধি,ইইবার একটি কারণ।

বিতীয় কারণ, মক্সলে এখন যার একটু প্রসা হয়, সেই ব্রফ পানি, বিজ্ঞানির পাণার বাতাস থাইবার জন্ত সপরিবারে কলিকাতার আড্ডা করে। সে কালে দেখিয়াছি বড বড রাজা জমিদারেরাও নিতান্ত দারে না ঠেকিলে কলিকাতার যাইতেন না। এখন বার্ষিক হাজার টাকা আয়ের তালুকদার, জোতদারও কলিকাতার যাইরা জমিদার হইয়া বসেন: তার জন্ম বড বাড়া চাই; নত্রা যে বার্গিরি রক্ষা হর না। এই মদস্বলের বারুরাও কলিকাতার বাডী ভা**ডা বাড়াই**য়া দিয়াছেন। তাহার পর সাহেব লোকের কথা। সে কালের সাহেব লোক এমন করিয়া কাচ্ছা-বাচ্ছা লইয়া বড একটা এদেশে আসিত না: স্বতরাং সাহেব লোকের। দল বাধিয়া হোটেলে থাইত আর ক্লাবে ইয়ার্কি দিত। এখন তিনশত টাকা বেতনভোগী সাহেবও পরিবার লইরা বাস করে। বাড়ী ভাড়া বাড়িবে না ত কি ? কিন্তু মিউনিসিপালিটার এত মাধা ব্যথা পড়িল কেন ? যার বাড়ী আছে সে ভাড়া দিবে, যার টাকা আছে সেভাডা শইবে; তুমি বাপু তার মধ্যে কথা বল কেন ?

আসল কথা কি জান; মিউনিসিপালিটির দামোদর কিছুতেই ভরিতেহে না। এত টাকা আদার হইতেহে, তবুও ধরচা কুলার না, তবুওধার। তারের ভেলুরেশন মতে যে বাড়ীর ভাড়া ০০ টাকা, বাড়ীওয়ালা সেই বাড়ী ৪৫ টাকার ভাড়া দিতেছে। কর্ত্তারা ভাবিতেছেন "বাড়ীওয়ালারা-ত বেশ দশ টাকালাভ করিতেছে, আমরা সহরের শ্রী-রৃদ্ধি করিতেছি, তাহার ভক্তইত ভাড়া বেশী হইয়াছে; স্তরাং বাড়ীওয়ালারা আমাদিগকে কিঞ্জিং লাভের অংশ দিবে না কেন ?" কেমন, এই ত অভিপ্রার ? ভা বাপ, তোমরা খুব টেল্ল বাড়াও। এমন বাড়াও যে আমাদের মফ্রুলের বাবুরা শ্রচার জালার অন্তির হইয়া আবার ঘরের ছেলে গরে ফিরিয়া আফ্রুল। তবে নগাবিত্ত ও চাকুরে বাবুদের কথা বলিবে? ভাহারী আটি টাকা মণ চাউল কিনিয়া আগতেটা গাইয়াও।বাচিয়া আছে, বাড়ী ভাড়া অধিক হইলেও যে ক্রদিন পারে বাচিবে, তাহার পর শমন ভবনে গমন করিবে। সেখানে ভা আর ট্যাক্স দিতে হইবে না, সেখানে টাকায় পাচ সের চাউলও বিক্রের হর না। স্বতরাং তাহাদের জ্ব্যুভাবনা নাই।

বড় মান্তবেরা দেশে আদিবে, মধ্য-অবস্থাপর চাকুরেরাও দ্বী-প্র পরিবার দেশে পাঠাইয়া দিবে; তাহার ফলে পল্লীর শ্রী-ফিরিবে। দেশ সম্পাদক ভাষা, এই সত্তর, আশী, কি একশত টাকার বেতনের চাকুরেরা সপরিবারে কি স্থথে যে কলিকাতার বাস করে, তাহা আমি মোটেই বুবিরা উঠিতে পারি না। ঐ বেতনে কি সংসার চলে ? ছেলেপিলেরা কি পেট ভরিষা থাইতে পার পূচাই দেখিতে পাই, কলিকাতার যে সকল চাকুরে থাকে, তাদের

ত্বেশ-মেরেরা কেমন ধেন হইরা যার। ক্রিকাতার স্থত কত ?

তাকার চারিদের হয়, তাহার মধ্যেও আড়াই সের জল। শিশুরা
সেই হয় পান করে; তাই কি কেহ পেট ভরিয়া হয় পার ? তাহার
পর বাজারের জলখাবার; সেত বিষ। তব্ও কেহ পদ্মীগৃহে
মাসিবে না। জিজ্ঞানা করিলে বলে "দেশে যে ম্যালেরিয়া।"
মারে বাপু, তোমরা যদি দেশের নিকে চাও, ভোমাদের ছেলেমেরে বদি দেশে থাকে, তাহা হইলে দেশের জঙ্গণও থাকে না,
জলাশরও ভাল হর, স্বাস্থ্যরক্ষারও বন্দোবস্ত হয়। তোমরা
থাকিবে বিদেশে—আর আমরা কতকগুলি দরিজ্লোক প্রীগ্রামে
থাকিব, আমাদের সাধ্য কি ? তাই গ্রাম উংসয় মাইতে বাস্কর্ছে। সেই জয়ই বলিতেছিলাম, কলিকাতার বাড়ীভাড়া খুর
বাড়ক, পদ্মীর ছেলে প্রীতে ফিরিয়া আম্বক; পদ্মীর মঙ্গল
হউক। তোমরা বৃদ্ধের এ কথার হয় ত রাগ করিতেছ; কিন্তু বৃদ্ধ

২০শে কোঁ মঞ্জবার ১৩১৫।

(58)

সম্পাদক ভারা

সপ্তাহাত্তে ছুই চারিটি বচন ্দিতে আসি। তোমার বিজ্ঞ পাষকগণ তাহা কি ভাবে গ্রহণ করেন, তাহা বলিতে গারি না, কিন্তু বালকেরা মধ্যে মধ্যে এই বৃদ্ধের উপর বড়ই বিরক্ত হয়।

বালকে ও বৃদ্ধে অনেক প্রভেদ, বালক সন্মুধে সংসারের অভুল কৃথ সম্পদ দেখে; বালকের হৃদরে অসীম বল, বালক মনে করে দিখিজ্বরী বীর আলেক্জাণ্ডারের অপেক্ষা সে কিছুতেই হীন নহে; আর বৃদ্ধ সন্মুখে দেখে ভবপারের তরণী, পশ্চাতে চাহিলা দেখে কত বিফল চেষ্টা, কত ব্যর্থ আয়োজন তাহাকে পরিহাস করিতেচে।

সে কথা এখন থাকুক। তোমাদিগকে একটা প্রশ্ন জিজাধা করিতে চাই। আজ তিন বংসর পর্যান্ত তোমরা গে স্বদেশী ও ব্য়কটের জন্ম প্রাণপপ পরিশ্রম করিলে, এখন কি তাহা ছাড়িয়া দিলে? এই বোমা বিজাটের পর ২ইতে তোমাদিগের ভ এবিষরে একেবারেই আগ্রহ দেখিতেছিনা। তোমাদের এই অমনোখোগ ও উদাসীন্যের জন্মই এখন ধীরে ধীরে মধ্যানের বাজারে বিলাভী দ্রবা আধার প্রবেশ লাভের তেষ্টা করিতেছে।

বিলাতী কাপড়ের দর কমিয়া গিয়াছে, এ সংবাদ তোমর।
, রাথ ? এখন সকল দ্রাই ছুমুল্য হইয়াছে। চাউল, দাইল, তৈপ,
ছাত, ছায়, মংস্তা, পাণ প্রাভৃতি যে দ্রায় কিনিতে যাইবে, তাহাই
একেবারে অগ্নিমুল্য। লোকের ক্ষের সীমা নাই। মণ্যবিত্ত

গৃহস্থ গৃহই বেলা পেট ভরিয়া থাইতে পায় না। তাহার পর সমগ্র ব্রিরা নানা প্রকার পীড়া উপস্থিত হইয়াছে। এই সকল খরচ চালাইতে গৃহস্থের প্রাণ বাহির হইতেছে। এই সময়ে ধনি বিলাতী কাপড় কম মূল্যে পাওয়া যার, তাহা হইলে কয় জন দরিত্র ব্যক্তি সে প্রনোভন সংবরণ করিতে পারে ? তোমরা যাহাই বল না কেন, 'আমরা কিন্তু মক্ষেশের অবস্থা যাহা দেখিতেছি, তাহাতে বিলাতী ত্রবা যেন আবার দেশে প্রবেশ করিবে বলিয়া বোধ হইতেছে। এ সময়ে তোমরা যদি পুনরার "বন্দে মাতর্ন্" বলিয়া কার্যক্ষেত্রে অবতার্ণ হও, সকলকে ব্যাইতে থাক, তাহা হইলে স্বদেশের জন্ম অনেকে এই শস্তরে প্রলোভন সংবরণ করিতে বাধ্য হইবে।

খামার কথা এই দে, তোমরা সাদশী আন্দোলন কিছুতেই বন্ধ করিও না। অস্তান্ত বংসর গ্রীত্রাবকাশে দুল কলেজের চারের দেশে আসিরা সদেশী জবা প্রতানের জন্ম ভূমুল আন্দোলন করিরাছে; এবার কিছ তাহারা চুপ করিরা রহিরাছে। সম্পাদক ভারা, তোমরা সকলে স্পন্ন বাক্যে বুরাইরা দাও যে, স্বদেশ প্রচারে সিডিশন হর না, স্বদেশী প্রতার আমাদের অবগ্র কর্ত্র। বোমা বিজ্ঞান্তের বাহা হয় হউক, তাহার জন্ম আমাদের পরম প্রিত্র কর্ত্রব্য কার্গ্যে ক্রন্তী করিব কেন ? আমি একথা বালতেছি না বে, তোমরা জন্ম পাইরাছ। কিন্তু তোমাদের দৃষ্টি ধেন অন্ত দিকে চলিরা গিরাছে, তোমরা অন্তান্ত কার্যে এক মনঃসংযোগ করিরাছ যে, স্বদেশীর কথা আপাত্তঃ বন্ধ রাধিরাছ। কিন্ত ভারা কিছুতেই স্বদেশী বন্ধ করিও না। স্বদেশীই <u>আমাদের</u> পরিত্রাপের।একমাত্র উপার, এ কথা সকলকে আবার ব্রাও; সাবধান, অবসাদের ছারামাত্রও ষেন ভোমাদের কার্য্যে দেখিতে না পাওয়া যায়।

তাহার পর আর একটা কথা তোমাদিগকে বলিব। বদ্ধের কথার তোমরা রাগ করিও না। তোমরা সহরে থাক, তোমরা মদস্বলের লোকের কষ্টের কথা হয় ত বুঝিতে পার না। তোমাদের রালাঘরে নলের মুথ দিলা ৰুল পড়ে, তোমাদের পৌচাগারে প্রয়ম্ভ কলের জল বিশ্বমান; তোমরা কেমন করিয়া ব্যাবি যে এই ভেড়ের প্রথর রৌদ্র মাধার লইয়া প্রীরমণীগণ চার পাঁচ মাটল দুর হইতে কৰ্দমাক্ত বিষময় জ্বল আনিয়া পিণাসা নিবারণ করে ? এবার যে প্রকার জলকষ্ট হইয়াছে, এমন কষ্ট আমরা অনেক দিন দেখি নাই। কাহার দোব দিব গ দোষ আমাদের অদৃষ্টের। দেশের লোকের মধ্যে ঘাহার ত্র প্রদার সংস্থান আছে, <u>পেই কলিকাতার বাদ করিভেছে: গ্রামের কথা তাহার আর</u> মনে হয় না। বছদিনের পুরাতন জ্লাশ্য সকল সংস্থার অভাবে একেবারে নষ্ট হইয়া গিয়াছে। সে দিন আরু নাই, যখন জ্লাশয় প্রতিষ্ঠাকে লোকে জীবনের একটা প্রধান কার্যা বলিয়া মনে করিত। তোমরা মকস্বলের জলকষ্ট নিবারণের জন্ম কি কোন ব্যবস্থাই করিতে পার না ? ছর্ভিক নিবারণের জন্ত তোমাদের ষঃ ও চেষ্টা প্রশংসনীয়; তাহার সঙ্গে সঙ্গে জলকট দুর করি-

বারও চেষ্টা কর না কেন। এই স্বদেশীর দিনে পল্পীপ্রামের এই অভাব দ্র করিবার জ্লন্ত যদি ভোমরা চেষ্টা কর, তাহা ইইলে নিশ্চিতই কৃতকার্য্য হইবে। অন্ন ত গিরাছে, এখন জ্লাটুকুও যদি যান, তাহা হইলে দেশ যে অন্নদিনের মধ্যেই শাশানে পরিণত হইবে। তাহার পরে কি তোমরা "স্বরাজ্য" প্রতিষ্ঠা করিবে ? ইতি—

২৭শে জ্যৈষ্ঠ মঙ্গলবার ১৩১৫

(50)

সম্পাদক ভাষা,

আমি তোমাদের কালকাতার বোমার রকমনী মোটেই ব্ঝিতে পারিতেছি না। তোমাদের পত্রে যে কত সমরে, কত রকমী রকম সংবাদ পাঠ করিতেছি, তাহা আর বলিতে পারি না।

প্রথমে পড়িলাম—তোমাদের সহরে বোমার আজ্ঞা ধরা পড়ি-রাছে। যাহারা বোমা প্রস্তুত করিত, তাহারা মাণিকতলার একটা এ দো পোড়ো বাগানে আজ্ঞা করিয়াছিল। এ কথাটা বৃঝিলাম, এমন ভরানক কাজে যাহারা হাত দিয়াছে তাহাদের পক্ষে ঐ রকম পোড়ো বাগানেরই প্রয়োজন। ভাহার পর দেখি কিনা সহরের মধ্যে শ্রামবাজারেও একটা আড্ডা। সহরের এক কোণে শ্রামবাজার খানিকটা নিরাপদ স্থান বটে। শেষে ওনি কিনা একেবারে সহরের বুকের উপর হারিসনরোডে বোমা প্রস্তুত হইয়াছে! কথাটা প্রথমে মোটেই বিশাদ করিতে পারি নাই; কলিজাতা সহর, হারিসন বোড, এমন প্রেকাশ্র স্থানে বোমা ভৈয়ারি হইত, আর পুলিশের লহা লহা দাড়িওয়ালা মোটা বেতনভোগী কর্তারা ইহার বিছুই জানিতে পারেন নাই! প্রশংসা করিব কাহাকে? বোমাওয়ালাদিগকে না

ভাষার পর অঙ্গ, বঙ্গ, কলিঞ্চ পার হইর বোনা নাকি পুনার ও বোষারে গড়াগড়ি যাইতেছে; শ্রীহট্টেও নাকি একটা আছে। বাহির হইরাছে। কোথার কলিকাতা আর কোথার বোষাই— পুণা। বোধ হয় পুলিশের লোকেরা চারিদিকে খুব ছুটাছুটি করিতেছে। এই নোমা জিনিসটা কি দেশমর ছড়াইরা পড়িরাছে ? ভোমরা যাহাই বলনা কেন, আমার কিন্তু মনে হর, এখন ভোমরা যে সকল সংবাদ দিতেছ, ভাষার আনেক গুলিরই মূলে সভ্য নাই। ভোমরা একদিন সংবাদ দিলে, গ্রেষ্টাটের রাস্তার বোমা গড়াগড়ি যাইতেছে, আবার করেকদিন পরে বলিতেছ কি না সাকুলার রোডের আবর্জনার মধ্য হইতে একটা রিভলভার বাহির হইরাছে। সে দিন ঐ সারকুলার রোডের একটা উপাসনালরের থারের উপর একটা বোমা পাওয়া গিয়াছে। এ সকল কথা শুনিলে যে ভেলেখেলা বলিয়া মনে হয়। কি জ্ঞান ভারা, তোমাদের সহরের কথা তোমরাই বলিতে পার। আমরা পল্লীগ্রামে বসিয়া ও সকল কথার অর্থ একেবারেই বৃদ্ধিতে পারি না।

আর একটা কথা তোমাদের কাগজেই পড়িলাম। বড়লাট বাহাতর এক বেলায় কয়েক ঘণ্টার মধ্যেই বোমার ও তোমাদের টিপর তুঠ তুঠটা আইন জারি করিয়াছেন। আইন পড়িয়াও দেখিশাম। ববিলাম তোমরা যদি মাত্রুষ মারিবার প্রামর্শ দাও, চাতা তইলে তোমাদের পত্র বৃদ্ধ, তোমাদের ছাপাথানা বাজেরাপ্ত ২ইবে। ইহার জন্ত আবার একটা নৃতন আইন কেন? ছোনাদের জ্ঞা যে আইন আছে, তাহাই ত কল্পতক বিশেষ। এমন কোন অপরাধ নাই ধাহার দণ্ড ঐ আইনে দেখিতে না পাওয়া যায়। তবে ঐ ছাপাখানা বাজেয়াপ্ত করিবার কথা বলিতে পার বটে, কিন্ধ তাহারও ত পথ ছিল এবং তোমাদের প্রতিশ্ব লোকেরা ত সে পথ ধরিষাছিল। এক একবার খানতিয়ানী কর, আর দশ পনের মণ অক্ষর লইয়া যাও। কাখার গরে কত অক্ষর আছে ? ত্ই চারিবার অক্ষর ধরিয়া টানা-টানি করিলেই ত তোমাদের কা**ন্ধ শেষ হই**বে। আর "যুগান্তর"কে গোকান্তরে পাঠাইবার জন্তই বা এত আয়োজনের কি প্রব্যেক্স ছিল্প তোমরা আইন কান্ত্র ভাল বোঝা, তোমরাই ব্রহের এ কথাটির উত্তর দিও। ইতি

২৩শে জৈন্ত রবিবার ১৩১৫

(54)

সম্পাদক ভারা,

বৃদ্ধের আশীর্কাদ গ্রহণ কর। তোমাদের কুশল সর্কদা শীশী

তোমাদের কলিকাভার আজকাল বেরূপ গোলবোগ উপস্থিত হইরাছে, দিনের পর দিন যে ভাবে লোকের বাড়ী থানাতপ্লাদী হইতেছে, তাহাতে কথন যে কাহার কি হয়, তাহা বলা মার না।

প্রথমে ভাবিরাছিলাম, বাহারা চরমপন্থী তাহাদেরই বুরিং বিপদ, ভাহাদেরই নাম বুরি পুলিশের থাতার লেখা আছে: কিন্তু এখন আর সে বিশ্বাসও নাই। ক্ষী—ভোমাদের স্থি "সঞ্জীবনী"—সম্পাদক শ্রীযুক্ত ক্ষয়কুমার মিত্র মহাশ্র।

সঞ্জীবনীর কৃষ্ণকুমার বাবু যে গরম দলভুক্ত নহেন, এ কথা বাঙ্গালী মাত্রেই জানে; তাঁহার বাড়ী যে গানাতপ্রাসী হইবে, এ কথা কেহ কখন ভাবে নাই। কিন্তু তোমরাই একদিন সংবাদ দিলে যে, কৃষ্ণকুমার বাবুর বাড়ী খানাতপ্রাসী হইরাছে, এ অবস্থায় তোমাদের কুশল যে সর্বদাই এ এ ভারে পার্থনা করিতে হর, তাহাতে আর কথা কি ?

এইত গেল বোমা-বিজ্ঞানের পরিণাম। তাহার পর
ভাষাদের মাথার উপর ত দিবানিশি মুদ্রণাগদনী আইন
ইল্রের বজ্রের স্থার গর্জ্জন করিতেছে। কথন যে সে বক্ত কাহার
মন্তকে পড়িবে, তাহার ঠিকানা নাই। শ্রীকুক্ত বালগদ্ধাধর তিলক
মহাশর তাঁহার কেসরী পত্রে যে প্রবন্ধ লিখিরাছিলেন এবং যে
প্রবন্ধের জন্ম তিনি অভিষ্ক হইনা হাজতে রহিনাছেন, সেই
প্রবন্ধের সরকারি ইংরাজি অনুবাদ বিশেষ মনোনোগ সহকারে
পাঠ করিনাছি; তাহাতে যদি দিডিশন হয়, তাহা হইলে, ভারা
হে, তোমরা যে এত নরম, তোমরাও প্রতিদিন সিডিদান
করিতেছ।

বুদ্ধের বচন তোমরা কোন কালেই গ্রাহ্ম কবিতে চাও না, এই বড় তঃখ। আমি ইতঃপূর্দ্ধে তোমাদিগকে বলিবাছি থে, নুতন মুদ্রনশাদনী ব্যবস্থার দেই incitement to violenc কথাটাকে টানিয়া যত বড় ইচ্ছা তত বড় করা গাইতে পারে। মনে কর তুমি একটা অস্তার কার্য্য দেখিয়া বলিলে 'নেখ তোমার কাজটা ভাল হইতেছে না।" অমনি তুমি আইনের কালে পাড়িকে; তুমি incitement to violence করিলে। এমন আইন মাথার উপর লইয়া তোমরা যে কেমন করিয়া সংবাদপত্র

চালাইবে, ভাহা আমি একেবারেই ব্রিতে পারিতেছি না। ভবে ভোমবা ধনি 'হিন্দু নাশন' অথবা মিররের" অনুকরণে কাগজ চালাইতে পার, ভাহা হইলে ভোমাদের সাত খুন মাপ। কিন্তু ভাহা পারিবে কি ?

ভাল কথা মনে হইরাছে। যে দিন তোমাদের পত্তে পাঠ ক্রিল্যে যে, ভারত সমাটের জন্মদিন উপলক্ষে তোমাদের প্ররের কাগজ্ঞ ওরালাদের ভূমুণ্ডী শ্রীল শ্রীবৃক্ত নরেন্দ্রনাথ দেন ভারা 'বায় বাহাত্র" উপাধি লাভ করিয়াছেন, দেই দিন হটতেই সানার মনে একটা উপাধি লাভের আশা জাগিয়াছে। নরেক্স ্পনও পুৰু, আমিও তাই: তিনিও বোমার বিক্লে, আমিও ভাই; তিনিও বোমাওয়ালাদের চতুর্দ্ধ পুরুষের সংবাদ লইতেতেন, সামিও সে সংবাদ পুর্বেই লইয়া বসিয়া আছি। আনার কি একটা উপাধি লাভ হইতে পরের না ? তোমাদিগকে একটা স্বাফিদের গুপ্ত কথা (official secret) বলি ; সুরকারের তহনিলে একটা উপাদি এখনও মজুদ আছে , নগেক্স ঘোষের জন্তই সে নূতন উপাধিটা আমদানী করা হইয়াছিল: কিন্তু 'মিঃ' শক্ষের সহিত সেটা খাপ খাইবে না বলিয়া ঘোষ নন্দনের প্রার্থন: মত সেট সরকারী গুদামে রহিয়া গিয়াছে। তোমরা বলিয়া কহিলা সেই "রাই রাইশ্ব" উপাধিটা আমাকে দেওয়াইতে श्राव ?

আমি সরকারের অন্তগ্রহে এই খেতাব পাইয়া "খেতাব-হারামী" করিব না: আমি যথাসম্ভব সরকারের কাজ হাঁসিল করিব। আমি কি কি কাজ করিব, ভাষা এখনই বলিতেছি। ি সামি বাদেশীর বিক্লমে শয়নে স্বপনে কথা বলিব, (২) আমি ্শীযুক্ত স্তুৱেন্দ্রনাথ বন্দ্যোপাগ্যায় প্রমুখ ব্যক্তিগণকে "ন ভূতো ন ভূনিষ্যতি" রকমে গালাগালি দিব. (৩) আমি প্রত্যেক কার্য্যে সরকারের পক্ষ সমর্থন করিব. (৪) আমি মাননীয় বিচারপতি ফ্রেচার প্রমুগ হাইকোটের জজদিগের প্রত্যেক কার্য্যের প্রতিকূল সমা লোচনা করিব এবং তাঁহাদের নিন্দাবাদ করিব. (৫) আমি এই বোমা ব্যাপারে গোয়েকাগিরি করিব, 1৬) আমি প্রতিদিন নুতন নূতন লোকের বিষ্ণুদ্ধে সভা মিথা। সাক্ষী সংগ্রহ করিব, (৭) সরকার বাহাছর মুখন যে কার্য্যে আমায় নিষ্কু করিবেন, তাহাই করিবার জন্ত প্রস্তুত থাকিব। কেমন ইহাতেও কি উপাধি প্রাপ্তির যোগ্যতা গাভ করিতে পারিব না ? আরও একটা কাজ করিবার কথা বলিতে ভুলিয়া গিয়াছি ; আমি বাঙ্গালা দেশের গ্রামে গ্রামে পল্লীতে প্রীতে রাজভক্তির সার্ক্রণার বিলি করিব। ইতি

(২৯শে আষাচ় সোমবার ১৩১৫ গাল।

(59)

সম্পাদক ভায়া,

দেশের কি হইয়াছে বলিতে পার ? এত রাজজেনিতের মামলাত, ভাষা, আমার বয়সেও দেখি নাই। সমস্ত ভারতবর্ষেট কি বিজোহের অগ্নি জলিয়াছে নাকি ?

তোমরা কি বলিবে জানিনা, কিন্তু আমি বলিতে পারি, আমা দের এই পুণ্ডুমি ভারতবর্ষে রাজ্জোহ হইতে পারে, না। বাহারা হিন্দু, তাহারা রাজজোহী হইতেই পারেনা, কথনও হর নাই। এই সোজা কথাটা যে আমাদের রাজপুরুষগণ বুঝিতে পারেন নাই, ইহাই আশ্চর্য্যের বিষয়।

সংবাদপত্তে **আর কোন কথা নাই, কেব**ল রাজভোষের সংবাদ। বাঙ্গালা দেশে রাজভোহ, বোধারে রাজভোহ, নালাজে রাজভোহ, উত্তর পশ্চিম প্রদেশে রাজভোহ, পঞ্জাবেও রাজভোহ। সর্ব্বিই রাজভোহ, এমন বিষম কথাত কখনও শুনি নাই। **আ**মান্দের দেশের শাসনকর্ত্তারা পাগল হইরাছেন নাকি ?

তাথার পর তোমাদের পত্রেই পাঠ করিশাম যে, বোগায়ে শ্রীষুক্ত তিলকের বিরুদ্ধে রাজজোহের অভিযোগ উপস্থিত হইয়াছে; সেই মোকদ্ধনার বিচার হাইকোটের সেগনে হইতেছে। কিন্তু ভাহার স্বস্তু এত আরোজন কেন ? শুনিলাম যে কত লোক-লম্বর দৈন্ত-সামস্ত বোধারে লইরা আদা হইরাছে। সেখানে কি একটা দুক্ত বাধিবে ?

এই সকল ব্যাপার দেখিয়া শুনিয়া সেকালের লোক আমরা অবাক হইলা গিলাছি। যে সালা কথাটা আমরা ব্রিতে পারি, ভাহা যে মহা পণ্ডিভেরা ব্রিতে পারিভেছেন না, ইহা অপেক্ষা ভঃখের কথা আর কি আছে ? শুনিয়াছি বিলাভের ভারত সচিব মহাশর পণ্ডিত ও বিচক্ষণ ব্যক্তি। তিনি কি এমন সোজা কথাটা ব্রিতে পারিভেছেন না ?

এনেশে রাজজোহ নাই, রাজজোহ হইতেই পারে নো। তবে কেছ হয়ত বোমার কথাটা তুলিতে পারে; কিন্তু, আমরা এক বাকো বলিতে পারি যে, ইংরাজ সরকার এই বোমার ব্যাপার লইরা ঘটনা বাড়াবাড়ি করিতেছেন, তাঁহার ততটা বাড়াবাড়ির কোনই প্রয়োজন ছিল না। ইংরাজ তিলকে তাল করিয়া একটা হৈ তৈ বাধাইরা দিরাছেন। আর এদিকে রহস্থপ্রিয় লোক নানা প্রকারে বহুত করিরা গোলমালটা আরও বাড়াইরা দিতেছে। আমারত ইহাই মনে হয়। ও সকল বড় বড় কথা থাকুক, ছই একটা হোট কথা বলি।
এই বে দেশব্যাপী ছর্ভিক উপস্থিত, তাহা নিবারণের জন্ম তোমরাত
এখনও বিশেষ একটা কিছু করিতেছ না। তোমরা এখন বোমা
বোমা করিয়াই অস্থির হইয়াছ। যে ছই একটা সমিতি এতদিন
ছর্ভিকপীড়িত ব্যক্তিগণের অন্ন সংখানের জন্ম চেপ্তা করিতেছিল,
তাহারাও উৎসাহ অভাবে কেমন নিবিয়া যাইতেছে, অথচ মন্নকপ্ত
হাহাকার ক্রমেই বাড়িতেছে। এবারে দেশের যে প্রকার শ্বস্থ দেখিতেছি, তাহাতে বাক্লালা দেশে যে প্রচুর ধান্ত জন্মিক
ভাহা বোধ হইতেছে না। পূজার পরেই দরিজের ঘরে ঘরে
আর্ত্তনাদ উপস্থিত হইবে, আমরা এখনই তাহার চিক্ত
দেখিতে পাইতেছি। কিন্তু সে সকল কথা শুনিবার লোক
কোথার ?

তোমরা খদি কিছু মনে না কর, ভাহা হইলে একটা কং জিজাসা করি। এই যে বিগত বংসরে জেলার জেলার জেলার জেলার সমিতির অবিবেশন হইল, তোমরা সকলে গিরা বজুতা করিলে. আরও কত কি করিলে; তাহার পর এত দিন চলিয়া গেল, কিছ আরত কিছু গুনিতে পাই না। আমাদের উকিল বারুরা সেই সদেশী পূজার কয়দিন খুব মাতিয়াছিলেন, তাহার পর একেবারে চুপ; কাহারও মুখে একটি শক্ত গুনিতে পাই না। এই শুনিলাম প্রী সমিতি হইবে, গ্রামে গ্রামে প্রচারক গমন করিয়া দেশের শিল্প ও ক্ষির উন্নতির জন্ত চেষ্টা করিবেন, কিন্তু এখন ক্ষেথিতেছি, সুবই

বক্তা, সমস্তই ছদিনের আড়মর। এক ময়মনসিংতের অনাপ বাবু ব্যতীত আর কাহারও মনে প্রীর কথাও জাগে নাই।

আরও একটা কথা জিজ্ঞাসা করিতে পারি কি ? পাবনার প্রাদেশিক সমিতির অধিবেশনে একটা প্রস্তাব হয় যে, যে যে স্থানে পিউনিটিব প্রশিশ বসিয়াছে, সেই সেই স্থানের পোদেশিক সমিতিতেই কিছু টাকা টাদা উঠিয়াছিল, এবং পরে আরও টাকা তুলিবার জ্য় বিশেষ চেষ্টা করা হইবে এ কথাও হইয়াছিল, কিন্তু তাহার প্রস্তার কোন কথাই ত শুনিতে পাওয়া গেল না। যে টাকা চালা উঠিয়াছিল তাহার ধারা কোন্ গ্রামের দরিত্ব লোকের সাহায্য করা হইবাছে, এবং পাবনার সভার পর আর কোথাও টাদা সংগ্রহ করা হইবাছে কি না, এ সংবাদ আনরা কি শুনিতে পাইব না ? তোমরা এই কথাটা কইবা একটু আন্দোলন করিও। ইতি—

ি : ৬ই শ্রাবণ মঙ্গলবার, ১৩১৫ ।

(35)

সম্পাদক ভারা,

্রধনও যদি দেশের আপংকাল উপাস্থত বলিয়া মনে না কর, তাহা হইলে তোমাদের বৃদ্ধির প্রশংসা করিতে পারি না। তোমরা মনে কর আর না কর, আমরা কিন্তু স্পষ্টই দেখিতে পাইতেছি, দেশের ঘোরতর চূর্দ্ধিন উপস্থিত হইরাছে। সেইজ্বন্ত বৃদ্ধ আবার তোমাদিগকে সেই পুরাতন কথা বলিয়া বিরক্ত করিতে প্রবৃত্ত হইরাতে।

শানাদের সেকালের লোকের এক একটা প্রথা বছকাল ধরিরা বাবে চলিরা আসিত। সেই সকল প্রথা নানা সমরে নানা প্রকার আপদ বিপদের মধ্য দিরা একই ভাবে চলিরা আসিত বলিরা কেহ সহক্ষে তাহার পরিবর্ত্তন করিতে ইচ্ছা করিত না। দৃষ্টান্ত স্বরূপ পত্র লিখিবার পাঠের উল্লেখ করিতেছি। আমরা, এখন বৃদ্ধ হইলেও এক কালে বৃহক ছিলাম। চিরকালই আমরা এইরূপ লোলচর্ম্ম গলিতদশন স্থবির ছিলাম না; যৌবন কালে আমরাও প্রেমের মহিমার প্রাগল হইতাম, গৃহিণীকে প্রেমপত্র লিখিতাম, বিল্ভ কখনও পাঠ বদলাই নাই।

গৃহিণী পত্রের পাঠ লিখিতেন "শ্রীচরণ কমলের" আমরাও গৃহিণীকে লিখিতাম "পরম কল্যাণীরা"। ইহার অধিক আর কিছু নহে। কিন্তু এই যে এখন তোমরা নানা প্রকারের "নবরে নব নিতুই নব" পাঠ আবিষ্কার করিয়া প্রাণের উদ্ধাস প্রকাশ কর, ইহার পরিণাম কি হইতে পারে, তাহা ভাবিয়াছ কি ? এখন প্রণর পত্রে যে সকল পাঠ ব্যবহৃত হইতে দেখি, তাহা যে কিরূপ রাজবিবেধ-প্রচারক, কিরূপ রাজবিদ্রোহপূণ, তাহা কখনও চিস্তা করিয়াছ কি ? যদি না করিয়া থাক, তাহা হইলে এই সময়ে চিস্তা করিয়া দেখিবার মহা সুমোগ উপস্থিত হইয়াছে; এই সুযোগ নৃত্রন প্রণর-পাঠের প্রকৃত অর্থগুলি ভাল করিয়া অবধান করিও।

তোমরাই না দেদিন লিথিয়াছ যে, একটি রমণী তাঁহার পুত্রকে প্র লিথিয়াছিলেন "তোমার স্বস্তু আমি বড় ব্যস্ত আছি" এই কথার মধ্যে ফ্রন্দর্শী ম্যান্সিট্রেট রাজবিষেষের অঙ্কর আবিষ্কার করিয়াছেন। তবেই দেখ, ম্যান্সিট্রেট বাহাছর ষথন জননীর লিখিত পত্র পুত্রের বিরুদ্ধে উপস্থাপিত সিডিশনের মামলার প্রমাণ স্বরূপ ব্যবহার করিতে পারেন, তথন প্রেমপত্র গুলি যে শাটি সিডিশন হইবে, ইহাতে কোন সন্দেহ নাই। দৃষ্টাস্ক না দিলে বোধ হয় আমার বক্তব্য ভাল করিয়া বৃঝিতে পারিবে না।

স্থ কের

মনে কর, একটি নব-বিবাহিতা বালিকা তাহার পতিকে সংখাধন করিয়া পত্রে লিখিল "প্রাণেশ্বর।" আর সেই পত্র যদি কোন স্থোগে একজন ম্যাজিষ্ট্রেটের হস্তগত হয়, তাহা হইলে কি আর রক্ষা আছে? ম্যাজিষ্ট্রেট আইনের হক্ষ্ম অস্ত্রে এই "প্রাণেশ্বর" শব্দের বিশ্লেষণ করিবেন এবং স্থির করিবেন যে, লেখিকা রাজ্য বিদ্যোহিণী। কারণ, রাজ্য অথবা রাজপুরুষ অথবা রাজার সাক্ষাং প্রতিনিধি পুলিশ ভিয় অক্ত কেহ কোন লোকের ধন বা প্রাণেশর ইইতে পারেন না! পুলিশ যথন প্রজার ধন প্রাণের কর্তা, ভখন অক্ত কোন লোককে "প্রাণেশ্বর" বলিয়া সম্বোধন করা এবং দেশের রাজাকে অগ্রাহ্থ করিয়া অক্ত ব্যক্তিকে রাজা বলিয়া গ্রহণ করা কি একই কথা নহে? পুলিশ বর্তমান থাকিতে অক্ত কোন প্রকৃষ রাজবিধান অনুসারে কোন রমণীর "প্রাণেশ্বর" হইতে পারে না।

যদি "প্রাণেশবের" পরিবর্দ্ধে "প্রিরতম" শব্দ ব্যবহার করা যার, তাহা হইলেও বিপদ সামান্ত নহে। রাজা অব্বা রাজপুরুষগণকে "প্রিরতম" না বলিয়া অন্ত কোন পুরুষকে "প্রিরতম" বলিলে ত প্রেই রাজবিষের প্রকাশ পার। "প্রিরতম"ই বল আর "প্রাণেশব"ই বল, রাজা বা রাজপুরুষ ব্যতীত এই কথায় আর কাহারও দাবী থাকিতে পারে না। সিংহাসন এবং মুকুটে ধেরূপ একমান্ত রাজারই দাবী আছে, (ভা' সিংহাসন কার্চেরই হউক, আর স্বণ রোপ্য মণ্ডিতই হউক এবং মুকুটো ফুলেরই হউক বা মণিমাণিকা থচিতই

হউক) অন্ত কাহারও তাহাতে দাবী থাকিতে পাবে না, সেইরপ "প্রিয়তম" "প্রাণশ্বর" প্রভৃতি সম্মোধনেও রাজ্য অথবা রাজপুক্ষ ভিন্ন আর কাহারও দাবী থাকিতে পারে না। স্থরেজ্ঞ বাব্ মাথার কুলের মুকুট ধারণ করিয়াছিলেন বলিরা কিরূপ বিভ্রাট হইরাছিল মনে আছে ত * ?

আমাদের অক্ষরকুমার পাকা লোক ছিলেন; কারণ তিনি সেকালের কিনা, তাই চারপাঠে "তরুণবয়ন্ত ব্যক্তিদিগের প্রতি উপদেশ" লিখিরা সকলকে সাবধাণ করিয়া ছিলেন; তাঁহার সে উপদেশ তোমরা পড়িয়াছ কি ? তিনি লিখিয়াছিলেন, "পাপরূপ পিশাচ কখন কোন্ ছলিক্য তুর অবলম্বন করিয়া মনোমন্দিরে প্রবেশ করিবে, তাহা কে বলিতে পারে ?" দন্ত ভারার সে কালের উপদেশ এখন পালন কর, কোন বিপদ ঘটিবে না। সতত মনে রাখিও "গোয়েন্দারূপ পুলিশ কখন কোন্ ছলিক্য তুর অবলম্বন করিয়া তোমাকে হাজত মন্দিরে লইয়া যাইবে, তাহা কে বলিভে পারে ?" ভারা, যদি তোমাদের বাটীতে তোমার গৃহিণীর লেখা "প্রিরতম"

[া] ব্যবেশী আন্দোলনের সময় কলিকাতার বড়বাঞ্চারে একটা ব্যবেশ। সভার জীগুক স্বেল্ডনাথ বন্দ্যোপাধ্যার মহাশর সভাপতির আসন এক করেন। সভার উত্যোগীয়া স্বরেল বাব্র কঠে পুপামাল্য এবং মন্তকে একটি পুপা-মুকুট পরাইয়। দিরা তাহার সংবর্জনা ক্রেন। কোন কোন এংলো-ইভিয়ান সংবাদপত্র এই বাপের উপলক্ষে স্বরেল বাব্রেক "বিফোহী" "ব্টিশরাজের শুভিছন্দী" প্রভৃতি বলিরা গালি দিতে লক্ষা বোধ করেন নাই।

"প্রাণেশ্বর" প্রভৃতি সম্বোধনযুক্ত কোন শহানি থাকে, তাহা হইকে এই সময়ে তোহার যাহা হয় একটা ব্যবহা করিয়া রাখ। কারণ "গোয়েন্দারূপ পুলিশ" ইত্যাদি।

প্রজা বাহাতে বর্ষপথে থাকিরা শাস্ত্রসন্ত মাচার ব্যবহার পালন করে, রাজার দে দিকে দৃষ্টিপাত করা করির। আমাদের রাজারও করির কার্যের কথনও অবহেলা নাই: বেং না, পুনার তিলক রাজান সন্তান বলিরা পরিচর দেন অথচ শাস্ত্রসন্ত আচার ব্যবহার পালন করেন না। তাহার বর্যক্রম ৫০ বংসর হইল, কিন্তু এখন প্রয়ন্ত ভিনি "বনং রজেং" বিশ্বত হইলা সংবাদপত্র লইয়া আছেন। তিনি আত্মবিশ্বত হইতে পারেন, কিন্তু রাজা ত আত্মবিশ্বত নহেন, তাই ভিলকের বয়্যক্রম পঞ্চাশ বংসর অভিক্রম করিবার পর হইত্তেই (অনেকে বলেন পূর্ব্ব হইতেই) রাজপুরুষগণের দৃষ্টি তাহার উপর পড়িরাছিল। রাজপুরুষগণ বারবার ভিনবার, অর্থাং তিন বংসর অপেক্ষা করিয়া দেখিলেন যে, শ্রীমান ভিলক রানপ্রস্থ অব লম্বনের কোন আয়োজন করিলেন না, তখন অগত্যা তাহাদিগকেই সেই আয়োজন করিতে হ লৈ। থাটে স্থীমার আসিল, বিচারালয়ে বিচার হইল, জুরিয়া বলিলেন "গিল্টি" আর অমনি বিচারপতি তাহাকে "বনং রক্তেশ" করিতে বাধ্য করিলেন।

একটা কথা উঠিয়াছে যে,তিলক "গিস্টা" কি না ? আজ কাল-কারবাজারে কে যে গিল্টা আর কে ে খাঁটি তাহা স্তির করা বড় সহজ নহে। দেখ না, ভি: ক এতদিন দেশের লোকের নিকট কেমন গাঁটি সোণা হইরাছিলেন । কিন্তু তিনি যে শান্তের আদেশ অমান্ত করিয়া ফাঁকি দিরা এত দিন খাঁটি সাজিরাছিলেন, তাহা এইবার পেইই বুঝিতে পারা গেল। ফৌজদারি দণ্ডবিধির আগুনে তাঁহাকে নিক্ষেপ করিবামাত্র তিনি যে গিল্টা, ইহা সপ্রমাণ হইরা গেল। কেবল তিলক বলিয়া নহে, বাঙ্গালা দেশেও এইরূপ অনেক গিল্টা এখন খাঁটি সাজিয়া বেড়াইতেছেন, কিন্তু দেখিবে একবার ১২৪ ক ধারার আঁচ লাগিবামাত্র তাঁহারাও চটিনা ঘাইবেন, তখন বুঝিবে যে তাঁহারাও "গিল্টা": ১২৪ ক ধারার খাঁট হওয়া অর্থাং "নট গিল্টা" হওয়া যে লোকের কর্ম্ম নহে।

তোমার বরস এখন ও ৫০ হইতে করেক বংসর অবশিষ্ঠ আছে বলিয়া নিশ্চিম্ব প্রাকিও ন: । কারণ মখন "নরা গজা বিরে শর ছিল, তখন ছিল "পঞ্চাশেনিং বনং একেং"কিন্তু এখন,গজের মাহাই ইউক, নর ত ৬০ বংশরেও বড় ওঠে না, স্নতরাং সে অন্পাতে পঞ্চাশী পচিশ করিয়া ল'ওরাই বুক্তিসিদ্ধ। এ বুক্তি রাজপুরুষগণ অগ্রাহ্ন করিবেন না। তুই দিন অপেকা কর, দেখিবে, অনেক পাঁচিশ বংসরের বৃদ্ধকেও রাজপুরুষগণ বান প্রস্থ অবলম্বনে বাধ্য করিবেন। এই আলিপুরের বিচারেই দেখিবে,বৃদ্ধের বচন সভ্য কি না।

তিলকের জন্ত অনেকে গ্রংশ করিতেছেন, হৃংখের মাত্রা যেখানে অভিশন্ন প্রবল্প, সেখানে দাঙ্গা-হাঙ্গামা গোণিভপাত্তও হইতেছে। কিন্তু ব্রাহ্মণ সন্থান তিলক রাজাদেশে নির্বাগিত হইপোন, ইহাতে হংগ প্রকাশ করিবার কোন কারণ ত দেখি না। যদি
তাঁহার প্রতি কাহারও যথার্থ শ্রদ্ধা ও ভক্তি থাকে, তবে তিলক
পিনালকোর্ডের বহির্ভুত বে সকল মহং কার্য্যে হস্তক্ষেপ করিবা
সম্পূর্ণ করিতে পারেন নাই, তাঁহারা সেইগুলি সম্পূর্ণ করিবার চেই।
করুন। যদি তিনি ছর বংসর পরে ফিরিরা আসিয়া দেখেন যে,
তাঁহার আরব্ধ কার্যাগুলি অসম্পূর্ণ রহিরাছে, তিনি ষেরপ দেখিয়া
গিরাছিলেন, সেই রূপই আছে, কিছুমাত্র অগ্রসর হয় নাই, তাহ।
হইলে কি তিনি কুয় হইবেন না ? লোকে তাঁহার জন্ত মাথা
ফাটাফাটি করিরাছে শুনিলে কি ভিনি রুতার্থ হইবেন ? যাহার।
এইরূপে দালাহালামা করিরা তিলকের প্রতি অন্তর্বাগ প্রকাশ
করিতে ইচ্ছা করে, তাহারা তিলককে চিনিতে পারে নাই।
তাহারা সত্যসত্তই তিলককে গিল্টা ব্রিরা মনে করে। ইতি—
(২২ প্রারণ গোম্বার ১৩১৫।)

.

(sa)

সম্পাদক ভারা,

গতবাবে যথন তোমার পাঠকগণকে আমার বচনামৃত পান করাইবার জন্ত লেখনী ধারণ করিয়াছিলাম, তথন মনে করি নাই বে, আমার এলেখাটা ভূমি অবিকৃত ভাবে মুদ্রিত ও প্রকাশিত করিবে। মনে করিমাছিলাম যে, সম্পাদকীর প্রথার যদিও আমার লেখার "কার্য্য" কাটিরা "কর্ম্ম" না কর; তাহা হইলেও অস্ততঃ কুটনোটে একটা সম্পাদকীর মস্তব্য প্রকাশ করিবে। অথবা প্রাপ্ত পত্রাদির জন্ত সম্পাদক দারী নহেন" বলিরা একটা সাফাই গাহিরা রাখিবে। কিন্তু তুমি সে সকল কিছু কর নাই বলিরা বড় গোলবোগ হইমাছে!

ভূমি বীকার কর আর না কর, আমি শুনিরাছি বে, গতবারে আমার "বচন" গুলি প্রকাশ করিবার পর হইতেই তোমার অনেক পাঠক, কিংকর্ত্তরতা সম্বন্ধে তোমার নিকট পরামর্শ লইতে গাইতেছেন। অনেকে নাকি তোমাকে জিজ্ঞালা করিরাছেন যে "আমাদের রমণীরা যদি রাজপুরুষদিগকে 'প্রিয়তম' প্রাণেশ্বর' প্রভৃতি বলিয়া সম্বোধন করেন, তাহা হইলে আমরা (অর্থাং এমান প্রুষেরা) কি করিব ? আমরা কি—"ইত্যাদি। তোমরা হর তমনে করিবে যে, হাঁ, এ কথাটা একটা ভাবিবার মত কথা বটে! কিন্তু ভারা, ভাবিবার পূর্বেই গোড়ায় গলদ করিও না। আগে ভাবিরা দেখ দেখি, এদেশে এমান পুরুষ কয়জন আছে ?

মৃথে শাক্ষা গুদ্দ থাকিলেই পুরুষ হয় না, সভার দাঁড়াইরা গলা-বাজি করিতে পারিলেও পুরুষ হয় না, অথবা আফিষে গিয়া চাকরি করিতে পারিলেও পুরুষ হয় না। পুরুষের ভাব পৌরুষ, যাহার পৌরুষ নাই দে আবার পুরুষ কি ? যে ব্যক্তি পুরুষকারের উপর একান্ত নির্ভির করে, সেই ত পুরুষ। মনে আছে, মহাভারতে স্ত্তপুত্র কর্ণ কি বলিয়াছিলেন? তাঁহাকে "স্তপুত্র" বলিয়া গালি দেওয়া হইলে তিনি স্পর্কা করিয়া বলিয়াছিলেন "দেবায়তংকুলে জন্ম মমায়তত্ত পৌরুষম্ !" এই ত পুরুষ মাল্লমের কথা! কেবল Being given to understand বলিয়া দরখান্ত লিখিয়া চাকরি সংগ্রহ করিলে, কি পুরুষ হয় ? ফ্রান্সে একজন পুরুষ জনিয়াছিলেন—নেপোলিয়ান। যখন একজন স্বরুষ জনিয়াছিলেন—নেপোলিয়ান। যখন একজন স্বরুষ জনিয়াছিলেন করিতে আরম্ভ করিয়াছিলেন, তখন নেপোলিয়ান সগর্কে বলিয়াছিলেন, "পুর্ব্ব-পুরুষের পারচয় চাহি না; আমার পরিচয় ফণ্টনেটের মুদ্দের দিন হইতে আরম্ভ হইয়াছে।" নেপোলিয়ানের জীবনের ঐটাই প্রথম মুদ্ধ এবং সেই মুদ্ধে নেপোলিয়ান জয় লাভ করিয়াছিলেন।

এখন বৃদ্ধিলে যে, যাহারা দৈবের উপর সমস্ত কার্য্যের দাারিছ প্রদান করিয়া পিতৃপিতামহের নামে পরিচয় দেয়, তাহারা প্রক্ষ নহে বরং তাহাদিগকে কাপুরুষ বলাই সম্পত। শুনিতে পাই ইংলণ্ডের ভূতপূর্বে প্রধান মন্ত্রী মিঃ 'প্রাছটোন "মন্ত্র্যাম্ব" শব্দ ব্যবহার করিতেন না, তিনি "পৌরুষ" কথাটাই ব্যবহার করিতে ভাল বাসিতেন। "Humanity" অপেক্ষা "Manliness" শব্দটা তাঁহার প্রিয় ছিল। তিনি পরছঃথকাতরতাকে Manliness বলিতেন; দয়ামায়া, সরলতা, সাধুতা, সাহদ, বীর্য্য, বিনয়, নত্রতা প্রেভৃতি সম্প্রত্র সদস্ত্রণকেই এক কথার Manliness তাঁহার মতে পুক্ষের যে সকল গুণ থাকা উচিত, তাহার সমস্তই পৌরুষের অন্তর্গত। প্লাচটোন স্বরং পুরুষ ছিলেন কিংনা জ্বানি না, তবে তিনি পুরুষের লক্ষ্ণটা যে নথার্থ হানরঙ্গম করিরাছিলেন, তাহা আমি স্বীকার করি।

খামি ভারা এখন বঙ্গদেশকে রমণীরাজ্য বলিরাই মনে করি।
এদেশে পুরুষ কোথার ? তিন বংসর পূর্বে যে বাঙ্গালী বিলাতী
বন্ধ জ্বর করিবে না বলিরা প্রতিজ্ঞা করিরাছিল, সেই বাঙ্গালীর
দেশে এখনও অবাধে বিলাতী বন্ধ বিক্রীত হইতেছে, যে বাঙ্গালী
বিলাতী সিগারেট অম্পৃশু বোদে পরিত্যাগ করিরাছিল, সেই
বাঙ্গালীর দেশে এখন বিলাতী সিগারেটের শত সহস্র নোকান
থোলা রহিরাছে, ইহাই কি বাঙ্গালীর পুরুষত্বের লক্ষণ ? ধিক্
বাঙ্গালীর পুরুষত্বকে। বাঙ্গালী ধ্যান পুরুষ হইবে, তথন রাজপুরুষ
দিগকে তাহার। কি বলিরা সম্বোধন করিবে তাহা বলিরা দিব,
এখন নহে। আমি অন্ধিকারীকে উপদেশ প্রদান নির্থক বলিরা
মনে করি।

একটা কথা বহু প্রাতীন কাল হইতে শুনিরা আদিতেছি, "বীজ আগে না বৃক্ষ আগে ?" বৃক্ষ না হইলে ফল হয় না এবং ফল না হইলেও বীজ পাওরা যায় না, স্বতরাং বৃক্ষই আগে হইবাছিল, আবার অগ্রে বীজ না হইলে বৃক্ষের উৎপত্তিও অসম্ভব, স্বতরাং বীজাই অগ্রে। এই প্রশের কখনও মীমাংসা হয় নাই এবং ভবিষ্যতে

র্জের

হইবেও না। এখন আমি একটা প্রশ্ন জিজ্ঞাসা করি তাহার মীমাংসা কর দেখি। আজকাল সিভিশনের হুজুগে একটা কথা শুনিতে পাই 'Government established by law" একথাটা আনাদের রাজার দণ্ডবিধিতে আছে। এখন বল দেখি, গবর্গনেণ্ট আগে না আইন (রাজবিধান) জ্বগে? Government established by law না Law established by Government প্রথ কি গবর্গনেণ্ট হইরা পরে রাজবিধান প্রণীত ও প্রবর্ত্তিত হইরাছিল, না প্রথমে রাজবিধান প্রবর্তিত হইরা পরে দেই বিধান অনুসারে গবর্গমেণ্ট হইল ? বিধানের দারা মদি গবর্গমেণ্ট প্রতিষ্ঠিত হইরা থাকে, তাহা হইলে সেই বিধানের প্রণেতা কে ? ইহার একটা সত্তরর দাও দেখি ? ইতি

(২•শে শ্রাবণ মঙ্গলবার ১৩১৫)

(20)

সম্পাদক ভায়া,

তোমাদের পুলিশের জালায় কাগন্ধ পত্র পড়া ছাড়িয়। দিয়াছি। পুলিশের শাল পাগড়ি ওয়ালারা দিন নাই, রাত্রি নাই, সকাল নাই, সন্ধ্যা নাই, কেবল জিজ্ঞাসা করে "মশাই কি 'বুগাস্তর' পান ?" আছো,এ লোকগুলার কি আকেল বল ত! 'বুগাস্তর' কবে বন্ধ হইরা গিরাছে, যখন ছাপা হইত তখন তোমাদের সহরের নগদ বিক্রর মিটাইরা দিরা তবে হুই এক খণ্ড মফস্বলে আসিত আর ভোড়ারা তাহাই লইরা হৈ চৈ করিত। আমরা কদাচিৎ এক আদ গানি দেখিতে পাইতাম।

এখন তোমাদের মুখেই শুনি বে, মধ্যে মধ্যে নাকি 'ৰুগাস্তর' গেলালার মধ্যে আত্মগোপন করিয়া কোথাও কোথাও দেখা দেয়। তা ভারা, আমি কবুল জবাব দিতেছি, আমি কোন দিন দে লেলাফা পাই নাই। পাছে অন্ত কোন ধ্বরের কাগজের গ্রাহক বা পাঠক হইলে শেষে ৰুগাস্তরের লেফাফাও একদিন আসিয়া পড়ে, এই ভরে "সর্বং তাজতি পণ্ডিতঃ" এই ব্যবস্থার অনুসরণ /করিয়াছি। ভোমাদের কাগজ পড়িয়া কি শেষে জেলে যাইব ?

দে দিন একটা ছোকর। বলিতেছিল যে, বাঙ্গালা দেশে যত বড়মান্ত্বৰ আছেন, তাঁহারা সকলে নাম স্বাক্তর করিয়া দেশের দশন্তনের
নিকট এক অন্তরোধ :পত্র প্রকাশ করিয়াছেন। বাঁহারা পূর্বের
বাজভক্তির কর্লিয়ং লিখিয়া দিয়াছিলেন, তাঁহারাই এখন দেশের
দশন্তনকে উপদেশ দিতেছেন। তাঁহারা দেশের মধ্যে টাকায় বড়,
রাজ দরবারে তাঁহাদের যথেই খ্যাতি ও প্রতিপত্তি আছে, সকলেই
অন্তবিস্তর জমাজমী রাখেন, এ অবস্থার তাঁহাদের হুইটা কথা বলি-

বার অধিকার আছে বৈকি ? ছোকরা গুলা এমন বদ যে, ত্বাহার। এ কথা মানিতে চাতে না।

এই মাতব্যর ব্যক্তিগণ উপদেশ দিতেছেন যে, 'তোমরা খুব স্বদেশী কর, কিন্তু বয়কটটা ছাড়িয়া দাও। স্বদেশীর স্বস্তু ত কোন গোল হইতেছে না, উহার সহিত বয়কট সংযুক্ত হইলেই আর "অনেষ্ট স্বদেশী" থাকে না। শ্বেত ক্লয়েও এই যে কথান্তর মনো-মালিন্ত ক্রমেই বাড়িয়া উঠিতেছে, ব্যুক্টই উহার কারণ; অতএব স্থান ও স্ববোধ বালকের মত ঐ বয়কটটা ছাড়িয়া দাও"। এই গেল এক দফা উপ্দেশ দশ জনের উপর। তাহার পর বিতীয় দফায় ইহাঁরা সংবাদ পত্রের সম্পাদকদিগকে বলিতেছেন যে "তোমরা বাপু এখন একটু সূত্ৰ নর্ম কর। বুথা ∤চীংকার, রাগারাগি, গালাগালি করিয়া দেশটাকে গরম করিভেছ কেন ৪ ফল যে কি হয় তাহা ত দেখিতেছ। অতথ্য "গুডব্রের" মত এখন দশটা বাজে কং লেখ, চটাচটি করিও না।" শেষ দুফায় ইহাঁরা ছাত্রদিগকে উপদেশ প্রদান করিয়াছেন; তাঁহাদিগকে বলিয়াছেন "তোমরা বাপু এখন ও সব রাজনীতির মধ্যে যাও কেন ? এখন পড়াশুনা কর, পাশ কর, জলপানি আলায় কর, পদক লও। তাহার পর বখন দশ জনের এক জন হইবে, उधन দেশের কাজে. দশের কাজে হাত দিও।" বৃদ্ধ বলিতেছেন—তথাস্ত।

ভাষা, তুমি বলিতে পার, তোমাদের এই কলিকাতার বোমার মলা গুলি কবে শেষ হইবে ? এই ত দেখিতে দেখিতে তিন ৰ হইতে চলিল, কিছু একটা ব্যতীত আর কোন মোকলমারত ষ । দেখিতেছি না। হারিসনরোডের বোমার নামলা আর ডাইবার উপার থাকিলে হরত এীমান নটন বাবাজীবন তাহার ষ্টা দেখিতেন ; কিন্তু সে উপায় আর নাই। আলিপুরের মামল আরও কতকাল চলিবে, তাহা কেহই বলিতে পারিতেছে না। নান নটন, শ্রীমান আগুতোষ বিশাস এবং আরও ছই চারিজন ারিষ্টার ও উকিল বিলক্ষণ দশ টাকা পাইতেছেন। যে প্রকার গতিক খিতেছি, তাহাতে এই মামলায় সরকারের অর্থাৎ গরিব আমাদের ৈতিন লক্ষ টাকা "ন দেবায় ন ধর্মার" ব্যয় হইবে। এত গোলমালের s প্রয়েজন ছিল বাপু ? সেই বহু দিনের পুরাতন রেণ্ডলেশানটাকে একবার ঘষিরা মাজিয়া পরিষার করা হইয়াছে: দেশের দশজনও াহার অন্তিত্বের সংবাদ পাইয়াছে। সেইটাকে লাগাইরা দিলে াকরা গুলাও এতদিন হরিণবাড়ি ও আলিপুর করিত না. এমান টন প্রভৃতির **পূজা**র **জন্তও** দেশের এতগুলি টাকা উৎসর্গ করিবার রোজন হইত না; নরেক্র গোস্বামীরও দরকার পড়িত না, বুদ্ধের মুরোধ এই যে আলিপুরের প্রথম দলের ধাহা হইতেছে তাহা ভ ার নিবারণ করিবার উপার নাই, বর্ত্তমান বে বিতীর দল গঠিত ইয়াছে এবং ভবিষ্যতে তৃতীয় দলও গঠিত হইবার যে স্ক্রসংবাদ)মান নটন প্রদান করিয়াছেন, তাহাদিগের জ্ঞ একটা রাপরি ব্যবস্থা হইলে লোকগুলাও অত্নে অব্যাহতি পার,

হ্রজের

সরকারেরও টাকা বাচে, মি: বারণিও নিখাস ফেলিয়া বাচেন। ইতি

(২৮**শে** শ্রাবণ বুধবার ১৩১৫ ৷)

সম্পাদক ভারা,

আমি বে বৃদ্ধ হইরাছি তাহাতে আমিও আর কণামাত্র সলেহ করি না। তোমাদের নিকট ছই একটা বচন ঝাড়িবার অন্ত আমি বৃদ্ধ হইরাছিলাম বটে, কিন্তু মনে মনে একটু ধারণা ছিল বে, আমি বোধ হর এখনও বৃদ্ধ হইরাছে। এখন কিন্তু আমার সে ধারণা সম্পূর্ণরূপে বিল্পু হইরাছে। আলিপুরের স্পেশুল ম্যাজিট্রেট মিঃ বার্লির একটিমাত্র কথার আমি বৃদ্ধিতে পারিয়াছি বে, আমি বাস্ত-বিকই বৃদ্ধ হইরাছি। ব্যাপারটা খুলিয়া বলি।

গত বৃধ্বারে মি: বার্লি বোমার মানপার প্রথমদলভুক্ত আদামিদিগকে দাররা সোপদ করিরাছেন। তিনি তাঁহার রায়ে লিপিরাছেন
That you.....did wage war against the king.....
ভাগাং তোমরা রাজার বিক্তমে বুক করিরাছ বা সমরানল প্রজলিত
করিরাছ। এই বুক্টা কোপার হইরাছে তাহাও তিনি উরেপ
করিরাছেন। তিনি বলিয়াছেন ''at various places in
Bengal including 32Muraripukur road, Maniktolla."

অর্থাং মানিকতলার মুরারিপুকুর রোডের ৩২ নম্বরে এবং বঙ্গের নানাস্থানে। সমরের উরেখণ্ড যে তিনি না করিরাছেন, তাহা নহে। ১৯০৮ খুটান্দের ১৫ই মে তারিখের বৎসর খানেক পুর্বেষ্ধ। যাক, এখন দেশ ও কাল স্থির হইরা।গেল, পাত্রও পুর্বেষ্ধির হইরাছে। এক পক্ষে মহামহিমায়িত প্রবলপ্রতাপশালী ভারত স্ক্রাট সপ্তম এডওয়ার্ড, অপর পক্ষে আলোচ্য মোকদ্দমার অভিযুক্ত ৩০।৩২ জন আসামী। এত বড় একটা মহাযুদ্ধ হইরা গেল, আর আনি মাণিকতলার বালারের নিকট পাকিরাও ইহার কোন সংবাদ পাইলাম না; ইহা কি আমার বার্ধক্যের পরিচয় নহে ?

যথন সকল ৰুদ্ধ বিগ্ৰহের সংবাদই ইতিহাসে স্থান পার, কুর-ক্ষেত্রের যুদ্ধ হইতে তিব্বত অতিলান পর্য্যস্ত যথন কোন যুদ্ধই তীক্ষ-দৃষ্টি ঐতিহানিকের হস্ত অতিলাম করিতে পারে না, তথন মানিক-তলার এই মহাসমরও যে, ইতিহাসে স্থান পাইবে; তাহাতে কাহারও সন্দেহ নাই। কিন্তু ইতিহাসে স্থান পাইবে বলিয়াই আমার ভাবনা হইরাছে। যদি তোমাদের কল্যাণে আরও ১০১৫ বংসর পোস মেজাজে ও বহাল তবিরতে তোমাদের (এখন আর আমাদের বলিব না) এই পৃথিবীতে বিচরণ করি, তথন ছোট ছোট ছেলেরা আমাকে বোকা বনাইবে বলিয়া ভর হয়। তাহারা যথন বলিবে "রৃদ্ধ, তুমি বহুকাল মানিকতলার বাস করিয়াছ, আমর। ইতিহাসে "Battle of Maniktolla" পাঠ করিয়াছি, তুমি সেই

মহাসমর প্রত্যক্ষ করিয়াছ, আমাদিগকে সেই বুদ্ধের গল্ল বল।"
তথন আমি কি বলিব ? তথন কি আমি তাহাদিগকে বলিব যে,
সেই মহারুদ্ধের কামান নিচয়ের মহাগর্জন আমার কর্ণে প্রবেশ
করিতে পারে নাই, আগ্রেয়াল্ল মুখনিঃস্ত ধুময়াশি আমি দর্শন করি
নাই, এমন কি রুদ্ধের পর রণক্ষেত্রে একটা মৃতদেহ বা একবিন্দু
শোণিত পর্যান্ত দর্শন করি নাই ? তাহারা আমার এ কথার বিশ্বাস
করিবে কি ? তাহারা তখন হর আমাকে মিথ্যাবাদী বলিয়া মনে
করিবে, নতুবা মনে করিবে, বুদ্ধের পূর্বেই উভয় পক্ষের সৈঞ্চ
সমাবেশ, ব্যুহরচনা প্রভৃতি দেখিয়া কাপুরুদের ন্তায় আমি পলায়ন
করিয়াছিলাম ৷ কিন্তু ভায়া, দোহাই তোমাদের, আমি সত্য বলিতেছি, মাণিকতলার মুদ্ধের কোন আয়োজন বা চিহ্ন দেখি নাই,
এবংগত ১১ বৎসরের একদিন ও মাণিকতলা পরিত্যাগ করিয়া
কোথাও গমন করি নাই ৷ স্কভরাং এত বড় বুদ্ধটার কোন
সংবাদই যে আমি পাইলাম না, সেটা আমার বার্ধক্যবশতঃ
বলিতে হইবে।

ভাষা, বিণিন বাবু বিলাত যাত্র। করিয়া বুদ্ধিনানের কার্য্যই থেরিরাছেন। ইয়াহা জ্বল-মাহা অবধারিত, যাহা অনিবার্য্য, ভাহাকে সাগ্রহে। আলিঙ্গন করাই বুদ্ধিনানের কার্য্য। ভারতের চারিদিকেই ধেরূপ দ্বীপান্তরের ধুম পড়িয়াছে, ভাহাতে "কি জানি কথন কার সন্ধ্যা হয়।" আজ যিনি কলিকাভায় ।বচরণ করিতেছেন, কাল ভাঁছাকে যে বিচারকের আদেশে আঞ্জামানে গমন

করিতে হইবে না, ভাহা কে বলিতে পারে ? এই দীপান্তর বাসের সংক্রামকতার সময় বিপিন বাবুর আয়নির্বাসন তাঁহার বৃদ্ধিমন্তারই পরিচারক। তবে অনেকে বলিতে পারেন, বিচারকের আদেশে সাগর নাত্রা করিলে তাঁহাকে আর ষ্টিমার ভাড়াটা দিতে হইত না, রাজরোমে পতিত হইলে রাজকোষ হইতেই রাহা খরচের ব্যবস্থাটা হইত। কিন্তু বিপিন বাবু দেশের জন্তু যেরপে স্বার্থ ভ্যাগ করিয়াছেন তাহাতে বিপিন বাবুর কার্য্য দেখিয়া বিশ্বিত হইবার কোন কারণ নাই বোধ হয় তিনি মনে করিয়াছেন যে, রাজকোমে ঐ টাকাটা থাকিলে আর একজন স্বদেশভক্তের সমুদ্রধাত্রার ব্যবস্থা হইতে পারিবে।

ভারা, তোমরা যেরপ ব্যবহার করিতে আরম্ভ করিরাছ, তাহাতে দেখিতেছি আমাদের মত বৃদ্ধদের আর এখানে থাকা উচিত নহে, এখন সেই প্রাচীন "যঃ পলায়তি স জীবতি" নীতির অবলয়ন করাই শ্রেঃ। আমি বৃদ্ধ ব্যারিষ্টার নর্টনের কথা বলিতেছি। বৃদ্ধ উকিল তগাচরণ সান্যাল যেরপ শেষ বয়সে নৃতন করিরা পশার করিবার জন্ত দিনাজগুরে গমন করিরাছিলেন, আমাদের নটন সাহেবও সেইরপ শেষ বয়সে নৃতন পশার করিবার জন্ত কলিকাতার আসিরাজন। উকিল মোক্তার ব্যারিষ্টার প্রভৃতির স্বভাবই এই যে মকেলের নিকট প্রতিপত্তি বজার রাখিবার জন্ত প্রতিপক্ষদলকে মধ্যে মধ্যে হই একবার মৌধিক তার্ডনা করিয়া থাকেন। বৃদ্ধ নর্টনও সেজন্ত আলিপুরের স্থবক ব্যারিষ্টারদিগকে তৃই একবার মৌধিক তার্ডনা করিবেন। বৃদ্ধ হইয়া যদি কোন স্থবকে বলা যায় "আঃ আহালুক,

বোঝ না মিছে ছেলেমাস্থা কর কেন ?" অথবা "ছোঁড়াগুলার জালার আমানের আর কথা কহিবার বো নাই" তাহা হইলে দে কথাটা বিশেষ লোষের নহে। কিন্তু নটন তারা ঐ রূপ তুই একটা কথা বলিয়াছিলেন বলিয়া কি অবশেষে তাঁহাকে আদালতের মধ্যে এমনি করে অপ্রস্তুত করা কর্ত্তরা ? তোমরা ষাহাই বল না কেন তিনি যখন আদালতের মধ্যে দাঁড়াইয়া বলিলেন "I desire also to express my regret that in the heat of the moment I permitted myself to addres Mr. Chatterjee in a language which betrayed irritation." তথন বাস্তবিকই আমার বড় ছঃখ হইয়াছিল। ছি ছি বৃদ্ধকে এ রূপ করিয়া অপ্রস্তুত করাটা কি ভাল হইয়াছে ? ইতি—

(१ই ভাজ রবিবার ১৩১৫।)

(22)

সম্পাদক ভায়া,

সাবধান; মাক্রাঞ্চ প্রেদেশে সম্পাত্তকমেধ যজ্ঞ আরম্ভ হই-রাছে; বোম্বারেও তাহার বাতাদ লাগিরাছে। উজান বাহিরা বাঙ্গালা দেশে আসিতে আর কতক্ষণ! তাই বলিতেছি, সাবধান ভারা, সাবধান! কি লিখিলে যে রাজজের হর না, তাহা যথন একেবারেই জানিতে বা ব্রিতে পারা যাইতেহে না, তথন আমার বিবেচনার তোমাদের হয় সম্পাদকের ব্যবসার ত্যাগ করিয়া প্রলিশের গোরেন্দা হওয়া উচিত, আর না হয় একেবারে ক্ষিকার্য্য। একজভরের কোনটিতেই রাজরোধের ভর নাই।

ঘর গৃহস্থালী আছে, স্ত্রী-পুত্র পরিবার আছে, একটু বুঝিরা চলা । দিন সমর বড়ই মন্দ পড়িরাছে। এই দেখ না শ্রীমান বিপিনচক্র পাল বাবাজীবন কেমন বুজিমাম্ বালক। করে ওরারেণ্ট বাহির হইবে, করে কি গোলযোগ হইবে, আর অমনি জেল। কাজ কি বাপু ? দেশের কাজ কি আর বিদেশে, ইণ্ডিয়ান পিনাল কোভের সীমানার বাহিরে বিসিয়া করা যার না ? ভাই পাল বাবাজীবন ফ্রান্স, আমেরিকা, অস্ট্রেলিয়া প্রভৃতি দেশে ভারতের তঃখকাহিনী শুনাইতে গেলেন। ব্যবস্থাটা বেশ হইয়াছে। অভিসাবধান বৃদ্ধ বিশিতছেন;—

"বাহবা, বাহবা, ৰাহবা নন্দলাল ?"

দে দিন একথানি ইংরাজি থবরের কাগজে পাড়ভেছিলাম যে,

শীষ্ক হরিদাস হালদার নামক কালীঘাটের মা কালীর একজন
সেবায়েং সমস্ত সেবায়েতের পক্ষ হইরা ঘোষণা করিতেছেন যে, মা
কালীর মন্দিরের সীমার মধ্যে স্বদেশী সভা বা ঐ রকমের কিছু
ইইতে পারিবে না। এ সম্বন্ধে তোমানের নিকট আমার করেকটি

রুকের

কথা জিঞান্ত আছে। প্রথম কথা এই যে, প্রীমৃক্ত হরিদাস হালদার মহাশরটি কে? আমি মা কালীর সেবারেং এক হরিদাস হালদারকে জ্বানিতাম, তিনি "সন্ধ্যার" পুব একজন গোড়া ছিলেন, বদেশী সভার বক্তৃতা করিতেন, কালীঘাটের চরমদলের একজন নেতা ছিলেন। ইনি কি সেই হরিদাস ? তাহার পর আর এক হরিদাস হালারের কম্পা তোমাদের পত্রেই পড়িরাছিলাম। তাহার বাড়ী গানাতরাদী ইইরাছিল। এই হরিদাস কি তিনি ? গোমরা আমার এই সন্দেহটা ভল্পন করিও। পাড়াগারে থাকি, অনেক কথা জানিতে পারি মা, তাই অনেক সমর অনেক কথা জ্বাসা করিতে হর।

তোমাদের পূলিশের নাকি অন্ধকার দেখিরা ভিন্ন হর, তাই
তাহারা অন্ধকারে তোমাদিগকে সভা করিতে দিবে না। আমি
জিজ্ঞাসা করি, তাহাদের এত ভ্রের কারণটা কি ? ছই ছেলেগুলো
নাকি অন্ধকারে পূলিশের লালপাগড়ি লক্ষ্য করিয়া টিল ছুড়িয়া
থাকে । পূলিশ হয় ত ভাবিয়াছেন, আব্দ টিল ছুড়িল, কাল
হয়ত আঠার ইঞ্চি ছুড়িবে, তারধার প্রশ্রম পাইলে হয় ত একেবারে
জীবস্ত বোমা Live Bomb! আমি কিন্তু এ ভয়ের কোনই
কারণ দেখিনা। তোমাদের কলিকাতার ছেলেদের সহিত পূলিশের
একটা মধুর সম্পর্ক হইয়াছে: তাহারই জন্ম ছই একটা ছেলে
কেটু মধুর আলাপ—একটু পাড়াগেরে তামাসা করিয়া থাকে,
ইহা ত হাসিয়া উড়াইয়া দিতে হয়। ইহার জন্ম কি এমন একটা
কাণ্ড বাধাইতে হয় ? প্রলিশের সকল বিষ্কেই বাড়াবাড়ি।
লোকগুলা রহস্ত বোবের না। ইতি

(১৫ই ভাদ্র সোমবার ১৩১৫।

(29)

সম্পাদক ভারা,

বাতাস কোন্। দক হইতে বহিতে আরম্ভ হইয়াছে, তাহার প্রতি শক্ষ্য করিতেছ কি ? এবার এক নূতন ঘটনার আবিভাব ইইয়াছে। তুইজন কালা আদমির হাতে একজন কালা আদ্মি মারা গিয়াছে * ব্যাপার ত এই অতি সামান্ত, কিন্তু এই সামান্ত ব্যাপার লইরাই বে কলিকাতার এংশ্লো-ই।গুয়ান "ভারতবন্ধ" অর্থাং Statesman and Friend of India এবং প্রমানের পাইয়োনীয়ারের মধ্যে ভরজার লড়াই বাধিয়া উঠিল। সোভাগ্যের বিষয় এই যে, এই ছইখানি সংবাদপত্র এক নগর হইতে, এমন কি এক প্রদেশ হইতেও প্রকাশিত হয় না। হইলে আর এক দফা রক্তপাতের সম্ভাবনা ছিল। এখন এই ছইখানি সংবাদপত্রকে বাক্যব্যর করিয়াই নিরস্ত হইতে হইবে, কাছাকাছি থাকিলে বোদ হয় উভয়কেই গুলি বারদা ব্যবহার করিতে হইত।

কলিকাতার ইংলিশম্যান, ঠেট্সম্যান প্রভৃতি এংগ্রো-ইণ্ডিয়ান সংবাদপত্রসমূহ, নরেক্র গোস্বামীর হত্যাকারিবরকে কাপুরুষ, পিশাচ, পাপিষ্ঠ প্রভৃতি অভিধানে অভিহিত করিলেন। কিন্তু প্রয়াগের কর্ত্তার তাহা সন্থ হইল না, তিনি চটিয়া লাল হইলেন, বলিলেন 'বাপুহে, তোমরা যে হত্যাকারিবয়কে কাপুরুষ।বশ্বাদশ্যতক প্রভৃতি বলিতেছ, একবার কি ভাবিয়া দেখিয়াছ যে, তাহারা

^{*} অলিপুরের বড়বছের বে মামলা হইতেছিল সেই মামলার অন্যতম আসামী
জীরামপুরের নরেন্দ্রলাল গোস্বামী এপ্রুন্ডার বা সরকারী সাক্ষী হইয়া যে সকল
ব্যক্তির নাম করিয়াছিল, পুলিশ তাহাদের সকলকেই গ্রেপ্তার করিয়াছিল। এই
নরেন্দ্রনাথ কারাগারে অবস্থান কালে বড়-যন্তের মামলার অন্যতম আসামী কানাইলাল দত্তের হক্তে নিহত হয়। হত্যাপরাধে কানাইলালের ও তংহার সহকারী বলিয়।
সত্যেন্দ্রনাথ বস্তর প্রাণদেও হইয়াছিল।

কি কাপুরুষতার কার্য্য করিয়াছে ? কারাবাসের মধ্যে যাহার।
বলুকের গুলিতে নরহত্যা করিতে পারে; তাহারা কি কাপুরুষ ?
তাহারা ত জানিত ঘে,কারাগারের ভিতর কাহাকেও হত্যা করিলে
তাহাদের পলারনের কোন সন্তাবনা পাকিবে না, তাহাদিগকে হর
আমহত্যা করিতে হইবে, না হয় ত ফাঁসিকাঠে ঝুলিতে হইবে।
যাহার। আপনাদের মৃত্যু অবধারিত জানিয়াও নিজদলের একজন
বিশ্বাস্থাতককে হত্যা করিয়া অন্ত দশজনকে রক্ষা করিতে চেটা
করে, তাহারা কি কাপুরুষ ? ইত্যাদি ইত্যাদি। পাইওনীয়ার
এরপ আভাগও দিয়াছেন যে, কালে এই হইজন ব্বক বঙ্গদেশে
দেবতা বলিয়া পুজিত হইবে। প্রয়াগবাসী চারি বিশানার
পাইওনীয়ার এই কথাগুলি নিতান্ত নরম মুরে বলেন নাই।

পাইওনীয়াবের কথা শুনিয়া কলিকাভার এক আনার ষ্টেট্সম্যান একেবারে চটিয়া লাল হইয়াছেন। বাবাজীবন বলিয়াছেন
বে, "এই কথা যদি কোন কালা আদমীর কাগজে ছাপা হইত,
তাহা হইলে সেই কাগজের সম্পাদকের মাথা বাঁচান দার হইত—
তাহার অ্দৃষ্টে বড়ই শুরুতর রাজদণ্ড লাভ হইত, কারণ পাইওনীয়ার
বে সকল কথা বলিয়াছেন, তাহাতেও প্রভ্যুক্তাবে নরহত্যার
প্রশ্রের ও উৎসাহ প্রদান করা হইয়াছে। এখন ব্য়রুপ দেশ কাল
পড়িয়াছে তাহাতে কি এমন কথা মুপে আনিতে আছে ? আমাদের
ভারতবন্ধ্য ষ্টেট্সম্যান বলেন যে, নরেক্ত গোলামী যদি কোন
অন্তার কার্য্য করিয়া থাকে, তাহা হইলে গবর্গমেণ্ডও ক্রায়

করিয়াছেন। কারণ গবর্ণমেণ্ট ত সেই অন্তার কার্য্যে প্রশ্রম দিরাছেন। পাইওনীরার বে মুক্তি দেশাইরাছেন, সে মুক্তি আজ কলিকাতার এই সভ্যতালোকোন্তাসিত বিংশ শতাব্দীর কোন ভট্র-লোকের মুথে শোভা পার্মানা, অসভ্য বর্ষার সমাজে একাপ মুক্তি-পাটিতে পারে ইত্যাদি ইত্যাদি।

উভর পক্ষের সার মর্ম্ম ত এই, এখন আর একটা কৌতৃকের কথা বলি। সে দিন ক**লিকা**তার আপরাত্নিক এংশ্লো-ইণ্ডিয়ান সংবাদপত্র "এম্পায়ার" বলিরাছেন যে, নরেন্দ্র গোস্বামীর মৃত্যু সংবাদে বঙ্গদেশে আনন্দের স্রোত প্রবাহিত হইয়াছিল, গৃহে গৃহে শঙ্কাধ্বনি হইয়াছিল, হরির লুট হইয়াছিল, এমন কি অনেক বাঙ্গালীর গৃহ সন্ধ্যাকালে আলোকমালার সঞ্জিত হইয়াছিল। "এম্পায়ারের" খেতাঙ্গ সংবাদদাতারা বয়োর্দ্ধ বাঙ্গালী ভদ্রলোকের মূথে শুনিয়াছন যে, এই মৃত্যু সংবাদে তাহারা—অর্থাৎ বাঙ্গালীরা আদে ছঃখিত হয় নাই, কারণ বিশ্বস্বাভকের অন্ত্রপ দণ্ডই হইয়াছে। অর্থাৎ এক কথার বলিতে হইলে এম্পায়ারের মতে নরেন্দ্র গোস্বামীর মৃত্যুতে সমগ্র বাঙ্গালী ভাতি অতিশর হুই হইয়াছে।

কিন্তু ভারতবন্ধু ষ্টেট্সম্যান বলিতেছেন :—"Indian public opinion has condemned the crime with unbroken unanimity, and in terms which would shock the Allahabad moralist." অর্থাৎ ভারতের জনসাধারণ

একবাকো এই পাপ কার্য্যের প্রতি এমন স্পষ্ট ভাষার র্ণা প্রকাশ করিতেছে যে, তাহা উনিলে প্রস্থানের নীতিবাগীশ মহাশ্বকেও কর্নে অঙ্গলি প্রদান করিতে হর। এখন প্রশ্ন শূর্তই ষে, ষ্টেট্সম্যানের কথার মূল্য অধিক ল এম্পান্বাবের কথার মূল্য অধিক ল বিদ্যান্তর কথার মূল্য ক্রিয়া কথার মূল্য স্থির করিতে হর, তাহা হইকে এম্পান্থার ও ষ্টেট্সম্যানের কথার মূল্যের মধ্যে কিছুমাত্র ইতর বিশেষ করিতে পারা যার না, কারণ উভরেই এক আনা এবং মেহিসাবে পাইওনীরাবের কথার মূল্য ষ্টেট্স্ম্যানের কথার মূল্য স্বা

এখন এম্পারারের কথা সত্য না ষ্টেট্সম্যানের কথা সত্য দ উভয়েই যখন খেতাঙ্গ, তথন স্বীকার করিতেই হইবে উভয়েই সত্য বাদী, কেন না লর্ড কর্জন স্পষ্টই বলিয়াছে "সাদা চামজার মিথ্যার আঁচ সহিতে পারে না, মিথ্যাটী কালা আদ্মিদিগেরই নিম্ম্ম সম্পত্তি।" কিন্তু উভয়ের কথা যখন সম্পূর্ণ বিরোধী, তথন একবার ইহার ভিতর একটা কিছু গৃঢ় রহস্থ নিহিত আছে; এখন একবার সেই রহস্থ ভেদ করিবার চেষ্টা করা যাউক।

এম্পানার স্পষ্টই বলিয়াছেন যে, বাঙ্গালীরা আনন্দিত হইরাছে. এখানে আনন্দকারী যে কে, তাহার কোন সন্দেহ থাকিতে পারে না, কিন্তু বৃদ্ধিমান ষ্টেট্সম্যান এই খানে একটু চাপিল গিয়াছেন। তিনি "বাঙ্গালী" বা "ভারতবাদী" না বলিয়া বলিয়া

ছেন, "Indian public opinion" অর্থাং ভারতীয় জ্বন-সাধারণের অভিমত। এই "অভিমত" কাহাদের, যদি স্থির করিতে পারা যার, তাহা হইলে আর কোন গোলমোগই থাকে না।

পৃথিবীর সকল সভ্য ও উন্নত সমাজে, রাজ্যশাসন কার্য্য যে অভিমত অন্থলারে পরিচালিত হব, তাহাই জন-সাধারণের অভিমত বলিরা পরিচিত হইরা থাকে । ভারতবর্ষ পূর্বের যাহাই থাকুক না কেন, এখন যে উন্নত ও সভ্য, সে বিষয়ে কাহারও সন্দেহ থাকিতে পারে না। স্থতারাং এই ভারজবর্ষের শাসনপ্রণালী যাহাদের ইন্সিতে পরিচালিত হয়, তাহারাই জারতের জনসাধারণ। সহবাসস্মতি আইন হইতে আরম্ভ করিকা বঙ্গর্যছেল পর্যান্ত যাবতীর ব্যাপার যাহাদের অভিমত অন্থলারে সম্পন্ন হইতেছে, তাহারাই ভারতের জন-সাধারণ। তাহারা যে নরেক্ত গোস্বামীর হত্যাব্যাপারে অপ্রাব্য ভাষার এই পেশাচিক কাণ্ডের প্রতি ম্বলা প্রকাশ করিতেছে, তাহা ষ্টেইসম্যান ও জেলিনিউজের উল্ভি হইতে ইতঃপূর্বের প্রতিপন্ন হইরাছে। স্থতরাং ভায়া, এখন বোধ হয় বুঝিতে পারিয়াছ যে, এম্পানারের কথাও সত্য, আর স্টেইসম্যানের কথাও সত্য,

এখন আর একটি কথা বলিয়া নৃদ্ধ বিদার লইবে। পাইওনীয়ারকে নিরস্ত করিবার জ্ঞা ষ্টেট্সম্যান বিশেষ বিভাবতার পরিচর দিয়াছেন এবং পাইওনীয়ারের কথিত ছইজন গ্রীকের নাম উরেখ পূর্ব্বক পাইওনীয়ারের ঐতিহাসিক অজ্ঞতার প্রতি কটাক্ষ-পাত করিতে কাস্ত হন নাই। নিজের সর্ব্বজ্ঞতা সপ্রমাণ করিবার জন্ম প্রেটিসম্যান বলিয়াছেন:—

"As a matter of fact, no civilised Government declines the aid of approvers." অর্থাৎ কোন সভা গবর্ণমেণ্টই এঞ্ভারের সহায়তা গ্রহণ করিতে অসমত হন না। যখন নরেক্স গোস্বামী নিজের দলের শত্রু হইরা ঘরের কথা বাহিরে প্রকাশ করিয়া দেয়, ভাহার করেক দিন পরে ফরাসী চন্দননগরের একজন অভিজ্ঞ উকিলের সহিত আমার দাক্ষাৎ হয়। তিনি কণার কথায় বলিলেন, "নৱেন্দ্ৰ গোস্বামী কলিকাভাতে এঞ্জাৱ হইলেও চন্দননগরে নিষ্কৃতি পাইবে না। সেখানে মেন্তরের বাটীতে বোমা নিক্ষেপের অপরাধে তাহাকে দণ্ড পাইতে হইবে।" শুনিয়া আমি বলিলাম "সেথানে যদি নৱেন্দ্রনাথ এঞ্চভার হয় ?" ফরাসী উকিল বলিলেন "ফরাসী আইনে এঞ্জার হইবার ব্যবস্থা নাই, ফরাসী বিচারালরে আসামী দকল অবস্থাতেই আসামী। তাহাকে প্রলো-ভনে মুদ্ধ করিরা তাহার মুখ হইতে কোন কথা বাহির করিবার প্রথাকে ফরাসীরা ঘুণা করে।" यদি ফরাসী উকিলের কথা সভা व्य, जांदा ब्हेटन (क्षेट्रेन्यानिक्हे श्रीकांत्र कविएक ब्हेटन एम, ফরাদী গ্রণ্মেণ্ট civilised অর্থাং স্থসভা নহে। এখন বন্ধ দেখি ষ্টেট্সম্যানের সর্বজ্ঞতা অধিক, না পাইওনীয়ারের ইতিহাসের জ্ঞান অধিক ? ইতি

২২শে ভাদ্র সোমবার ১৩১৫।

(28)

সম্পাদক ভায়া,

লিখিব কি, কলম ধরিতে ভর হয়। মেদিনীপুরের ব্যাণার *
দেখিয়া হতরুদ্ধি হইয়া পড়িয়াছি। এতদিন মেদিনীপুরের
বিবরণ পাঠ করিতে করিতে এক একবার মনে হইত দে, এতগুলা
ভললোককে ধরিয়া পুলিশ যে, টামাটানি করিতেছে, এই টানাটানি
হইতে হয় ত তাহায়া নিয়ভি পাইরে। পুলিশ ষত লোককে ধরের,
তত লোক মরে না। এই দেখ না, অধিকানগরের রাজা রাইচরণ
ধবল দেবকে ধরিয়া পুলিশ বিলক্ষণ টানাটানি করিল, কিন্তু ধরিয়া
রাখিতে পারিল না। নরেক্র গোস্বামীর কথার উপর নির্ভর
করিয়া পুলিশ যে জাল পাতিয়াছিল, রাজা রাইচরণ সে জাল
ছিড়িয়া, ঘরের হেলে ঘরে ফিরিয়া গেলেন। পুলিশ যখন দেখিল

বে সময় কলিকাতাতে মাণিকতলার বড়বন্ধের কথা প্রকাশ . হইয়া পড়াতে বছ শিক্ষিত যুবক আলিপুরের আদালতে অভিযুক্ত হইয়াছিলেন, তাহার কিছু পরেই, অর্থাৎ আলিপুরের বোমার মামলা শেব হইবার পূর্বেই মে্দিনীপুরের পুলিণ তথাগ একটা যড়বন্ধে লিগু বলিয়া স্থানীর বহু সম্বাপ্ত বাজিকে, এমন কি :নাড়াজোলের রাজা নরেললাল খান বাহাত্ররকে পর্যাপ্ত গ্রেপ্তার করিয়া হাজতে নিক্ষেণ করে। পরে রাজা বাহাত্রর এবং অধিকাংশ আসামীই সম্পূর্ণ নিরপরাধ সপ্রমাণ হইয়া মৃক্তি লাভ করেন।

যে, হালে আর পানি পাওরা যার না, তথন মানে মানে রাজাকে ছাতিরা দিল।

কিন্তু মেদিনীপুরের কাণ্ডে আমার মৃণ্ণ ঘূরিয়া গিলাছে।
মাজিট্রেট স্বরং বলিরাছেন যে, পুলিশ যে বড়বস্ত্র আবিদার
করিরাছে, তাহা সভাসভাই বড়বস্ত্র, খেলাম্বের রড়বস্ত্র নহে। সভা
সভাই মেদিনীপুরের লোকে ভথার এক বিরাট ইঙ্গমেধ যজ্ঞ করিবার
আবোজন করিরাছিল। মেদিনীপুরের হেলে, পুরে, চিতি, বোড়া
পদান্ত সেই বজাগ্রিতে দগ্ধ হইত, স্বরং বাহ্নকি ওয়েইন সাহেব ও
পরিত্রাণ পাইতেন না। তাঁহাকেও মেদিনীপুরের ইঙ্গমেধ যজ্ঞে
আত্মান্তিনি আছিতি দিতে হইত। এই আবোজন সহসা হর নাই;
মাজিট্রেট সাহেব বলিরাছেন যে, গভ ডিমেরর মাসন্হইতেই পারিক্গণ যজ্ঞের অত্য কুশ সমিধ্ প্রভৃতি সংগ্রহ করিতেছিল। কিন্তু
বিধাতার লিপি কে খণ্ডন করিবে ? যাহারা ইঙ্গমেধ যজ্ঞের আরোড় জন করিতেছিল, তাহারাই এখন সেই যজ্ঞাগ্রিতে দগ্ধ হইতেছে।
মেদিনীপুরের বিপ্লববাদীরা ভন্মলোচনের মত সমরক্ষেত্রে অবভীগ্রহা অবশেষে নিজের দৃষ্টিতে নিজেরাই ভন্মীভূত হইতেছে।

মেদিনীপুরেই যে এই ইঙ্গমেণ যজ্ঞের আরোজন হইরাছিল, ভাহা স্বীকার করিতেই হইবে। কারণ স্বরং ম্যাজিট্রেট ভাহা স্বীকার করিরাছেন। স্থভরাং ভোমার আমার ভাহা অস্বীকার করিবার কোন কারণ নাই। যাহারা এই যজ্ঞের আয়োজন করিয়াছিল, তাহাদের প্রধান লক্ষ্যীভূত বলিয়া মিঃ ওরেষ্টন থোসমেন্সাব্দে ও বহাল-তবিয়তে এই কথা বলিয়াছেন। ইহাতেও যদি
তোমার অথবা তোমার পাঠকগণের মনে কোনরূপ সন্দেহের উদয়
হয়, তাহা হইলে সেই সন্দেহকে যে রাজ্যজোহ বলিয়া সপ্রমাণ
করা যাইতে পারে, এ কথা মনে রাখিও। রাজপ্রুষগণের বিশেষতঃ পুলিশের কথায় অবাধে বিশ্বাস স্থাপন করা রাজভক্তি প্রকাশের
অক্তম লক্ষণ।

সে দিন প্রয়াগের পাইওনীয়ার ভাষাও এই কথা বলিয়াছেন। পাইওনীয়ার সে দিন শ্রীমান কানাইলাল দত্ত ও সত্যেক্তনাথ বহুর কার্য্যের অন্তর্কুল সমালোচনা করিয়া একটা প্রবন্ধ প্রকাশ করিয়াছিল, আর তোমরা অমনি আকাশের চাঁদ পাইলে। মনে করিলে পাইওনীয়ার তোমাদের একজন শুভান্তধ্যায়ী মুক্রবনী। কিন্তু তাহার পর প্রয়াগী ভায়ার কাপ্ডটা দেখিলে ত ? বাঙ্গালীরা পুলিশের কথাকে অভ্রান্ত বেদবাক্য বলিয়া মনে করে না, সেইজগ্র পাইওনীয়ার চাটয়া লাল হইয়াছেন। পাইওনীয়ারের কথার ভারটা এইরূপ যে পুলিশ যথন কোন ব্যক্তির বিক্রছে ম্যাজিস্ট্রেটের নিকট কোন অভিযোগ উপস্থাপিত করে, তখন সকলেরই মনে করা কর্ত্তব্য যে, অভিযুক্ত ব্যক্তি বাস্তবিকই অপরাধী, তাহার পক্ষ সমর্থনের জক্র উকিল ব্যারিষ্টারগণ যে সকল কথা বলেন, তাহা সইর্ম্বর মিথ্যা, এবং এই কারণে প্রলিশের দ্বারা অভিযুক্ত হইয়া যদি কেহ আপনার নির্দোষ্টা সপ্রমাণ করিবার

ৰন্ত অগ্রাসর হয়, তাহা হইলে সেই খুইতা কিছুতেই ক্মাযোগ্য নহে। যে পাইওনীয়ার তোমাদের এরণ হিতাকাজ্ঞী, তোমরা মধ্যে মধ্যে তাহাকে গালি দাও, ইহা অপেকা অক্তজ্ঞতা আর কি হইতে পারে ?

এই নিরবলম্ব ঠাকুরের ওরফে ষতীক্র বাঁড়,য্যের কথাটা ভাবিয়া (नथ (निथ । श्रीम अथन आभारतत्र नित्रवमः ठीकृत्रक भानिक-তলায় বোমাবিভাটের একজন পাণ্ডা বলিয়া গ্রেপ্তার করিয়া বর্দ্ধমান হইতে কলিকাভায় রপ্তানি করিল, তখন নিশ্চয়ই সন্ন্যাসী ঠাকুরের বিরুদ্ধে ভাহার। যথেষ্ট প্রমাণ পাইয়াছিল। ভাহার। যে নরেক্র গোস্বামীর এক্সেহারের উপর নির্ভর করিয়া সন্ন্যাসী ঠাকুরকে গ্রেপ্তার করে নাই, এ কথা অবশ্র স্বীকার্য্য। কারণ মেদিনীপুরের বাস্থকি বলিয়াছেন যে. কোন আসামীর এজেহারের উপর নির্ভর করিয়া কাহাকেও গ্রেপ্তার কর্মা হইতেছে না, এমন কি যে সকল প্রমাণের উপর নির্ভর করিয়া ভদ্রসম্ভানদিগকে গ্রেপ্তার হইতেছে, তাহার তুলনায় এপ্রভাবের এপ্রেহারকে নগণ্য প্রমাণ বিলতে পারা যায়। স্কতরাং নিরবলম্ব ঠাকুরের বিক্লন্ধে যথেষ্ট প্রমাণ ছিল। কিন্তু সেই সকল অকাট্য প্রমাণ সত্ত্বেও কি সন্ন্যাসী ঠাকুরকে ছাড়িয়া দেওয়া ম্যা**জি**ষ্টেটের ভাল হ**ই**য়াছে ? ইহাতে যে ু লোকে পুলিশের উপর সন্দেহ করিবে; মেদিনীপুরের ভাগ্যবিধাতা ওয়েষ্টনের উক্তি বিফল হইবে, ইহা কি কেহ ভাবিয়াছ ?

এখন লোকে একটা প্রশ্ন জিজ্ঞাসা করিতে পারে যে, নির্বণস্থ গকুরের বেলা পুলিশ যেমন কোন অবলম্বন পাইলনা, সেইরূপ অন্ত তই চারিজন আসামীর বেলাও বে তাহারা নিরবলম্ব হইরা না পাছিবে, তাহা কে বলিতে পারে ? ধর, এই রান্ধা রাইচরণ। এইরপ হই একজন আসামী সম্ভবতঃ পুলিশের জাল ছিড়িবে। এখন প্রশ্ন হইতেছে যে, জীমং নিরবলম্ব স্বামী না হয় স্ক্রাসী হাঁহার পক্ষে অট্টালিকা ও কারাগার, রাজধানী ও মহারণ্য দকলট সমান। তাঁহার পক্ষে না হয় রাজভোগ ও কারাগারের কদর এক হইতে পারে: কিন্তু পরে যে সকল আসামী নির্দ্ধেষ বলিয়া প্রতি পন্ন হইবে তাহাদিগকে এখন হইকে কারাযন্ত্রণা ভোগ করিবার জন্ত বাধ্য করা হইতেছে কোনু যুক্তি অনুসারে ? এই চারুচক্রের 🕆 কথাই ধর না কেন; বেচারা ম্যাজিট্রেটকে বলিল যে, কারাগারে তাহাকে একটা সঙ্কীৰ্ণ কক্ষে একাকী থাকিতে আরু যংপ্রোনাস্তি কদ্যা খাষ্ঠ গ্রহণে বাণ্য করা হইরাছে। যদি পরে চারুচকু নিরপরাণ বলিয়া অব্যাহতি লাভ করে, তাহা হইলে কোন্ অপ্রাধে দে বেচারাকে এই তিন চারি মাস নির্জ্জন কারাবাস দভে দণ্ডিত করা হইল, কর্ত্তপক তাহার কোন স্বক্তিয়ক্ত সরল উত্তর দিতে পারেন ? আমাদের স্বাব্।দ্ধতে আমরাত এইরপ বুঝি যে. মতক্ষণ কোন বিচারক কোন অভিৰুক্ত ব্যক্তিকে অপরাধী না বলিতেছেন, ততক্ষণ পর্যান্ত সেই ব্যক্তিকৈ নিরপরাধ বলিয়া মনে

[†] চন্দ্দনগর ডুপ্লেক্স কলেজের সহকারী অধ্যক্ষ শ্রীযুক্ত চারুচল রায় বোমার মামলার একজন আসামী ছিলেন, কিন্তু পরে তিনি নিরপর্থে বলিয়া সসম্মানে অবাহিতি লাভ করেন।

মনে করা মহব্যমাত্রেরই কর্ত্তরে। শুনিতে পাই, আমাদের রাজার আইনেও নাকি এই কথা বলে। তবে তোমরা বলিতে পার বে, আইনের কথা ও আইনের মর্য্যাদারক্ষাকারী রাজপুরুষগণের কথা যে এক হইতেই হইবে, এরপ কিছু লেখাপড়া নাই। যদি "ওয়েন্টন পাইওনীয়ার এও কোম্পানীর" কথা শিরোধার্য্য কর, তবে দকল গোলযোগই মিটিয়া যায়—কেন না, একের মতে পুলিশ বিনাপ্রমাণে কাহাকেও গ্রেপ্তার করে না এবং অপরের মতে পূলিশের কথার অবিশ্বাদ করা মহাপাপ! স্কতরাং পুলিশ যখন কাহাকেও অপরাধী বলিয়া গ্রেপ্তার করে, তখন দে নিশ্চয়ই অপরাধী এবং যখন দে অপরাধী, তখন ভাহার দণ্ডভোগ করা কর্ত্তরে। প্রথমে ত এই ব্যবস্থাই চলুক—বিচারের কথা পরে হতবে। ইতি—

ত**ংশে ভাদ্র** বুধবার ১৩**১৫**।



দম্পাদক ভারা.

বুন্ধের বচনে দেখিতেছি কোন কাজই হইতেছে না, বচনগুলি নিতাস্তই বাজে ধরচ হইয়া যাইতেছে।

হুদ্ধের

তোমবা বদি সকলে বৃদ্ধের বচন শুনিতে এবং সেই মত কাঙ্গ করিতে, তাহা হইলে কি চারিদিকে এই সকল গোলমাল বাধিয়া উঠে, না তোমাদিগকে প্রতিদিন অশান্তির সংবাদ প্রদান করিতে হয় ? আমি বৃড়ামান্ত্র বলিয়া তোমরা আমার কথায় কর্ণপাত করিলে না, এখন দেখ দেখি, অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, দাধিড়, পাঞ্চাল, সৌরাষ্ট্র প্রভৃতি সকল স্থানেই গোল বাধিয়া উঠিল।

ভোমাদের ভারা সকলই ভাড়াভাড়ি, সকলই বাড়াবাড়ি; ভোমরা ধীর স্থির ভাবে কিছুই করিতে পার না। ভোমাদের হয়ত মনে হয়, এক রাত্রিতেই ভারতবর্ষ স্বাধীন হইতে পারে; নিজাভলের পরই ভোমরা দেখিছে চাও যে, ভোমাদের 'স্বরাজ' লাভ হইরাছে। দেশের উরাজি কি এক দিনের কাজ, না এক বংসরের কাজ ?

তোমরা এক চোটে, একেবারে সকল বিষরে হাত দিয়া বসিরাছ; তোমরা দেশের শিল্প-বাণিজ্যের উন্নতি করিবার জন্ত স্বদেশী ও বয়কট করিলে, ভাল কথা। খাঁটি (honest) স্বদেশীই হও, আর মেকি স্বদেশীই হও, ঐ স্বদেশীটাই প্রাণপণে ধরিরা থাক; যত দিন দেশের শিল্পের শ্রীরৃদ্ধি না হর, যত দিন বস্তের জন্ত, কাহারও মুখের দিকে চাহিতে না হয়, ততদিন অনন্তমনা, অনন্তকশ্বা হইয়া 'স্বদেশীর' সেবা কর। কিন্ত—ভোমাদের ভাহা সহিল না. ভোমারা যে এক দমেই ভারত উদ্ধার করিতে চাও।

ভাহার ফলে এক দল গেল কংগ্রেস ভাঙ্গিতে, এক দল গেল বোমা গড়িতে, এক দল গেল মামুষ খুন করিতে, এক দল গেল 'স্বরাজ' লাভ করিতে; তাহার ফল এই হইল যে, এখন তোমাদের প্রির সদেনী প্রয়স্ত ভরের কারণ হইরা দাঁড়াইরাছে।

'তোমারা' বলিয়া কথা বলিভেছি, ইহাতে রাগ করিও না। আমি জানি, 'হিতবাদীর' তোমরা "বদেশী" ব্যতীত আর কিছু প্রচার কর নাই। তোমাদের "হিতবাদীই" বলিয়াছেন মে, দেশের চর্গতি দূর করিবার জন্ত, দেশের কল্যাণের জন্ত, একমাত্র 'বদেশী"-কেই আমরা অবলম্বন করিয়াছি। কিন্তু "তোমরা" এক দল বলিলে কি হয়, চারিদিকে যে নানা দল, নানা ম্নির নানা মত। এই নানা মতের ফেরে পড়িয়া এখন কি হইতেছে দেখিতেছ! যাক সে কথা, গতন্ত শোচনা নাস্থি। এখন আমি বলি কি, তোমরা অন্ত কার্য্য ত্যাগ করিয়া কেবল "বদেশী"কেই ম্জির অন্ত্র বলিয়া চাপিয়া ধর, অন্ত কোন গগুগোলের মধ্যে যাইও না। তাহাতে এখন ফল হইবে না, হইতে পারে না। যাহাতে দেশের নই শিল্পের প্রক্রমার হয়, যাহাতে দেশের তংখী দরিদ্র ছই বেলা পেট ভরিয়া অন্ন পায়, যাহাতে দেশের লক্ষীশ্রী ফিরিয়া আসে, ভাহারই চেষ্টা কর।

এখন তোমাকে ছই চারিটি সংবাদ ব্লিজ্ঞাসা করি। মধ্যে এক দিন সংবাদপত্তে বিজ্ঞাপন পাঠ করিলাম যে, নৃতন "ব্লাভীয় ধনভাঙারের" অধ্যক্ষ মহাশ্রেরা একটা সভা করিয়া ভাঁহাদের নিকট গচ্ছিত টাকাগুলির কি করিতে হইরে, তাহার ব্যবস্থা করিবেন। বাধ হয়, তাহার পর সভা হইয়াছিল; কিন্তু তোমরা দে সম্বন্ধে একটি কথাও বল নাই। তোমরা যে জ্ঞান না—তাহা কেমন করিয়া বলিব ? বােধ হয় জ্ঞানিয়া শুনিয়াও সে সংবাদটা দাও নাই। এ কালটা কি ভাল হইয়াছে? য়থন এ চাঁদা আদায় করা হয়, তথন ভায়া, তোমরাও ত কম চিৎকার কর নাই, তথন ভিক্ষাপাত্র হস্তে তোমরাও বাবে বাবে ব্রিয়া বেড়াইয়াছ। এখন সেই ভিক্ষালের অর্থের কি সম্বর্থহার ইতৈছে, এবং ভবিষ্তেই বা কি হইবে, তাহার কথা বলিতে চাহ না কেন? আমি বুড়া মায়্ম এ কথাটা অনেকবার তোমাদিরকে বলিয়াছি, এ সম্বন্ধে উপদেশ প্রদান করিতেও ছাড়ি নাই। কিন্তু তোমরা বড়মান্ন্র্য, তাই বৃক্ষি আমাদের কথার যে কিছু সার জ্ঞাছে তাহা তোমরা মনে করিতেই পার না।

রাজনীতির কথা এবারে থাকুক। একটু সাহিত্য চর্চা করা সাক। দেখ, বিগত বংসরে যখন কাশীমবাজারের মহারাজ প্রীযুক্ত মণীক্রচক্র নন্দী বাহাঁছরের যত্নে, চেষ্টার ও অর্থব্যরে তাঁহার রাজ-ধানীতে "সাহিত্য-সন্মিলনের" অধিবেশন হয়, সে সময় সংবাদ-পত্রে পাঠ করিলাম যে, আগামী বংসরের "সাহিত্য-সন্মিলন" রাজসাহ।তে হইবে, নাটোরের প্রীযুক্ত মহারাজ বাহাছর সকলকে নিমন্ত্রণ করিয়াছিলেন। তোমাদের সে প্রাগামী বংসর" যে

"বিগত" বংসরে পরিণত হইবার যোগাড় হইল, কিছ "সাহিত্য-সম্মিলনের"ত কোম কথাই শুনিতে পাই না। রাজসাহী জেলাতে নাকি থুব নামওয়ালা সাহিত্যরথী সকল আছেন, তাহার উপর স্বয়ং নাটোরের মহারাজ নিমন্ত্রণকারী, তবুও কথাটা চাপা পড়িয়া যাইতেছে কেন ? একজন বন্ধু বলিতেছিলেন যে, লাট হেয়ারের রাজ্যে নাকি আঠার মানে বংসর! তাহা হইলে এখনও মেয়াদ কুরায় নাই।

g

তোমরা যদি রাগ না কর, তাহা হইলে আর একটা রহস্তের কথা বলি। গত পূর্ণিমা উপলক্ষে কলিকাতার গঙ্গায়ান করিছে গিরাছিলাম। সেই সময় একজন সাহিত্য সেবকের গৃহে অতিথি হইরাছিলাম। গঙ্গায়ান, মা কালীদর্শন প্রভৃতি শেষ হইলে অপরাষ্ট্রকালে সাহিত্য-সেবক মহাশয় বলিলেন যে, দে দিন তাহা-দের "পূর্ণিমামিলন"। আমাকে তাঁহার সঙ্গী হইবার জন্ত অমুরোধ করিলেন। আমরা পাড়াগেঁয়ে মারুষ, সহরের নিমন্থ আমন্ত্রণের বড় ধার ধারি না। যেখানে ভাল কাজ হইতেছে, সেখানে বিনা নিমন্ত্রণেও গমন করিতে বিধা বোধ হয় না। বিশেষতঃ এটা ত কলিকাতাবাসী ও প্রবাসা সাহিত্য সেবকগণের পবিত্র সন্ধিলন; এখানে গমন করিয়া ছইটা সাহিত্যের কথা, ছইটা জ্ঞানের কথা, শুনিবার প্রব্যান্তন সংবরণ কর। আমার মত পরীগ্রামবাসীর পক্ষে একেবারেই অসম্ভব। তাই তোমাদের পূর্ণিমা-সন্মিলনে গমন করিয়াছিলাম। কিন্ত প্রার দেড় ঘণ্টা অবস্থান করিয়াও ব্র্বিতে পারিলাম না যে,

সোহাঁ সাহিত্য-সন্মিলন, না, নাচ গানের মন্দলিস্। বড় বড় সাহিত্যরথী মহাশরগণ তাঁহাদেরই মত উচ্চ দরের লোকের সহিত হাল্য পরিহাল করিতেছেন, বান্দে গল্প করিবেতছেন, ছোট ছোট নবীন সেবকগণ এক পার্শ্বে চুপ করিরা বিদিরা আহেন। একগুলি সাহিত্য-সেবক একত্র মিলিভ হইরা যে এমন ভাবে সমর নই করিতে পারেন, সে বিশ্বাস আহার ছিল না। মাসের মধ্যে একদিন এই পবিত্র সন্মিলন; এ সমর যদি পরস্পর আলাপ পরিচর, সাহিত্য সম্বন্ধে নৃতন কথা, পরাতন কথার আলোচনা প্রভৃতি হর, তাহ হইলেই শোভন হয়। কিন্তু ক্রেটিকে ত কাহারও আগ্রহ দেখিলাম না। মনে হইল, বাহির ইইতেই তোমরা বেশ, সংবাদপত্র তোমাদের সভাসমিতির কার্য্যক্রিবণ পাঠ করাই ভাল। সে দিন বড়ই নিরাশ হইরাছিলাম, তাই কথাটা তোমাদের মার্ফৎ সাহিত্যদরবারে পেশ করিলাম। ইঙি—

৫**ই আশ্বিন সোমবার ১**৩১৫।

(20)

সম্পাদক ভাষা,

৮পূজা আসিরাছে বলিয়া গুনিতেছি। কিন্তু পূজার ত কিছুই দেখিতে পাইতেছি না। আমরাই না হয় বুড়া হইয়াছি, আমাদেরই না হয় আমোদ, আনন্দ ফুরাইয়াছে, আমরাই না হয় ভবপারের তরণার স্বস্ত থেয়াঘাটে বসিয়া আছি; কিন্তু মা ষষ্ঠীর রুপার দেশে ত ছেলেপিলেও অনেক দেখি। ভারাও কি বুড়া হইয়াছে?

ভারা, দে দিন আর নাই। সে প্রাণভরা আনন্দ নাই, সে গাগভরা হাসি নাই, সে দেশভরা প্রীতি নাই। কেন নাই ? ভূমি বলিবে, দে গোলাভরা ধান নাই, সে পুকুরভরা মাছ নাই, সে গোরাণভর। গাভী নাই; হাসির ফোরারা তাই শুকাইরা গিরাছে, আনন্দের বাশার তাই ভাঙ্গিরা গিরাছে, পূজার আমোদ ভাই অন্তর্হিত হইরাছে।

কেন এমন হইল ? "হজ্জলা, হুফলা শশুশ্তামলা" বঙ্গভূমি: এমন হইল কেন ? কাহার দোবে এ সকল চলিয়া গেল ? দে দিন এক জন অকাল-বৃদ্ধ বলিভেছিলেন, দোষ অদৃষ্টের । ব্যুদ্, উহার উপর আর কথা নাই । হাতের কাছে অদৃষ্ট বেচারি আছে, যত বোঝা তাহার স্কন্ধে চাপাইয়া বেশ স্বচ্ছলে নিজা ঘাইবার হ্ববিধা। "অদৃষ্টে নাই আমি কি করিব ?" এমন হুলার কথা আর নাই। "অদৃষ্ট হুপ্রসাল হউক আবার সব ফিরিয়া আসিবে।" তবে আর কি, অদৃষ্টের দিকে হাঁ করিয়া চাহিয়া নিশ্চেষ্ট জড়জীবন যাপন কর, আর উচ্ছর যাও।

দেখ ভারা **অদৃষ্টবাদের দিন ফুরাইয়াছে। অমন স্কড়ভরতের** মত ব্দিরা থাকি**লে চলিবে না, এ কথা কেহ কেহ বুঝিয়াছে,** ভাই একটা সাড়া পাওরা যাইতেছে। তোমরা গোল করিও না।
চারিদিকে একটু চাহিরা দেখ, বালালীর হৃদরে আর একটা
শক্তি লাগিতে আরম্ভ করিরাছে। এ শক্তিতে অবহেলা করিও
না—এ প্রক্লারকে তৃচ্ছ করিও না, ইহাকে মারিয়া ফেলিবার
ক্ষান্ত চেষ্টা করিও না। বৃড়ার কথা শোন, তোমরা ঐ অদৃষ্ট
নামক অপদেবতার উপর সম্পূর্ণ নির্ভর করিয়াই ধনধান্ত হ্রখসম্পদ সমস্ত হারাইয়াছ। এখন যদি একটু শুভ দিনের আগমনবার্তা পাইয়াছ, ভাহার সংবর্জনা কর। ছই চার বংসর পরে
দেখিবে, গোলার ধান আসিয়্বর, গোয়ালে গাই আসিবে,
পুকুরে মাছ আসিবে।

একটা কথা জানিয়া রাখ, এখন পূজা হয় না, এখন মা অন্ন
পূর্ণা পূজা গ্রহণ করিবার জন্ত বাঙ্গালা। দেশে আগমন করেন না।
এখন যা দেখ ও কিছুই নহে। পূজার আরোজন কেহ করে না,
মাকে ভক্তি ভাবে কেহ ডাকে না, শুধু বংসরাস্তে একটা রুণা
আড়েম্বর করে, একটা তামাসা করে। বাঙ্গালাদেশে তর্গোংসব
আনেকদিন বন্ধ হইয়া গিয়াছে, আনেক দিন মা এ দেশে
আসেন নাই। ভোমরা শুধু রুণা একটা ব্যাপার কর। জিজ্ঞাসা
করি, দেশে এই যে ত্রিশকোটা বাঙ্গালী আছে, ইহার মধ্যে
কয় জন মায়ের পূজার জন্ত আয়োজন করিয়াছে? কয় জন
শক্তিলাভের জন্ত সাধনা করিয়াছে? সাধনা করিবে না, পূজার

আরোজন করিবে না, মহাশক্তির আবাহন করিবার জন্ত যোগ্যতা লাভের চেষ্টা করিবে না, মা আসিবেন কেন ?

"धनः पिट विष्ठाः पिटि" विलिट धन चारम ना, विकालाङ হয় না। সাধনা করিতে হয়। বল দেখি সাধনা করিয়াছ কি ? ধনলাভের জন্ম, বিস্থালাভের জন্ম, প্রকৃত সাধনা করিয়াছ কি ? प्रताब कर्गिकनारमञ्ज क्क तिक्षेत्र कतिकाह । कि ? गांहाता तिके। করিয়াছে, তাহাদের কামনা সফল হইয়াছে। তিন বৎসরের অধিককাল 'বন্দে মাতরম' বলিয়া প্রতিজ্ঞাপাশে বন্ধ হইয়াছ, বল দেখি ধনাগমের জন্ত, দেশের হুর্গতিনাশের জন্ত, হৃংথ দারিদ্রা লাঘবের জন্ম কভটুকু চেষ্টা করিয়াছ ? বিদেশী বস্ত্র পরিধান করিব না বলিয়া প্রতিজ্ঞা করিরাছ, কিন্তু দেশী বস্ত্র সংগ্রহের জন্ম কি করিয়াছ। ঐ এক গঙ্গাতীরে "বঙ্গলন্ধী-কটনমিল" ব্যতীত ভোমরা আর কি করিয়াছ ? দেশের জনসাধারণ যে দরিন্তা, তাহা জানি, কিন্তু ধনকুবেররা ত আছেন, কোম্পানীর কাগজ ত অনেকের ঘরে আছে: কৈ ? জেলার জেলার এক একটা কাপড়ের কল স্থাপনের জন্ম সুলোদর ধনীর লৌহ সিন্দুকের ধার ত উদ্যাটিত হইল না ? এখনও-ত দেখি কাগজের ভাড়া লইয়া অনেকেই বেঙ্গল ব্যাক্ষে ষাইয়া থাকেন। ইহার নাম সাধনা নহে, ইহাতে সিদ্ধিলাভ হয় না। ইহাতে শাক্তর উপীসনা হয় না।

ভাষা, একটা ব্যাপার দেখিরা বড়ই মন্ত্রাহত হইতেছি। স্বদেশী দ্রব্য ব্যবহার করিতে হইবে বলিয়া আমরা প্রতিজ্ঞা করিয়াছি. ভাষা প্রতিপালন করিবার জন্ম অনেকেরই আগ্রহ আছে। কিন্তু यरानी स्वा रेक १ कनिकाठात वासारत राषि, ७४ यरानी मार्यान, यरमनी अरमन, आद यरमनी भक्करेजन, यरमनी विनाम দ্রব্যেরই ছডাছড়ি: কিন্তু জ্বিজ্ঞাসা করে, থাঁহারা হাজার হাজার होका शत्रह कतिया **वह यरानी मार्यान. यरा**नी वरान यरानी দিগারেট,স্বদেশী মাথামুঙের কারথানা স্থাপনকরিয়া আপনার। ভারি সদেশী বলিয়া আনন্দে উৎফুল্ল হইজেছন, তাঁহার। কি ঐ টাকার বারা দেশী চিনির কারখানা করিতে প্রারিতেন না ৪ দেশী কাপডের কল করিতে পারিতেন না ৮ কেনী লবণের ব্যবসায় আরম্ভ করিতে পারিতেন না ? ।বিলাস দ্রুবোর কি এতই প্রাঞ্জন হইরাছে ? আট টাকা মণ চাউলের বাজারে এত সাবান, এসেন্স, গন্ধতৈলের ব্যবস্থা কেন ? জিজ্ঞাসা করি কয় জন গর-আবাদি জমিতে গানের চাষের ব্যবস্থা করিয়াছেন, কয় জন ইক্ষুর চাষ করিয়াছেন, করজন তুলার চাষের আয়োজন করিয়াছেন ? তোমাদের খবরের কাগজের বিজ্ঞাপনগুলি একবার পড়িয়া দেখিও; দেখিবে, শুধু বিলাস দ্রব্যের বিজ্ঞাপন, আর তাহার সহচর পাতৃদৌর্বল্যের ঔষপের বিজ্ঞাপন। ছিঃ। ইতি-

১৩ই আশ্বিন মঙ্গলবার ১৩১৫।

(29)

সম্পাদক ভারা.

বন্ধের তবিশ্বরার আলিঙ্গন ও আশীর্ম্বাদ গ্রহণ কর। আশীর্ম্বাদ করি ভোমাদের ধর্ম্মে মতি হউক।

ভারা, এবার পূজাটা যে কোন্দিক দিরা গেল, ভাহা ব্রিভে পারিলাম না। আমি বুড়া বলিরাই যে বুঝি নাই ভাহা নহে অনেক অল্লবরস্ক ছেলেদের মুখেও এই কথাই ভানিভেছি।

পূলার পূর্ব্বে কলিকাতা রাজধানীতে ধৈ প্রকার খানাতরাদের ব্যবস্থা দেখিরাছিলাম, তাহাতে মনে হইরাছিল, এবার হর তামা তর্গাকে পর্যান্ত অন্তর আইনের গোলে পড়িতে হইবে। ঘরে সামাত্ত একথানি কুক্রি থাকিলে আর রক্ষা নাই, আর মা তর্গা নশ-প্রহরণ-ধারিণী, কিন্তু মা ত্র্গার দোভাগ্য ধে, পূজার সমর তোমাদের পূলিশ কমিশনার হালিতে বাহাত্তর সিমলায় বড় লাটের সহিত সাক্ষাৎ করিতে গিয়াছিলেন, তাই মা ত্র্গা পুলিশের হাত হইতে পরিত্রাণ লাভ করিয়া কোন প্রকারে পর্বতাবাদে দিরিয়া গিয়াছেন।

মেদিনাপুরের ভদ্রলোকের ছেলেগুলা, বিচারপতি মাননীর শ্রীবৃক্ত সারদাচরণ মিত্র মহাশরের কুপার এবার পূজা দেখিতে পাইরাছেন। যে রকম গতিক দেখিরাছিলাম, তাহাতে ভদ্রলোকদিগকে হাজতে পচিতে হইত। যাহা হউক আপাততঃ করেক
দিনের জন্ত যে হঃথ কট ঘুচিরাছে; ইহাই পরম আনন্দের বিংর।
চারিদিকে কিন্তু জনরব যে, যে দিন মেদিনীপুরের বিচার আরছ
হইবে, সেই দিনই পুনরার সকলকে হাজতে প্রেরণ করা হইবে।
যে দিন সমর পড়িরাছে, তাহাতে কিছুই অসম্ভব বলিরা
মনে হয় না।

শুনিতেছি, এবার নাকি মাক্রাজে কংগ্রেস বসিবে ? এটা কি
সেই সাবেক কংগ্রেস না প্রয়াগা কংক্রেম ? যদি সাবেক কংগ্রেস
হয়, তাহা হইলে কোন কথাই নাই, কিন্তু প্রয়াগের গণ্ডী দেওয়া
কংগ্রেসের অধিবেশন হওয়া অশেকা না হওয়াই ভাল।
প্রয়াগী কন্ভেন্সনের ছাপ মারা কংগ্রেসকে অনেকে কংগ্রেস
বলিয়াই স্বীকার করিতে ।প্রস্তুত নহেন। চারিদিকে একট্
আধটু গোলবোগও শুনিতে পাওয়া যাইতেছে। মাক্রাজ
অঞ্চলেও প্রতিবাদ হইয়াছে। আমি এই কণাটা একেবারে
ব্রিতে পারিলাম না য়ে, মাতৃভূমির সেবাব্রত বাহারা গ্রহণ
করিয়াছেন, তাঁহাদের মধ্যে এমন জেন কেন ? আমি ভায়া,
একটা স্পষ্ট কথা বলি, তোমাদের ।কংগ্রেসের নেত্বর্গ কংগ্রেসকে
ভালবাসেন না, তাঁহারা আপন আপন ক্রমতা প্রভিপত্তি রক্ষার
জন্মই বিশেষ বাস্ত। ছি: ।

ভোমাদের পত্তে পাঠ করিলাম যে, রাখীবন্ধনের দিনে কেই কলিকাভা সহরে লাঠি লইমা বাহির হইতে পারিবে না বলিয়া কলিকাভা গেজেটে ঘোষণা প্রচার করা হইরাছে। এ আদেশের অর্থ কি ? এই যে আজ করেক বংসর রাখীবন্ধনের উৎসব দেশমর হইতেছে, কলিকাভা সহর হইতে আরম্ভ করিয়া অতি ক্ষুদ্র গ্রামে পর্যান্ত সভাসমিতি হইতেছে, শোভাষাত্রা বাহির হইতেছে, ইহার কোনটিতে কখনও কি কোন প্রকার হাঙ্গামা হইরাছে? তবে আর এ অতি সাবধানতার কি প্ররোজন ? আর একটি কথা জিজ্ঞাসা করিব, তোমরা ত লাঠি লইয়া বাহিয় হইতে পারিবে না, কিন্তু পুলিশের উপরও কি সেই হকুম জারি হইরাছে? পুলিশের কনষ্টেবলরাও কি সেদিন লাঠি ছাড়িয়া বাহির হইবে? যোষণাপত্রে কিন্তু তাহার কোন উল্লেখ নাই।

শীৰুক্ত বিপিনচক্র পাল মহাশর সেই যে, হ্নরেজ্থালে প্রবেশ করিলেন বলিরা সংবাদ পাওয়া গেল, তাহার পর এত দিনের মধ্যে তাহার আর কোন থোঁজ থবর মিলিতেছে না। ঘরের ছেলেকে জাহাজে তুলিয়া এমন ভাবে নিশ্চিস্ত হইয়া বসিয়া থাকাঃত উচিত নহে। বিপিনবাবু ইংলওে গেলেন কি ফ্রান্সে গেলেন, তাহার কোন সংবাদই তোমরা দিতেছ না। একে।ত এই সময় বিপিন বাবুর সম্অপারে যাওয়াটাই নানা কারণে সক্ষত হয় নাই। অবশ্য তিনি এবং তাঁহার গুতাকুধ্যায়ী বন্ধ্বর্গ যাহা ভাল ব্রিয়াছেন তাহাই করিয়াছেন, কিন্তু একেবারে চুপ করিয়া যাওয়াটা ত তাঁহার

পক্ষে ভাল হয় নাই। সম্পাদক ভাষা, বিপিন বাবুর সংবাদট। শীঘ্র ভোমাদের পত্রে প্রকাশ করিও। লালা লক্ষপত রাম বিলাত গেলেন, তাঁহার সংবাদ ত সর্ব্বদাই পাওয়া যাইতেছে। গোখলে মহাশন্ন বিলাতে কি করিতেছেন, কি না করিতেছেন, তাহারও সংবাদ পাওয়া যাইতেছে, অথচ বিপিন বাবুর কোন সংবাদই নাই, এ কেমন কথা? ভিনি কি বানপ্রস্থ অবলম্বন করিলেন? কিন্তু ভাহা হইলে ভ সমুদ্রপারে যাইবার কোনই প্রয়োজন ছিল না। ইতি—

২৬শে আখিন সোমবার ১৩১৫।

সম্পাদক ভারা.

ব্যাপরটা ব্ঝিলে কি ? কর্তারা রাথীবন্ধনের দিন কলিকাতার সভা করিতে দেন নাই । তাঁহারা সভা করিতে দেন নাই বলা ঠিক নহে, সভার অধিবেশনে তাঁহাদের কোন আপত্তি ছিল না, ভবে সভার জন যে সময় নির্দেশ করিয়াছিলেন, সে সময়ে সভার অধিবেশন হওয়া একরপ। অসম্ভব । স্বভরাং "ভোমরা সভা করিতে পাইবে না" একথা স্পষ্ট করিয়া না বলিলেও তাঁহাদের উদ্দেশ্য ব্রিভে কাহারও বাকি নাই । "ভোমাকে উঠাইব না, তোমার উঠানে চাষ করিব" কর্ত্তারা এখন এই নীতি অবলম্বন করিয়াছেন।

কর্ত্তারা মনে করিলে যে কোন নীতির অবলম্বন করিতে পারেন, কিন্তু তাহাতে লাভালাভ কিরপ হইবে, তাহা তুমি এই বৃদ্ধকে বৃঝাইরা দিতে পার কি ? এই যে বঙ্গব্যবচ্ছেদের প্রতিবাদ সভার অধিবেশনে কর্ত্তারা বাধা প্রদান করিতেছেন, ইহাতে লোকে প্রতিবাদে ক্ষান্ত থাকিবে ? না, বঙ্গব্যবচ্ছেদকে অথগুনীয় বিধান বলিয়া মনে করিবে ? সভা বন্ধ করিলেই যে লোকের অসন্তোষ দ্র হর না, এ কথা তোমরা যেরপ বৃঝ, কর্ত্তারাও দেইরূপ ব্যেন। তবে জানিয়া গুনিয়া স্থানিয়া নেতা-দিগের পশ্চাতে গোলদীয়ি হইতে পাশিবাগান, পাশিবাগান হইতে মওলা আলির দর্গায় তাড়া করিয়া বেড়াইতেছেন কেন ?

যদি ৭০।৭৫ হাজার লোকে একটা মরদানে সমনেত হইরা একযোগে উচৈত:স্বরে চীংকার করিয়া বলে "আমরা বঙ্গবাবছেদ চাই না, আমরা বিদেশী জব্য চাই না" :তাহা হইলে চিন্দিশ পরগণার ম্যাজিট্রেট অথবা কলিকাতার পুলিশের বড় সাহেবের কি ক্ষতি হয় ? বাজালী চীংকার করিবার অধিকার হইতে যদি বঞ্চিত হয়, তাহা হইলে ত বঙ্গব্যবছেদের প্রতি তাহাদের যেরূপ বিরাগ অথবা স্বদেশী জব্য ব্যবহারে তাহাদের যেরূপ অথবার ইয়াছে, তাহার কণামাত্র হাস পাইবে না। তোমাদের

পুলিশের বড়কর্ত্তা অথবা চবিবশ পরগণার হর্ত্তা-কর্তা-বিধাতারা যদি ইহা না বুঝিয়া থাকেন, তাহা হইলে আমি তাঁহাদের বুদ্ধির প্রশংসা করিতে পারি না। আর যদি ব্রিয়াও সভা বন্ধ রাখিবার চেষ্টা করিয়া থাকেন, তাহা হইলেও তাঁহার বৃদ্ধি সম্বন্ধে আমার ধারণার কিছুমাত্র পরিবর্ত্তন হইবে না। ছেলেবেলায় খেলা করিবার সময় বলিতাম "ঠিক ছপুর বেলা, ভুতে মারে ঢেলা" আর এখন এই বৃদ্ধ বয়সে পুরিশের মুখে শুনিতেছি "ভয় সন্ধাবেলা, ছেলেতে মারে চেলা।" মনে আছে ছেলে বেলার व्यामता नानभागिष्धाती भूनिन देशित ज्दा वांगित वाहित হইতাম না. এখন দেখিতেচি হরিজে বর্ণের উঞ্চীষধারী চেলের দল দেখিলে পুলিশ বাঁটীর বাহির खाँ न।। যে বিধাতার অলজ্যা নিয়মে আমি শিশু হইতে ক্রমে ক্রমে বৃদ্ধ হইয়াছি. সেই বিধাতার নিরমেই কি ভীত এথৰ ভয়ন্কর হইয়া উঠিয়াছে ? বঙ্গীয় বালক ও বুবকগণ বিক্ত হস্তে গান গাহিতে গাহিতে রাজ্পথ দিয়া সদর্প পদক্ষেপে চলিয়া যাইতেছে, আর রেগুলেশন नार्किमात्री, तन्त्रभात्री, नान भांगिष्ठित्रातन, हाट्डे वाष्ट्राट्य, त्रीथानाव ধোপাধানায় লুকাইয়া তাহাদের কার্য্যকলাপ দর্শন করিতেছে ? কি অন্তত পরিবর্ত্তন !

তোমরা যাহাই মনে কর না কেন, পুলিশ, কনষ্টেবল ও চৌকিদারদিগকে দেখিলে আমার বড় কট হয়। রাখীবন্ধনের দিন বেচারাদের কি কট্ট গিয়াছে! কলিকাতার পুলিশ্বাহিনীর প্রধান দেনাপতি মিঃ হালিডে দিতীয় ওয়াটার্ব বৃদ্ধ জয় করিবার আশার কলিকাতায় ভিন্ন ভিন্ন স্থানে বৃহহ রচনা করিয়া স্বয়ং স্থানিয়া দ্বীট থানার সম্বুথে মিঃ গজনবীর গাড়ীর কোচবায়ে উঠিয়। শত্রুপক্ষের গভিবিধি পর্য্যবেক্ষণ কমিতেছিলেন। তাঁহার দেনাগণ, দেনাপতির আদেশের অপেকায় লগুড় লইয়া প্রতীক্ষা করিতেছিল। মওলা আলির দর্গার নিকটে কুরুক্ষেত্র হইবে, মনে করিয়া লালপাগড়ির দল প্রস্তুত হইয়াছিল; এমন সময় সংবাদ আসিল, স্বদেশী সেনা বুদ্ধের পূর্বেই পুলিশ সেনাকে অঙ্কুষ্ঠ প্রদর্শন করিয়া মওলা-আলির-দর্গা পরিত্যাগ করিতেছে। বোধ হয় পুলিশের মনে মনে ইচ্ছা হইয়াছিল যে তাহারা শত্রুর পশ্চাজাবন করে, কিন্তু সেনাপত্রির আদেশ না পাওয়াতে তাহাদিগের এই ইচ্ছা কার্য্যে পরিণত হইল না। সন্ধ্যা পর্যন্ত বেচারাদিগকে সেই শৃক্ত রণস্থলে বিদিয়া থাকিতে হইল! হায় কৃটবৃদ্ধি বাঙ্গালী, পুলিশকে কি রাখীবন্ধনের দিন, মিলনোৎসবের দিন এমনই করিয়া ফাঁকি দিতে হয় ? ইতি—

৪ঠা কার্দ্ধিক মঙ্গলবার ১৩১৫।

(マカ)

সম্পাদক ভারা,

তোমরা ব**ড়ই মাথা উচ্চ** করিরা বড় হ**ই**বার চেষ্টা কর না কেন, এখনও ইংরা**জের সমক**ক্ষতা লাভ করিবার ক্ষমতা তোমাদের

হু কের

হয় নাই। ইংরাজ সকল বিষয়েই তোমাদের অপেক্ষা অগ্রসর হইয়াছে। একটা দৃষ্টাস্ত দিলে বোধ হয় আমার কথাটা সহজে বৃথিতে পারিবে।

কিছু দিন পূর্ব্বে শ্রীমান রবীক্সনাথ বাবাজীবন "সফলতা লাভের সহপার" ইতিশীর্ষক একটি প্রবন্ধ কোন সভার পাঠ করিরাছিলেন। ঐ প্রবন্ধটা নাকি এখনকার ব্বক্মগুলীর মনের মত হয় নাই। তোমারাও ত ঐ প্রবন্ধের প্রতি কটাক্ষপাত করিতে ক্রটি কর। নাই। পূজার বাজারে শ্রীমতী বহুমতী রবীক্সবাবৃকে হই নৌকার দ্বারমান করাইয়। যথেষ্ঠ বাহাহরী দেখাইয়াছিলেন। তোমরা আর্থাৎ বাঙ্গলা সংবাদপত্রনিচয় এত করিয়াও মনের ভাব প্রকাশ করিছে পার নাই। কিন্তু ইংলিশম্যান একটিমাত্র অক্ষরের পরিবর্ত্তন করিয়া কেমন স্থলররূপে তোমাদের মনের ভাব প্রকাশ করিয়াছেন!

গত ২৩শে অক্টোবর শুক্রবারের ইংলিশম্যান রবীক্র বাবুর থা লইরা পূরা এক কলমব্যাপী একটা প্রবন্ধ প্রকাশ করিয়াছেন। প্রবন্ধের তলদেশে এক জ্বন বাঙ্গালীই ঐ প্রবন্ধের লেখক এইরূপ ইঞ্জিত থাকিলেও উহা যথন ইংরাজ সম্পাদিত ইংলিশম্যানে প্রকাশিত হইয়াছে, তখন উহার দায়িত্ব অর্থাং নিক্কা বা প্রশংসার ভার সম্পাদক মহাশ্রের উপর ন্তন্ত হইয়াছে। ঐ প্রবন্ধে রবীক্স বাবুর;লিখিত উক্ত প্রবন্ধের যথেষ্ট প্রশংসা করা হইয়াছে; কিন্তু ইংলিশম্যান ইংরাজিতে আলোচ্য প্রবন্ধের নাম লিখিবার সময় প্রথম অক্ষর 'S' না লিখিয়া 'B' লিখিয়াছেন, অর্থাৎ "সহপায়" না লিখিয়া "বহুপায়" লিখিয়াছেন। যদি এক স্থলে এইরূপ অক্ষরের পরিবর্ত্তন থাকিত, তাহা হইলে উহা ছাপাখানার অপদেবতাদিগের কার্য্য বিলয়া মনে করিতে পারিতাম। কিন্তু বারবার তিনবার অর্থাৎ যত বার তিনি ঐ কথাটা লিখিয়াছেন, তত ুবারই "সহপায়ের" পরিবর্তে "বহুপায়" লিখিয়াছেন। ইহা অপদেবতার কার্য্য নহে, দেবতারই কার্য্য। এরূপ একটা মাত্র অক্ষরের পরিবর্ত্তনে দেশের জন্দ্র্যার্থার মনের ভাব তোমরা প্রকাশ করিতে পার কি গ্রথন বছকাল ধরিয়া ইংরাজের নিকট এ সকল বিষয় শিক্ষাকর।

এখন রবীক্রনাথের এই "দহুপায়" বা "বহুপায়" সম্বন্ধে একটা কথা বলি। বহুকাল পূর্কে বোধ হয় ২৫।৩০ বংসর হইল রবীক্র বাবুর লেখা "বিবিধ প্রবন্ধ" অথবা "বিবিধ প্রসন্ধ" এইরূপ কি এক খানা পুস্তক পাঠ করিয়াছিলাম। তখন রবীক্রনাথ কিশোরবয়য়; আমরা তখন চশমা কিনিয়াছি। ।সেই পুস্তকে রবীক্রবাবু একস্থানে লিখিয়াছিলেন যে, আমরা ছাগমাংস ভোজন করিয়া ছাগশিশুর অভাবনীয় উন্নতি সাধন করিতেছি। ছাগশিশু আমাদের পাকস্থলীতে স্থান পাইয়া ধীরে ধীরে জীর্ণ হয় এবং অবশেষে আমাদের শুক্র শোণিত, মাংস মস্তিক্ষে পরিণত হয়, সেই

ভাগ্যবান ছাগশিশু আমাদেরই শারীরিক অংশবিশেষে পরিণ্ড হইয়া পৃথিবীর কত উন্নতি সাধন করে, কত কবিতা লেখে, কত সঙ্গীত রচনা করে, কত কলকারখানা আবিষ্কার করে। ছাগশিও বেচারাকে যদি আমরা এইরূপ অতান্ত আত্মীয়ভাবে নিজ শ্রীরে স্থান দান না করিভাম, তাহা হইলে সে হততাগ্য কখনই গান রচনা করিতে পারিত না বা কবিজা লিখিতে পারিত না ইত্যাদি। রবীক্রনাথের সেই প্রবন্ধটা পাঠ কিরিয়া তাঁহার ঐ নূতন ধরণের ব্যঙ্গোক্তির জন্ত মনে মনে বড়ই সম্ভূষ্ট হইয়াছিলাম, তাঁহার প্রতিভার প্রশংসা করিরাছিলাম, তাহার শ্বরে মধ্যে মধ্যে রবীক্রনাথের চুই একটা গল্প বা প্রবন্ধ পাঠ করিক্সাছি। তাঁহার "রাজটীকা" গল্প "আগে চল্" গান প্রভৃতি পাঠ ক্ষরিরা রবীক্সবাবুর সেই ছাগশিশুর দুষ্টাম্ভ যে তাঁহার ব্যক্ষোক্তি এই ধারণা আমার মনে বন্ধমূল হইরা-ছিল। ইদানীং তিনি যে সমস্ত প্রবন্ধ পাঠ করিয়া সভাসমিতিতে প্রশংসা লাভ করিয়াছেন, তাহাতেও আমার এই ধারণা দূঢ়তর হইরাছিল। কিন্তু এখন বুঝিতে পারিতেছি যে, তিনি সেই নর-শরীরে পরিণত চাগ-শিশুকে সত্যসতাই ভাগ্যবান বলিয়া মনে করেন। চাগ-শিশুর ক্লায় যাহারা আপনার অস্তিত্ব অক্লের মধ্যে সম্পূণরূপে বিসর্জন করিয়া পরোপকার সাধন করে, তাহাদিগকে তিনি সত্যসত্যই ভাগ্যবান্ বলিয়া জ্ঞান করেন। তাই তিনি বঙ্গীয় ৰবকগণকে ধীরে ধীরে ইংরাজের সহিত মিলিত হইয়া, ইংরাজের মধ্যে আত্মবিদর্জন করিয়া পৃথিবীর উপকার সাধন করিতে ইঙ্গিত করিয়াছেন। হায় রবীক্রনাথ! বার্দ্ধক্যে উপনীত হইবার পূর্ব্বেই

ক কৈশোরের সেই অভিমতের এই রূপ রোমস্থন করিতে হয়! ইতি—

১০ই কার্ত্তিক সোমবার ১৩১৫।

(90)

সম্পাদক ভাষা,

এক দিন বিলয়ে দেখা দিলাম, কিন্তু সে জন্ত আমার কোন অপরাধ নাই। সম্রাটের ঘোষণাবাণীর জন্ত অপেকা করিরা ছিলাম।

অগু সোমবার ২রা নভেম্বর সমাটের ঘোষণাবাণী প্রচারিত হইরাছে। আজ সেই জগু পঞ্চাশ বংসর পূর্ব্বেকার সেই ঘোষণাবাণীর কথা মনে পড়িল। সে দিন বড়লাট লর্ড ক্যানিং কলিকাতার ছিলেন না, তিনি এলাহাবাদে দরবার করিতে গিয়াছিলেন, কলিকাতার দরবারের ভার তদানীস্তন ছোটলাট স্থার ফ্রেডারিক হালিডে বাহালুরের উপর অর্পিত হইরাছিল। হোম সেক্রেটারি মিঃ সিদিল বীজন মহারাণীর অভিভাষণ পাঠ করিলেন, স্থপ্রিম কোটের অন্ধবাদক বাবু শ্রামাচরণ সরকার সেই অভিভাষণের বঙ্গান্থবাদ পাঠ করিলেন। কেল্লা হইতে কামানের গর্জনে সেই শুভ সংবাদের সমর্থন করা হইল; রাত্রিতে আলোক-মালা পরিধান করিয়া কলিকাতা হাদিরা উঠিল।

হকের

আমার মনে হইতেছে সে যেন কালিকার কথা; আমরা তথন

বুবক; সেই শ্বরণীয় দিনে আমাদের প্রাণে কি উৎসাহ, কি
আনন্দ! যেন আমাদেরই রাজ্যলাভ হইল। মহারাণীর
স্বোষণাবাণী যথন বীজন সাহেবের ঘন গুদ্দরাজির মধ্য দিরা
উচ্চারিত হইল, যথন শুমাচরণ বাবু উচ্চকণ্ঠে উহার বঙ্গান্থবান
পাঠ করিলেন, তথন সেই ঘোষণাবাণীর প্রত্যেক শন্দ আমাদের
প্রত্যেক ধ্যনীতে কি আনন্দ কি উৎসাহের প্রবাহ ছুটাইয়াছিল!
সে কথা শ্বরণ করিলে এখনও—এই বুদ্ধ বয়সেও যেন হাদরে যৌবনের উৎসাহ ও আশার সঞ্চার হয়। আমরাই যেন বৃদ্ধ হইয়াছি,
সে উৎসাহ সে আশা সে আনন্দ উপভোগ করিবার ক্ষমতা নাই;
কিন্তু অন্তকার এই নৃতন ঘোষণার দিনে ধুবকগণের মধ্যে সে আশা,
সে আনন্দ উৎসাহ কই ? হার অদৃষ্ট! এখনকার যুবারাও কি
আমার মত বৃদ্ধ হইয়াছে ?

ভারা, ভোমরা ত যথন তথন ১৮৫৮ খুটাব্দের সেই ঘোষণার উল্লেখ করিয়া এখনকার রাজপুরুষদিগকে গালি দিয়া থাক। তোমরা বল যে রাজপুরুষদেরা মহারাণীর প্রতিশ্রুতি পালন করিতেছেন না, তাঁহারা ঐ সনন্দকে "impossible charter" বলিয়া উড়াইয়া দিয়াছেন, কিন্তু ভোমরা রাজপুরুষদিগের কথা লইয়া এত জয়না-কয়না কর কেন? অক্সকার ঘোষণাবাণীতে ত দেখিলে, সম্রাট মহোদয় স্বয়ং বলিয়াছেন "that benignant promise has been fulfilled" অর্থাৎ সেই সকল প্রতিশ্রুতি পালিত

হইয়াছে ভারতেশ্বরী ভিক্টোরিয়ার জ্যেষ্ঠ পুত্র, সম্রাট সপ্তম এডওয়ার্ড যথন বলিয়াছেন ষে, তাঁহার জননীর প্রত্যেক প্রতিশ্রুতি সম্পূর্ণপে রক্ষিত হইয়াছে, তথন তোমরা কোন্ সাহসে বল ষে সেই সকল প্রতিশ্রুতি পালিত হয় নাই ? তোমরা কি তাঁহার অপেক্ষা অধিক জান ? তোমাদের এই সর্বজ্ঞতার ভাগ কি সম্পাদকীয় অহস্কার নহে ?

ভোমাদের খৃষ্টতা কি সামান্ত ? স্বরং সম্রাট বাহাছর বলিয়াতেন যে "No man among my subjects has been favoured, molested or disqualified by reason of his religious belief or worship." অর্থাৎ আমার প্রজামগুলীর মধ্যে পর্মবিশাদের পার্থক্য হেতু কোন বিষয়ে কাহারও প্রতি সমুগ্রহ বা নিগ্রহ প্রকাশ করা হয় নাই। অথচ তোমরা এতই লাস্ত যে, বলিয়া থাক, পূর্ববঙ্গের প্রথম ছোটলাট সার ফ্লার মুসলমান সম্প্রদারের প্রতি অতি মাত্রায় করণা প্রকাশ করিতেন; লর্ড কর্জন ফিরিঙ্গীদিগকে অত্যধিক রুপাদৃষ্টিতে দেখিতেন! এখন ভোমরা শত বংসর ধরিয়া যদি চীৎকার করিয়া বল যে, কোন কোন রাজপুরুষ জাতি বা ধর্ম্ম সম্প্রদারের প্রতি অষথা রুপা প্রকাশ করেন, তাহা হইলে কে তোমাদের সে চীৎকারে কর্ণপাত করিবে? অতএব ভায়া বৃদ্ধিমানের স্থায় ভবিষ্যৎ ভাবিয়া কথা বলিঙ।

একটা সন্ধান আমাকে বলিতে পার ? অন্থকার এই সমাটের অভিভাষণ উপলক্ষে কোথার ব্রাহ্মণ-ভোজন বা কাঙ্গালী-ভোজন হইবে, তাহার কোন সংবাদ রাথ কি ? লওঁ কর্জন বলিয়াছিলেন যে প্রাচ্য দেশবাসী আড়ম্বরে মুগ্ধ হইয়া থাকে। সেই জন্ত ভারতবাসীকে মুগ্ধ করিবার জন্ত তিনি মহা আড়ম্বর সহকারে দিল্লীতে দরবার করিয়াছিলেন। কলিকাতার গড়ের মাঠে কাঙ্গালী-ভোজনেরও ব্যবহা হইয়াছিল—তবে ব্যয় ভারটা ভজনলাল লোহিয়া মহাশমই বহর করিয়াছিলেন,—আতস বাজী আলোকমালারও ক্রটী হয় নাই। কিন্তু অন্থকার এই উৎসবে সে রূপ ভোজের আরোজন ত কের্ঝাও দেখিতেছি না। এ ক্ষেত্রে প্রাচ্য দেশের প্রথার লজ্মন করাটা ভাল হইতেছে কি ? ইতি—

(35)

সম্পাদক ভাষা,

ইংরাজি ভাষার অনভিজ্ঞ লোকেরা ডাক্তার রাসবিহারী ঘোষ. ডাক্তার আন্ততোষ মুখোপাধ্যার, ডাক্তার গুরুদাস বন্দ্যোপাধ্যার প্রভৃতি বিখ্যাত আইনজ্ঞদিগের নামের পূর্ব্বে "ডাক্তার" শক্ত দেখিয়া অনেক সময় উ'হাদিগকে চিকিৎসক বলিয়া মনে করে।

উহারা যে আইনের ডাক্তার, এ সংবাদ তাহারা অবগত নহে।
এত দিন তাহাদের মূর্থতা দেখিয়া মনে মনে হাসিতাম। কিন্তু
এখন দেখিতেছি, তাহারা মূর্থ নহে, আমরাই মূর্থ, কারণ চিকিংসা
শাস্ত্রের সহিত যে আইনের একটা ঘনির্চ্চ সম্বন্ধ আছে, তাহা
পূর্বের জানিতাম না। প্রীমান্ নর্টন বাবাজীবনের কল্যাণে এইবার
তাহা ব্রিতে পারিয়াছি।

আধুনিক চিকিৎসকগণ নাকি স্থির করিরাছেন যে, প্রভাক মহুষ্যের শরীরে প্রত্যেক রোগের বীব্দ প্রচ্ছের ভাবে অবস্থিতি করিতেছে। দেশ-কাল-পাত্র বিশেষে, যথন কোন রোগ বিশেষের বীব্দ প্রবল্ধ হয়, চিকিৎসকগণও তথন সেই রোগের চিকিৎসার প্রবৃত্ত হয়েন। যে সকল রোগের লক্ষণ প্রকাশ পার না, সেই সকল রোগের চিকিৎসারও প্ররোজন হয় না। তবে সেই অপ্রকাশিত রোগের বীব্দ মানব শরীরে সকল সময়েই বর্ত্তমান থাকে, ইহাই আধুনিক বড় বড় চিকিৎসকদিগের অভিমত।

রোগের বীজের ন্থার ভারতবর্ষীয় দণ্ডবিধিতে উক্ত সকল প্রকার অপরাধও প্রচ্ছের ভাবে প্রত্যেক ভারতবাদীর শরীরে বা কার্য্যে বিশ্বমান থাকে। যথন যে অপরাধটা প্রকাশ পার, রাজপুরুষ-গণ তথনই তাহার বিচার করিয়া দণ্ডবিধান করিয়া থাকেন। যে সকল অপরাধের লক্ষণ প্রকাশ পার না, সেই সকল অপরাধের বিচার অথবা ভজ্জন্ত দণ্ড প্রয়োগেরও প্রয়োজন হয় না। তবে

যদি একান্ত প্ররোজন হর, অথবা কর্ত্তব্য বোধ হয়, তাহা হইলে রাজপুরুষগণ প্রচ্ছের অপরাধের বিচারেও প্রবৃত্ত হইতে পারেন। এই প্রকার চিকিৎসা হোমিওপ্যাথি মতের সমর্থক, কারণ যথন যে রোগের লক্ষণ প্রকাশ পায়, হোমিওপ্যাথি মতে তথন সেই রোগেরই চিকিৎসা করা কর্ত্তব্য।

চন্দননগরের চারুচন্দ্রের কার্য্যে রাষ্ট্রপুরুষগণ রাষ্ট্রদেহের লক্ষণ দেখিতে পাইয়া তাহারই চিকিৎসার ব্যবস্থা করিয়ছিলেন। যে কোন কারণেই হউক, সেই ব্যবস্থার প্রত্যাহার করিতে হইল। রাষ্ট্রদেহের চিকিৎসা ব্যব্ধ হইল বটে, কিন্তু চারুচন্দ্রের কার্য্যে ত সকল প্রকার অপরাধের বীজ্ঞ নিহিত আছে, তাহার মধ্যে যে কোন একটার অথবা সকলগুলার চিকিৎসা করা প্রবোধন। চাণক্য পণ্ডিত বলিয়া গিয়াছেন যে, রোগের শেষ রাখিতে নাই।

শ্রীমান নর্টন বাবাজীবন এই চাণক্য নীতির অনুসরণ করিয়া
চারুচন্দ্রের চিকিৎসার জন্ত ম্যাজিপ্টেটকে অনুবোধ করিয়াছেন।
চারুচন্দ্রের কার্য্যে নরহত্যায় সহায়তা, অন্ত্র-আইন লজ্মন এবং
অন্তান্ত সকল প্রকার অপরাধের বীজাই নিহিত আছে। শ্রীমান্
তাই একে একে সকলগুলারই চিকিৎসার ব্যবহা করিতে
সঙ্কর করিয়াছেন। স্বতরাং রাজ্মদোহের পরিবর্ত্তে এখন চারুচন্দ্রের, নর-হত্যায় সহায়তা করা ও অন্ত্র-আইন লজ্মনের চিকিৎসা

হইতেছে। যদি নর্টন বাবাজীবনের ক্বত রোগনির্ণয় ঠিক না হয়,
অর্থাৎ চাক্ষচন্দ্র যদি এই হই অপরাধেও নিস্কৃতি লাভ করেন,
তাহা হইলে জাল, জুয়াচুরি, বাটপাড়ি, না হয় বিঘাটা, বাজিতপুর,
বায়ড়া ষাহা হউক একটা অপরাধের চিকিৎসার ব্যবস্থা হইবে।
করাসি রাজ্য চন্দননগর হইতে চাক্ষচন্দ্রকে অনেক য়ের কলিকাতায়
আনয়ন করা হইয়াছে, এখন য়দি বিনা চিকিৎসায় তাঁহাকে
কিরাইয়া দেওয়া হয়, তাহা হইলে লোকেই বা কি মনে
করিবে, আর চাক্রন্দ্রই বা কি ভাবিবেন ? তাঁহাকে নীরোগ না
করিয়া, তাহার সকল প্রকার রোগের বীজ নষ্ট না করিয়া য়দি
তাঁহাকে ছাড়িয়া দেওয়া হয়, তাহা হইলে বেচারা বড় আশায়
নিরাশ হইবে।

এই চাক্রচক্রের মোকদমায় একটা ন্তন তথ্য আবিষ্কৃত হইল। চাক্রচক্র রাজজোহের অভিযোগ হইতে নিষ্কৃতি পাইরাও নরহত্যায় সহায়তা ও অন্ত্র-আইন লব্দনের অপরাধে অভিষ্কৃত হইরাছেন। বিচার এখনও হয় নাই, স্বতরাং বিচারের ফল কি হইবে, তাহা পূর্ব্ব হইতে অন্তমান করা সক্ষত নহে। তবে এই অভিযোগে একটু ন্তনত্ব আছে। মনে কর, একদল সিপাহি বিদ্রোহী হইরা গবর্গমেন্টের বিক্রমে অন্ত্রধারণ করিল; রীভিমত ব্রুও হইল, কিন্তু অবশেষে বিজ্ঞোহী সিপাহিদল পরাস্ত হইল। বিজ্ঞোহের অপরাধে তাহাদের বিক্রমে অভিযোগ উপস্থাপিত হইল, বিচার চলিতেছে, এমন সময় কোন কারণে গবর্গমেণ্ট

তাহাদের বিরুদ্ধে উপস্থাপিত বিদ্যোহের অভিযোগ তুলিয়া লইলেন এবং তাহাদিগকে ছাড়িয়া দিলেন। কিন্তু তাহারা মুদ্ধের সময়ে গবর্গমেন্টের সিপাহিদিগের প্রাণ নষ্ট করিয়াছিল এবং সে জন্ত বলুক ব্যবহার করিয়াছিল বলিয়া তাহাদের বিরুদ্ধে নরহত্যা ও অস্ত্র-আইন লজ্মনের অভিযোগ উপস্থাশিত করা হইবে। চারুচন্দ্রের বিরুদ্ধে যে নরহত্যার সহায়তা ও অস্ত্র-আইন লজ্মনের অভিযোগ উপৃস্থাপিত হইয়াছে, তাহাও কি এইরপ নহে ? ইতি—
২৪শে কার্ত্তিক সোমবার ১৩১৫।



সম্পাদক ভায়া.

বৃদ্ধের বচন বুঝি বন্ধ করিতে হয়। দিন কাল বড়ই মন্দ পড়িয়াছে। বিশেষ ভোমাদের কলিকাতা সহরটারই মতিগতি একেবারে বদল হইয়া গিয়াছে। এ সময় বৃদ্ধ কি বলিতে কি বলিয়া বসিবে, আর তোমরা শেষে হায় হায় করিবে।

দেথ, আমাদের দেশে একটা কথা আছে, 'বাঘে ছুঁলে আঠার ঘা'; এ কথাটা আরও এক দিন বিশ্বাছি। কিন্তু আবার ত্ আজ বলিতে হইতেছে আমাদের দেশে কোম্পানী বাহাছর পুলিশ নামে যে সম্প্রদার স্থাষ্ট করিয়াছেন, ইহা স্পর্শ করিলে ছাপ্লাল ঘা। এক বার পুলিশের হাতে পড়িলে আর নিস্তার নাই, যে কোন প্রকাবেই হউক নাস্তানাবুদ হইতেই হইবে।

* /

এই দেখ না; তোমার মেদিনীপুরের ব্যাপার, বাপ্রের! কি কাণ্ডটিই হইরা গেল। তোমরা সহরের লোক তোমরা হর ত ভাবিতেছ বেশী আর কি হইরাছে? কিন্তু আমরা মফস্বলের লোক; রাজা, জমিদার, বড়মামুবকে আমরা উচ্চশ্রেণীর জীবই মনে করিয়া থাকি। তাঁহাদের গারে সহজে কেহ হাত দিতে পারে না। সেকালে জমিদারেরাই ত দেশের কর্ত্তা ছিল; তাঁদের প্রতাপে বাঘে গঞ্চতে এক ঘাটে জল থাইত। আর এখন এ সকল কি ? এখন :একজন কনষ্টেবলের তাড়ায়ারাজাতে ভাকাতে এক লোটায় জল খাইতেছে!

আবে ছি! ছি! "এমদিনীপুরের কাও এদেখিয়া একেবারে ব্যাক্ হইয়া গিয়াছি। কোথাকার কে একটা মাতাল, অসচ্চরিত্র ভববুরে ছোক্রা তাকেই গোরেন্দা।।করিয়া, মেদিনীপুরের যাহারা মাথা, তাঁদের কি কষ্টটাই না দেওয়া হইল ? তাগ্যে এডভোকেট জেনারেল এস, পি, সিংহ (বাঙ্গলা নামটা জানি না) গিয়াছিলেন, তাগ্যে বাক্ষটায় সাহেবের অনিজা বোগ জিয়য়াছিল, (ভগবান্ তাহাকে স্বস্থ কর্ষন) ভাই ভজ্সস্তানেরা মুক্তিলাভ করিলেন। প্রশিশ বে কেমন জিনিষ, তাহা বোধ হয় রাজা জমিদারগণ হাড়ে

হকের

হাড়ে বুঝিয়াছেন। অভঃপর আর কেহ সাধ করিয়া বেলতলার বাইবেন না।

তারপর তোমাদিগকে একটা সংবাদ জিজ্ঞাসা করি। আমাদদের পলীগ্রাম সমূহে গুজ্ব উঠিয়াছে যে, দেশে নরম গরম যত স্বদেশী লোক আছে সরকার বাহাত্ত্র নাকি তাহাদের স্পেশ্যাল কনষ্টেবল করিবেন, তাহাদের মুচলেশ্যা লইবেন ? কথাটা সত্য নাকি? আমি ত দেখিতে পাই, ত্বই চারিজন—"আপকে ওরাস্তে" ব্যতীত দেশের মেয়ে পুরুষ সকলেই স্বদেশী। এত লোককে কনষ্টেবল করিলে শোভা মন্দ হইবে সা। আনাহারী হাকিমদের মত গ্রামে গ্রামে অনাহারী কনষ্টেবল হইলে—"স্বদেশীর" মুখ উজ্জ্ব হইবে। তোমারা এক বার ইবি হবি বল।

একটা হঃসাহসের কথা বলিব। তোমরা ত বিশাতী কাপড় বিলাতী লবণ প্রভৃতি সমস্তই ব্যুক্ট করিয়া দিয়াছ, কিন্তু বিলাতী খবরের কাগজও লোকে এখনও ব্যুক্ট করিছেছে না কেন ? আমার ত মনে হয় আমাদের দেশে, অন্তভঃ আমাদের এই বাঙ্গালা দেশে, এই যে এত অশান্তি,এত গোলযোগ, এত পাগলামি, এত বেষ হিংসা, এত দলাদলি এত ঢলাঢলি দেখা দিয়াছে, ইহার জন্ত কয়েকথানি বিলাতী খেতাকের পরিচালিত কাগজই অন্ততঃ দশ আনা দায়।। এরা, দিন নাই, রাজি নাই, কেবল আছে কিসে আমাদের দেশের মধ্যে গোল বাধিয়া উঠে, কিসে হিন্দু মুসলমানে

বিবাদ বাধে। এদের জালাভেই রাজপুরুষগণ ক্রমে এমন হইর।
পড়িয়াছেন। তোমাদের এই কাগজগুলাকে বয়কট করা কর্ত্তর।
একটু সন্ধান শইয়া দেখিও, ওদের পনের আনা গ্রাহকই
আমাদেরই দেশের লোক; তারা সকলে যদি বলে যে, "এরা
যদি এমন করে আমাদের গালাগালি দেয়, আমাদের অনিষ্ঠচেষ্টা করে, রাজপুরুষদের নিকট অযথা কুৎসা করে, তাহা হইলে
ওদের কাগজ পড়িব না"। তাহা হইলেই বাছারা একেবারে এতটুকু হইয়া যাইবে! পয়সার গায়ে হাত লাগিলে আর বাছাদের
মুখে শক্ষ থাকিবে না। কি বল ?

শুনিতেছি, এ বার নাকি মাল্রাজে কংগ্রেম হইবে ? আবার এক নৃতন কথা শুনিতেছি যে, এটা নাকি তোমাদের চর্বিকা বংসরের সাবালক কংগ্রেম নয়; ম্ররাটেই নাকি তাহার পঞ্চমলাভ হইয়ছে; এখন নাকি তাহার চিতাভন্মের উপ্রয় নৃতন কংগ্রেম হইতেছে ? আমি কিন্তু কথাটা ভাল করে ঠাওর করিতে পারিতেছি না। ম্রাটে ত কংগ্রেমের শেষ হয় নাই; সভাপাত রাম্বিহারী ত বলিয়ছেন যে, কংগ্রেম Sine die অর্থাৎ অনির্দিষ্ট কালের জন্ম বন্ধ রবিল। আর এ ত যারতার মুখের কথা নহে, পাকা উকিলের বাণী। আমাদের যাহারা সেথানে উপস্থিত ছিলেন, তাঁহারা ত কংগ্রেমকে উইল লিখিয়া দিতে দেখেন নাই, তবে এ সকল কি ? আবার শুনিতেছি একটা মডারেট কংগ্রেম, একটা এক্সট্রমিষ্ট কংগ্রেম হইবে। শেষে কি "ঘোষের গঙ্গাণ

"বোদের গঙ্গা" হইবে ? কি জ্বানি ভাষা, তোমবা রাজনীতিক, ভোমাদের কথা "মূর্থেতে ব্যুক্তে পারে হ'চারি দিবসে, পণ্ডিতে বুকিতে মনারে বংসর চল্লিশে।" ইতি—

>লা অগ্রহারণ দোমবার ১৩১৫।

(90)

সম্পাদক ভারা,

েতামাদের এক জন লেখক ত के आ আমার, জননী আমার, ধাতী আমার, আমার দেশ" ইত্যাদি একটা গান রচনা করিয়া বিশেষ বাহাত্রী লইয়াছেন, কিন্তু দেশটা যে কাহার তাহা এক বার ভাবিয়া দেখিয়াছেকি? ভয় নাই, আমি কোন গুরুতর রাজনীতিক সমস্তার কথা অথবা সিভিশনের কথা বলিব না। এ দেশ যে ইংরাজের তাহা ইংরাজও যেমন জানে, আমরা পিভূপিভামহের আমল হইতে সেইরপেই জানি। ভবে তোমাদের লেখক ও কবির দল মাঝে মাঝে না জানিয়া "আমার দেশ" "আমার দেশ" বলিয়া চীৎকার করেন বলিয়াই আজ সকলকে উচ্চ কঠে বলিতে হইভেছে যে, দেশ ইংরাজের। সাকী ভোমাদের লালবাজারের সহযোগী "এল্পায়ার"।

"এম্পায়ার" সে দিন সংবাদ দিয়াছেন যে, কলিকাভায় ছইটা বে ভাঙ্গ-বণিক-সভা এবং ফিরিঙ্গী-ষার্থরক্ষিণী সভা লাটের নিকটে, নিপ্লবনাণীদিগের সরাসরি বিচার এবং অন্ত ছইটি বর প্রার্থনা করিরাছেন। এই সংবাদটা ছাপিবার সময় "এম্পায়ার উহার" উপরে বড় বড় অকরে লিখিয়াছেন "Calcutta demands Summary Trial" অর্থাৎ কলিকাভা সরাসরি বিচার প্রার্থনা করিতেছে। এখানে কলিকাভা অর্থে যে কলিকাভার দশলক্ষ মানিবাদী নহে, খেভাঙ্গদিগের ঐ তিনটি সভা, ইহা স্পষ্ঠই বুঝিছে পারা মাইতেছে। "কলিকাভাটা" যে খেভাঙ্গ বণিকদিগের নিজস্ব, ইহা সেই মিউনিসিপ্যাল বিলের সময় হইতে বিশেষরূপে প্রতিপন্ন হইনা আসিতেছে। কলিকাভা ভারতবর্ষের রাজধানী, যদি কলিকাভাটাই খেভাঙ্গদিগের নিজস্ব হইল, ভাহা হইলে ভোমাদের ঐ "আমার দেশের" অব্যিষ্থ কোধার বছিল ?

খে তাঙ্গদিগের তিনটি সভা সরাসরি বিচার প্রার্থনা করিয়ছেন বলিয়া যে, কলিকাতার বাজে লোক অর্থাং কালা আদ্মিগুলা সরাসারি, বিচার চাহে না, আমি এমন কথা বলি না। আমিত সরাসরি বিচারের একান্ত পক্ষপাতী এবং আমার বিশ্বাস যে, তোমরা যদি একটু নিবিষ্ট চিছে চিছা কর, তাহা হইলে, তোমরাও উহা বাঞ্জিত বলিয়া মনে করিবে। কারণ, যাহা হইবেই, তাহা যত শীত্র হয় ভতই মঙ্গল। এই বে বোমার মামলা হইতেছে, ইহার কি শেষ নিশান্তি আলিপুরের দায়রার হইবে? না, শেষে হাইকোর্ট পর্যান্ত গড়াইবে ? ভোমাদিগকে নিশ্চরই স্বীকার করিতে হইবে যে, আলিপুরে যে সকল আসামী দণ্ডাদেশ প্রাপ্ত হইবেন, তাঁহাদের মধ্যে অনেকেই হাইকোর্টে আপিল করিবেন। স্থতরাং যথন অল্ডে সেই "তারকব্রহ্ম" হাইকোর্ট সম্বল, তথন যত শীঘ্র সেই ব্রহ্মলাভ হইবে, ততই মঙ্গল নহে কি ?

বর্ত্তমান বিচার প্রণালীতে কত অম্ববিধা দেখ; প্রথমে ত
তা৪ মাস ম্যান্সিট্রেটের এজলাসে কাটিরা গেল, তাহার পর
দায়রায় যে। কতকাল কাটিবে, ভাহা ভগবান জানেন; ইহার
পর আবার হাইকোর্ট আছেন। ধর, মোটের উপর এক বংসর।
এই এক বংসর কাল হাজত-বাসের পর হাইকোর্ট হইতে কোন
আসামীর প্রতি গাঁচ বংসরের কারাবাস-দত্তের আদেশ হইল।
অর্থাং এখন মোটের উপর সেই আসামীর এক বংসর হাজত
বাস ও পাঁচ বংসর কারাদণ্ড, এই ছয় বংসর শ্রীঘর বাসের
ব্যবস্থা হইল। কিন্তু সরাসরি বিচারে এই এক বংসর আর
"বেলে খেলা" হইবে না। ইহার উপর, তিন আদালতে তিন
দক্ষা উকিল ব্যারিষ্টারের ব্যরের কথাটাও নিতান্ত অগ্রাহ্য নহে।

এইবার একটা গুরুতর কথা বলিতে হইতেছে। দে দিন এম্পায়ারের "কলিকাডা" বড়লাটের নিকট বে তিনটি বর প্রার্থনা করিয়াছেন, তাহার মধ্যে একটি বর এই যে, অতঃপর যদি কোন মোকদ্দমার এঞ্চার এজেহার দিবার পর এবং টিতাহার জেরার পুর্ব্বে কোন ঘাতকের হস্তে এপ্রভারদীলা সংবরণ করে, তাহা হইলেও তাহার প্রদত্ত এক্ষেহার বেদবাক্য বিদার গ্রহণ করিবার ব্যবস্থা করা হউক। আমার বােধ হয় বে "কলিকাতার" এই প্রার্থনা অসঙ্গত নহে। কারণ সে দিন স্বয়ং বড় লাট লক্ষ্ণে নগরীতে বক্তৃতাকালে বলিয়াছেন যে, বিপ্লববাদীদিগের মূল, উপ্ন্রুল, এমন কি প্রমূল পর্য্যন্ত এপ্রভারদিগের পরিজ্ঞাত। এপ্রভার তাহাদিগের সম্বন্ধে যে সকল কথা বলিবে, সে সকল কথা অন্ত লোকের, এমন কি সর্বজ্ঞ প্রিশের পক্ষেও অবগত হওয়া য়য়হ। স্বতরাং এপ্রভারের উক্তি যদি পরিত্যক্ত হয়, তাহা হইলে বিপ্লবের মূলোৎপাটনের কোন সন্তাবনাই থাকে না। তোমরা কি দেখিতেছ না যে, বাঙ্গালীর রাজভক্তি একেবারে "জড়সে বিগড় গিয়া।" এ অবস্থায় মৃত এপ্রভারের এক্ষেহার কি পরিত্যাগ করা সঙ্গত ? বৃদ্ধের সহিত একমত হইয়া তোমরাও বল "না, পরিত্যাগ করা কথাকই উচিত নহে।"

ভারা, কিসে যে কি হর বলা যার না। এদেশে বছ প্রাচীন কাল হইতে "শুদ্ধ নিশুদ্ধের" পালা যাত্রা হইরা আসিতেছে। কিন্তু ইহার ভিতর যে ভীষণ সিডিশনের বীন্দ প্রচ্ছর ছিল, তাহা কি তোমাদের সম্পাদকীয় তীক্ষ বৃদ্ধিতে বৃনিতে পারিয়া-ছিলে ? ময়মনসিংহের অলোক-সামান্ত প্রতিভাশালী মহামহিমানিত ম্যাজিট্রেট মিঃ ব্ল্যাকউড সে দিন এই পৌরাণিক পালার ভিতর প্রশিক্ষপ্ অনুবীক্ষণের সাহায্যে সিডিশনের বীকান্থ দেখি পাইয়াছেন। অতঃপ্র, ষাত্রার রামারণ মহাভারতের যুক্ত বিশ্রহণ পূর্ণ পালা তু দ্রের কথা, আদিরসপ্রধান বিভাস্কলরের পালাও হইবে কি না সন্দেহ। কারণ, অন্তসন্ধান করিলে বিভাস্কলরের গানেও সিডিশন পাওরা যাইতে পারে। মনে কর, স্বলর গান গারিলেন—"ঐ পোহাল, রূপসী, নিশি।" এই নিশি প্রভাত অর্থে যে ভারতের হঃখানিশি প্রভাত নহে অর্থাৎ ভারতবর্ষকে বিদেশীর অধীনতা পাশ হইতে ছিল্ল কর্মানহে, তাহা ভোমরা কি শপথ করিয়া বলিতে পার? কিছু দিন পূর্বের আধ্যাত্মিক ব্যাথ্যার জালার এ দেশের পৌরাণিক ও ঐতিহাসিক নাম্মক নাম্মকাদিগের অভিত লোপ হইবার উপক্রম হইলাছিল; এইবার সিডিশনের কল্যানে যাত্রা, থিয়েটার, সঙ্গ, তামা্সা সমস্ত বন্ধ হইবে।

কিসে যে কি হর, তাহার আর একটা দৃষ্টান্ত দেখ। পঞ্জাবের নাউসেরা নামক স্থানে ক্লার্ক নামক একজন খেতাঙ্গ সৈনিক-পুরুষ বাস করেন। এই বীরবর দয়! করিয়া আবছয়া নামক একটা দর্জ্জির নিকট হইতে ছাওনোট লিখিয়া দিয়া কিছু টাকা কর্জ্জ করিতে বাধ্য হইয়াছিলেন। ইহাতেই হতভাগা দর্জ্জির আপ্যায়িত হওয়া উচিত ছিল। কিন্তু তাহার শ্বন্থতা এতই অধিক য়ে, সে এক খানা পোষ্টকার্ডে বীরবরের নিকট টাকার তাগাদা করিল। ভোমরাই বল দেখি, এরূপ অবজ্ঞা কে সহু করিতে পারে ? ক্লার্ক বাহাত্রর ঐ পোষ্টকার্ড পাইয়াই একেবারে ম্যাজিট্রেটের শরণাপন হইলেন। আর যার কোখা? ম্যাজিট্রেটের আদেশে দর্জ্জির

হাতে হাতকড়ি দিয়া ভাহাকে আদালতে হাজির করা হইল।

ম্যাজিট্রেট বাহাত্বর বলিলেন, "হয় বল যে এই টাকার কথা মিথা।

নতুবা ভোমাকে ফৌজ্বদারি সোপর্দ করিব।" দক্ষি বেচারার

অনেক কষ্টের টাকা, সে, এক কথায় ঐ টাকার কথা উড়াইয়া

দিতে পারিল না, বরং বাটী হইতে বীরবরের হাওনোট আনিয়া

দাথিল করিল। মাজিট্রেট দেখিলেন যে হাওনোটটা মিথ্যা নহে,

তাহাতে ক্লার্ক সাহেবের এহস্তের জক্ষর বিরাজমান। তথন

তিনি সেই টাকার কথার আর কোন উচ্চবাচ্য না করিয়া দক্ষিকে

পেনাল কোডের ৫০০ ধারায় ফোলয়া অর্থাৎ তাহাকে মানহানির

অপরাধে অভিযুক্ত করিয়া সরকারী উকিলকে মোকদমা চালা
ইতে আদেশ করিলেন। দক্ষিও ব্রিল যে "বাঘে ছুলৈ আঠার

মা"। সে বৃটিশ সিংহকে ঘাঁটাইয়াছে, স্কেরাং ভাহার অদৃষ্টে

অনেক ছঃথ আছে।

অবশেষে দক্ষি সর্বস্থ পণ করিয়া লাহোর চিফকোটে আপিল করিল। বেচারার কপাল ভাল, সে সকল দার ইইতে নিঙ্গতি পাইল। কিন্তু চিফকোটের মাননীয় বিচারপতি মিঃ রবাটসন এটা বিবেচনা করিলেন না যে, তাঁহার বিচারে বৃটিশ সিংহের প্রেষ্টিজের কত ক্ষতি হইল। প্রথমতঃ একজন খেতাঙ্গকে টাকা ধার দিয়া পরে তাঁহার নিকট সেই টাকার তাগাদা করাই যে কত পাপ, তাহা স্থলবৃদ্ধি বিচারপতি বোধ হয় ধারণাই করিতে পারেন নাই। তাহার উপর পোইকার্ড লিখিয়া তাগাদা

করাও যা আর হাটের মাঝে হাঁড়ি ভাঙ্গিরা ভদ্রলোককে অবজ্ঞান্ত করাও যে তাই, বিচারক এটাও একবার বিবেচনা করিলেন না ! সর্ব্বোপরি, ক্লার্ক সাহেব আপনার মানহানির কোন লক্ষণ ব্ঝিতে না পারিলেও স্বরং ম্যাজিষ্ট্রেট যথন ক্লার্ক সাহেবের মানরক্ষার অন্ত দর্জির বিরুদ্ধে মানহানির অভিযোগ আনমন করিলেন, তথন কি চিফকোর্টের এ বিষয়ে হস্তক্ষেপ করা ভাল হইরাছে ? কোন কোন ম্যাজিষ্ট্রেট এবং প্র্লিশ কর্মচারী যে কত গভীর চিস্তার পরে এ দেশে ইংরাজের প্রেষ্টিজ রক্ষা করেন, হাইকোর্টের বিচারপতিরা যদি। তাহা ব্রিক্তে পারিতেন, তাহা হইলে আর ভাবনা কি ? যাহাতে হাইকোর্ট প্রশিচালানি মামলার হস্তক্ষেপ প্র্রুক গ্রন্থতা প্রকাশ করিতে মা পারে, তাহার কোন ব্যবস্থা হর না কি ? ইতি—

৮ই অগ্রহারণ সোমবার ১৩১৫।

(28)

সম্পাদক ভারা.

এক দিন ভীষণ ভবার্ণবের তরক্ষমালার মধ্যে পতিত হইয়া সাধক ভীতচিত্তে গারিয়াছিলেন,—

"মারা খোরে মোহ তুফান ক্রমে বাড়েগো শঙ্করী" আর আৰু দেশের চতুর্দিকে অশাস্তির মেঘ খনাইরা আদিতেছে দেখিরা আমারও মনে হইতেছে "ক্রমে বাড়ে গো শঙ্করী"। ঐ মসিক্রঞ্চ মেলের অন্তর্গালে যে কি বজ্ঞ লুকারিত রহিয়াছে, তাহাত বুনিতে পারিতেছি না। তাই সামান্ত শব্দে চকিত ও ত্রস্ত হইয়া উঠিতেছি । মনে হইতেছে ঐ বুঝি সমস্ত জগৎব্রহ্মাও প্রকম্পিত করিয়া, চক্রবাল উদ্ভাগিত করিয়া ভীষণ অশনিপাত হইল। এইরপ ভরে ভরে আর কত কাল কাটাইব ? বিপদ অপেক্ষা বিপদের আগমন সন্তাবনটিই অধিক ভরঙ্কর ।

সে। বৎসর বোষারে প্রেগের প্রথম আবির্ভাব হইল, তথন কলিকাভার প্রেগ আসে নাই, কিন্তু "ঐ প্রেগ আসিতেছে," এই শব্দে প্রত্যহ শীরের এক ছটাক করিয়া ্শোণিত জল হইরা যাইত। তাহার পর সত্য সত্যই কলিকাভার প্রেগ আসিল,প্রতাহ শত শত ব্যক্তিকে গ্রাস করিয়া প্রেগ নরভুক রাক্ষসের ন্তার নগর হইতে নগরান্তরে নৃত্য করিয়া বেড়াইতে লাগিল। কিন্তু সে সময় আমাদের আর ততটা ভর ছিল না। প্রেগগ্রন্ত রোগীর সহিত এক বাটাতে বাস করিয়াছি, কোন ভর হয় নাই, সহিয়া গিরাছিল। কলিকাভার আবার এক নৃতন প্রেগ আসিবে, তোমরা বিগত করেক দিন ধরিয়া এই সংবাদ দিয়া কলিকাভানাসীকৈ অন্থির করিতেছ। কলিকাভার প্রত্যেক লোকের মুথে গৃথক পূথক জনরব শুনিতে পাওয়া ঘাইতেছে বটে, কিন্তু ভ্রমধ্যে যে কোনটাই সত্য নহে, এ কথা বলাই বাছল্য।

অসম্যে বড়লাট বাহাহর কলিকাতার আসিলেন, অসময়ে মন্ত্রণাসভার গুপ্ত অধিবেশন হইল, একটা কিছু হে বৈ তাহা স্থির হইয়া গেল। কিন্তু সেই একটা কিছু যে কি, তাহা কেইই বলিতে পারিতেছে না। কেই বলিতেছে বে, বে দিন ইইতে ঐ একটা কিছু কার্য্যে পরিণত ইইবে, সেই দিন ইইতে, শ্বেত-পত্নীতে ক্ষাঙ্গের প্রবেশ নিষিদ্ধ ইইবে। কৈই বলিতেছে যে, না, অস্তরূপ ব্যবস্থা ইইবে, বেলা আটটা ইইছে তিনটা পর্যান্ত আফিবের কান্ধ কর্ম্ম ইইবে। তিনটার সময় ক্রমন্ত আফিব বন্ধ ইইবে, বেলা পারিবে না। যদি পদার্পদ করে আইন ইইলে, সেই ইতভাগ্যকে একবারে আগুনানে রপ্তানির ব্যব্দা ইইবে। এই রূপ অনেকের মুখেই অনেকণপ্রকার কথা শুনিতেছি। কিন্তু সত্য বলিতে কি, আমি ইহার কোনটাই বিশাস করি না।

ভারা, তোমরা সংবাদপত্তের সম্পাদক, নিজের আফিষে বিসিরা ত্রিভ্বনের সংবাদ সংগ্রহ কর; কিন্তু গড়ের মাঠের উপর বড়লাটের প্রাসাদে সে দিন বড়কর্তা ছোটকর্ত্তা প্রভৃতি মিলিয়া কি পরামর্শ করিলেন, তাহার কোন সংবাদ পাইয়াছ কি ? এমন যে গবর্ণমেন্টের পোষ্যপুত্র "ইংলিশম্যান" "পাইওলীয়ার" তাঁহারাও ত কোন সংবাদ প্রকাশ করিতেছেন না। কি একটা হইতেছে, অপচ কেহই বলিতে পারিতেছে না যে, কি হইতেছে; এ বড় ভ্রানক কথা। হরি ভারা একবার ধ আইনের অপরাধ করিয়া

পূলিশের হাতে ধরা পড়ে। পরে ভারার মুখে শুনিরাছি যে,
পূলিশের হস্তে গ্রেপ্তার, প্রহার প্রাপ্তি, হাজতবাদ প্রভৃতি ব্যাপারে
শ্রীমান কিছুমাত্র বিচলিত হয় নাই; কিন্তু যথন ম্যাজিট্রেটের
এজলাদে ভারাকে কাঠগড়ায় দাঁড় করান হইল এবং ম্যাজিট্রেটর
গন্তীরস্বরে রায় পাঠ করিতে লাগিলেন, তখন ভারা মুর্চ্চিত
হইবার উপক্রম করিরাছিল। ম্যাজিট্রেটের শ্রীমুখ হইতে যে
কি রায় বাহির হইবে, তাহা জানিবার জন্ত প্রতীকা করাটাই
সর্ব্বাপেকা ভয়ানক। বড়লাটের মন্ত্রণা সভা হইতে যে রায়
বাহির হইবে, তাহা যত দিন আমাদের কর্ণগোচর না হইছেছে,
তত দিন স্থায়র হইতে পারিতেছি না।

দেখ ভারা, তোমরা ঐ এংমো-ই।গুরান কাগজগুলার মুথে জুজুর নাম শুনিরা ভীত হইও না। উহারা তোমাদিগকে যতই ভর দেখান না কেন, এটা দ্বির জানিও যে, বড়লাট আমাদের জন্প একটা প্রকাণ্ড অন্তার আইন করিবেন না। লাট সাহেবের বাটীর মন্ত্রণা সভার সে দিন যে বিষরেরই আলোচনা হউক না কেন, রফাঙ্গমেথ যজ্জের যে পরামর্শ হর নাই, ইহা দ্বির। তবে একটা ন্তন কিছু হইলে প্রথম প্রথম দিন কতক তাহা কেমন কেমন বাধ-বাধ মনে হর। ছই দিন পরে আবার তাহা বেশ সহিয়া যার। সতীলাহের নিবারণ হইতে সম্মতি-আইন, অন্ত-আইন হইতে মুদ্রাযন্ত্র-বিধান সমস্তই এইরপ। কিছু চিন্তা করিও না, বড়লাট যে ব্যবস্থাই করুন না কেন, ছই দিন পরে সমস্তই

আমাদের সহিয়া যাইবে। রজের কথা অগ্রাহ্ম করিও না, আসল আইনের ভয়ে ভীত হইও না, রাজা ও প্রজার কল্যাণকর কাজ করিনা যাও, পরিণাম শুভ হইবে। ইতি

১৫ই অগ্রহায়ণ সোমবার ১৩১৫।



সম্পাদক ভাষা,

পাণ্ণরোগগ্রস্ত ব্যক্তি ষেরপ শ্রেত পদার্থ মাত্রই হরিন্রাভ দেখে, এংগ্রো-ইণ্ডিয়ান সম্প্রদার ষেরপ প্রত্যেক শব্দকেই বোমার শব্দ বলিয়া মনে করে, তোমরাও দেখিতেছি সেইরপ রাজপুরুষগণের প্রত্যেক কার্য্যে অবজ্ঞার স্বস্পান্ন উদাহরণ দেখিতে পাইতেছ। তোমাদের পক্ষে একটু সংধ্য অবলম্বন করা ভাল; সংবাদপত্র-পরিচালকগণ এত অসহিষ্ণু হইলে চলিবে কেন? রাজপুরুষেরা যে সব কাজ করেন, তাহার উভয় দিক বেশ করিয়া বিবেচনাপূর্ব্বক অভিমত প্রকাশ করিও।

ক্ষেন এত কথা বলিতেছি জান ? তোমাদের , পূর্ব্ববেলর একজন সহযোগী বলিতেছেন যে, ঢাকার ছোটলাটের বাটীতে তিন জন বিশেষ শিক্ষিত ও সম্ভ্রাস্ত লোক দাররক্ষক গুর্থার হস্তে নিগৃহীত হইরাছেন। নিগৃহীত ব্যক্তিঅবের মধ্যে এক জন আবার বিলেত-ফেরং আই, সি, এস, অর্থাং সিবিলিরান। এই সংবাদ প্রবণ করিরা অনেক সম্পাদকই সহিষ্ণুতার সীমা উল্লেখন করিতে অগ্রাসর হইরাছেন। কিন্তু একটু তলাইরা বুঝ দেখি, ইহাতে অগ্রার কি হইরাছে? সে কালে রাজস্ম যজ্ঞ হইত, সমাটের বারে কত নরপতি বেত্রাঘাতে জর্জারিত হইতেন। এবারে দিয়ীর রাজস্ম যজ্ঞের সময় কোন রাজা রাজ্ঞা এই রূপ নিগৃহীত হইরাছিলেন বলিয়া শুনি নাই। সে নিগ্রহটা এত দিন ভোলা ছিল, এখন না হর কিন্তিবন্দী হিসাবে প্রকাশ পাইতেছে। ইহাতে ত গ্রাপিত হইবার কোন কারণ নাই।

আমি বরং এই ব্যাপারে নিগৃহীত বাঙ্গালীত্ররেরই দোষ দেখিতেছি। তাঁহারা হিন্দুর সন্তান হইরা চাণক্যের উপদেশ সঞ্জাহ্ম করিলেন কেন ? তাঁহারা যথন দেখিলেন যে রাঙ্গবারে এক জন প্রহরী দণ্ডারমান, তথন তাহাকে বান্ধব বলিয়া আলিঙ্গন করিলেন না কেন ? শুর্থাই বল আর পিউনিটিব প্র্লিশই বল, উহারা অধিকাংশ স্থলেই আমানের বন্ধু বলিয়াই পরিচয় দেয়, কিন্তু অদৃষ্ঠদোবে আমরা উহাদিগকে চিনিতে পারি না। রাজ্পবারেত উহারা আছেই, তব্যতীত শ্রশানেও উহাদের সঙ্গলাভ হয়। এমন প্রকৃত বন্ধুর হস্তে যদি একটু আধটু লাঞ্চনাভোগই হয়, তাহা হইলেও ছঃশ করিতে নাই।

একটা কথা উঠিয়াছে যে, বৃদ্ধ হুর্গাচরণ সাম্যাল নাকি পাগল হইয়াছেন। ছোটলাট বাহাছর বলিয়াছেন যে, আরও ছয় মাস কাল তাঁহাকে দেখিবার পর তাঁহার মুক্তি প্রাণান সম্বদ্ধে আলোচনা করা হইবে। এ কথাটার অর্থ আমি ভাল বুঝিছে পারিলাম না। ছয় মাস কাল ছুর্গাচরণকে দেখিতে হইবে। কিছ কি দেখিতে হইবে? তিনি বাস্ত্রবিক পাগল কি না, ইহাই ত দেখিতে হইবে? তাহার পর, যদি তিনি পাগল হইয়াই থাকেন, তাহা হইলে তাহাকে ছাড়িয়া দেওয়া হইবে; আর বদি তিনি পাগল না হইয়া থাকেন, তাহা হইলে মত দিন তিনি পাগল না হইবেন, তত দিন কি তাঁহাকে আটক করিয়া রাখা হইবে? ছোটলাটের যদি ইছাই উদ্দেশ্ত হয়, তাহা হইলে ব্যবস্থা মন্দ হয় নাই।

দেখ সম্পাদক ভাষা, আমার এক এক বার মনে হয়, তোমাদের এই এংগ্রো-ইণ্ডিয়ান সহযোগীদিগকে এক বার ছই এক সপ্তাহের স্বস্থ আবৃহোদেনের ন্তায় হারণ-অল-রসিদের পদে অভিষক্ত করিয়া দেখি বে, তাঁহারা কি করেন। বড়লাট বা ছোটলাটের পদে বসাইলে হইবেনা, কারণ লাট সাহেবগণ যথেচ্ছাচারী সম্রাট নহেন, স্বয়ং সপ্তম এডোওয়ার্ডও আপনার ইচ্ছামত কোন কার্য্য করিতে পারেন না। কিছু হারণ-অল-রসিদ হইলে আর কাহারও মুখাপেকী হইতে হয় না; তাঁহারা যাহা মনে করেন তাহাই করিতে পারেন। সেইজন্ত আমার

বড় ইচ্ছা হয় যে, "ইংলিশল্যান," "পাইওনীয়র" প্রভৃতিকে একবার ক্ষেক দিনের জন্ত ভারতবর্ষের যথেচ্ছোচারু সম্রাটের আসনে স্থাপন করি। তাহা হইলে কি হয় বল দেখি ?

আমি দিব্য চক্ষে দেখিতে পাইতেছি যে. ভোমাদের এগো-ইণ্ডিয়ান সহযোগী ভাষাদিগকে এক দিনের জন্ম ভারতের ব্রেজ্জাচারী সম্রাট করিয়া দিলে ভাঁচারাত সর্বাত্তা তাঁহাদের অস্তুনিহিত "বা্দ্র-প্রবৃত্তি" সমূহকে এক বার এই কালা আদমিরূপ .भयशादन ছां ज़िश्रा नित्तुन । त्शाना, श्वनि, त्यत्रंत्नि, जाशादत्रत्र আঘাতে কালা আদমীদিগকে ছিল্ল ভিল্ল, ক্ষত বিক্ষত করিরা বাাদ্রপ্রবৃত্তি কিঞ্চিং পরিশ্রান্ত হইলে সহযোগীরা গাহাদিগকে পি**ঞ্জরে পুরিয়া মান**ব **প্রবৃত্তির ব্যবহারে** প্রবৃত্ত बहेदवन। এই मानव श्रवुद्धित मादारमा औराता Crimes Act. Vernacular Press Act, এবং কুঞ্চাঙ্গগণের উপর Martial Law জারি করিয়া ইচ্ছাটা মিটাইয়া লইবেন। ইহার পর ছোটখাট law ও bye-law প্রভৃতিত আছেই। এই সকল বিধান উপবিধান অনুসারে সাধের কলিকাতা হইতে ক্লফাঙ্গ নিৰ্বাসন, ত্ৰিশ টাকার অধিক বেতনের সকল কাৰ্য্যেই ফিরিঙ্গী নিয়োগ এবং ট্রাম ও বেলগ্রাড়ীতে মনের সাধে কৃষ্ণাঙ্গ নিগ্রহ করিয়া এ**ই ভারতবর্ষকেই দক্ষিণ আফ্রিকায় পরিণত করিবেন**। আহা! সে স্থাপের দিন কি আসিবে ?

তোমরা শ্রীমান নর্টন বাবাজীবনকে কেবল ব্যারিপ্টার বলিয়াই জান, কিন্তু তিনি কেবল ব্যারিপ্টার নহেন, তিনি এক জন মহামহোপাধ্যায় কুলাচার্য্য। সে দিন তিনি দায়রায় এজলাসে সপ্রমাণ করিয়াছেন যে পুলিশ কর্ম্মচারী মাত্রেই ভট্টাচার্য্য। তোমরা এত দিন এই তথ্য আবিষ্কার করিতে পারিয়াছিলে কি ? কলিকাতা পুলিশের বঞ্চকর্ত্তা শ্রীমান হালিজে হইতে মেদিনীপুরের মজহরল হক পর্য্যস্ত যে সকলেই ভট্টাচার্য্য, এই কথা তোমরা কয় জন জানিতে? কলিকাতায় ভট্টাচার্য্য, এই কথা তোমরা কয় জন জানিতে? কলিকাতায় ভট্টাচার্য্য, বিললে অতঃপর লালবাজায় ব্রেতে হইবে, এ কথা ভূলিও না। পুলিশ কর্মচারীদিগের নাম লিখিবার সময় মিং হালিজে জট্টাচার্য্য, মিং মেরিম্যান ভট্টাচার্য্য মিং ফ্রিজোনী ভট্টাচার্য্য, মৌলবীয় মজহরল হক ভট্টাচার্য্য এই রূপ লিখিতে হইবে। পুলিশ কর্মচারীদিগের নামে ভট্টাচার্য্য যোগ না করিলে চাই কি লাইবেলের অভিযোগও আসিতে পারে। তোমরা একটু সাবধান থাকিও।

২২শে অগ্রহারণ সোমবার ১৩১৫।

(88)

সম্পাদক ভায়া,

এত দিনে নিশ্চিম্ভ হওয়া গেল। জুজু আসিতেছে এই কথায় শিশুমাত্রেই যত ভীত হয়, কিন্তু প্রকৃত জুজু আসিলে অনেক শিশুই তত ভীত হয় না। একটা কি আইন হইবে শুনিয়া দেশের লোক ভয়ে অস্থিয় হইরাছিল, এখন আইন হইরা গেল, সকলে নিশ্চিম্ভ হইল। দেশে শাস্তি স্প্রতিষ্ঠিত হইল।

এই ন্তন আইন পাশ হইবার পর হইতেই দেশের জনসাধারণের অসম্ভোষ দ্র হইরাছে, সকলেই সস্তুষ্ট হইরাছে।
সকলের সস্তোষের প্রধান প্রমাণ এই যে, কোন স্থানে কোন রূপ
গোলযোগ নাই। বন্ধব্যবচ্ছেদের পর জন-সাধারণ গ্রামে গ্রামে
পল্লীতে পল্লীতে সভা করিয়া ব্যবচ্ছেদের প্রতিবাদ করিয়াছিল,
নানা প্রকারে অসস্ভোষ প্রচার করিয়াছিল। স্নতরাং তখন বেশ
ব্রিতে পারা গিয়াছিল যে, ব্যবচ্ছেদ ব্যাপারটা লোকের মনের মত
হয় নাই; অনেকেই ঐ ব্যাপারে বিরক্ত হইয়াছিল। কিন্তু এই
ন্তন আইন পাশ হওয়াতে কোথাও কণামাত্র বিরক্তির চিহ্ন নাই,
কাহারও মুখে একটা কথা নাই, সভা সমিতি করিয়া এই
আইনের প্রতিবাদ করিবার কল্পনাও কেহ করিতেছে না। এতএব,
এই এক মাত্র আইনে যে দেশের লোকে বিশেষ সম্ভষ্ট হইয়াছে,
ভাহাতে সন্দেহ করিবার কোন কারণ নাই।

রাজা অথবা রাজপুরুষগণ যে সকল বিধিব্যবস্থা প্রণয়ন করেন, তাহা প্রজার মঙ্গলেরই জন্ত, একথা বলাই বাছল্য। এই আইনও প্রজার মঙ্গলের জন্তই প্রচার করা হইরাছে। বিশেষতঃ এই নৃতন আইনে প্রজার ষেদ্ধপ প্রত্যক্ষ মঙ্গল সাধিত হইরাছে, অন্ত কোন আইনে সেরপ হইয়াছে কি না সন্দেহ।

যদি হিসাব করিয়া দেখ, তাহা হইলে বুঝিতে পারিবে যে,

ইহাতে প্রজার কিরূপ মঙ্গল সাধিত হইল। প্রথমতঃ
মোকদ্মার ব্যারের বিষয়টা বিবেচনা কর।

এত দিন এ রূপ মোকদমা করিতে হইলে প্রথম দক্ষর প্রিলের হাতে অমুসন্ধানের ভার পাঁড়িত। তাঁহার পর ম্যাক্তিট্রেটর নিকট বিচারের উন্বোধন, দাররার উহার পরিণতি এবং পরিশেযে হাইকোটে উহার পরিসমাপ্তি হইত। আমি চারি কথার বুঝাইরা দিলাম বটে কিন্তু বস্তুত: স্থানেক মোকদমার এই চারিটি অবস্থা অভীত হইতে চারিটি পুরা বৎরর কাটিরা যাইত। এই চারি স্থানে বাদী প্রভিবাদী উভর শক্ষকেই মথেষ্ঠ অর্থের এটি করিয়া উকিল ব্যারিষ্ঠার দিতে হইত এবং অবশেষে কোন আসামী পিতৃপুনো হাইকোট হইতে মুক্তিলাভ করিলেও তাহার অদৃষ্টে মুদীর্ঘকাল হাজভবাস লাভ হইত।

কিন্ত বর্ত্তমান ব্যবস্থা কেমন স্থলার ও সরল হইরাছে দেখ দেখি। পুলিশ গিরা ষেমন ম্যাজিট্রেটকে সংবাদ দিবে, অমনি সঙ্গে সংক্ষেই আসামীর গ্রেপ্তার ও হাজত বাসের ব্যবস্থা হইবে। ম্যাজিট্রেটের নিকট কোন গোলষোগের সন্তাবনা নাই, উকিল ব্যারিপ্তারদিগের বাক্য ব্যর নাই। আসামী পক্ষের কোন বালাই নাই। এমন কি আসামীকে কন্ত করিরা ম্যাজিট্রেটের নিকট হাজির হইতেও হইবে না। সে বেশ মজা করিয়া রাজার মত হাজতে বিসরা থাকিবে অথচ মোকৃদ্মার অঙ্গপ্রত্যঙ্গের পরিণতি লাভে কণামাত্র ব্যায়াত ঘটবে না। তাহার পর একেবারে হাইকোটে বিচার; পুর্বের যাহার হাইকোটে আপিল করিবার ক্ষমতা থাকিত না, তাহাকে দায়রার জজের রায় শিরোধার্য্য করিতে হইত। কিন্তু এখন আর সে হাজামা নাই, আসামীর ক্ষমতা থাকুক আর নাই থাকুক, তাহার অদৃষ্টে হাইকোটের বিচার লাভ কেহই থগুন করিতে পারিবে না। ইহা কি সামান্ত প্রবিধা ?

এই ত গেল আর্থিক স্থবিধার কথা; ইহার উপর অন্তান্ত স্থবিধার কথাও ধর। এক একটা এজলানে স্থলীর্থকাল ধরিয়া মোকদ্দমা চলিবে আর আসামী বেচারাকে সেই সময়টা হাজতে বাস করিয়া "কি হয় কি হয়" ভাবিতে হইবে। এই ক্রিশন্থ রাজার ন্তায় শৃত্যে অবস্থানের অবস্থা অপেক্ষা, বাহা হয় একটা কিছু শীঘ্র শীঘ্র হইয়া গেলেই ভাল হয় না? তোমরা যাহাই বল না কেন, আমার মতে এ ভালই হইল। যদি ভোমরা নিরপেক্ষ হইয়া বিচার কর, তাহা হইলে তোমরাও বলিতে বাধ্য হইবে যে, এ ভালই হইরাছে।

তার পর সভাসমিতির কথা। সত্য কথা বলিতে কি, আমি ওগুলা আদে দেখিতে পারি না। সভাসমিতি করিয়া কিছু লাভ হয় বলিতে পার কি? লাভের মধ্যে আমি ত দেখিতে

হুকের

পাই যে, স্বর্দেশী সভার ধাঁরা বক্তা করেন, মফস্বলে তাঁহাদের অদৃষ্টে 'জামাই আদরে চর্বা, চোষ্য, লেহ, পের চতুর্বিষ আহারের বিশক্ষণ ব্যবস্থা হয়। ইহা ব্যতীত আর যে কাহার কি লাভ হর, তাহা ত খুঁজিয়া পাই না। স্বদেশী সভার বক্তারা হয় ত এই কথা শুনিয়া ব্রের প্রতি রোমক্ষায়িত লোচনে দৃষ্টিপাত করিবেন। করুন, তাহাতে বৃদ্ধের কিছু ক্ষতি বৃদ্ধি ইইবে না। সত্য কথার সর্ব্বি জ্য়।

বাইবেলে বলে "আদিতে বাক্য ছিলেন" অর্থাং কোন কার্য্য কৈরিতে হইলে তাহার আদিতে—প্রথমবিস্থান নানা প্রকার বাক্য ব্যর করিতে হয়। স্কতরাং সভা সমিতি প্রভৃতি বাক্যব্যরের কেক্সগুলি সকল কার্য্যের আদিতে প্রয়োজন। বাহারা শেষ পর্যান্ত বাক্যব্যরের জন্ত সভা সমিতি করিতে চাহেন, তাঁহাদের ধারা কন্মিন কালে কোনও কার্য্য সম্পন্ন হয় না। ইতোমরা যে দেশের উন্নতিকল্পে বদ্ধপরিকর হইয়াছ, তাহার প্রথমাবস্থা কি এখনও অতীত হয় নাই ? তোমরা ব্রিতে পার আর নাই পাই, রাজপুর্বেরা নিশ্চন তাহা ব্রিরাছেন এবং সেই জন্তাই তাঁহারা সভাসমিতি বন্ধ করিবার আরক্তা উপলব্ধি করিয়াছেন। তোমাদের মঙ্গল বা অমঙ্গল কিনে হয়, তাহা তোমাদের অপেক্ষা যে তাঁহারা অধিক ব্রেনা, এই নুতন আইনই তাহার অব্যর্থ প্রমাণ।

এই ছইটি আইনে তোমাদের বিশেষ ক্ষতি হইবার সন্থাবন!,
এ কথা আমি স্বীকার করি। মামলা মোকদমার কল্যাণে
ভোমাদের অর্থাং সংবাদপত্র ওয়ালাদিগের কাগজ পুরাইবার
ভাবনা ছিল না। সাক্ষীর এজেহার, ব্যারিষ্টারের জেরা, বিচারকের
রার এই সকল লইনা একরপে বেশ সময় কাটাইতেছিল।
সভাসমিতির বিবরণেও থবরের কাগজ অতি সহজে পূর্ণ হইবা
নাইত। স্থতরাং যদি মোকদমার পরিচালন কার্য্য সংক্ষিপ্ত হর
এবং সভাসমিতিগুলি বন্দ হইকা যার, তাহা হইলে ভোমাদের
পক্ষে বিলক্ষণ ভাবনার কথা বটে। যে বংসর দেশে ম্যালেরিয়।,
কলেরা বা অন্ত রোগের প্রাঞ্জীব কিছু অন্ত হয়, কুল বংসর
ভিকিংসক ও গঙ্গাপুত্রেরা ছর্জংসর বলিয়া মনে করে।

বাহা হউক, আইন ত হেইল, কিন্তু একটা কথার অর্থ আমি ব্রিতে পারি নাই। তোমরা সম্পাদকীর আসনে ব্যিলা অনেক কথার অনেক নিগৃত অর্থ আবিস্কার করিতে পার ব্লিরাই তোমাকেই জিজ্ঞাসা করিতেছি, এই কথাটার অর্থ আমার ব্রাইরা দিতে পার? বে দিন বড়লাটের মন্ত্রণা সভার নূতন আইন সম্বন্ধ আলোচনা হইবার সম্বন্ধ নৃত্ন ছোটলাট আর এডােরার্ড বেকার ব্লিরাছিলেন "এখন ত এই আইনের বিশেষ প্রারোজন ব্রিতে পারাই যাইতেছে; যদি ইহাতেও কার্য্যোজার না হর, তাহা হইলে ইহা অপেক্ষা আরও নৃত্নতর আইন করিতে হইবে।" "নৃত্ন আইনের" নৃত্নত্ব এই যে

র্জের

ইহাতে বিচার প্রণালী অত্যন্ত সংক্ষিপ্ত করা হইরাছে।
ম্যাজিট্রেট সঙ্গীন মোকদ্দমা অর্থাৎ রাজনীতিঘটিত মোকদ্দমা
দাররা সোপর্দ্ধ না করিয়া একেবারে হাইকোটে সোপর্দ্ধ
করিবেন।

নতন ছোটলাট বাহাত্ত্র, প্রয়োজন হইলে, ইহা অপেকাও নতনতর আইন, করিবেন বিশ্লাছেন। সেই নূতনতর ব্যবস্থাটা যে কিরূপ হইবে তাহা আমি বুঁঝিতে পারিতেছি না। তোমরা ব্রাইরা দিতে পার ? আমি ত একরপ অহুমান করিয়াছি। আমার বাদ হয়, ছোটলাট শাহাত্তরের ঐ কথার উদ্দেশ এই যে, যদি প্রয়েজন হয়, তাহা হইলে রাজনীতিক মোকদমার প্রথমে পুলিশ ও শেষে হাইকোটে হইপ্রান্তে হুইটা ব্যবস্থা না করিয়া মোটের উপর এক পক্ষের উপরই সমস্ত ভার অর্পণ করিবেন। অর্থাং পুলিশ আসামী ধরিয়া দিবে ও হাইকোটে তাহার বিচার হইবে, এরূপ ব্যবস্থা না রাখিয়া, হয় হাইকোটের ্বচারপতিরা আসামী গ্রেপ্তার ও তাহাদের অপরাধের বিচার করিবেন, নতুবা প্রিশ আসামী ধরিয়াই তাহাদের অপরাধের विठात कतिया एख निर्द । माजिए हुँहै, नामतात जज राहरकाह প্রভৃতির হাঙ্গামা আর থাকিবে না।, ছোটলাট বাহাছর যদি বুদ্ধের প্রামর্শ গ্রহণ করেন, তাহা হইলে আমার মতে এইরপ ব্যবস্থা করা ভাল যে, পুলিশ যাহাকে অপরাধী বলিয়া সন্দেহ করিবে, তাহাকে গ্রেপ্তার করিয়া একেবারে আন্দামানে

রপ্তানি করিতে পারিবে *। বিচার কালে রুথা অর্থবারের ও সমর নষ্ট করিবার কিছুমাত্র প্রবোজন নাই। আর এ ব্যবস্থাতেও বিশেষ নৃতনত্ব আছে।

যাহা হউক ভারা, হঃধিত হইও না; বড়লাট বাহাছর অভ্যাদিরা বলিরাছেন যে, "শাসন-সংস্নাররূপ মিষ্টার ভোজনের পর এই ন্তন আইনটা অনেকের পক্ষে তিক্ত লাগিতে পারে; সেইজ্যাতিকের ব্যবস্থাটা অথ্যে করা হইল।" এই ন্তন আইন যদি তোমাদের পক্ষে একান্ত তিক্ত বলিয়াই বোধ হয়, পরিণামে ম্লে তিক্তরস আর থাকিবে না। লর্ড মর্লির ভাণ্ডার হইতে রসনার ভৃত্তিকর স্থমিষ্ট লাড়, শীঘ্রই ভোমাদের পাতে পঞ্চিবে। তথন তোমরা, বঙ্গব্যবচ্ছেদ, মুদ্রাযন্ত্র বিধান এবং এই ন্তন আইন প্রভৃতি লইরা আনন্দে হই হস্ত ভূলিরা নৃত্য করিতে থাকিবে। মহাকবি শেক্সপীয়ার বলিয়া, গিয়াছেন, "All well that ends well" আমরাও চিরকাল শুনিয়া আসিতেছি "মধু-রেণ সমাপরেং"। এখন লর্ড মর্লির লাড্ড, দিল্লীকা লাড্ড,তে পরিণত না হইলেই মঙ্গল।

২৯শে অগ্রহারণ সোমবার ১৩১৫।

 ^{*} দশ বৎসর পূর্বের দূরদর্শী "শ্রীবৃদ্ধ" যে কথা বলিয়াছিলেন এথন তাহা দত্যে
পরিণত হয় নাই কি ? ভরেতরকা বিধানের দোহাই দিয়। বাহাদিগকে অয়ৢট করা

ইইয়াছে, তাহারাই শ্রীবৃদ্ধের ঐ ভবিব্যবাণার প্রমাণ দিতেছে (

(**PC**)

সম্পাদক ভারা.

গভাবারে বলিয়াছিলাম যে, লর্ড মর্লির শাসন-সংস্থার দিল্লীক লাজ্জন্তে পরিণত হয় কি না, তাহাই দ্রষ্টব্য । এখন দেখিতেছি নে, উহা দিল্লীকা, লাজ্জন্তে পরিণত হয় নাই । অর্থাৎ উহা পাইর আমাদিগকে "পস্তাইতে" হয় নাই, বয়ং উহাতে আনন্দিত হইবার বথেষ্ট কারণ আছছে । তোমরা ত অনেকবার ব্ছাম্লিকে গালি দিয়াছ, কিছ আমি তোমাদিগকে অনেক সন্ধ্র বিশেষ্টিংবে, তোমরা গালি দাও আর বাহাই কয়, বৢদ্ধের মন ভালা। বলব্যবজ্জেদ অথবা এয়প ছই একটা ব্যাপারে তিনি তোমাদের সন্তোম সাধন করিতে পারেন নাই বলিয়া যে তিনি কেল কার্য্যেই তোমাদিগকে অসম্ভষ্ট করিবেন, ভাহা কখনও হইতে পারে না। কিন্তু আমি নিশ্চিত বলিতে পারি বে, তোমরা জাঁহার প্রত্যেক আখাদবাণীকেই স্তোকবাক্য বলিয়া মনে করিয়াছিলে, কেমন না ?

এই শাসন-সংস্থারটা দেশের জননারকগণের মনে কিরূপ ভাবের সঞ্চার করিয়াছে, তাহা এখন সকলেই জানিতে পারিতেছেন। যখন স্থেরক্রনাথ, ভূপেক্সনাথ, সারদাচরণ প্রভৃতি দেশের অগ্রগণ্য ব্যক্তিবর্গ এই বিষয়ে নিজ নিজ অভিমত প্রকাশ করিতেছেন, তথন সামার মত, নগণ্য ব্লের অভিমত্ত প্রকাশ করা খুষ্টতামাত্র। তবে যে সকল ব্যাপার আমি ভাল ব্রিতে পারি না, সেগুলি ভোমাদের নিকট হইতে ব্রাইয়া লইতে চাই, এরূপ অবস্থার যদি আমার কোনরূপ অভিমত প্রকাশ পার, ভাহা হইলে, আশা করি, বৃদ্ধের অপরাধ লইবে না।

সকলেই বলিতেছেন যে, প্রাদেশিক ব্যবস্থাপক সভায়
সরকারি সদস্তের সংখ্যা হ্রাস করিয়া বে-সরকারী সদস্তের সংখ্যা
রিদ্ধি করা হইবে। বেলল েম্বার অফ কমার্স অর্থাং শ্বেতাল
বিণিক্সভা, শ্বেতাল কৃষকসভা বা প্রাণ্টার্স এসোসিরেশন প্রভৃতি
সভাসমিতি ব্যবস্থাপক সভার সদস্ত নির্মাচন করিবেন। বলা
বাহুলা যে, গ্রন্থিমন্ট এই সকল সদস্তকে বে-সরকারি সদস্ত বলিয়াই গণ্য করিবেন। কিন্তু প্রকৃত পক্ষে কি ইহাদিগকে বে-সরকারী সদস্ত বলিয়া দেশের লোক মনে করিতে পারিবে?
ইলানীং যেরূপ দাঁড়াইয়াছে, ভালতে দেখিতেছি যে, শ্বেতালদিগের সভাসমিতিগুলি সাধারণতঃ জন-সাধারণের ইচ্ছার বিরুদ্ধে গ্রন্থিমন্টের কার্য্যেরই সমর্থন করেন। এরূপ অবস্থায় সরকারী ও বে-সরকারী সদস্তের সংখ্যার অনুপাতটা জামার পক্ষে যেন

যাহা হউক, মোটের উপর এ "শাসন-সংস্কারে" যে অনেক ভাল জিনিষ আছে, তাহা ানি মুক্তকণ্ঠে স্বীকার করিব। দেশের নেতারাও একবাক্যে এই কথা বলিতেছেন। গবর্গনেণ্ট অথবা ভারত-সচিব ষধনই আমাদের অপ্রীতিকর কোন কার্য্য করিরাছেন, তথনই আমরা সংবাদপত্তে প্রবন্ধ লিথিরা সভাসমিতি করিরা রাজপুরুষগণের কার্য্যের প্রতিবাদ করিরাছি। এখন রাজপুরুষগণ আমাদের মঙ্গলকর একটা কার্য্য করিরাছেন, স্তরাং সভাসমিতি করিরা আমাদের রুতজ্ঞতা প্রকাশ করা কর্ত্তব্য নহে কি? গালি দিক্ষার সমর দল বাঁধিরা গালি দিব আর প্রশংসা করিবার সমর শরম্পরের দোহাই দিব, ইহা কি সঙ্গত ? আমি শত বার বলিব শ্রা"।

তোমরা যাহাই বল না কেন, একটা বিষরে আমি ত বিশেষ আনন্দ লাভ করিরাছি। "এডভিসারি কাউন্সিল" ও "কাউন্সিল অফ নোটেবল্স্" অর্থাৎ লক্ষীর বরপুত্রেরা মিলিত হইরা বড়লাটকে উপদেশ দিবে যে প্রস্তাব হইরাছিল, ভাহা যে মর্লি ভারা অগ্রাহ্ন করিয়াছেন, ইহাতে আমি বড়ই আনন্দিত হইরাছি। লক্ষীর বরপুত্রগণ যে দেশের কেহ নহেন, তাঁহারা সকলেই আপনার, এ কথা সকলেই এক বাক্যে স্বীকার করেন। যাঁহারা দেশেরও নহেন, দশেরও নহেন, তাঁহারা যে বড় লাটকে কি উপদেশ দিবেন, তাহা ত আমি ভাবিরাই স্থির করিতে পারি না। যাহা আমাদের ধারণারও অতীত, তাহা না হওয়াই ভাল।

এই শাসন-সংশ্বার সম্বন্ধে সংবাদপত্র সমূহও নিজ নিজ অভিমত ব্যক্ত করিতেছেন। ইংলিশম্যান ইহাকে "Extra-ordinary Concession" বা অসাধরণ অন্ধ্রাহ বলিয়া প্রকাশ করিরাছেন। আমি জিজ্ঞাসা করি, এই শাসন-সংশ্বারটা অন্ধ্রাহ হইরাছে কি নিগ্রহ হইরাছে, তাহা ভারতবাসী বিবেচনা করিবেন। ভারতের স্থায়ী ওভাগুভের সহিত যাহাদের কোন সম্বন্ধ নাই, তাহারা এ সম্বন্ধে অভিমত প্রকাশ করে কোন সাহসে ? ইলবার্ট বিলের সম্বন্ধে "ইংলিশম্যানের" উক্তি মনে পড়েকি ? সেই ইংলিশম্যানের আবার এই এক ন্তন মূর্ত্তি দেখিতেছি। তোমাদের সহযোগীটি কি বছরপী ?

এই শাসন-সংস্কারকে আমি গবর্গমেন্টের অন্থাহ বলিরা দ্বীকার করি। কিন্তু ইহা যে অসাধারণ অন্থাহ, তাহা আমার মনে হর না। তবে ইহাকে "বহনারস্তে লঘুক্রিরা" না বলিরা লঘু আরস্তে বছক্রিয়া বলিলে বোধ হর সাজে। আরস্তটা অতি লঘু হইরাছে সত্যা, কিন্তু পরে ইহা হইতেই বছ ফলের উংপত্তি হইবার সন্তাবনা। আমার বোধ হর ইহাকে fair beginning বলিলেই ভাল হর। আরস্তে হাহাই হউক, পরিণামে মঙ্গল হইলেই মঙ্গল।

একটা কথা আমি ব্ৰিতে পারিলাম না। শ্রীমান মলি ভাষা বলিয়াছেন বে লর্ড মিন্টো বড়লাটের ব্যবস্থাপক সভার সরকারী ও বে-সরকারী সদস্তের সংখ্যা সমান করিবার প্রস্তাব করিয়াছিলেন, কিন্তু মর্লি সে প্রস্তাব গ্রহণ না করির। বড় লাটের সভার সরকারী সদস্তের সংখ্যাই অধিক রারিরাছেন। বড়লাট স্বরং যথন নিজের সভার উভর দলের সদস্ত সংখ্যা সমান রাখিতে চাহিরাছিলেন, তখন ভারত-সচিব তাহাতে কেন আপত্তি করিলেন বলিতে পার ?

কথার বলে "নাই মামার চেয়ে কাণা মামা ভাল।" কিছু
ছিল না এখন কিছু হইরাছে। স্বত্রাং যাহা হইরাছে তাহাই
ভাল। ব্যারিষ্টার চৌধুরী সাহেব যথার্থই বলিরাছেন যে,
আমানের উন্নতির পথে এত দিন যে কণ্টক বিদ্ম স্বরূপ ছিল, এখন
ভাহা অপস্ত হইল। আমরা বাল্যকাল হইতে এইরূপ সংস্কারের
কথা শুনিরা আসিভেছি, কিন্তু এত দিন পরে, এই বৃদ্ধ বরুরে
শাসন-সংস্কারের প্রস্তাবকে কার্য্যে পরিণত হইতে দেখিব বলিয়া
আশা করিতেছি। ভায়া, যখন লোকের উন্নতি হইতে আরম্ভ
হয়, তখন উন্নতির স্রোভ অপ্রতিহত প্রভাবে প্রবাহিত হইতে
থাকে। অবনতির স্রোভ সম্বন্ধেও এই নির্মা, এ দেশে যখন এক
বার বাধ ভাঙ্গিয়া সংস্কারের স্রোভ প্রবাহিত হইতে আরম্ভ
হয়াছে, তখন দেখিবে, সংস্কারের পর সংস্কারের তরঙ্গে
ভোমাদিগকে হাব্ডুবু থাইতে হইবে। হায়, আমি কি ভাহা
দেখিতে পাইব ?

ভারা, দে দিন মিত্র মহাশর * হাইকোর্টের চাকরী হইতে অবসর গ্রহণ করিলে, উকিল বাারিপ্তার মিলিত হইরা তাঁহাকে এক বিদায়-অভিনন্দন-পত্র প্রদান করিয়াছিলেন। ঐ অভিনন্দন পত্রের উত্তরে মিত্র মহাশ্য বলেন "কেহ কোন উচ্চপদ প্রাপ্ত হইলেই তাঁহার প্রশংসা করা কর্ত্তব্য নহে, তিনি সেই উচ্চ পদের কিরূপ সব্যবহার করেন, তাহা দেখিরা তাঁহার প্রশংসা বা নিন্দা করা কর্ত্তব্য।" কথাটা বড় সারবান। মর্লি ভারা যথন প্রথমে ভারত-সচিব হইলেন, তথন তোমরা আনন্দে অধীর হইয়াছিলে, ভাবিয়াছিলে তিনি আকাশের চাঁদ পাডিয়া তোমাদের হাতে দিবেন। ভার পর যথন তিনি তোমাদের সঙ্গত বা অসঙ্গত কোন প্রকার মাবদারেই কর্ণপাত করিলেন নাই, তথন আবাঁর তাঁহাকে গালি দিকে ক্রট কর নাই। কিন্তু এখন ত দেখিলে যে, মলি ভারা মোটের উপর লোক মন্দ নহেন ; ভবে সাবধান, ব্রদ্ধকে চটাইও না। আমরা বুদ্ধ লোক, একটুতেই চার্টিয়া উঠি। তবে মর্লি ভায়াকে বাহাহুর বলি যে, এই বোমার হাঙ্গামা প্রভৃতি ব্যাপারে তিনি আগ্রবিশ্বত না হইরা ভোমাদের মঙ্গলকর কার্য্যের অনুষ্ঠান করিয়াছেন। আর বাহাতর আমাদের বড়লাট ; তাঁহার যতই নিন্দা কর না কেন, তিনি যে আপনার ব্রেক্টাপক সভার সরকারী ও বে-সরকারী সদস্ভের সংখ্যা সমান রাখিতে চাহিরাছিলেন এজন্ত তাঁহার শত বার ধরবাদ কর; যদি ভাহা না কর তবে জানিব তোমরা নিতান্তই অক্নতজ্ঞ। ইতি ৬ই পোষ দোমবার ১৩১৫।

শ্রীবৃক্ত সারদাচরণ মিত্র মহাশয় হাইকোর্টের বিচারপতি ছিলেন।

(25)

সম্পাদক ভাষা,

এ বার বৃদ্ধের উপর বড় গুরুতর কার্য্যের ভার অর্পণ করা হইরাছে। তোমরা যাহাকে "মাক্রাক্রী মজলিস" বলিতেছ, স্থরেন্দ্র বারু যাহাকে মাক্রাক্র কংগ্রেস বলিতেছেন, সেই সভা সম্বদ্ধে বৃদ্ধের বক্তব্য জানিতে চাহিয়াছ। আমি মুক্তকণ্ঠে স্বীকার করিতেছি ধে, এই বৃদ্ধ বর্মেস আমি এই গুরুতর ভার বহনে অসমর্থ। কারণ, আমি যদি সজা কথা বলি, তাহা হইলে এক দল লোকে আমাকে দেশছাড়া করিবে। আর জানিয়া গুনিয়া মিধ্যা কথা বলিয়া এই বৃদ্ধ বর্মেস পরলোকের পথে কণ্টকারোপ করিবই কি করিয়া? তাই ভাবিতেছি এ বৃদ্ধের উপর সহসা এরপ গুরুতর ভার অর্পণ করিলে কেন?

বৃদ্ধ বন্ধসে অনেকের অনেকক্ষণ আবার সহা করিতে হন ।
সে দিন আমার একটি পৌত্র আবদার লইল "দাদা মহাশ্যের
সহিত সার্কাস দেখিতে যাইব।" এত ব্যাইলাম, এত ভুলাইলাম,
কিন্তু কিছুতেই কিছু হইল না। বালকের আবারের নিকট
সকল বৃদ্ধকেই পরাস্ত হইতে হয়। আমি ভানি, অনেক
বৃহক্ত বালকের আবারে আপনার জ্ঞান ও বিশাসের বিপরীত
কার্য্য করিতে কুঞ্জিত হয় না। আমাদের নরেক্স বধন পৈতা

ফেলিরা ব্রাহ্ম হইল, পুতুল বলিরা দেবপ্রতিমা ফেলিরা দিল, তথন তাহার পিতা মাতা কাঁদিরা আকুল হইলেন। আমরা নরেনকে কত বুঝাইলাম, সে কিছুতেই টলিল না। পৈতা ফেলিরা সন্ত্রীক বাটী হইতে বাহির হইরা গেল। নরেনের প্র তথন চর মাসের।

তান্ত বংশর পরে এক দিন আমি কোন কার্য্যোপলক্ষে
নরেনের বাদার গিরাছিলাম। নরেন আমাকে আদর করিরা
বৈঠকখানার বসাইয়া নানা প্রকার কথা বার্ত্তা কহিতে লাগিল।
এমন সময় তাহার পুত্র ভুলুবাবু একটা ইট ও করেকটা গালাফুল
আনিরা আপন মনে খেলা করিতে লাগিল। কিরৎকণ পরে
ভুলুবাবু নরেনকে বলিল "বাবা আমি ঠাকুর করেছি, ভূমি
নম কর।" নরেন তথান আমার সহিত কথাবার্তায় ময় ছিল,
পুত্রের বারংবার চীৎকারে বিরক্ত হইয়া এক বার কপালে হাজ
ভূলিয়া নময়ার করিয়া নিয়ভি পাইল, ভুলুবাবু আর তাহার
পিতাকে বিরক্ত করিল না। বিদায় লইবার সময় নরেনকে
আমি সহাজে বলিলাম, বাপু হে, আল ছেলের আন্তারে
ইটকে ঠাকুর বলিয়া নময়ার করিলে, যদি চারি বৎসর পূর্কে
বৃদ্ধ পিতা মাতার অনুরোধকে আবদার বলিয়া গ্রহণ করিতে
এবং তাঁহাদের আন্ধারে পৈতা রাথিয়া তাঁহাদের নিকট
থাকিতে, তাহা হইলে আন্ধ তাঁহাদের কতই আনন্দ হইত!"

সার্কাসের কথা বলিতেছিলাম—পৌত্রের আন্দারে গডের মাঠে বহুর সার্কাস দেখিতে গমন করিরাছিলাম। সন্ধ্যার পূর্বে একটু অহিফেন সেবন করি, রাত্রিতে হিম লাগিবার ভরে সে দিন অহিফেনের মাত্রা একটু াড়াইয়া দিলাম। এই মাত্রা বাহুল্যে বড় এক কৌতুককর রুপ দর্শন করিলাম। দাদাকে সঙ্গে লইয়া বদিয়া বদিয়া সার্কাস দেখিতেছি, এক জন লোক একটা স্থদীর্ঘ ক্যা হত্তে লইনা সার্কাসের মধান্তলে দণ্ডারমান হইয়। করেকটি অশ্ব চালিত করিতেছিলেন, আর সেই অশ্বগুলি ক্ষার শব্দে আপনাদের গতির পরিবর্তন করিতেছিল। বাবুর কমলাকান্তের স্থায় আঞ্চিও অহিফেন প্রসাদাৎ ঝিমাইতে ছিলাম, বিমাইতে বিমাইতে কোণ হইল, যেন সেই ক্ষাধারীর মুর্তিটা এক জন পার্শীর মত হঠল; আর অশ্বগুলার মুখ যেন কয়েকজন বড়ণোকের মুখের মত হইল। সহসা জাননেত্র উন্মীলিত হইল। দেখিলাম প্রকাণ্ড নার্কাস, ৩০ কোটী দর্শক বসিয়া ক্রীড়া দেখিতেছে আর তাহাদের মধ্যস্থলে সার ফিরোজ শা মেটা কথা হল্ডে দণ্ডারমান। ভারতের ভিন্ন ভিন্ন প্রদেশের করেকজন নেতা মেটা সাহেবের ক্যার ইঙ্গিতে পরিচালিত হইতেছেন। কয়েকজন লোক ৩।৪টা বংশদণ্ড সেই সকল নেতার সন্মুখে ধরিতেছে কিন্তু নেতারা তাহা গ্রাহ্থ না করিয়া উল্লেক্তনে পার হইয়া। যাইতেছেন। ঐ সকল ,বংশদণ্ডে "লোকমত" "ব্যাতীয় শিক্ষা" প্রভৃতি শব্দ লেথা রহিয়াছে।

আমি বিহবল হইয়া এই সার্কাস দেখিতেছিলাম, ।এমন সময় আমার দাদার আহ্বানে চমক হইল। দেখিলাম, কমানারীর ইঙ্গিতে অখণ্ডলা ধীরে ধীরে রঙ্গভূমি পরিত্যাগ করিয়া চলিয়া গেল, কমাধারী অবনত মস্তকে দর্শকগণকে নমস্বার করিয়া রঙ্গভূমি পরিত্যাগ করিয়াে এই সার্কাস দর্শন ব্যাপারকে তোময়া যথেছে টীকা টিপ্পনী সহ প্রকাশ করিতে পার। কিন্তু দোহাই তোমাদের, ইহার সহিত কংগ্রেমের ব্যাপারের কোন সম্বন্ধ আবিদ্ধারের চেষ্টা করিও না। আমি তোমাদের কংগ্রেসটা ভালরপ ব্লিতে পারি না। উহার সহিত আমার এপর্যাস্ত তেমন ঘনিষ্ঠতা হইল না। আমারই ত্রাগ্র

দেশ, তোমরা চিরকাল কংগ্রেসের সমর্থন করিয়া আ্রিমান্ত,
এনন কি ভোমরা "হিতবাদীকে" কংগ্রেসের কাগজ ধলিয়া
উল্লেখ করিতে গর্কা অন্তব কর। স্ক্তরাং কংগ্রেসের সপদের
তোমাদের সহিত কোন কথা বলিতে হইলে বড় সাবধান
হইতে হয়। এতদিন ধরিয়া ভারতের ভিন্ন ভিন্ন স্থানে কংগ্রেম
হইয়াছে, তাহার সহিত ভারতের মধ্যবিত্ত ও দরিদ্র অর্থাং সাড়ে
পনের আনা লোকের কোন সম্বন্ধ ছিল বলিয়া আনার বিশ্বাস
ছিল না। কিন্তু যে দিন কংগ্রেস মগুপে মহামতি নোরোজি
স্বদেশী দ্রব্য ব্যবহার ও জাতীয় শিক্ষার সমর্থক প্রস্তাবের
অন্তব্যাদন করিলেন, গেই দিন আমার শ্রম ঘূচিল; আমি ব্রিগতে

পারিলাম যে, কংগ্রেস প্রক্কুত পক্ষে জ্বন-সাধারণের কংগ্রেস।
এ বার তবে এমন হইল কেন ? এমন করিয়া জ্বন-সাধারণের
মত উপেক্ষিত হইল কেন ?

তোমাদের মুথেই শুনিতেছি এবারকার কংগ্রেসে, ও বিঞু,
নাল্রাজী মজলিসে স্বদেশী থাকিবে কিন্তু বরকট থাকিবে না,
বঙ্গীর জাতীরশিক্ষা পরিংদের সভাপতি ডাক্তার রাসবিহারী
ঘোষ থাকিবেন, কিন্তু জাতীর শিক্ষা থাকিবে না। আমি
বরকট ছাড়া স্বদেশী বরং কর্মনা করিতে পারি, কিন্তু জাতীর
শিক্ষা ছাড়া রাসবিহারী ঘোষের অন্তিম্ব করনা করিতে পারি না
আহা! দাগুরার স্মাজ বাঁচিয়া থাকিলে উপমা দিবার সমন্ত তাঁহার
কত স্ববিধা হইত।—

কানাই ছাড়া বৃন্দাবন কি যশোদা নন্দ ঘোষ। জাতীয় শিক্ষা ছাড়া তেমনি রাসবিহারী ঘোষ। এইরূপ কত কথাই শুনিতে পাইতাম।

সে দিন বেঙ্গলি পত্রে, মাজ্রাজী কংগেনের জন্ত নির্বাচিত প্রতিনিধিগণের তালিকার নিমে শ্রীযুক্ত ক্ষণকুমার মিত্রের নাম দেখিরা মনে মনে বড় আনন্দ হইল। শুনিয়াছিলাম যে, ক্ষণকুমার বাবুকে নাকি নির্বিগাসিত করা হইয়াছিল। আমি ভাবিলাম যে, কৃষণকুমার বাবু তাহা হইলে নিশ্চয়ই মুক্তি লাভ করিয়াছেন, নতুবা নির্বাসিত আবার নির্বাচিত হইবেন কিরপে?

তাহার পর শুনিলাম যে, মিত্র মহাশয় আগ্রা জর্মে বন্দী আছেন জানিয়াও কলিকান্তার লোকে তাঁহাকে মাল্রাঞ্ কংগ্রেদে প্রতিনিধিরতে পাঠাইতে বন্ধপরিকর হইয়াছেন। এ द्रव्य मन्त्र नरह। यनि व्यवस्त्र वाकित श्रीकिनिध निर्वािष्ठिक হওরার কোন আপত্তি না থাকে. তাহা হইলে লোকান্তরিত ব্যক্তিগণকে প্রতিনিধি নির্ম্বাচন করিতেই বা কি আপত্তি হইতে পারে ? মনে কর এবার মাক্রান্ধী কংগ্রেসে যদি আমরা ভরাণাতে, ভ**অবোধ্যানাথ, ভআনন্দচার্**, ভরমেশচক্র মিত্র, ত্তানন্মোহন বস্তু, তত্ত্বলিউ সি ব্যানাৰ্জ্জি, তমনমোহন বোষ প্রভতিকে প্রতিনিধি নির্বাচন করি, তাহা হইলে তোমরা ভাষাতে কোন আপত্তি করিতে পার না। "বেঙ্গলী" পত্রে ইহার আংশিক নঞ্জির আছে। আর এরপ নির্বাচনে একটা স্থবিধা আছে। যদি নির্বাসিত ও লোকান্তরিত ব্যক্তিগণকে কংগ্রেসের সদত্ত নির্বাচন করা যায়, ভাষা হইলে কংগ্রেসে কোনরূপ গোল্যোগ, মারামারি, পাত্রকানিকেপ, আসনভঞ্জন প্রভৃতি ব্যাপার হইবে না। স্বাধীন ও জীবিত লোকেরাই বড় অধিক গোলযোগ করে। নির্বাসিত ও লোকান্তরিত लारकत कररश्यम नीवरव ও निर्विदः मन्भन रहेरव ।

কংগ্রেস সম্বন্ধে কিছু বলিব না স্থির করিমাছিলাম, কিন্তু অনেক কথা বলিয়া ফেলিলাম। এ কথাগুলি খ্রীমান্ অহিকেন প্রসাদাং নহে, মনের হঃখে। এবার যাহা হইল ভাহার ভ

स्टबन्डा

চারা নাই, ভবে বৃদ্ধের 'একটি অহ্বেরাধ রক্ষা করিও, ভবিষ্যতে আর এরপ গুরুতর ভার আমার উপর চাপাইও না। স্বর্গীয় বিশারদ মহাশয় বিশারদ মহাশয় বিশারদ

অনেক নারী সতী আছে ধরা পড়েছে রাধা। অনেক জন্ত বোঝা বন্ধ ধরা পড়েছে গাধা।

কংগ্রেস সম্বন্ধে **অনেকেই অনেকর**প অভিমত ব্যক্ত করিতেছেন, কিন্ত তাঁহারা ধরা পড়িতেইনে না। যদি আমি এই অন্তিম-কালে ধরা পড়ি, তাহা হ**ইলে আর সজ্জা** রাখিবার স্থান থাকিবে না। দোহাই কারা, যাহাতে ধরা পড়িবার ভর আছে, এরপ কার্য্যে আর বৃদ্ধকে হন্তক্ষেপ করিতে। অনুরোধ করিও না। ইতি

১৩ই পৌষ সোমবার ১৩১৫।

(SO)

সম্পাদক ভায়া,

মাক্রাব্দের কংগ্রেস, অর্থাৎ তোমাদের ভাষার মাক্রান্দী মঙ্গলীস শেষ হইরা গেল। সংবাদপত্রে দেখিতেছি, সভাপতি রাসবিহারী বাবান্ধীবনের প্রতি অনেকেই কটাক্ষপাত করির্নাছেন। আমি ত এরূপ কটাক্ষপাতের কোন কারণ দেখিতে পাই না। গ্রহ বংসর পূর্ব্বে রাসবিহারী ঘোষ কলিকাতা কংগ্রেসে অভ্যর্থনা সমিতির সভাপতিরপে বিশিষ্টাছেলন যে, ব্যুক্ট জিনিষ্টা ভাল, আমরা কিছুতেই ব্যুক্ট ছাড়িব না। আর এ বারে মাল্রাজের কংগ্রেসে সভাপতি হইরা না হর বলিয়াছেন যে, ব্যুক্ট জিনিষ্টা বড় মন্দ, ওটাকে গলা টিপিয়া দূর করিয়া, দাও। এই মত পরিবর্ত্তনের জন্ত যদি তোমরা, অর্থাং সংবাদপত্র সম্পাদকের।, রাসবিহারী বাব্ব নিন্দা কর, তাহা হইলে আমি তোমাদের প্রশংসা করিতে পারি না।

দমরের পরিবর্ত্তনে, দেশ-কাল-পাত্রগত পরিবর্ত্তনে ও বরোর্ছির সহিত কাহার না মতের পরিবর্ত্তন হয় ? দয়া রত্নাকর ধৌবনে নরহত্যা করিয়াছিলেন বলিয়া কি তাঁহাকে রক্ষ বয়সে মহর্ষি বাল্মীকি হইতে নাই ? ৬বিজয়ক্ষ গোস্বামী যৌবনে আল ছিলেন বলিয়া কি রক্ষ বয়সে হিলু ধর্ম গ্রহণ করেন নাই ? তবে রাদবিহারী ঘোষ হই বংসর পূর্কে বয়কটের সমর্থন করিয়াছিলেন বলিয়া এখন অপেক্ষাকৃত রক্ষ বয়সে যে সেই মতেরই সমর্থন করিবেন, এরপ কিছু লেখাপড়া আছে কি ? তখন যাহা ভাল ব্রিয়াছিলেন তাহাই বলিয়াছিলেন, এখন যাহা ভাল ব্রিয়েতহেন তাহাই বলিতহেন; আবার হই বংসর পরে যাহা ভাল ব্রিকেতহেন তাহাই বলিবেন। একটা মত যে চিরকাল ধরিয়া থাকিতেই হইবে, এরপ কোন কথা আছে কি ? ছি: তোমরা এরপ রক্ষণশীল কেন ? কথার বলে জীবন যায়, মৃত্যু আসে ও মত বদলার। ইহাই ত স্বাভাবিক নিয়ম।

হ্রজের

মত পরিবর্ত্তন যদি নিন্দ্রনীয় হয়, তাহা হইলে তোমরা লর্ড মালিকে গালি দাও কেন ? ভারত-সচিব হইয়াই তিনি বঙ্গ-ব্যবচ্ছেদ সম্বন্ধে যে অভিমন্ত ব্যক্ত করিয়াছিলেন, এখনও সেই অভিমতই ব্যক্ত করিতেছেন, অথচ সেজ্বন্ত তোমরা তাঁহার নিন্দা করিতে ছাড় না। কথাটা **এই যে. যে ম**ত তোমাদের অভিমতের भगर्थक তाहात পরিব**র্গুনই তোমরা নিন্দনী**র **বলি**রা মনে কর, কেমন, না ? আছে৷ এটা কৈ তোমাদের অক্তার আদার নহে ? লোকের অবস্থার পরিব**র্জন হটলেই মনের পরিবর্তন** হয়। যখন রাস্বিহারী বাবাজীবন কলিকাতা কংগ্রেসের অভার্থনা স্মিতির সভাপতি হইরাচিট্রলন, তথন তাঁহার একরপ অবস্থা ছিল, এখন তাঁহার কি কে অবস্থা আছে ? এখন তিনি সমগ্র ভারতের, জাতীর মধাসমিটির সভাপতি, অর্থাৎ যদি ভারতবর্ষে ফ্রান্স কিংবা আমেরিকার মত সাধারণতন্ত্র-মূলক শাসনপ্রণালী প্রবর্ত্তিত থাকিত, তাহা হ**ইলে মসি**রে ফালিরেরে অথবা মিঃ টাফ টের সহিত ভাক্তার খোষকে এক পঙ্ক্তিতে স্থান দিতাম। এই। মহাগৌরব-জনক পদে উন্নীত হইয়া যদি ডাক্তার আপনার পুর্ম মতের কিছু পরিবর্ত্তন করিয়াই থাকেন, তাহা হইলে সেটা তাঁহার দোষ, নহে। তোমাদের সহিত মতের মিল হইস না বলিয়া তোমরা নিজ অদৃষ্টের উপর দোষারোপ করিয়া নিশ্চিন্ত হইয়া বাসয়া থাক।

মাল্রান্ধের কংগ্রেসকে তোমরা জাতীর নহাসমিতি বলিতে সমত হও নাই। তোমাদের এই অসক্ষতির কোন কারণ ত আমি গুজিরা পাই না। জাতীর অর্থাং ন্যাশানাল হইলেই যে তাহাতে দেশগুদ্ধ লোকের প্রবেশাধিকার থাকিবে এরূপ কোন কথা নাই। এই যে "ন্যাশানাল দোপ দ্যান্তরি"—মর্থাৎ জাতীর সাবানের কারথানা আছে, ইহাতে কি তোমার আমার কোন অধিকার আছে? সাবানের কারথানার পূর্বের "জাতীর" শব্দ ব্যবহার করা হইরাছে বলিরাই কি উহা সমগ্র তারতবাসী বা বঙ্গবাসীর সম্পত্তি? সেইরূপ এবারকার নাল্রাছের কংগ্রেসও জাতীর মহাসভা। উহাতে চরমপল্পীদিগের প্রবেশাধিকার না থাকিলেও উহার "জাতীর" হইবার পক্ষেও কোন বিদ্ধ দেখিতেছিনা। তুমিও পাঁচঙ্কন বন্ধুবান্ধবকে লইরা এক দিন আমাদ প্রমোদ কর এবং উহাকে "জাতীর বন্ধু স্থিলনাই" বলিরা অভিহিত কর, কেই আপত্তি করিবেনা।

মাক্রান্তের কংগ্রেস বে জাতীর মহা-সভা, আমি তাহাতে কোন সন্দেহ করি না। তবে একটা গোল হইরাছে—উহার ব্যানিদ্ধা-রণে। এই অধিবেশনকে পুরাতন বলিব কি ন্তন বলিব, তাহা ভাবিয়া স্থির করিতে পারিতেছি না। আমার মত অনেকেই ইহার ব্যস নির্দ্ধারণ করিতে গিরা গোল্যোগে পড়িয়াছেন। প্ররাগের "পাইগুনীয়ার" এই মাক্রান্তী মন্ত্রলিসের বর্ণনা করিতে গিরা আমারট মত বিষম শুমপ্রার পড়িরাছেন। প্ররাগী ভারা বলিরাছেন:—
"The 24th Session of the Indian National Congress or more properly speaking the first session of the new Constitutional Congress'" অর্থাৎ ভারতবর্ষের জাতীর মহা-সমিতির চতুর্বিংশ অন্ধিরেশন, অথবা প্রকৃত প্রস্তাবে নৃতন নিরমান্থনারে গঠিত প্রথম মহান্সমিতি।

তবে ইতিহাদে এরপ বিশ্বাটের ছই একটা উদাহরণ পাওরা বার। কটলভের রাজা ষষ্ঠ ক্ষেম্স ইংলভের প্রথম জেমস হইরাছিলেন। সেইরপ মহাসমিত্তি কোন কোন ব্যক্তির মতে চতুর্বিংশ আবার কাহার মতে প্রথম। তা এই অধিবেশন চতুর্বিংশই হউক আর প্রথমই হউক, ইহাতে একটা নৃতনত্ব আছে। মনে আছে, যে সমর সার হেনরি কটন কংগ্রেসের সভাপতি রূপে বড়লাই লর্ড কর্জনের সহিত সাক্ষাং করিবার স্বস্তু কলিকাতার আসিরাছিলেন, সেই সমর লর্ভ কর্জন তাহাকে কি বলিয়াছিলেন ? লর্ভ কর্জন বলিয়াছিলেন, যে তিনি সার হেনরি কটনকে মহাসমিতির সভাপতি রূপে অভ্যার্থিত করিতে পারিবেন না, ভারতের ভূতপূর্ব্ব রাজপ্রুম, অথবা পার্লামেন্টের কমক্য মহাসভার সদস্তরূপে অভ্যার্থিত করিতে পারেন। আর এবারে কি দেখিলে? বোস্বাহের লাট বাহাছের কংগ্রেসের "রুঞ্চ বিষ্ণুর" কাহাকেও বা খানা খাওয়াইয়া, কাহাকেও বা চা চুরুট দিয়া আপ্যারিত করিরছেন। ইহার পরও তোমরা যদি কংগ্রেসে

বরকট সম্বন্ধে আলোচনা দেখিবার প্রত্যাশা কর, তাহা হইলে আমি ভোমাদের বৃদ্ধির প্রশংসা করিতে পারি না।

শুনিয়াচিলাম যে বঙ্গদেশ হইতে এবার যাঁহার। মালাজে গমন क्रिवाहित्नन, छाँरात्मव मरश अपनर्क्ट नाकि विनवाहित्नन (य. মালাজী কংগ্রেসে যাহাতে বয়কট ও জাতীয় শিক্ষা বিষয়ক প্রস্তাব গুইটা পরিগৃহীত হয়, দেইজন্ম তাঁহারা প্রাণপণে বাগ্যুদ্ধ করিবার জন্ত মাল্রাজে গমন কর্ত্তব্য বলিয়া মনে করেন। এখন এই বুদ্ধ স্বিনয়ে কি তাঁহাদিগকে জিজ্ঞাসা করিতে পারে যে, সেই ভীষণ যুদ্ধের পরিণাম কি হইরাছে ? কোন পক্ষ সেই সমরে স্কর্লাভ করিয়াতেন ? যাঁহার। পরান্ধিত হইয়াছেন, তাঁহাদের লজ্জিত হই-বার কোন কারণ নাই। একটু বৃদ্ধি খরচ করিলে এই পরাজয় বার্ত্তা অনারাসে গোপন বা রূপাস্তরে প্রকাশ করিয়া কলফ গোপন করিতে পারেন। বুয়ার সমরে যে দিন ইংরাজের পরাজয় হইবাছে, সেই দিন বয়টার সংবাদ দিয়াছেন "Reverse" যে দিন ইংরাজ দেনা প্লায়ন করিয়াছে সেইদিন লিথিয়াছেন "Glorious Retreat"। পরাজয় বা পলায়ন শব্দ রয়টার একদিনও ব্যবহার করেন নাই। মাল্রাজের মহাসমরে বাঁহারা পরাজিত হইগাছেন, তাঁহারাও বলুন "Gloriously defeated" আমরা ছেলে বেলায় কোন কার্য্যে অসমর্থ হইলে উচ্চৈঃম্বরে চীৎকার করিয়া বলিভাম "হেরে গেলাম হও।" ইতি

২০শে পৌষ সোমবার ১৩১৫ সাল।

(SO)

সম্পাদক ভায়া,

এইটি ভাগ্যবান্ বিড়ালের অদৃষ্টে "দিকা" ছিড়িল। ছই জন ভদ্রলোক বোমার মামলার জড়াইয়া পড়িয়াও নিষ্কৃতি লাভ করি-লেন। প্রথম বর্জমানের সন্ন্যাসী শ্রীমৎ নিরবলম্ব স্থামী ওরফে শ্রীমান্ মতীক্রনাথ বন্দ্যোপাধ্যায় এবং দিতীয়—চন্দননগরের শ্রীমান চারচক্র রায়।

ষতীক্রনাথ সয়্যাসী, স্বতরাহ তাঁহার কথা অধিক বলা নিপ্রার্থানাল ও কারাগার উভয়ই সমান; তাঁহার নিকট পুশ্মাল্য ও আক্ষা শৃঞ্জল, ক্ষীর সর ছানা ননি এবং কারাগারের কর্কশ কম্বল সকলই সমান। তিনি এই দিগস্তবিস্থৃত স্থনীল আকাশের নিমে, অনস্ত পৃথিবীর বিচিত্র দৃশ্বের মধ্যে বিকিরণ করিতে করিতেও আপনাকে ভবকারাগারের বন্দী বলিয়া মনে করেন, আবার আলিপ্রের সেন্ট্রাল জেলের লোহ ক্রাটবদ্ধ, ক্ষুদ্র কক্ষের মধ্যে থাকিয়াও আপনাকে সকল বন্ধনের অতীত বলিয়া বোধ করেন, স্বতরাং তাঁহার কথা না বলিলেও চলে।

তবে সন্ন্যাসী ঠাকুর অরবিন্দ ঘোষের গুরু বলিয়া একটা কথা উঠিয়াছিল। তাই রাজপুরুষেরা তাঁহার জন্ম কারাগারে স্বতন্ত্র ব্যবস্থা করিরাছিলেন। পুলিশ ধর্থন অরবিন্ধ বাবুকে বোষার দলের "বড়কর্তা" বলিরা স্থির করিয়াছে, এবং সন্ন্যাসী ঠাকুর ধর্থন অরবিন্দ ঘোষের গুরু, তথন তিনি বোষার আসামী মাত্রেরই গুরু। 'গুরু শিষ্যের একত্র শয়ন ও আহারাদি শান্ত্রনিষিদ্ধ, তাহাতে শিষ্যের অকল্যাণ হয়। এই সকল চিন্তা করিরা বাক্তপুরুষণণ নিরবলম্ব ঠাকুরের নির্ক্জনবাদের ব্যবস্থা করিয়াছিলেন। ব্যবস্থাটা যে শাস্ত্র-সম্মত হইরাছিল, তাহা তোমরা অস্বীকার করিতে পার না।

এখন কথা হইতেছে চারুচক্সকে লইয়া; এই ভদ্রনোক সন্নাদী ঠাকুরের স্থায় নিরবলম্ব নহে। চাকরী তাঁহার অবলম্বন এবং তিনিও অনেকগুলি প্রাণীর অবলম্বন। সন্ন্যাদী ঠাকুরের পাহাড়ে, পর্বতে, নির্জ্জনে বিদিন্না ধ্যান করা অভ্যাস আছে, স্থতরাং নির্জ্জন কারাবাসে তাঁহার কোন কষ্ট না হইবারই কথা। কিন্তু চারুচক্র তা নির্জ্জনবাসী সন্ন্যাদী নহেন, তিনি বিত্যালয়ের শিক্ষক; প্রত্যহ চারি পাচ শত বালক ও মুবকের মধ্যে তাঁহাকে চারি পাচ ঘণ্টা কাল অভিবাহিত করিতে হইয়াছে। জনসমাগ্রমে অভ্যন্ত চারুচক্রের পক্ষে নির্জ্জনবাসের ব্যবস্থাটা যে বিশেষ কষ্টকর হইরাছিল তাহাতে সন্দেহ নাই। স্থানিয়া গুনিয়া কর্ত্বপক্ষ তাঁহাকে সন্ম্যাদীর প্রাপ্য সম্মানে সম্মানিত করিলেন কেন, বলিতে পার ?

তোমাদের কাগজেই বোধ হয় দেবিয়াছিলাম বে, চারুচক্রকে যে সমর গ্রেপ্তার ক্রা হয়, সে সমর চল্লননগরের মেয়র সাহেব তোমাদের একজন প্রতিনিধিকে বিশির্মছিলেন যে,চারুচক্রের বিরুদ্ধে বিশেষ গুরুতর ও ভরানক প্রমাণ পাওয়া গিয়াছে। শ্রীমান্ নটন বাবাজীবনও আলীপুরের আলালতে ঐরপ কথাই বলিয়'ছিলেন। কিন্তু সে দকল প্রমাণ এখন কোথার গেল ? আর যে ব্যক্তির বিরুদ্ধে নরহত্যার—যে-সে নয়হত্যা নহে—শ্বেতাঙ্গ রমণাযুগলের হত্যার যথেষ্ঠ প্রমাণ থাকে, তার্ছাকে ছাড়িয়া দেওয়া কি ভাল ? চারুচক্র যে অতি ভীষণ প্রকৃতিক্র লোক, তাহা চন্দননগরের মেয়রও ব্লিয়াছিলেন। তিনি তোমাক্রের প্রতিনিধির নিকট নাকি বলিয়াছিলেন যে, He (Charu i is a very dangerous man,

যে ব্যক্তি চন্দননগরের শেষ্ট্রের মতে verv dangerous
শ্রীমান্ নর্টনের মতে মজ্পরপুরের নারীহত্যার কাণ্ডের সহিত
গাহার প্রত্যক্ষ সমন্ধ আছে এবং সে বিষয়ে বথেষ্ঠ প্রমাণপ্ত আছে,
সেই ব্যক্তিকে একেবারে ছাড়িয়া দেওয়াতে আমরা বড়ই ভীত
হইয়াছি। সত্য কথা বলিতে কি, এই very dangerous man
যত দিন হাজতে ছিল, তড় দিন আমার এক খুমে রাত্রি কাটিয়া
যাইত। কিন্তু যে দিন হইতে চবিবশ পরগণার ম্যাজিপ্টেইট চারুচজ্রকে
জামিনে অব্যাহতি দিয়াছেন, সেই দিন হইতে রাত্রিতে আমি ভাল
করিয়া খুমাইতে পারি নাই—কি জানি কখন কি হয়। আর
এখন অর্থাৎ ঐ ভীষণ মন্থ্যের সম্পূর্ণ অব্যাহতি লাভের পর হইতে
অর্থাৎ গত ৭ই জানুয়ারা রহম্পতিবার হইতে আমি দিনমানেও

বাটীর বাহির হইতে সাহস করি না। পাছে এই বৃদ্ধ বরুসে অপ-ঘাতে প্রাণ যায়, সেই ভাবনাতেই অধীর হইয়াছি।

আমি ভাবিয়ণছিলাম যে, মেদিনীপুরের পুলিশই বুঝি কেবল "বাওয়া ডিম্ব" প্রসব করে, কিন্তু এখন দেখিতেছি যে, কলিকাতার পুলিশও "বাওয়া ডিম্ব" প্রসবে বড় কম নহে। এই চারুচক্রের মোকদ্দমাটাই কি তাহার প্রকৃষ্ট উদাহরণ নহে ? ভদ্রলোককে প্রায়্র পাচ মাস কারাক্রেশ ভোগ করাইয়া, তাঁহার আত্রীয় অজনকে অপার ছন্চিন্তাসাগরে নিমজ্জিত করিয়া, মামলা মোকদ্দমায় অজ্প্র অর্থব্যর করাইয়া এখন কিনা "মুচে ফেল"! ইহা অপেকা হাত্যাল

চাক্চক্রের বিরুদ্ধে মাণিকতলার বোমার ষড়যথে যোগ দেওবার যে অভিনোগ উপস্থাপিত হইরাছিল, তাহা কোন রাজনীতিক কারণে গ্রণমেণ্ট উঠাইরা লইরাছিলেন। কিন্তু তাঁহার বিরুদ্ধে এই যে গুরুতর খুনের মামলা উপস্থিত হইরাছিল, তাহাও কি গ্রণমেণ্ট রাজনীতিক কারণে উঠাইরা লইলেন? এই বিতীর মামলার প্রত্যাহারটা রাজনীতিক কারণে করা হইল, কি পৌলিশ-নীতিক কারণে করা হইল, তাহা তোমর। বলিতে পার কি ! আমরা রাজনীতিও বুঝি না, পুলিশ নীতিও বুঝি না; বাল্যকালে পাঠশালার নীতিকথা পড়িরাছলাম সত্য, কিন্তু তাহাতে এরপ অন্ত্র গ্রেপ্তার ও বিচিত্র মুক্তির কথা দেখিতে পাই নাই। পণ্ডিত পঞ্চানন তর্করত্ব মহাশয়কে পুলিশ গ্রেপ্তার করিরাছিল, করেক দিন তাঁহাকে হাজতেও রাখিরাছিল, অবশেষে তাঁহাকে ছাড়িরা দিল। ছোটলাট স্থার এওক ফ্রেজার স্পষ্টই বলিরাছিলেন যে পণ্ডিত মহাশ্রকে এই যে অকারণ কট দেওরা হইল, সে জন্ত তাঁহাকে কভিপুরণ স্বরূপ কোন অর্থ প্রদান করা হইবে না। বেশ কথা, ঘরের ছেলেকে ছই দা মারিলে কেহ কোন কথা বলিতে পারে না। কিন্তু ঘরের ছেলের গার হাত তোলা যার বলিরা কি পরের ছেলের গারে হাত উঠে? মদি না জানিরা কেহ সহসা পরের ছেলের গারে হাত উঠে? মদি না জানিরা কেহ সহসা পরের ছেলের গারে হাত উঠে? মদি না জানিরা কেহ সহসা পরের ছেলের পিঠে চড়টা চাপড়টা বসাইরা দের, তাহা হইলে অবিলঙ্গে তাহাকে মিন্টবাক্যে বা মিন্টারে শরিভুই করিয়া বলিতে হয় "বাপ্ত, কিছু মনে করিও না, ভুলক্রমে আমাদের হ'রের পিঠের কিল্টা তোমার পিঠে পড়িরাছে।" তর্করত্ব না হয় আমাদের গ্রণ্মেণ্টের মরের ছেলে, চারুচক্র ত পরের ছেলে। গ্রণ্মেণ্ট এই ভূলের জন্ত তাহার হাতে এক আধ্টা মিঠাই দিবেন না কি ?

চাক্ষচন্দ্রের কথা লইরাই অনেকটা কালী ও কাগজ ব্যার করি-লাম। এখন অক্ত হুই একটা কথা জিজ্ঞানা করিতে ইছে। করি। বিঘাটির ডাকাতির মামলার আসামীদিগকে ম্যাজিস্ট্রেট ন্তন আইন অমুসারে একেবারে হাইকোটে সোপর্দ্ধ করিয়াছেন। হাইকোটের তিন জন বিচারপতিকে লইরা যে ন্তন এজলাস গঠিত হইবে, ভাহাতেই আসামীদিগের বিচার হইবে। এই ন্তন এজলাস আপিল আদালত নহে, ইহাই আদি ও ইহাই অস্ত। এখন ভোমা- দিগকে জিজ্ঞাসা করিতে চাই যে এই একমেবাবিতীয়ং আদালতে উকিলদিগের প্রবেশাধিকার থাকিবে কি ? হাইকোটের বেরূপ বাবস্থা আছে, তাহাতে আদিম বিভাগে ব্যারিষ্টার ব্যতীত উকিলগণের প্রবেশাধিকার নাই। এই যে নৃতন এক্লাস গঠিত হইতেছে, ইহাও ত আদিম বিভাগ। স্কতরাং ইহাতেও হাইকোটের নির্মান্সারে উকিলগণের প্রবেশাধিকার না থাকারই সম্ভাবনা।

কিন্তু ইহাতে কি আসামীদিগের অস্থবিধা হইবে না? উকিল অপেক্ষা বাারিপ্তার নিরোগে ব্যর অধিক। ব্যারিপ্তার বিলাতী, উকিল দেশী; চোগা চাপকান পরিহিত উকিলের হাতে পারে ধরিরা ছই চারিট। টাকা দি কমাইতে পারা যার; কিন্তু হাটকোটধারী ব্যারিপ্তারের হাতে পারে ধরিতে কর জনের সাহস হইবে ? পরিতে পারিলে হরত কার্য্যোরার হইতে পারে, কিন্তু তাঁহাদের নিকটিই হওরাই স্কটিন। জেলার জজের নিকট মোকদ্দমা হইলে হর ভ উকিলেরা কোন কোন আসামীকে বেকস্থর খালাস করিয়া আনিতে পারিতেন,কিন্তু হাইকোটে ব্যারিপ্তার দিতে না পারিলে কি আসামী দিগের মধ্যে অনেকেরই মৃজিলাভের সম্ভাবনা আকাশ-কুস্থমে পরিণত হইবে না? এখনও নৃতন এজলাস গঠিত হয় নাই। এই সম্যর হইতে ইহার একটা মীমাংসা করিয়া রাখা ভাল।

আজ্য ভারা, আর একটা কথা জিজ্ঞাসা করি—আমাদের ছোটলাটেরা কি শক্তিময়-উপাসক ? তাঁহারা কি রুঞ্চনাম শ্রবণ করিলে কাণে আঙ্গুল দিয়া থাকেন ? নতুবা ক্লঞ্জনগরের প্রতি তাঁহাদের এত বিরাগ কেন ? ছোটলাটেরা সফরে বাহির হটরা ত কত নগরে নগরে, গ্রামে গ্রামে ঘুরিয়া 'বেড়ান, কিন্তু কিছু কালের মধ্যে কোন ছোট লাটকে ক্লফ্লনগরে পদার্পণ করিতে দেখিরাছ কি ? यागात वह थातीन वत्रतम मुख्यिक यानकते। नुश्रथात रहेन्नारह. স্তরাং মনে করিতে পারিতেছি না যে কোন ছোটলাট ক্রঞ্চনগরে গমন করিয়াছিলেন কি না। তোমাদের মনে পড়ে কি ? ছোট-লাট বড়লাট প্রভৃতির দেশ পরিদর্শন বহু ব্যরসাধ্য তাহা আমি कानि। ठाँटारम्य जाम्य जन्मर्थना, नांहशान, जांक्सवाकी, मक्तिम, দরবার প্রভৃতি ব্যাপারে গ্রামর্ক্সীরা প্রচুর অর্থব্যর করিয়া থাকে। বলা বাছলা যে, লাট সাহেকোরা কথনই প্রজাদিগকে এই সকল ব্যয়সাধ্য ব্যাপারে প্রবৃত্ত হৈছে বাধ্য করেন না, প্রজারা রাজভক্তি প্রদর্শনের জন্ত স্বেচ্ছায় এই বায়ভার গ্রহণ করিয়া থাকে। নগরের অধিবাদীরা এই বায়ভার বহনে অসমর্থ, এইরূপ অমুমান করেরাই কি সহানর ছোটলাটেরা কৃষ্ণনগরে পদার্পণ করেন না? আমি অন্ত কোন কারণ দেখিতে পাই না। তোমরা যদি কোন কারণ দেখিতে পাও, তাহা হইলে আমাকে বলিও।

২৭শে পৌষ সোমবার ১৩১৫ সাল।

(85)

সম্পাদক ভায়া,

ভোমাদের আলিপুরের বোমার মামলা কত দিনে শেষ হইবে বলিতে পার ? এক দল, ছই দল, তিন দল ত অভিষ্ক্ত হইরাছে; হয় ত বা আরও হই একটা দল হইবে। তাহা হইলে চাই কি আরও বংসর খানেক মামলা চলিবে।

সেই ২রা মে তারিথে প্রথম দলের করেক জন গ্রেপ্তার হইরাছে, আর আজ জামুয়ারী মাদের তৃতীর সপ্তাহ, এখনও সরকার পক্ষের সাক্ষীদিগের জবানবন্দী চলিতেছে; ইহার পর যদি আসামীপক্ষ অঙ্গ, বঙ্গ, কলিঞ্গ, জার্বিড়, গুর্জার হইতে দলে দলে সাক্ষী তলব করেন, তাহা হইলে বংসরের বাকী কয়টা মাস ঐ ছই দলের বিচারেই কাটিয়া যাইবে। সরকার বাহাছর আর একটা আইন করিয়া এই বোমার মামশার বাকী অংশটা সরাসরি করিয়া ফেলুন না। আসামীগুলাও রক্ষা পায়, আমরাও হাঁফ ছাড়িয়া বাচি।

এই ব্যাপার উপলক্ষে কতগুলি লোকের প্রাণ গেল একবার হিসাব করিয়া দেখদেশি! প্রথমে গেলেন অপরাধহীনা কেনেডি-পাছী ও কেনেডিছহিতা। তাহার পর গেলেন দীনেশচন্দ্র, তাহার পর গেলেন নরেন্দ্র গোস্বামী, কানাই দুত্ত, সভ্যেন্দ্র বহু; তাহার পর গেলেন নন্দলাল বন্দ্যোপাধ্যার। এখানেই গমনের তালিকা শেষ হইল না। নরেন্দ্র গোস্বামীর হতভাগ্য পিতা দেবেন্দ্র গোস্বামী প্রশোকেই মারা গেলেন, তাহার পর সে দিন মারা গেলেন বোমার মামলার আসামী পুণচন্দ্র সেনের পিতা তমোলুকের বৃদ্ধ উকিল বোগেন্দ্রনাথ সেন। হতভাগ্য পিতা পুত্রের বিরুদ্ধে আলিপুরে সাক্ষ্য দিতে বাধ্য হইরাছিলেন। আদালতে যোগেন্দ্র বাবুকে যে লাঞ্ছনা ভোগ করিতে হইরাছিল, তাহা পাঠ করিরাছি। বুড়া ঐ লাঞ্ছনা ভোগ করিরাই আধ মন্ধ্র হইরাছিলেন। শনিবারে তাহার সাক্ষ্য শেষ হয়; রবিবারেই তিনি পুত্র পুর্ণচন্দ্রের নাম করিতে করিতে মারা গেলেন! বৃদ্ধ বোগেন্দ্র বাবুর কথা মনে করিলেও হলর বিলীপ হয়।

তাহার পর আর এক রন্ধের কাহিনী তোমাদের পত্রেই পাঠ
করিলাম। এই রন্ধের নাম শ্রীরুক্ত গঙ্গাপ্রসন্ন গুপু। হারিসন
রোডের বোমার মামলার এই রন্ধের হুই পূত্র, নগেক্রনাথ ও
ধরণীনাথ, হাইকোটের বিচারে সাজ বংসরের জন্ত কারালওে
দণ্ডিত হইরাছে, এখন আবার তাহারা আলিপুরের বোমার
মামলার আসামী। রন্ধ গঙ্গাপ্রসন্ন বাবুর সংসার আর চলে না।
নগেক্র ও ধরণীই তাঁহার রন্ধ বর্ষের অবলম্বন ছিল। রন্ধ
এখন রূহং পরিবারের ভরণপোষণের জন্ত মারে মারে ভিকা
করিরা বেড়াইতেছেন। কোপার, এই বুড়া বন্ধসে উপমুক্ত

পূত্রবরের উপর সংসারের ভার অর্পণ করিয়া তিনি ধর্মচর্চার জীবনের অবশিষ্ট কাল অতিবাহিত করিবেন, না, কোথার ভিক্ষা-পাত্র হল্তে লইয়া এক মৃষ্টি অনের জন্ত বাবে বাবে ঘ্রিতেছেন! এই ঝোমা উপলক্ষে কত পরিবারের এমন ছর্জশা হইয়াছে, কে ভাহার সংবাদ রাথে ?

সংবাদপত্রে পাঠ করিলাম, ভারত গবর্ণমেন্ট নির্বাসিত শ্রীযুক্ত রুক্তকুমার মিত্র মহাশরের পরিবারের ভরণপোষণের জন্ত মাসিক হই শত টাকা দানের ব্যবস্থা করিরাছেন। শ্রীযুক্ত শ্রামহালরের পরিবারের জন্ত মাসিক এক শত টাকা ব্যবস্থা হইরাছে, স্থামহালর বাবুর ভ্রাতা ডিসেম্বর মাসের কর দিনের টাকা গ্রহণ করিরাছেন। শ্রীমান শচীক্রের পরিবারের জন্ত বে মাসিক ৪০ টাকার ব্যবস্থা হইরাছে, সে টাকা গৃহীত হইরাছে কি না, সে সংবাদী ভোমরা প্রকাশ কর নাই। বরিশালের অধ্যাপক সতীশবাবু ও ঢাকার পুলিন বাবুর সম্বন্ধে কি কোন ব্যবস্থা হর নাই ?

ভারা, যদি রাগনা কর, তাহা হইলে একটি কথা জিজান!
করি। এই যে মদস্বলের কলেজগুলি হইতে আইনশ্রেণী উঠিয়া
গেল, ইহাতে তোমরা চটিয়াছ কেন, বলিতে পার ? বিশ্ববিষ্ণাল্যের আদেশ অনুসারে এক একটা কলেজের আইনশ্রেণীর লোপ হইতেছে, আর তোমরা ডাক্তার আশুতোমকে

গালাগালি দিতেছ, আমি ত ইহার কোন কারণ খুঁজিয়া পাই না। আমি দেখিতেছি, মফস্বলের আইন শ্রেণী গুলি তুলিয়া দিয়া ডাক্ডার আশুতোষ "স্বদেশীর" কাজ করিতেছেন। আইন পাশ করিলেই বাছারা মামলার মায়া ছাড়িতে পারেন না, এ দিকে আদালতে উকিলের সংখ্যা এত বাড়িতেছে যে, এই সকল নবাগত সোণার চাঁদদিগকে তরুতলে আশ্রুর গ্রহণ করিতে হয়, অনেকে বার লাইত্রেরীর চাঁদার টাকাও সংগ্রহ করিতে পারেন না। ওকালতীর এই ত স্থা। কলেজগুলি ইচিয়া যাওয়ায় যদি শতকরা কুড়ি জন ছাত্রও অন্ত পথে যায়,—এই মনে কর, তাহারা যদি কৃষি কার্য্যে মন দেয় বা দোকান পাঠ খেইল, তাহা হইলে তাহাতে "স্বদেশীর" কাজ হয় না কি ? বুভুক্ষু কিলের দল বাড়িলে দেশের মঙ্গল না অমঙ্গল ? এই সোজা কথাটা তোমাদের মাথায় প্রেবেশ লাভ বে না, আর তোমরা স্বদেশহিতিবী! ইতি

৫ই মাঘসোমবার ১৩১৫ সলি।

(82:)

স্পাদক:ভারা,

লাটনন্দিনীর: শুভ বিবাহের সংবাদ দি: ্, কিন্তু "দীরতাং ভূজ্যতাম্" কিন্নপ । হেম্ল, । সে সংবাদটা ত দাও নাই। দক্ষিণ ২ন্তের ব্যাপার কোন্ পক্ষের কিন্নপ হইল ? সে দিন বরিশালের পুলিশ সাহেব মিঃ হালিডে পুত্রসন্তান লাভ করিয়া অধীন কর্মচারীদিগতে মিষ্টামে পরিতৃষ্ট করিয়াছিলেন; বড়লাট বাহাত্তর কন্তার শুভ বিবাহে অধীন কর্মচারির্নেশর কিন্ধপ মিষ্টায়ের ব্যবস্থা করিলেন? শোভাষাত্রা দর্শনের জন্ত সে দিন পথিপার্থে লক্ষ লোকের সমাগম হইয়াছিল, এ সংবাদ পাইয়াছি, কিন্তু এই সমারোহের পর সাধারণের জন্ত কোনরূপ জল্মোগের ব্যবস্থা হইয়াছিল কি? বৃদ্ধ বয়সে লোকে সাধারণতঃ কি।ঞ্চং উদরিকত্ব লাভ করে, সেই জন্তই দক্ষিণ হন্তের সংবাদটা লইতেছি।

এই ওত বিবাহে যাহার যাহা কামনা ছিল পূর্ণ হইয়াছে সন্দেহ নাই। কন্তার আকাজ্ঞা রূপবান্ পাত্র, কন্তার পিতামাতার আকাজ্ঞা দনবান্ জামাতা। সকলের সকল আকাজ্ঞা পূর্ণ হইয়াছে বলিয়াই ইতর জনের আকাজ্ঞা মিষ্টান্নের কথা জিজ্ঞানা করিতেছি। যাহা হউক, আশীর্কান করি নবদপাতী স্থদীর্ঘ জাবন লাভ করিয়া চিরস্তথী হইয়া সংসার্যাত্রা নির্কাহ করন।

শত বংসর পূর্নের যিনি ভারতের বড়লাট ছিলেন, আজ তাহারই প্রপৌত্র বড়লাট হইরা ভারত শাসন করিতেছেন। লর্ভ লাসডাউন ত সেদিন ভারতের লাটগিরি হইতে অবসর গ্রহণ করিরাছেন; এই লর্ড লাসডাউনের পূত্র লর্ড চার্লিগ ফিজ মরিদ আজ জামাত্বেশে ভারতে পদার্পণ করিরা বর্তুমান বড়লাট লর্ড মিণ্টোর কন্তার মাহত পরিণরস্থতে আবদ্ধ ইইলেন।
আতএব এই পরিণরের সহিত ভারতের বড়লাটগিরির একটা
ঘনির্ন্ন সহল আছে। শুনিলাম, জামাতা বাবাজী নাকি বিলাতের
একটা বড়ললের নেতা, স্বভরাং ভবিষ্যতে কখনও যদি জামাতা
বাবাজী বড়লাটের গদি দাবী করেন, তাহা হইলে সে দাবী
বড় সহজে উপেক্ষিত হইবে না, একথা মনে রাখিও। পিতৃক্ল ও
শশুরকুল, উভরকুলের ইতিহাস তখন বাবাজীবনের পক্ষে সাক্ষ্য
প্রদান করিবে।

এই শুভ পরিণর উপশ্বকে ভারত্তের কত প্রদেশের কত রাজা রাজভার কলিকাতাই শুভাগমন হইরাছে, কিন্তু এসনর আমাদের নৃতন ছোটলাট সার বেকার এবং ঘারবঙ্গের অধীশ্বর মহারাজ রামেশ্বর সিংহ বাহাতর কলিকাতার আমোদ আহলাদ উৎসব পরিত্যাগ পূর্বক বিহারের ছর্ভিক্ষপীড়িত স্থানে প্রজাদিগের অভাবক্রেশ পরিদর্শন করিয়া বেড়াইতেছেন। ইঁহারা মনে করিলে কি ছই দিনের জন্তও কলিকাতার আসিরা এই উৎসবে যোগদান করিতে পারিতেন না ? নিশ্চরই পারিতেন, কিন্তু ইহারা রাজপ্রতিনিধির উৎসবে যোগদান করা অপেক্ষা প্রজার কঠে সহামুভূতি প্রকাশ অধিকতর কর্ত্তর্য বলিরা বৃষিয়া-ছিলেন। উৎসবমন্ত অভ্যাগতের আননাধ্বনি অপেক্ষা উপবাস্কিপ্ট দরিন্দের আর্জনাদ ইহাদের হৃদয়কে অধিকতর বিচলিত করিয়া ভালয়াছিল, তাই বঙ্গেশ্বর সার বেকার ও ঘারবঙ্গেশ্বর রামেশ্বর সিংহ

বাহাছর ক**লিকা**তার আনন্দ কোলাহল দূরে রাথিয়া বিহারের অনশন-ক্লিষ্ট বিপন্নজনের মণ্যে ভ্রমণ করিরাছিলেন। তাঁহারা ধ্যা !

ভারা, আমার একটা সন্দেহের মীমাংসা করিয়। দিতে পার ? লাট-নন্দিনীর শুভ পরিণর উপলক্ষে কলিকাভার লর্ড বিশপ অর্থাং লাট পাদ্রি নাকি ব্যবস্থা দিয়াছিলেন যে, শুভ পরিণর কার্যটো যে সময় গির্জ্জার সম্পন্ন হইবে, সে সময় কোন অ-খৃষ্টান তথার থাকিতে পারিবে না। আমরা খুষ্টান নহি, সভরাং খুষ্টান পর্যাজকের এই ব্যবস্থাটা খুষ্টার পর্যাশাসমঙ্গত হইয়াছিল কি না ভাহা বলিতে পারি না। তবে এক স্থলে এই ব্যবস্থার ব্যতিক্রম হইয়াছিল বলিয়া শুনিতেছি। বর্দ্মানের ন্তন সার মহারাজ্ঞাধিরাজ সন্ত্রীক নাকি গির্জ্জার প্রবেশ লাভ করিতে পারিছিলেন, কথাটা কি সভ্য ? ছয়শভাধিক খুষ্টানের মধ্যে একমাত্র, অথবা সন্ত্রীক ধরিলে ছই জন মাত্র অ-খুষ্টানের গির্জ্জার প্রবেশাধিকার সামান্ত বিশ্বরের বিষয় নহে। এত অন্তাহের কারণ বলিতে পার কি ?

দেখ সম্পাদক ভারা, তোমাদের সংবাদ পত্রগুলা যতই পাঠ করি, ততই তোমাদের উপর অশ্রদ্ধার সঞ্চার হয়। তোমরা এত ডাকাতির সংবাদ দাও কি করিয়া? আমরা বাল্যকালে শুনিতাম বটে যে, সে কালে দেশে ডাকাতির বড় ভর ছিল। মুখন বিস্থালয়ে পড়িতাম, তুখন ইতিহাসে পাঠ করিতাম যে,

মৃসলমান আমলে এদেশে বড়ই ডাকাতের ভয় ছিল; ইংরাজ ভারতের শাসনভার গ্রহণ করিলে পর ডাকাতের দল একেবারে অদৃগ্র হইয়াছে, ইংরাজের স্থাসনে এদেশ হইতে ডাকাতি একেবারে বিলুপ্ত হইয়াছে। কিন্তু তোমরা ত প্রত্যহই একটা না একটা ডাকাতির সংবাদ দিতেছ। আজ বাজিতপুরে ডাকাতি. কাল বিখাটিতে ডাকাতি, পরশ্ব টাকায় ডাকাতি। ডাকাত বংশই যদি নির্বাংশই হইয়াছে, তবে ছাকাতি করে কাহারা ? স্থতরাং হয় স্বীকার করিতে হইবে যে ডাকাতি কিছুমাত্র কমে নাই, পূর্কে যেরপ ছিল সেইরপই আছৈ, কেবল দেশ কাল ও পাত্রভেদে কিঞ্চিৎ পরিবর্ত্তন হইরাছে মাত্র। অর্থাৎ লাঠী ও তলোরারের পরিবর্ত্তে পিস্তল বন্দুক, নেইটির পরিবর্ত্তে পুলিশের বা ভদ্রলোকের পরিচ্ছদ এবং অশিক্ষিত বাংলি চাঁড়ালের পরিবর্ত্তে শিক্ষিত ব্রাক্ষণ বৈষ্ণ ও কারস্থগণ ডাকাভিতে স্থান পাইয়াছে ; নতুবা স্বীকার করিতে হইবে যে প্রকৃত ডাকাতি আর কোথাও হয় না, ইংরাজ ডাকাতির মুলোচ্ছেদ করিয়াছে এবং তোমরা যে সকল ডাকাতির সংবাদ প্রকাশ কর, তাহা হয় একেবারে অমূলক, না হয় ত অতিরঞ্জিত। এখন আমাকে গোপনে বল দেখি কোন কথাটা: বিশ্বাস্থ তোমাদের কথা না ইতিহাসের কথা।

যদি তোমাদের কথা সত্য বলিয়া স্বীকার করিতে হয়, তাহা হুইলে অনেক কথা আসিয়া পড়ে। এখন দেশে ম্যালেরিয়া আসিয়াচে, প্লেগ আসিয়াচে, তুর্ভিক্ষ আসিয়াচে, ভীষণ জীবন সংগ্রাম। আসিরাছে, অস্ত্র আইন আসিরাছে, শত প্রকার অফ্রিগা আসিরাছে, তথাপি মনকে প্রবেশ দিতে পারি যে, দেশে আর দেরপ দফ্যর ভর নাই। এখন আর কিছু স্থথ থাকুক আর না থাকুক, বারতে টাকা রাখিয়া, সিন্দুকে অলঙ্কার রাখিয়া নিশ্চিস্ত মনে রাত্রিতে নিদ্রা যাইতে পারি। কিন্তু ভারা যদি তোমাদের প্রদত্ত এই সকল ডাকাতির সংবাদ সত্য হয়,তাহা হইলে ত মনকে প্রবেশ দিবার আর কোন উপায় থাকে না। যাহা ছিল, ১ একে একে তাহার সকলই গেল অথচ কিছু দিনের জন্ত গিয়া আবার দেখা দিল, ইহা কি সামান্ত পরিতাপের কথা ? বল দেখি মনে হইলে শরীর অবসর হয় কি না ? সেই জন্তুই বলিতেছিলাম, এত কাপ্তের পর, এখনও ডাকাতি আছে, এ কথা স্বীকার করা অপেক্ষা তোমাদের কথার অনাস্থা স্থাপন করাই কি সহজ ও সঙ্গত নহে ?

ভারা, দেশে ছিলও সব, আছেও সব, এবং থাকিবেও সব।
কিন্তু দেশটি যেমন ছিল তেমন আর নাই, ভবিষ্যতে যে কিরপ
হইবে তাহা আমরা—প্রাচীনের দল ধারণা করিতেই পারি না।
সেকালের সেই ব্রাহ্মণদিগের ধর্মান্তরাগ ও নির্লোভতা আর দেখিতে
পাই না, ছাত্রের গুরুভক্তি এখন উপকথার স্থান পাইরাছে, প্রাচীন
পনবান্দিগের কীর্ত্তি সকল এখনও বিস্তমান থাকিয়া তাঁহাদের
পরেরাপুচিকীর্যার পরিচয় দিতেছে, কিন্তু নবীন ধনকুবেরগণ, তাহার
অন্তকরণ করা দ্বে থাকুক সেই সকল প্রাচীন কীর্ত্তির সংরক্ষণ ও
সংস্কার করে অর্থ্যেয় করিতেও কুষ্টিত। এখন হিন্দুর উদারতা

র্জের

দেখিতে পাই আরম্থ সন্ধানে, মুসলমানের বীরম্ব দেখিতে পাই প্রতিবেশীর নিগ্রহে। সেকালের জন্ত সন্তানের বাহবলের চর্চ্চা এখন বাক্যবল চর্চ্চার পরিণত হইরাছে। প্রাচীন কালের অশিক্ষিত ইতরলোকের দম্যবৃত্তি এখন শিক্ষিত ভদ্রলোকের ব্যবসারে পরিণত হইরাছে। রপাস্তরিত হইরা সকলই আসিতেছে, কেবল আসিতেছে না সেই দেশব্যাপী নিশ্চিস্ত ভাব, সেই আমোদ আফ্লাদ, সেই প্রফুরতা, সেই দানশীলতা। হার, বাল্যকালে কি দেখিয়াছিলাম, আর এখন কি দেখিতেছি? মনে করিয়াছিলাম বুঝি আর সেকালের সেই ভীষণ ডাকাছি আমাদিগকে দেখিতে হইবে না, ডাকাতের ভরে রাত্তিজ্ঞাগরণ বুঝি আর করিতে হইবে না, কিন্তু এখন দেখিতেছি সেই ডাকাতিও আবার ফিরিয়া আসিরাছে। আসে আম্বক যদি সক্ষে এক টোকার একমণ চাউল আর চারি আনার একসের তৈল ফিরিয়া আসিত। ইতি

১২ই মাম সোমবার ১৩১৫ দাল।

(89)

সম্পাদক ভারা.

ছোটলাটের ব্যবস্থাপক সভায় একটা সদ্স্থাগিরি চাকরি থালি আছে শুনিতেছি। এই চাকরি লাভ করিতে হইলে ছোটলাট বাহাহরের নিকট "Being gvien to understand that there is a vacancy in your offlice" বলিয়া দর্শাস্ত

লিখিতে হইবে না। বৰ্দ্ধমান বিভাগের যে কন্ধটি নগরে মিউনি-দিপালিটি আছে, সেই সকল নগরের মিউনিদিপাল কমিশনারগণই এই চাকরি দিবার কর্ত্তা। তাঁহার। গাঁহার প্রতি সদর হইবেন, তিনিই "মাননীর" হইবেন। অন্ত সকলে অমাননীর হইগাই থাকিবেন।

দক্ষিণে নেদিনীপুর হইতে আরম্ভ করিয়। উত্তরে কাশীমবাজার পর্য্যস্ত এবার দরখাস্তকারী দেখা দিয়াছেন। মধ্যে ছগলী, বর্দ্ধমান বীরভূমত আছেই। শুনিতেছি এবার নাঁকি ৮।১০ জন ব্যক্তি "মাননীর" হইবার চেষ্ঠা করিতেছেন। কাশীমবাজারের মহারাজ হইতে মেদিনীপুরের ব্যারিষ্ঠার পর্যাস্ত অনেকের নামই পদপ্রার্থনিদিগের তালিকার আছে শুনিতেছি। বর্দ্ধমান বিভাগে বে কয়টি জেলা আছে, তল্মধ্যে এক বাকুড়া ব্যতীত অক্ত সকল জেলা হইতেই "মাননীর" গিরির উমেদার দেখা দিয়াছেন।

এখন কথা হইতেছে কাহাকে রাখির। কাহাকে ভোট দিব? ভোমরা বোধ হর মেদিনীপুরের দত্তজার দিকেই মত দিবে। কিন্তু উত্তরপাড়ার মুখোপাধ্যায়, হুগলির চট্টোপাধ্যায় ও মিত্র, বর্দ্ধমানের বস্ন, বীরভূমের চক্রবর্ত্তী এবং কাশীমবাজারের নন্দী মহাশর প্রভৃতি অনেক গুণবান্ বিধান, বহুদেশী ও তর্দ্ধশী আছেন, আমি কাহাকে রাখিয়া কাহাকে ভোট দিব? আমার নিকট সকলেই সমান। ভাই ভাবিতেছি, কাহার নামে ভোট দিয়া কাহার রোষদৃষ্টিতে

পড়িব। সেই জন্ম স্থির করিরাছি এবার আমার নিজের নামেই ভোট দিব; কি বল তোমরা ?

বহুদর্শী তত্ত্বদর্শীর কথা বলিরাছি—সমদর্শীর কথা বলা হয় নাই। সেদিন আমি রেলগাড়ীতে কলিকাতার যাইতেছিলাম। এক থানি মধ্যশ্রেণী গাড়ীতে আরোহণ করিয়া নিশ্চিন্ত মনে বদিরা অন্তান্ত যাত্রীর কথাবার্তা শুর্কিতেছিলাম। আমাদের অধিকৃত কামরার পার্শ্ববর্তী কামরা খেতা দিগের জন্ত বিশেষরূপে নির্দিন্ত না থাকিলেও সেই কক্ষে একজন খেতাঙ্গও একজন খেতাঙ্গী ছিলেন। স্নতরাং কালা আদমীরা সেই ক্ষুক্তে প্রবেশাধিকার পার নাই। এ কথা বলাই বাছলা।

একটা দেশনে অনেকগুলি যা মী আমাদের কক্ষে প্রবেশ করিলেন। শৃক্ত স্থানগুলি পূর্ণ হইরা গেল, অনেকে স্থানাভাবে দাঁড়াইয়া রহিলেন। আমাদের কক্ষে পূর্ব হইতেই একজন বাবু বিসয়
ছিলেন। তিনি নবাগত যাত্রীদিগকে সম্বোধন করিয়া প্রতি প্রেশনেই
বালতে লাগিলেন "মহাশর পাশের কামরা থালি আছে, সেইথানে
যান" সাহেব উঠিতে না দেয় গার্ডকে বলুন, প্রেশন মান্তারকে বলুন,
আমাদের কামরায় উঠিয়া আর ভিড় বাড়াইবেন না।" তাঁহার
এই Advice gratis কেহই গ্রহণ করিতে সম্মত হইলেন না।
সকলেই "শৃল্পিনাং শস্ত্রপাণিনাং" ইত্যাদি চাণক্যনীতি অনুসারে
পার্শ্বর্ত্তী কক্ষের আশা পরিত্যাগ করাই মুক্তিসঙ্গত বলিয়াই মনে

করিলেন। Advice grdtis বৃণা হইল দেখিল। সেই উপদেষ্টা বাব্টি বড়ই বিরক্ত হইলেন।

সেই বাবুটির সম্বন্ধে আমি একটু কোতৃহলাক্রান্ত হইয়া তাঁহার পরিচয় জানিবার চেষ্টা করিলাম। অবশেষে জানিলাম, তিনি এক জন ব্যবহারাজীব, অনেক সভা সমিতি তাঁহার পদরেণুস্পর্নে পবিত্র হইয়াছে, এবং তিনি "মাননীয়" পদপ্রার্থিগণের মধ্যে একজন; আমি বুঝিলাম যে, এই শ্রেণীর লোকেরাই ব্যবস্থাপক সভার সদস্ত হইবার উপযুক্ত পাত্র। ইঁহারা ছোটলাট ও তাঁহার অমাতাবর্গের সহিত বাগ্যুদ্ধে প্রবৃত্ত হইবেন বলিয়া স্পর্কা করিতেছেন, অথচ রেল গাড়ীতে শেতাক ধাত্রীর অন্তার কার্যোর প্রতিবাদ করিবার জন্ম অন্তান্ত যাত্রীদিগকে উপদেশ দিতেছেন। যাঁহার। দেশের ও দশের নেতা, তাঁহারা কোথায় এইরূপ সময়ে অগ্রসর হইয়া অস্তায়কারী খেতাঙ্গের কার্য্যের প্রতিবাদ করিবেন, অস্তান্ত যাত্রী বিপন্ন হইলে স্বরং তাহাদের বিপত্নধারের চেষ্টা করিবেন, না, তাঁহারাই অন্তকে শেতাঙ্গের সহিত বিবাদে প্রবৃত্ত হইবার জন্ত উৎসাহিত করিতেছেন ? কলের গাড়ীতে শ্বেতাঙ্গের সহিত. বিশেষতঃ শ্বেতাঙ্গী সমভিব্যাহারী খেতালের সহিত বিবাদে প্রবৃত্ত হইলে পরিণাম কিরূপ হইবার সম্ভাবনা, তাহা নিশ্চরই বাবুটি জানিতেন। সম্ভবতঃ করিরাছিলেন, যদি এই বিবাদ উপলক্ষে ব্যাপারটা আদালত পর্যন্ত গুড়ার, তাহা হইলে তাঁহার মকেল লাভের সম্ভাবন। আছে। সম্পাদক ভারা, তোমরা যদি, সেই বাব্টিকে ভোট দিতে ইচ্ছা কর,

র্জের

তাহা হইলে আমাকে জানাইও, আমি গোপনে তোমার নিকট তাঁহার পরিচয় প্রদান করিব।

মেদিনীপুরের বোমার মামলার রায় প্রকাশিত হইয়াছে। তোমরা ধাহাই মনে কর না কেন, আমার একটা ভয় কাটিয়া গিয়াছে। আমার বড় ভয় ছিলু যে, বোধ হয় ব্যারিষ্টার দত্তকে ও বা বোমার ষড়যন্ত্রের সমর্থনকারী বলিরা অভিযক্ত করা হয়। কারণ তিনি ষড়যন্ত্রকারীদিগের পক্ষ সক্ষর্থন করিতেছিলেন। রাজবিষের স্থচক পুশুকাদি মুক্তিত হইলে যদি রাজবিষের প্রচারে সহায়তা করার অপরাধে, ছাপাখানা বাজেয়াপ্ত করিয়া স্বত্তাণি-কারীকে দণ্ডিত করা হয়, তারা হইলে ষড়যন্ত্রের আসামীদিগের পক্ষ সমর্থন করিলে কি বড়যক্ষে সহায়তা করা হয় না ? আছে পূর্ব্ব বঙ্গে গুর্থারা যথন দেশে শান্তিরক্ষায় নিষুক্ত ছিল, সেই সময় তাহাদের বিরুদ্ধে রাজ্বারে কয়েকটি অভিযোগ উপস্থাপিত হর। যে উকিল গুর্থাদিগের বিরুদ্ধে ছিলেন, এক দিন গুর্থারা তাঁহাকে উত্তম মধ্যম প্রদান করে। তাঁহার অপরাধ, তিনি গুর্থ-দিগের বিরুদ্ধে দণ্ডায়মান হইয়াছিলেন। মেদিনীপুরেও ত দত্ত সাহেব পুলিশের বিকৃত্তে ছিলেন, পুলিশ তাঁহার এ অপরাধ ক্ষমা করিবে কি গ

মেদিনীপুরের যোগজীবন, স্থরেক্স ও সজোবের দণ্ডের উল্লেখ করিয়া তোমরা "ভীষণ দণ্ড" বলিয়া লিথিয়াছ কেন ? তোমরা কি এই দণ্ডকে ভীষণ বলিয়া মনে কর ? আমি ত মনে করি না।
আমার বোধ হর সহলয় বিচারক মহাশর আসামীদিগের অয় বরস
ও এই প্রথম অপরাধ দেখিয়া করলাপরবশ হইয়া লয়ু দণ্ডেরই
বিধান করিয়াছেন। সাত বৎসর বা দশ বংসরের জন্ত দীপাস্তরবাসের দণ্ড কি আবার দণ্ড ? যাবজ্জীবন হইলে বরং এক দিন
ভরদণ্ড বলিতে পারিতে।

দণ্ডিত আসামীরা সম্ভবতঃ হাইকোটে আপিল করিবে, কিন্তু তাহারা যাদ বৃদ্ধের পরামর্শ গ্রহণ করে, তাহা হইলে ভাহাদিগকে আপিল করিতে বারণ করিও। সহদর বিচারক যে ছও প্রদান করিরাছেন, সম্ভইচিত্তে তাহাই গ্রহণ করিতে বলিও। যদি হাই-কোটে আপিল করিরা দণ্ড হ্রাদ না হর, তাহা হইলে অর্থ ব্যর ও মনস্তাপ ব্যতীত আর কিছুই হইবে না। কিন্তু বদি দণ্ড কিছু হ্রাদ পার, তাহা হইলে মেদিনীপুরের বিচারককে কি অযোগ্য প্রতিপন্ন করা হইবে না? সেটা কি ভাল? আর আপিলের ফলে সেল্ড ব্রদ্ধি পাইবে না, তাহাই বা কে বলিল? ছ্রাচ্নেও সান্ধ্যাল তাহার উদাহরণ। সান্ধ্যাল মহাশ্বকে এসেসরগণ নির্দেশি বলিরাছিলেন না? এক্ষেত্রেও যে তাহাই। লক্ষণ ভাল নহে ইতি।

১৯শে মাঘ দোমবার ১৩১৫।

(88)

সম্পাদক ভাষা,

তোমরা প্র**লিশের উ**পর এত বিরূপ কেন.তাহা ত আমি বুঝিতে পারি না। পুলিশ দেশের শান্তিরক্ষার ভার গ্রহণ করিয়াছে, স্বতরাং তাহারা ষেরপে পারিষে সেইরপেই। শাস্তি রক্ষা করিবে; তোমরা তাহাদের কার্য্যে ওরক্তা বাধা দাও কেন ? কাহারও বাটী খানাত্রামী হইলে তোমকা অমনি মহা গোলমাল কর, বড়লাট ছোটলাট প্রভতির দৃষ্টি আকর্ষণে জ্ব জ্বনীর্য প্রবন্ধ লেখ, আর যদি খানাতন্নাসীতে প্রলিশ কিছু বার্ছির করিতে না পারে. তাহা হইলে ত আর রক্ষা নাই। তোমরা শ্বলিশের কার্য্যে প্রতিবাদ করিয়া মহা আন্দোলন কর। কিন্তু ভারা, জিজ্ঞাসা করি, পুলিশ বদি সন্দেহের বশবতা হইয়া কোন গৃহস্তের বাটী খানাতলাসী করে বা কোন নিরপরাধ লোককে গ্রেপ্তার করে তাহা হইলে দোষ কি? তই একটা খানাতন্ত্রাসী বা তই একটা গ্রেপ্তার না হইলে লোকে পুলিশের অন্তিত্ব উপলব্ধি করিবে কিরূপে ? মনে কর যদি কোথাও খানাতল্লাসী বা গ্রেপ্তার না হয়, হই এক জ্বন নিরপরাধ ব্যক্তির প্র্টের সহিত রেগুলেশন লাঠির সম্বন্ধ স্থাপিত না হয়, তাহী হইলে সকলে মনে করিবে যে, এ দেশে পুলিশ নাই, স্বতরাং সকলে শান্তি-ভঙ্গ করিবে। সেইটাই কি বাঞ্নীয় ?

মাদারিপুরের পুলিশ সংপ্রতি কয়েকজন বালককে গ্রেপ্তার করিয়াছে: তন্মধ্যে ১২।১৩ বৎসদ্ধের অন্ধ বালকও আছে। তোমর পুলিশের এই কার্য্যে বিশ্বয় প্রকাশ করিয়াছ। ইহাতে বিশ্বয়ের বিষয় **কি আছে ভায়া ? অন্ধ ব্যক্তিরা কি কোন অভা**য় কায়া করিতে পারে না ? মহাভারতে বর্ণিত আছে ধৃতরাষ্ট্র অন্ধ ছিলেন। এই অন্ধ নরপতিকে বড় সামান্ত মনে করিও না। এই ভণগরের ষ্পত্তই কুরুক্ষেত্রে মহাসমর হইয়াছিল। অন্ধ বলিয়া কি তিনি নিশ্চেষ্ট হইয়া বসিয়া থাকিতেন, না, একটা প্রকাণ্ড সাদ্রাঞ্চের কর্ণ-ধার স্বরূপ হইয়া কুরুপাগুবের যুদ্ধ বাধাইয়াছিলেন ? ভোমরা বলিবে ১০৷১২ বৎসরের বালক কি অপরাধ করিতে পারে 😤 কিছ রাবণের পৌত্র মহীরাবণের পুত্র অহীরাবণ জননীর গর্ভ ২ইডে নিজ্ঞা**ন্ত হইয়াই প্**বননন্দনের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিলেন। 🦸 দেশের প্রলিশ যে অহীরাবণের দৃষ্টান্ত দেখাইয়। কাহারও ক্তিকা-গারে নবজাত শিশুর নামে ওয়ারেণ্ট বাহির করে নাই, সে কেবল পুলিশ কর্মচারিগণের উদারতা মাত্র। জন্ম গ্রহণ করিলামাত্র বাঙ্গালীর মন্তিন্ধে রাজবিধেষ অথবা ডাকাতির বীজ উপ্ত ইইন পাকে। ১২।১৩ বৎসরে দেই বীজ্ঞাত অম্বুর প্রকাণ্ড বুম্ফে পরি-ণত হ**ইতে পারে। পুলিশ অনেক বৃদ্ধি বা**য় করিয়া তবে এই তঙ্ আবিদ্বার করিয়াছে। তাহাদের বাহান্তরী আছে।

ভোমাদের কাগজে দেখিলাম ষে, বিলাতে একজন বাজালী মূবক সার লী ওরার্ণারের গণ্ডে চপেটাঘাত করিয়াছে। রয়টার এ ব্যককে "বদমায়েদ" বলিরা সংবর্দ্ধিত করিরাছেন! যে ব্যক্তি কালা আদমী হইরা শেতাঙ্গের গণ্ডে চপেটাঘাত।করিতে পারে, দে ব্যক্তি যে বদশারেদ তাহাতে কণামাত্র সন্দেহ নাই। কিন্তু সার লী-ওরাণার এই বৃদ্ধরন্ধনে যে শর্মপথন্ত ইইয়াছেন, ইহা বড়ই হঃথের বিষয়। আমি মনে করিতাম যে আমাদের দেশের বয়োর্দ্ধ ব্যক্তিরা যেরূপ পেন্সন লইরা ধর্মাচরণে মনোর্হ্যাগ করেন, খেতাঙ্গেরাও বৃন্ধি দেইরূপই করেন। কিন্তু এখন শ্লেখিতেছি আমার ধারণা ভ্রমাত্মক। বীত খৃষ্ট বলিয়া গিরাছেন যে "কেহ তোমার এক গণ্ডে চপেটাঘাত করিলে তাহাকে অপর গণ্ড ফির্মাইয়া দিবে।" বাঙ্গালী মূবক সার লীর এক গণ্ডে চপেটাঘাত করিল, কিন্তু খৃষ্টভক্ত বৃদ্ধ সার লী ওরাণার এক গণ্ডে চড় থাইয়া জ্বাসর গণ্ড ফিরাইয়া দিরাছিলেন কিনা, ব্রন্থটার দে সংবাদ দেন নাই। বৃদ্ধ লী ওরাণারের যদি খৃষ্ট পদে মতি থাকে, তাহা ইইলে তিনি উক্ত বাঙ্গালী মুবার নিকট গমন করিয়া দিতীর গণ্ডে চপেটাঘাত গ্রহণ করুন, ইহাই বৃদ্ধের পরামর্শ। তার পর বিচারালরে মুবার অদৃষ্টে যাহা আছে তাহাই হইবে।

আছো, এই যে কোন কোন মোকদমার দাররার জ্জের।
এদেসর লইরা বিচার করিতে বদেন, ইহার অর্থ আমাকে ভোমরা
ব্রাইরা দিতে পার ? আমি ত দেখিতেছি যে, এসেসরগণ যাহাই
বলুন না কেন, বিচারক তাঁহাদের মতে সম্পূর্ণ উপেক। করিরা
আপনার ইচ্ছামত বিচার করেন। যদি এসেসরগণের মত উপেক্ষিতই হর, তাহা হইলে ভদ্রলোকদিগকে অনর্থক কণ্ঠ দিবার প্রারো-

জন কি ? বিচারক মহাশরত অবাধে তাঁহাদিগকে অব্যাহতি প্রদান করিয়া আপনি একাকী বিচার কার্য্য নির্ব্বাহ করিতে পারেন। তোমরা হরত বলিবে বে, এসেসরগণ কিরুপ অভিমত প্রকাশ করিয়াছিলেন, হাইকোর্টে আপিল হইলে, মাননীর বিচার-পতিরা, সে দিকে লক্ষ্য রাখেন। এসেসরগণের অভিমতের মূল্য কিরুপ, তাহা বৃদ্ধ হুর্গাচরণ সন্ধ্যালের আপিলেই বৃদ্ধিতে পারা গিরাছে। এসেসর বেচারাদিগকে ছাড়িয়৷ দিলেই ভাল হয়। তোমরা এসেসর প্রথা উঠাইয়া দিবার জন্ম একবার আন্দোলন কর না ?

গত শনিবার অপরাহ্নকালে "এম্পায়ার" পত্রে দেখিলাম যে, আরও ২৮ জন ভারতবাদীকে নির্বাসিত করা হইবে। ভারা, বলিতে কি, আমার মনে বছই আশা হইয়াছিল যে,এ বার বোধ হয় আমার অদৃষ্টে একটা নির্বাসন জুটিবে। কিন্তু দরিদ্রের মনোরথ কথনও হাদরকেত্র ছাড়িয়া কার্য্যক্ষেত্রে বাহির হয় না। অনেক দিন হইতে আমি এই নির্বাসনের উমেদারি করিতেছি। কার্ত্তিক মাস হইতে ম্যালেরিয়ায় ভুগিতেছি, চিকিৎসক মহাশয় প্রত্যহই আমাকে বলেন "বায়ু পরিবর্ত্তন করুন"। এখন একে খয়চ পত্রের টানাটানি, ভাহার উপর রুয় শরীর,এক জন ভ্রা ও এক জন পাচক না লইয়া কোথাও ঘাইতে পারি না,অথচ আমার এমন সঙ্গতি নাই বে ভ্রা ও পাচক লইয়া বিদেশে গমন করি। তাই বড় আশা করিয়াছিলাম যে, যদি গবর্গমেন্টের ব্যরে পাচক বান্ধণ ও ভ্রা

লইয়া করেক মাসের জন্ত ওয়ান্টেয়ারে যাইতে পারি, তাহা হইলে বড়ই ভাল হয়। আমিও বিদেশে বসিয়া মাসিক কিছু কিছু বৃত্তি ভোগ করিব, গৃহিণাও বাটীতে থাকিয়া কিছু কিছু মাসহারা পাইবেন। কিন্তু বৃদ্ধের অদৃষ্টে সে স্বতোগ ঘটিল না। "এম্পানার" পাঠ করিয়া দেখিলাম, দক্ষিণ আফ্রিকা হইতে করেক জন ভারত বাসীর নির্বাসনের ব্যবস্থা হইয়াছে। যাহা হউক ভারা, ভোমাকে বলা রহিল, স্ববিধা পাইলেই আমার এই নির্বাসনের দর্থান্তথানা কর্তাদের নিকট দাখিল করিও এবং যদি পার, এই পীড়িত বৃদ্ধের জন্ত একটু অন্তর্যাধ করিও।

আজকাল চারি দিকে এত জাল পুলিশের প্রাহ্রভাব হইরাছে কেন বলিতে পার ? মক্ষলে পুলিশের প্রতাপ যে কি রূপ প্রবল, তাহা, বাহারা অবগত আছেন, তাঁহারা সহজে বৃদ্ধিতে পারিবেন যে, পদ্ধীপ্রামে পুলিশ সাজিয়া লোককে যত সহজে ভীত ও প্রবঞ্চিত করিতে পারা যায়, তত সহজে অন্ত কোন বেশে হর না। রাজাই বল আর মহারাজই বল, জমিদারই বল আর গোমন্তাই বল, মফ্রলের লোকে লাল পাগড়ি দেখিলে ভয়ে একেবারে অভিভূত হইয়া পড়ে, স্থতরাং লালপাগড়িধারীর কোন কার্য্যে তাহারা প্রতিবাদ করিতে সাহস করে না। যাহার কার্য্যে কেহ প্রতিবাদ করে না সেই ব্যক্তির সাজে কজিত হইলে অবাধে সকল কার্য্যই করিতে পারা যায়। সেই জন্তই এখনকার বৃদ্ধিমান দম্যারা পুলিশের বেশ ধারণ করিয়া স্বার্থিসিদ্ধি করে। ইহার প্রতিকার সহজ নহে। যদি

কথনও পুলিশের প্রভাপ হ্রাস পায়, তাহা হইলে লোকে আর পুলিশের মূর্ত্তি দেখিলে ভয়ে কিংকর্ত্তব্যবিমৃত হইয়া পড়িবে না। স্বত্তরাং শিক্ষিত দম্যরাও আর পুলিশের বেশ ধারণ করিবে না। কিন্তু কর্ত্তারা কি বৃদ্ধের এই পরামর্শ গ্রহণ করিবেন ? যদি মফ্র স্বলের পুলিশের প্রতাপ হ্রাস না পায়, তাহা হইলে পুলিশবেশে ভাকাতির সংখ্যা হ্রাস পাইবে না, ইহা নিশ্চয়। ইতি।

২৬শে মাঘ সোমবার ১৩১৫।

(**#**8)

সম্পাদক ভারা,

সভ্য কথা বলিতে কি, দেখিয়া শুনিয়া হতবৃদ্ধি হইয়া পাড়িরাছি। এ সব হইতেছে কি? আলিপুরের সরকারী উকিল পিস্তলের গুলিতে নিহত হইয়াছেন, তাঁহার অদৃষ্টে যাহা লিখিত ছিল, তাহাই হইল। তিনি আপনার প্রতিভা বলে যথেষ্ঠ যণঃ এবং অর্থ উপার্জ্জন করিয়া গিয়াছেন, পুত্রগণকে স্থাশিক্ষিত করিয়া গিয়াছেন, পানব জীবনের—বাঙ্গালী জীবনের হাহা বাঞ্চনীয়, তাহা, সমস্তই তিনি ভোগ করিয়া গিয়াছেন। তবে প্রাচীন বয়সে বন্ধুবাদ্ধব আত্মীর স্বন্ধন, পুত্র পৌত্র প্রভৃতির ধারা পরিবৃত হইয়া জাহ্ণবীর পবিত্র সলিলে সজ্ঞানে মৃহ্যুকে আলিঙ্গন করিতে পারিলেন না, আত্রারীর গুলিতে অপ্যাতে মৃত্যুমুপে পতিত হইলেন, ইহাই

ছঃ পের বিষয়। কিন্তু সকলের ভাগ্যে সকল মুখ লাভ হর না।
আভ বাবুর ভাগ্যে সজ্ঞানে গঙ্গালাভ ঘটিল না। "ভাগ্যং ফলতি
সর্বতিন বিস্থান চ পৌক্ষম্।"

আত বাব্র অদৃষ্টে যাহা ইইবার তাহাই হইল, কিন্তু আমি তাবিতেছি যে, দেশের ছেলেগুলার বৃদ্ধি শুদ্ধি এরপ বিকৃত হইল কেন? চারুচন্দ্র এক্সেহারে মলিরাছে যে, আশু বাব্কে দেশের শক্র বলিরা মনে করিয়াছিল, তাই তাঁহাকে হত্যা করিয়াছে। নির্ন্ধোধের দল এটা বোবে না যে, এক জন রাজকর্মচারীকে কোন কারণে নিহত করিলে হত ব্যক্তির পদ এক দিনের জন্তও শৃত্ত থাকে না। সামান্ত রাজকার্য্যের কথা ছাড়িরা দাও, যধন আগুমান বীপে শেরার আলি লর্ড মেরকে হত্যা করিরাছিল, তথন কি বড়লাটের অভাবে এক দিনের জন্তও রাজকার্য্য বন্ধ ছিল? হাইকোটের ভ্তপূর্ব প্রধান বিচারপতি নর্মান ঘাতকের হত্তে নিহত হইরাছিলেন বলিয়া কি হাইকোট উঠিয়া গিরাছিল?

অর্বাচীনেরা এটা বোঝে না যে, রাজপুরু বদিগকে হত্যা চরিলে দেশের কোন মঞ্চল হয় না; অধিকন্ত নানাপ্রকার অমঙ্গলই হইয়া থাকে। ধর, এই আশু বাবুর হত্যাকাণ্ডে রাজপুরুষগণ কি বিপ্লববাদীদিগের প্রতি সদয় হইবেন, না, বিপ্লবকারীদিগকে আদর্শ দণ্ডে দণ্ডিত করিয়া সেই দশভুক্ত অক্সান্ত ব্যক্তিকে রাজশক্তির প্রভাব অমুভব করাইবেন ? শুনিলাম যে, কোন কোন ব্যারিপ্টার নাকি এই ঘটনার বোমার মামলার আদামীপক সমর্থন করিতে অদমত ইইরাছেন। যদি ইহা সত্য হয়, তাহা হইলে এই হত্যাকাণ্ডের প্রথম ফলত হাতে হাতেই দেখা যাইতেছে।

আছে।, দেশে যত সরকারী কর্মচারী আছেন, তাঁহারা, বিগ্রবকারীদের মতে কথন না কথনও অল্লাধিক পরিমাণে ত স্বদেশের
বিরুদ্ধে দণ্ডায়মান হইয়াছেন বা হইবেন। হত্যাকারীরা প্রত্যেক
কর্মচারীকেই কি বধ করিবে ? ইহা অপেক্ষা আর বাতুলতা কি
হইতে পারে ? বিপ্লবনাদীদিগের মতে যাহারা দেশের বিরুদ্ধে
দণ্ডায়মান হইয়াছে, তাহারা সকলেই যদি বধ্য হয়, তাহা হইলে ত
ক বাছিতে গ্রাম উদ্ধান্ত হইয়া যাইবে। এরূপ বাতুল কে
আছে যে, রাঙ্গপুরুষমাত্রকেই বধ্য বলিয়া মনে করিবে ? বাতুলদিগকে কেবল রাজদণ্ডে দণ্ডিত করিলেই কি ইহার প্রতিকার
হইবে ? আমার বোধ হয় ইহাদিগকে কারাগারে না রাথিয়া
বাতুলালয়ে রাথিলেই ভাল হয়।

তোমাদের কোন কোন এংশো-ইণ্ডিয়ান সহযোগী এই আলি পুরের হত্যাকাণ্ডের উপলক্ষে বেশ এক চাল চালিয়াছেন। শ্রীমানেরা বলিতেছেন যে, আগুবাবুর মৃত্যুতে দেশের জনসাধারণ, বিশেষতঃ নেতৃষ্থানীয় ব্যক্তিরা যেরপ ।ছংথিত হইয়াছেন, তাহাতে আমরা আশা করিতে পারি যে, ভবিষ্যতে এরপ ছর্ঘটনা আর ষ্টিবে না। অর্থাং, নেতারা তাঁহাদের অমুচরবৃন্দকে এই প্রকার

অন্তার কার্য্যে হস্তক্ষেপ করিতে নিষেধ কারবেন! ভারা, শ্রীমানদের মনের কথাটা ব্রিলে কি? শ্রীমানেরা পরোক্ষভাবে বলিতেছেন যে, দেশে এই যে বোমার হাঙ্গামা, খুন, মারামারি প্রভৃতি হইতেছে দেশের নেতারা ইহার সমস্তই পূর্ব হইতে জানিতেন এবং তাঁহাদের ইন্ধিতে এই সকল ব্যাপার সংঘটিত হইতেছে। আলিপুরের হত্যাকাণ্ডে যখন সেই নেতারাই হিংখিত হইনাছেন, তখন আর এ রূপ ব্যাপার হইবে না। বলিশ্বরি বৃদ্ধি!

কুঞ্জলাল ভট্টাচার্য্য বিলাইত সার লী ওরার্ণারের গণ্ডে চপেটাঘাত করিরাছে, এ সংবাদ যথন খা দেশে প্রচারিত হইল, তথন সকলে মনে করিল যে, এই বার বাধ হয় ভট্টাচার্য্য সস্তানের অদৃষ্ঠে গাবজ্জীবন ধীপাস্তরবাস বা কারাবাস দণ্ড লাভ হইবে। কিন্তু লগুনের প্রলিশ নাম ধাম লিখিয়া লইয়া কুঞ্জকে ছাড়িয়া দিল,তংক্ষণাং তাহাকে রেগুলেশন লাঠির প্রহারে আধমরা করিল না, শুনিয়া অনেকের মনে বিশ্বরের সঞ্চার হইয়াছিল। এখন কুঞ্জলাল মূচলেখা লিখিয়া দিয়া অব্যাহতি লাভ করিয়াছে শুনিলে বোধ হয় তোমার পাঠকবর্গের বিশ্বরের আর সীমা থাকিবে না। কিন্তু ভায়া, একটা কথা তোমার পাঠকবর্গকে মনে রাখিতে বলিও "সে বড় কঠিন ঠাই, সাদা কালা ভেদ নাই।"

সে দেশটা ভারতবর্ষ মতে, ইংলণ্ড। সেথানে সাদার কালার মারামারি হইলে বিচারক আসামী করিয়াদীর শারীরিক বর্ণ ব্য ভাহাদের পদমর্য্যাদার প্রতি দৃষ্টিপাত করেন না। তাঁহারা কেবল দেখেন যে,প্রহারকারী কেন প্রহার করিল, তাহার উত্তেজিত হইবার যথেষ্ট কারণ আছে কি না। প্রহারের গুরুষ অন্ত্র্সারে দণ্ডেরও গুরুষ হইরা থাকে। যেরূপ অবস্থার পড়িয়া কুঞ্জলাল লী ওরার্ণারকে প্রহার করিয়াছিল, যদি লী ওরার্ণারও অন্তর্মপ অবস্থার পড়িয়া কুঞ্জলালকে প্রহার করিতেন, তাহা হইলে লী ওরার্ণারও অন্তর্মপ ম্বলেগ। দিতে বাধ্য হইতেন। সে দেশে রাজমন্ত্রী যদি ক্রত বেগে গাড়ী হাঁকাইরা যান, তাহা হইলেও কনেষ্টেবল তাঁহাকে পরিয়া আনালতে লইরা যার, ম্যাজিষ্ট্রেট তাঁহার অর্থনণ্ডের ব্যবস্থা করিয়া আইনের মর্য্যাদা রক্ষা করেন।

ভারণ, এই সপ্তাহের সাপ্তাহিক হিতবাদীতে গ্রন্থ সমালোচন।
পাঠ করিরা কিঞ্চিং বিশ্বিত হইলাম। তোমরা শ্রীৰুক্ত নিথিলনাথ
রার মহাশশের সঙ্গলিত "ইতিকথা" নামক একথানি প্রস্থের
সমালোচনা করিরাছে। "ইতিকথা" শব্দের অর্থ, মিথাা কথা—
ভামার এই রূপই জানা আছে। নিথিলনাথ বাবু অনেক কপ্ত করিরা
কতকণ্ডলি মিথাা কথার সঙ্গলন পূর্বক পৃস্তকাকারে প্রকাশ করিলেন
কি জন্ত ? আমাদের মনে, অর্থাৎ সে কালের রূদ্ধগণের মনে ধারণা
আছে যে, বাঙ্গালা সংবাদপত্তে কেবল মিথাা কথাই লেখা হয়।
বাংসরিক হুই টাকা দক্ষিণা দিয়া সংবাদপত্ত ক্রের করিরা মিথাাকথা
পাঠ করে, এই রূপ মূর্থের অভাব নাই। কিন্তু ছুই টাকা দিয়া এক
থানা মিথাা কথার কেতাব ক্রের করিবে, বাঙ্গালা দেশে এ রূপ মূর্থ

কেহ আছে কি ? ভাষা নিধিলনাথ বাবুর সহিত দেখা হইলে বলিও ষে, পরবর্তী সংস্করণে যেন পুস্তকের নামটা বদলাইয়া দেন। ইতি।

তবা ফাল্পন সোমবার ১৩১৫।

(89)

সম্পাদক ভায়া.

ভোমাদের কলিকাতা অঞ্চলে বোমার জের আর মিটিতেছে না। আর যত শ্লাজ্যের বোমা কি ঐ শিরালদহের রেলের গাড়ীতে পড়িবে? আমি ত ভারা, ইহার কোন অরি সন্ধি খুঁজিয়া পাইতেছি না।

একবার মনে করিলাম, ২য় ত শিয়ালদহ হইতে বারাকপুর পর্যন্ত রান্তার ছই পার্যে ভয়ানক জকল, মৃতরাং দেই সকল জকলের মধ্য হইতে বোমা মারিবার বেশ স্থবিধা হয়। কিয় বাহারা সর্কান রেলে বাতারাত করিয়া থাকেন, তাঁহারা বলিলেন, ঐ রান্তার পার্যে তেমন জকল ত নাই এবং লোকাল্রও বেশী নাই। যত বদ্লোকের আডো, কলিকাতা হইতে বারাকপুর পর্যন্ত রান্তার পার্যেই হইল কেন বলিতে পার কি ?

তোমাদের পত্রেই প্রকাশ যে, শিয়ালদহ হইতে বারাকপুর পর্য্যন্ত রেল রান্তার পার্মে যে সমস্ত গ্রাম আছে, তাহাতে পিউনিটিব প্রিশ বসিল। গবর্ণমেণ্ট যেখানে স্থানীর প্রিশের ধারা কোন অপরাধের তদস্ত করিতে পারেন না, সেই খানেই পিউনিটিব প্রিশ বসিয়া থাকে। ইহাতে কাহার অপরাধ সপ্রমাণ হয় ? প্রলিশের, না, গ্রামের লোকের ? প্রশিশ অপরাধীকে ধরিতে পারিল না, স্করাং গ্রামের লোক তাহার জ্পন্ত দণ্ড ভোগ করুক। এ কি রক্ষ বিচার বল ত ?

গবর্ণমেণ্ট বলেন ধে, গ্রামের লোকেরা চেষ্টা করিলে অপরাধীকে ধরিয়া দিতে পারে, তাহারা চেষ্টা করে না, সেই জ্ঞু অপরাধী শ্বত হয় না। স্ক্তরাং তাহাদের কর্ত্তব্য কার্য্যের ক্রুটার জ্ঞু তাহাদিগকে এই দগুভোগ করিতে হয় । মদপ্রলের গ্রাম সম্বন্ধে এ কথা সম্পূর্ণ না খাটিলেও কিছু কিছু খাটে। পল্লীগ্রামে যে সমস্ত অপরাধেয় কার্য্য হয়, তাহা অনেক সময় গ্রামের লোকেই করিয়া থাকে, বিদেশ হইতে কোন নতনলোক গ্রামে আসিয়া সহসা কোন অপরাধের কার্য্য করিতে সাহসী হয় না। এ অবস্থায় গ্রামের লোক চেষ্টা করিলে যে ছই একটা খুন বা অপরাধের কিনারা করিবার সাহায্য করিছে পারে না, এ কথা আমরা বলি না। কিন্তু তাহারা অক্তকার্য্য হইলেই যে তাহাদের উপর পিউনিটিব চাপাইতে হইবে, ইহার শ্বিক্রযুক্ততা আমি ত ভায়া দেখিতে পাই না।

এই ত গেল পল্লীগ্রামের কথা। এই বোমা উপলক্ষে শিরালদং হুইতে বারাকপুর পর্যান্ত পণ্ডের হুই পার্ষে যে সকল গ্রামের উপর পিউনিটিব পুলিশ বসিবে, সে সকল গ্রামের অবস্থা আমাদের পল্লীগ্রামের অবস্থা হইতে।সম্পূর্ণ পূথক। এই সকল গ্রামে নিত্য নৃতন লোক দেখিতে পাওরা যার, তাহাদের উপর সন্দেহ করিবার কোন কারণও উপস্থিত হর না; চারিদিকে কল কারণানা; তাহাতে কত রকমের লোক যাতারাত করিতেছে, কত চোর ডাকাত এই সকল কলে কার্য্য ব্যপদেশে আসিরা ডাকাতি করিবার স্থযোগ অন্থেমণ করিতেছে; কত অজ্ঞাতকুলশীল বুবক এই সকল কলে কেরাণীগিরি করিতেছে। তাহাদের মধ্যে কে কি করিতেছে, কৈ তাহার সংবাদ বলিতে পারে? অপরাধ নিবারণ ও অপরাধী শ্বত করিবার জন্ত পুলিশকে বেতন দেওরা হইরা থাকে। সেই পুলিশের অকর্মণ্ডার নিমিত্ত নিরপরাণ গ্রামবাসীর উপর পিউনিটিব চাপাইরা দেওরা কি সঙ্গত হইতেছে? কথাটা লইরা তোমরা একটু আন্দোলন করিও।

ধেতাঙ্গ ব্বকেশ কোন রাজকার্য প্রহণ করিয়। শীতপ্রধান জয়ভূমি পরিত্যাগ পূর্বক যথন গ্রীয়প্রধান ভারতে পদার্পণ করেন, তথন জলবায়ুর পরিবর্ত্তন বশতঃ তাঁহাদের মধ্যে অনেকেরই নাকি স্বাস্থ্যভঙ্গ হইয়। থাকে। যাহাতে তাঁহাদের স্বাস্থ্য অক্ষুধ্র থাকে, সে জয় বজীয় গংগনেণ্ট এক ন্তন পথে পদার্পণ করিতেছেন। ব্বক শ্বেতাঙ্গদিগের জয় ভারতে স্বাস্থ্যক্ষা বিষয়ক একথানি প্রক সঙ্কলিত করিয়। তাহা শ্বেতাঙ্গ মহলে বিক্রে বা বিভরণ করিবার বাবস্থা হইতেছে। বেশ

কথা। কিন্তু অনেক খেতাঙ্গ ৰুবক যে ভারতে পদার্পণ করিবার অন্ন কাল মণ্যেই স্বাস্থ্যের সহিত মন্ত্রয়ত্ত্ব পর্যান্ত হারাইরা বদেন, তাহার প্রতিকারের কোন উপার গবর্ণমেন্ট করিতেছেন না কেন? আমরা কেরাণী বাব্দের মুখে প্রায় প্রত্যহই শুনিতে পাই "অমুক সাহেব বধন প্রথম বিলাত হইতে আদিয়াছিলেন তথন যেন সদাশিব ছিলেন, কিন্তু ছন্ন মাস না ষাইতে যাইতেই নিম্ন মূর্ত্তি ধারণ করিলেন, এখন আর কালা আদমীকে মানুধ্ব বিলায় মনে করেন না।" ব্বক খেতাঙ্গদিগের শারীরিক অবনতির সহিত এইরূপ মানসিক অবনতি কেন ঘটে, কর্ত্পক্ষ তাহারও কোন কারণ অনুসন্ধান করিবেন কি ?

তোমরা হরত বলিবে যে, মৃবক খেতাঙ্গগণ প্রথমে যথন ভারতে পদার্পণ করেন, তথন তাঁহাদের বৃদ্ধি শুদ্ধি ভালই থাকে। কিন্তু এ দেশের প্রাচীন ও প্রবীণ এংশ্লোইণ্ডিয়ানদিগের সংস্রবে আসিয়া তাঁহাদের মতি বিগড়াইয়া যায়। এ কথা অসঙ্গত বলিয়া বোগ হয় না। তবে এ সম্বন্ধেও একটা কথা বক্তব্য আছে। পাছে কলেজ্লাদের বয়োবৃদ্ধ ছাত্রগণের সঙ্গে মিশিয়া স্থল বিভাগের অল্লবর্ম্ব ছাত্রগণ বিগড়াইয়া যায়,সেই জয় শিক্ষা বিভাগের কর্তৃপক্ষীয়নগণ কলেজ বিভাগের ও স্থল বিভাগের ছাত্রগণের জয় পৃথক পৃথক ছাত্রাবাদের ব্যবস্থা করিয়াছেন। বয়োবৃদ্ধ ছাত্রগণের মত স্বল্ধ আলাপ পরিচম হয় ও ঘনিঠতা হয়, তাহার ব্যবস্থা করা হইয়াছে। সিবিলিয়ান বা অয়্ত রাজপুক্ষগণের

জন্ত এইরপ একটা ব্যবস্থা করিতে পারিলে ভাল হর না ? এই রপ ব্যবস্থার পরেও যদি ষ্বক খেতাঙ্ক রাজপুরুষগণ বিগড়াইরা যান,তাহা হইলে বৃঝিব যে, হয় দেশীর কেরাণী দিগের দোষ নতুবা তাঁহাদের অদৃষ্টের দোষ। কিন্তু কেরাণী বেচারীদের উপর দোষারোপ করি-বার পূর্ব্বে এই ব্যবস্থাটা করা কর্ত্তব্য। ইতি

১০ই ফাব্ধন সোমবার ১৩১৫।

(89)

সম্পাদক ভাষা,

কলিকাতার বসস্তরোগের কেরপ প্রাহ্রভাব হইরাছে,ভাহাতে ত রাজধানীতে বাস করা অসম্ভব হইরা উঠিয়ছে। এ রূপ ভীষণ মূর্ত্তিতে মা শীতলা কলিকাতার কেন দেখা দিলেন, তাহা ভিনিই জ্বানেন। তবে এই বসস্ত সম্বন্ধে আমাদের বিশ্ববিদ্যালরের কর্ত্তাদিগকে একটি কথা বলিবার আছে। তোমাদেরই কাগজে দেখিলাম নে, বিশ্ব-বিস্থালয়ের কর্তৃপুক্ষ প্রবেশিকা পরীক্ষার দিন এক সপ্তাহ পিছাইরা দিয়াছেন। যদি এক সপ্তাহই পিছাইয়া দিলেন,তবে আরও করেক দিন অপেক্ষা করিলে ভাল হইত না কি ? যে সমর কলিকাতার প্রত্যহ শত শত ব্যক্তি বসস্ত রোগে আক্রান্ত ও মৃত্যুমুখে পতিত হইতেছে, সে সময় পরীগ্রাম হইতে শত সহন্র পরীক্ষার্থীকে এখানে আদিতে বাধ্য করা কি কর্ত্তব্য ? কলিকাতার পরীক্ষা দিতে আদিরা যদি কোন পরীকার্থী ঐ ভীষণ রোগে আক্রাস্ত হর, অথবা মৃত্যুম্থে পতিত হয়, তাহা হ**ইলে দে জন্ত কে দা**রী হইবে ?

রাজপুরুবের। সংক্রামক রোগের সংক্রমণ নিবারণের অন্ত নানা প্রকার উপার অবলম্বন করেন বলিয়া গুনিরাছি। পল্লীগ্রাম হইতে সমাগত পরীক্ষার্থীরা কি এই পরীক্ষা উপলক্ষে কলিকাতার আসিয়া নানা স্থানে বসস্তরোগ ছড়াইয়া ফেলিবে না ? ইহার প্রতীকারের জন্ত কর্তৃপক্ষ কি উপার করিতেছেন ? যদি কর্ত্তারা। এই বৃদ্ধের পরামর্শ গ্রহণ করেন, তাহা হইলে আমি বলি ষে তাঁহার। মফ্রনের হাত্রগণকে কলিকাতার আসিতে না বলিয়া বর্দ্ধমান, ছগলী, রুঞ্চনগর প্রভৃতি স্থানে গমনপুর্ককি পরীক্ষা দিতে বলুন। যাহার ইছঃ হইবে সে কলিকাতার আম্ক,কিন্ত কাহারও ইছার বিক্রমে তাহাকে কলিকাতার আসিতে যেন বাধ্য করা না হয়। হগলী কলেজে,রঞ্জনগর কলেজেও বর্দ্ধমান রাজ কলেজে যদি নির্দ্ধির সংখ্যার মপেক্ষা অধিক পরিক্ষার্থী উপস্থিত হয়, তাহা হইলেও স্থানাভাব হইবার আশক্ষা নাই। কলিকাতার ছাত্রেরা কলিকাতাতেই থাকিয়া পরীক্ষা দিক, কিন্তু মফ্রনের ছাত্রগণকে যেন কলিকাতার আসিতে বাধ্য করা না হয়।

এবার কি বিবাহের ষটাই গেল! কলিকাতার বসস্ত রোগের গেমন ছড়াছড়ি বিবাহেরও সেই রূপ হড়াহড়ি। প্রতি বাটীতেই শহ্মধ্বনি শুনিতে পাই। গত শনিবারের কথা মনে হইলে বাস্ত-

বিক**ই ভ**য় হয়। **আমার বোধ হইল, শনিবার**; বর্ষাত্রী অপেক্ষা বরের সংখ্যা অধিক হইয়াছিল। সকলেই বর, বরহাতী হইবে কে ? অনেক বরকে নাপিত ও পুরোহিতের অভাব বোধ করিতে হট্যাছিল। অবশেষে বংকিঞ্চিং রঞ্জত মূল্যে সে অভাব পুরণ করিয়া লইতে হইয়াছে। ইদানীং অনেকের মুথেই গুনিতে পাই যে, এ কালের ছেলেরা বিবাহ করিতে রাজী নতে। কিন্তু শনিবারে বিবাহের সংক্রামকতা দর্শনে বুর্বিতে পারিলাম যে,সে কথা নিতান্তই মিখ্যা। আমার মত পরু কেশ্রালিত দম্ভ, লোলচর্ম্ম বর ত একটাও দেখিতে পাইলাম না। তবে কৈহ যদি কলপ মাথিয়া, দাঁত বাধা-ইরা যমরাজাকে এবং ক্যাপক্ষকে ফাঁকি দিবার চেষ্টা করিয়া পাকেন, তাহা হইলে দে স্বতক্ষকথা। নতুবা আমিত যতগুলি বর দেখিলাম, তাহাদের সকলকেই "এ কালের ছেলে" বলিরাই বোধ হটল। আর কলিকাতার শিক্ষিতা পাত্রীরা কি আমাদের মত "(म कार्लात (ছरलरमत्र" भनाम वत्रमाना थानान कतिरव १ এ কালের লোকে যে বল্লাল সেনের মর্য্যাদা বুঝে না, তাই বুদ্ধবিবাহ আরু বড দেখিতে পাই না। এ কালটা সে কাল হইলে শনিবারে আমার সমবরস্ক অনেক বুদ্ধই সোলার টোপর ও রাঙা চেলি পরিতেন সন্দেহ নাই। হায়রে আমাদের সে কাল।

দেখ ভারা, আজ কাল একটা নৃতন ফ্যাশন দেখিতে পাইতেছি, সে টা তোমাদের দৃষ্টিতে পড়িয়াছে কি? বিবাহ বাসরে বরকে, ক্যাকে এমন কি ক্যার মাতাকে পর্যান্ত প্রীতি-উপহার দিবার প্রথার সহিত নিমন্ত্রণ পত্রের পাদটীকার "লৌকিকতা গ্রহণে অসমর্থ.
ক্রটী মার্জনা করিবেন।" এই রূপ লেখা একটা দ্যাশান হইরাছে,
দেখিরাছ কি ? এই লেখার অর্থত আমি ব্রিতে পারি না।
পিতৃদার মাতৃদারের স্তার কন্তার বিবাহও হিন্দু সমাজে একটা
দার বলিয়া গণ্য এবং আত্মীর স্বন্ধনবর্গের সাহাম্যে সেই দার হইতে
উন্ধার লাভ করিতে হয়। স্বত্রাং হিন্দু সমাজের শাসন মানিয়া
চলিতে হইলে এই তিন দায়ে আত্মীরবর্গের নিকট হইতে সাহাম্য
গ্রহণ করা কর্ত্তর্য। কন্তাকর্ত্তা নিমন্ত্রণ পত্রে যদি ঐ রূপ পাদটীকা
যোগ করিয়া দেন, তাহা হইলে তিনি সামাজিক অনুশাসন লভ্যন
করেন। অতএব তাঁহার পক্ষে ঐ রূপ লেখা অক্ত্রিয়।

এখন কথা হইতেছে বরপক্ষের নিমন্ত্রণ পত্র লইরা। বরকর্তা বলিতে পারেন "আমিত দায়গ্রস্ত নহি, আমি আত্মীয়বর্গের সাহায় কেন গ্রহণ করিব? এ বিষয়েত আমার উপর কোন সামাজিক অফুশাসন নাই। লৌকিকতা গ্রহণ না করিয়া আমি সমাজসমত কার্য্যই করি।" কিন্তু ভারা, বরকর্তার ঐ কথার এই বৃদ্ধ ভূলিবেনা। তিনি পুজের বিবাহের সময় ভাবী বৈবাহিকের গলার পা দিয়া টাকা আনার করেন সমাজের কোন অফুশাসন অফুশারে? অনেক টাকা লইবার সময় সামাজিক শাসন মানিব না, হিন্দুর শাস্ত্র মানিব না, আর হই চারি টাকা লইবার সময় সমাজের দোহাই দিব, এ রহস্ত মন্দ নহে। সমাজটা যেন আমার হাত ধরা, যেমন করিরা চালাইব সেই রূপ করিরাই চলিবে। এই রূপ অসার

বুক্তিতে শিশু বা বালকের দল ভূলিতে পারে, আমার মত বৃদ্ধের দল ভূলিবে না।

আমি বলি, যাহারা পুত্রের বিবাহ দিয়া কন্তার পিতার নিকট টাকা লইয়া থাকেন.ভাঁহাণের এই কথাটা ব্যবহার ।করিবার কোন অধিকার নাই। যে ভাবী কুটুম্বের নিকট হইতে পীড়ন করিরা বা ভিকা করিয়া অর্থ লইতে পারে, সে ব্যক্তির আবার অন্তান্ত আত্মীরের নিষ্ট হইতে ভিক্ষা এহলে লজা কি ? দে ত লজ্জার মন্তক ভক্ষণ করিয়া, ভিক্ষার ঝুলি হাতে লইয়া পুত্র বিক্রু করিতে বসিয়াছে। দাহার মুখে আবার উদারতার কথা কেন ? তবে যিনি পুত্রের বিবাহে কন্তার পিতার ইচ্ছা প্রদত্ত অর্থ পইয়াই সম্ভষ্ট, তিনি শত বার ৰলিতে পারেন যে "আমি ।লৌকিকতা গ্রহণে অসমর্থ।" কিন্তু এই শ্রেণীর কর জন বরকর্তা আজ কার্ল দেখিতে পাওয়া যায় ? আমার মতে যে ব্যক্তি পুত্রের বিবাহে পীড়ন করিয়া টাকা লয়,নে যদি বলে ষে"লোকিকতা লইব না,ত্রুটী মার্জনা করিবেন"তাহা হইলে সমার্জনীর দ্বারা তাহাকে মার্জনা করা কর্ত্তব্য। কথাটা বোধ**ুহ**র **অনেকের পক্ষেই রুঢ় বোধ হইবে**। কিন্তু ভারা,এটা कानि ९ एर. ममारक ज्लामीत अञ्चल एम का कथन है कर्जन नरह। এক জনের সর্ব্বনাশ করিব আর দশজনের নিকট উদারতা প্রকাশ করিব, ইহা কি ভণ্ডামী নহে ? ইতি।

১৭ই ফাব্ধন সোমবার ১৩১৫ া

(**8**5)

সম্পাদক ভারা,

বৰ্দ্মান বিভাগ হইতে, ছোটলাটের সভার কোন ভাগাৰান "माननीय" डेक्टीय माथाय वाँक्षित्रा मम्ब्यक्रत्थ श्वर्यन क्रियनन, जारा লইরা এখন হইতে দেখিতেছি বিশেষ হড়াইছি আরম্ভ হইরাছে। বেরূপ ব্যাপার দাঁড়াইরাছে, ভাহাতে উত্তরপাড়ার মুখুয়ে মহাশ্র * এবং কাশিমবাঙ্গাবের নন্দী ।মহাশবের† মধ্যেই প্রতিযোগিতা প্রবল বেগে চলিতেছে বলিয়া বোধ হয়। মুখুবেয়ই হউন, আর নন্দীই হউন. যিনিই হউন না কেন, তাঁহাকে যে অধিক দিন এই"মাননীয়"-গিরি ভোগ করিতে হইবে না. একথা আমি এখন হইতেই বলিয়া রাখিতেছি। বৃদ্ধের এই উক্তি ব্রহ্মশাপ বৃদিয়া মনে করিও না। বড়লাট বাহাত্বর যে দিন ইচ্ছা করিবেন, দেই দিনই নৃতন "কাউন্সিল এই" প্রচার করিবেন এবং ভারতবর্ষের যে প্রদেশে যত ব্যবস্থাপক সভার "মাননীর" আছেন, সেই দিন সকলেরই সাধের প फ़रव । 'छाहात्र भन्न नृजन विशान मरज नृजन निर्साहन। নব নির্বাচনে কে মাননীয় হইবেন, তাহা কে বলিতে পারে? মোটের উপর বড়লাট বাহাছরের সোণার কাঠি স্পর্শ করিবামাত্র দকল সম্ভতেই "মাননীয়"-লীলা সংবরণ করিতে হইবে।

রাজা প্যারীমোহন মুখোপাধ্যায়।

[†] মহারাজ মণীলচন্দ্র নন্দী।

পর বড়লাটের রূপার কাঠির স্পর্শে কোন্ ভাগ্যবান পুনরায় "নাননীয়" জীবন লাভ করিবেন,তাহাই দ্রষ্টব্য ।

এখন ব্ঝিতে পারিলে ধে. গৃহ-বিচ্ছেদ এবং শত্রু-বৃদ্ধি করিয়া যাঁহারা এখন ছোটলাটের ব্যবস্থাপক সভায় চাকরি লাভের চেষ্টা করিতেছেন, তাঁহাদের কার্ফাকলাপ কিরূপ অনিশ্চিত। তাঁহাদের নির্বাচনেরএক সপ্তাহ পরেই যদি বডলাট বাহাহর নতন কাউন্সিল এক্ট প্রচার করেন,ভাহা হইলে নৃতন"মাননীয়"মহাশয়কে এক সপ্তাহ চাকরি করিয়াই অবসর গ্রহণ করিতে হইবে। কথার কথা,এক সপ্তাহ বলিতেছি,হয়ত ছয় মাসও ব্লৈতে পারে। কিন্তু ছয় মাসের অধিক যে হইবে না,ইহা জানিয়া রাখিও। ছয়মাদের চাকরির জন্ত দল ভাঙ্গা-ভাঙ্গি, মন ভাঙ্গা-ভাঙ্গি, উপরোধ, অমুরোধ, সময় নষ্ট, অর্থ নষ্ট যথেষ্ট হইতেছে। আমার ত বোধ হয় যে, এত পরিশ্রমের মজুরি পোষাইবে না। তবে কেন ও হাঙ্গামা ? আমি বলি কি. "মাননীয়" পদ-প্রার্থীরা আপাততঃ করেকদিন নিশ্চিন্ত হইয়া বসিয়া থাকুন। বড়লাটের আদেশ প্রচার পর্যান্ত তাঁহারা অপেক। করুন। তাহার পর নৃতন কাউন্সিল বিল প্রচার হইবামাত তাঁহারা কোমর বাঁধিয়া ভোট ভিক্ষায় প্রব্রুত্ত হইবেন। এখন কয়েক দিনের চাকরির জন্ম সময়, অর্থ ও সম্ভ্রম নাশ করা কেন ?

ভারা, দেশের অবস্থা বড়ই শোচনীয় হইরা উঠিতেছে। প্রজা হইরা রাজপুরুষগণের কথার বিশাস করে না বরং প্রতিবাদ করে, এরপ খুইতা কি কখন সহু করিতে পারা যায় ? এই দেব না, বাধরগঞ্জ জেলার গইলা গ্রামের রামচক্র গৈনে প্রকাশ দিবালোকে বাজারের একটা দোকানে আগুন লাগাইতে গিরাছিলেন, তাই ম্যাজিপ্টেট তাঁহাকে হুই বংসরকাল একটু যাে রাখিবার জন্ত কারাধ্যকের প্রতি আদেশ করিয়াছেন। রামচক্র ম্যাজিপ্টেটের নিকট বলিলেন যে, ত্রেতার্গে যদিও এক রামচক্র মাজিপ্টেটের নিকট বলিলেন যে, ত্রেতার্গে যদিও এক রামচক্র মাজিক্রে সহুত্ব নাই; এমন কি তিনি সাক্ষ্য ছারা সপ্রমাণ করিতে পারেন যে, ঘটনার দিন তিনি গ্রামেই ছিলেন না। কিন্তু ম্যাজিপ্টেট রামারণ কণ্ঠত্ব করিয়াছেন, তিনি জানেন যে, রামচক্র হইলেই, প্রতাক্ষ ভাবেই হউক আর পরোক্ষ ভাবেই হউক, তাঁহার সহিত অগ্লিকণ্ডের একটা সম্বন্ধ থাকিবেই; তাই তিনি রামচক্রের তরফে কোন সাক্ষ্য গ্রহণ করা প্রয়োজন বলিরা মনে করিলেন না; রামচক্রকে হুই বংসরের জন্ত প্রায়েকন বলিরা মনে করিলেন না; রামচক্রকে হুই বংসরের জন্ত প্রায়েকন বলিরা মনে করিলেন না; রামচক্রকে হুই বংসরের জন্ত প্রায়র বাস করিবান্ধ জন্ত অন্ধর্যেধ করিলেন।

এ রামচন্দ্র নাকি কলির লোক,তাই গোলঘোগ করিয়া বদিলেন।
ত্রেতার রামচন্দ্র পিছ-আদেশে ১৪ বংসরের জন্ম বনবাসে গমন
করিয়াছিলেন, আর কলির রামচন্দ্র প্রজার "মা, বাপ" ম্যাজিট্রেটের আদেশে হই বংসরের জন্ম কারাবাসে গমন করিতে সম্মত
হইলেন না। তিনি জেলার জজের কাছে মীমাংসার জন্ম উপস্থিত
হইলেন । ধৃষ্ঠতা কি সামান্ত ? কলিকাল কি না! রামচন্দ্র

জ্জকে বলিলেন ক্রেআমার পক্ষের সাক্ষা গ্রহণ না করিয়া ম্যাঞ্জি-्रेष्ठे चरिव कार्या कविशा**रह**न. स्वव्हाः 'वाहात विहान विधिमक्व रम नार्टे। मभाज्ञाञ्च स्विधान जा वाराष्ट्रम विषयान ভোমার মতে অবৈধ কার্যা হইরাছে বটে, তবে তাহাতে বিশেষ কোন ক্তি নাই।" দেখদেখি ভারা, কেমন দুরদর্শিতা! এই দে বংসর বাধরগঞ্জ জেলায় ভীষণ ছর্ভিক্ষ হইরা গেল, মৃতরাং আগামী হুই বংসরের মধ্যে শে আবার হুর্ভিক্ষ হুইবার সম্ভাবনা আছে, জব্দ বাহাত্ত্র নিশ্চরই ভাহা অনুমান করিয়াছিলেন। তাই তিনি রামচন্দ্রকে বলিগলন ষে. "তোমার তরফে সাক্ষ্য গ্রহণ না করাতে বিশেষ ক্ষতি হয় নাই।" নির্বোধ রামচক্র বুঝিতে পারিল না যে, আগামী হুই বৎসবের মধ্যে যদি ছুর্ভিক্ষ হর, ভাহা হুইলে তাঁহাকে আর আট টাকা বা দশ টাকায় এক মণ চাউল কিনিতে হইবে না! ছই বংসরের স্কু রাজার অতিথিশালার তাঁহার দক্ষিণ হস্তের ব্যাপার সম্পন্ন হইবে। এটা যে কত বড় লাভ. তাহা রামচক্র ব্রিতে পারেন নাই, কিন্তু বুদ্ধিমান জজ তাহা বুরিতে পারিরা বলিলেন যে আসামীপক্ষের সাক্ষ্য গ্রহণ না করাতে কোন क्षि इत्र नाहै। क्षि उं दब्रहे नाहे वदः यदश्वे लांड दहेशास्त्र, একথা রামচন্দ্রকে ব্রধাইয়া দের, এরূপ লোক কেহ কি নাই ?

তকাশীধামের মিউনিসিপালিটির পাণ্ডার। বড় বিপদে পড়িরা-ছেন। তাঁহারা রাতারাতি বড় মান্ত্র হইবার চেষ্টার ছিলেন, কিন্তু মবিধাতা তাহাতে বাদ সাধিয়াছেন। মিউনিসিপাল ফণ্ডে কিলিঃ

অর্থাভাব অমুভব করিয়া পাণ্ডা মহাশয়েরা অর্থাগমের এক নূতন উপার উদ্ভাবন করিলেন। তাঁহারা স্থির করিলেন যে, ৮কাশীধামে যে সকল যাত্রী রেলপথে আগমন করিবে, তাহাদের নিকট হইতে যংকিঞ্চিং তামমূদ্রা আদায় করিয়া শূক্ত ভাণ্ডার পূরণ করিবেন। সমস্ত রেল কোম্পানীর সহিত বন্দোবস্ত হইল, তাঁহারা যাত্রীদিগের নিকট হইতে তাম্ব্রুড়া সংগ্রহ করিবেন। স্থাধালার কার্যা চলিতে লাগিল। এমন সময় মিউনিসিপালিটীর এক মাসতুতো ভাই আসিরা জুটিল। বেনারস ক্যাণ্ট্রমেণ্টে অর্থাৎ সাহেব পাড়ার মিউনি-সিপালিটির অম্বরূপ একট। ব্যাপার আছে, ভাহার নাম ক্যাণ্টনমেণ্ট কমিটি। কমিটি একদিন মিউনিসিপালিটীকে বলিলেন "ভাগা. যাত্রীদের প্রণামীটা তুমি একা লইবে. তাহা কি ভাল দেখায়? আমাকে কিছু দাও, তুমিও কিছু লও; জানত আমি তোগার মাসততো ভাই।" মিউনিসিপালিট বলিলেন "দে কি দাদ। এ যে আমার নিজ্প, তুমি এ দিকে দৃষ্টি দাও কেন?" কমিটি নাছোড়বান্দা, ভাগ লইয়া তবে ।ছাড়িবেন। মিউনিসিপালি-টির পাণ্ডারা মনে করিয়াছিলেন যে, যাত্রীদিগের নিকট হইতে প্রতি বংসর অন্ততঃ ৩।৪ লক্ষ টাকা সংগৃহীত হইবে, কিন্তু ফলে দেখা গেল সংগ্রীত টাকা কয়েক সহত্রের অধিক হয় নাই, তাহার উপর আবার দাদাকে ভাগ দিতে হইবে ; বিপদের কথা নহে কি ?

ভোমাদেরই কাগজে দেখিলাম যে, বিশাতে লর্ড ম্যাকডোনেল বর্জমান ও প্রেসিডেন্সি বিভাগকে পূর্ববঙ্গের অন্তর্গত করিয়া দিবার

জন্ত কর্ত্তপক্ষকে অমুরোধ করিয়াছিলেন। কথাটা মন্দ নতে। কিন্তু যদি বাকুড়া মেদিনীপুর হইতে পূর্ব্বঙ্গ আরম্ভ হয়, তাহা হইলে পশ্চিম বঙ্গ হইবে কোন্টা ? গুজারটি না মধ্য ভারতবর্ষ ? গুনিরাছি এক জন মাতাল কালীয়াটে ছাগ বলিদান দেখিতেছিল। সে দেখিল যে, যে কামার ছাগ বলিদান করিতেছে, সে ছাগের কণ্ঠে **এ**মন স্থানে আঘাত করিতেছে,যে ছাগের মুণ্ডের সহিত সমস্ত গল্দেশ এমন কি পৃষ্ঠেরও কিয়দংশ বিচ্ছিন্ন হইয়া যাইতেছে। ছাগ বলিদান করিলে কামার ছাগের মুগু পারিশ্রমিক স্বরূপ পাইয়া থাকে বলিয়া সে এরপ করিয়া বলিদান ক্রিতেছিল। মাতাল বাবুও বলিদানের বস্তু একটা ছাগ ক্রন্ত করিন। স্থানিয়াছিল। সে কামারের ব্যব-হার দেখিয়া অত্যন্ত বিরক্ত হইয়া বলিল, "বাবা, যদি মুড়ির দিকটাই নেবে, ভবে আর খামকা জীবহত্যা কর কেন ? আমার এই পাঁঠার ল্যাঙ্গে এক কোপ মার, আমি ল্যাঙ্গটা নিরে ঘাই আর তুমি মুড়ি গুদ্ধ আন্ত পাঁঠাটাকে তাড়িয়ে বাড়ী নিয়ে খাও।" লড ম্যাকডোনেলও তাহাই বলিরাছেন। যদি বঙ্গদেশকে বলি-দানই করিতে হয়, তবে আর মাঝামাঝি কাটা কেন ? একেবারে বাকুড়া ঘেঁসে খাঁড়া পড় ক, বাঙ্গলা দেশটাও আন্ত থাকুক।

আছো ভারা, এই বে শাসন সংস্কারের কথা শুনিতেছি, ইহার মধ্যে একটা ব্যাপার দেখিতে পাইতেছি না কেন ? ডিসেণ্ট-রালিজেশন কমিশন এ দেশের মিউনিসিপালিটী, ডিব্রীক্ট বোর্ড, লোকালবোর্ড প্রভৃতি সভা সমিতিগুলিকে সরকারের হাত হইতে

দেশের লোকের হাত দিবার প্রস্তাব করিয়াছেন। मन्त्र नत्ह, किन्नु (मर्ट्यंत्र भाष्टितकात्र जावहै। गवर्ग्टमर्ट्यंत हाट्ड রাখা সম্বন্ধে কোন আপত্তি করেন নাই কেন ? আমাদের দেশে তই প্রকার অশান্তি আছে, প্রকৃত ও করিত। চুরি, ডাকাতি, মারামারি, নরহতা। প্রভৃতি প্রকৃত অশান্তি এবং ।রাজবিধেব-প্রচার বিদ্রোহ, ৰুদ্ধ প্রভৃতি কল্লিভ অশান্তি। পরীক্ষার দারা সপ্রমাণ হইয়াচে যে, আমাদের দেশের পুলিশ প্রকৃত অশান্তি দূর করিতে পাক্লক আৰু না পাক্লক, কল্পিত অশান্তি দূর করিতে বিশেষ সমথ। আমি বলি কি, পুলিশের হাতে কল্লিত অশান্তি নিবারণের ভার প্রদান করা হউক। তাহারা লোকের বাড়ী পানাতরাস করিগে সভা-সমিতি বন্ধ করিবে, সংবাদপত্র লইয়া টানাটানি একরিবে আয় আমাদের দেশের স্বেচ্ছাদেবকগণের উপর প্রকৃত অশাস্থি নিবারণের ভার প্রদান করা হউক। তাহার। গুণ্ডার অভ্যাচার. তর্বলের উপরে বলবানের উৎপীত্ন, চুরি, ডাকাতি, দাঙ্গা হান্বামা প্রভৃতির প্রতিকার করিবে। দেখা গিয়াছে যে, স্বেচ্ছাদেবকগণ ক্ররণ প্রকৃত অশান্তি নিবারণে বিলক্ষণ পারদর্শী। কর্তারা শাসন সংস্নারে হস্তক্ষেপ করিতে উদ্পত হইয়াছেন বলিয়াই এই পরামর্শ দিলাম। ইতি।—

২৪শে ফাব্রন সোমবার ১৩১৫।

(88)

সম্পাদক ভারা,

শুনিলাম সে দিন টাউনহলে একটি সভা করিরা বিলাতের লও মহাসভার কার্য্যে প্রতিবাদ করা হইরাছে। ভালই হইরাছে। কিন্তু প্রতিবাদ সভা করিরাই নিরস্ত হইলে চলিবে না! যদি উদ্দেশ্য সিদ্ধ করিতে চাও, জাহা হইলে আরও অনেক কার্য্য করিতে হইবে। তোমরা নিশ্চর জান (কেন না সম্পাদকমাত্রেই সর্ব্বেছ) যে লর্ড মহাসভার সদস্যগণ কেবল জমীদার নহেন, তাঁহাদের মধ্যে অনেকেরই বড় বড় কল কার্য্যানা আছে। ম্যাঞ্চেপ্তারের কার্প্রের করের সহিত্ত তাঁহাদের অনেকেরই ভাগ্যলন্ধীর বনির্চ্চ সম্বন্ধ আছে। এই স্থানারে স্বন্ধের ভারতার করের সহিত্ত তাঁহাদের অনেকেরই ভাগ্যলন্ধীর বনির্চ্চ সম্বন্ধ আছে। এই স্থানারে সে দিকে একবার :দৃষ্টি নিক্ষেপ করিও। এই যে আজকাল বিলাতে কমন্স মহাসভার অনেক ভারতবন্ধ দেখা দিরাছেন, ইহার প্রধান কারণ ম্যাঞ্চেরার। তাই বলিতেছিলাম যে কেবল প্রতিবাদ সভা করিরাই যেন কান্ধ হইও না, এখনও অনেক কান্ধ করিতে হইবে।

তোমাদের একজন পাঠক তোমার দারা আমার নিকট একতাড়া-কাগজ পাঠাইরা দিয়াছেন। এখন বন্ধদেশের অনেক গ্রাহ্মণের ত জাতি আপনাদের উৎকর্ষ প্রতিপাদন করিবার চেষ্টা করিভেচেন. এমন কি উপবীত ধারণ করিতে ব্যক্তা হইয়াছেন বলিয়া তোমার পাঠক মহাশয় আমাকে জিজ্ঞাসা করিয়াছেন এখন কর্ত্তব্য কি গ আমার মতে কর্ত্তব্য এই যে, স্থির হইরা বসিয়া থাকা। দিন কত্তক চপ করিয়া বসিয়া থাক, ক্রমে ক্রমে সকল জাতিই এক এক প্রদ অগ্রসর হইবে, স্কুরাং কেহ কাহাকেও পশ্চাতে ফেলিয়া সাইডে পারিবে না. অর্থাং যে যেথানে আছে সে সেই থানেই থাকিবে। আর উপবীতের কথা? সেজত চিত্তিত হইও না। কারণ বহুকাল পূর্বের আমি একবার শ্রীক্ষেত্রে গের। দেখিয়া আসিয়াছ যে, চামারেরা চামড়ার মোট মাথায় করিয়া যাইতেছে, অথচ ভাষা-দের গলায় এক গাছা পৈতা ঝুলিতেছে। মোটের উপর কথাটা জানিয়া রাখিও যে ইংরেজের আমলে ভারতে চইটি মূল জাতি আছে—শ্বেতাঙ্গ ও ক্লফাঙ্গ এবং একটি সঙ্কর জাতি আছে: এই তৃতীয় জাতির মধ্যে কেহ কেহ আপনাদিগকে "ইম্পিরিয়াল এংশ্লো ইণ্ডিয়ান"নামে পরিচিত করিয়াথাকে। ফলতঃ এখন এ দেশে এই তিনটি জাতি বাতীত আর অন্ত জাতি নাই।

যথন বিচারক মহাশয় বিঘাটীর ভাকাতির মোকদ্দমা হাই-কোটের নৃতন দায়রায় সোপদ্দ করেন, তখন আমি তোমাকে জিজ্ঞাসা করিয়াছিলাম যে এই নবগঠিত এজলাসে উকিলেরা প্রবেশ করিতে পারিবেন কি না ? এতদিন পরে এই প্রশ্লের একটা মীমাংসা হইয়া গেল, আমিও নিশ্চিস্ত হইলাম। নৃতন এজগাসে উকিলদিগের প্রবেশাধিকার থাকিবে না। ব্যবস্থাটী অভি স্থলন হইরাছে। কারণ বে সকল দরিদ্র আসামী হাই-কোটের এই নৃতন এজলাসে বিচারার্থ প্রেরিভ হইবে,ভাহাকে আর মোকদমার জন্ত অর্থব্যর করিতে হইবে না। আমি পূর্ব্বেই বলিরাছিলাম যে হাইকোটে উকিল দিবার প্রথা থাকিলে অনেক দরিদ্র আসামীর আত্মীয় বন্ধরা বান্ধালী উকিলের হাতে পারে ধরিরা অল্প প্রসায় কাজ সারিতে পারিভ, কিন্তু ব্যারিষ্টার দিবার প্রসা কর জনের আছে ? বাহা ছউক এই ব্যবস্থার আসামীদিগকে আর ধনে প্রাণে মারা পড়িতে হইবে না। "অর্দ্ধং ত্যক্ষতি পণ্ডিতঃ।"

এবার কনভোকেশনে ভাইস-চ্যান্সেলার ডবল ডাকার
ম্থোপাধ্যার মহাশরের অভিভাষণ পাঠ করিয়া আমরা একটা
প্রাচীন গল্প মনে পড়িল। শুনিয়াছি যে বঙ্গদেশের প্রধান মার্ত্ত
রযুনন্দন আপনার নবপ্রবর্ত্তিত ব্যবস্থামত পুত্রের উপনয়ন কার্য্য
সম্পাদন করিয়াছিলেন। সেই জন্ম তাঁহার প্রতিবন্দীরা বলিয়াছিলেন যে, রঘুনন্দন যে প্রথার প্রবর্ত্তন করিলেন, যদি সেই প্রথাই
শাস্ত্রসন্দ্রত হয়, তাহা হইলে য়য়ং রঘুনন্দন ব্রাহ্মণ নহেন কারণ
তাঁহার উপনয়ন এই শাস্ত্রসন্দ্রত প্রথায় হয় নাই। আশু বার্
আইনের ডাক্তার, হাইকোটের বিচারপতি, অথচ তিনি যে বৈজ্ঞানিক
আইন কলেজ স্থাপন করিতে বঙ্কপরিকর হইয়াছেন, সেই ভাবী
আইন কলেজে ভিনি অধ্যয়ন করিবার স্থোগ পান নাই। স্থতরাং

তিনি কিরপে আইনের ডাক্তার হইলেন খনেকে এই প্রশ্ন জিজ্ঞাসা করিতে পারেন। তবে প্রতিভাশালী লোকের কথা ক্ষতন্ত্র, এ কথা যদি বল,তাহা হইলে আর তর্ক করা চলে না।

গত মঞ্চলবার তোমাদের সান্ধ্য সহযোগী "এম্পায়ার" সংবাদ দিরাছিলেন যে সেই ।দিনই মি: নর্টন তাঁহার বক্তব্য শেষ করিবেন। কিন্তু সে মঙ্গলবার গিয়া আবার মঙ্গলবার আসিল, কিন্তু তাঁহার বকুতা-সাগরের পার এখনও দৃষ্টিগোচর হইতেছে না। এ দিকে দাররায় এজলাসে যোকদমার গুনানি একশত দিনের অধিক হইর। গিয়াছে। নটন বাবাজীবন একাকী, তিনি বক্তব্য শেষ করিলে পর আসামী পক্ষের ব্যারিষ্টার ও উকিলগণ একে একে আপনাদের বক্তব্যাবলিতে আরম্ভ করিবেন। কঙলিনে শে তাঁহাদের বক্তব্য শেষ হইবে তাহা কে ব**লিতে** পারে **?** তবে দেখা गाउँ एक हर । अथमाविष गणना कतिरन धरै। वामात्र मामनात्क বঙ্গদেশের একাধিক সহস্র দিবস বলিয়া উল্লেখ করিতে পারা যাইবে। তবে এ ক্ষেত্রে কে ছনিমারশাদী আর কে সাহারশাদী,তাহা স্থির করা স্থকঠিন। একাধিক সহস্র রজনীর গল্পের সহিত এই বঙ্গদেশের একাধিক সহস্র দিবদের একটা বিষয়ের সাদৃশু আছে। আরব্য উপস্থাসের গল্প পাঠ করিতে করিতে ধেমন কে বক্তা, কে শ্রোতা তাহা মনে থাকে না. এই আলিপ্রের উপস্থাস পাঠ করিতে করিতেও সেইরূপ সূত্র হারাইয়। যায়। এত বড় ব্যাপার यत्न कतिशा त्रांथा कि मरु कथा?

ভারা, আমরা সেকালের লোক, আমাদের সেকালে একটা কথা চিল বে. "ঘরের শত্রু বরষাত্রী।" এ কথাটা কেন হইরাচিল জান ? আমরা দেকালে দেখিয়াছি যে বিবাহ না হইলে কি বরষাত্রী আর কি ক্যায়াত্রী, কাহারও আহারের ব্যবস্থা হইত না এবং কোন কোন স্থলে বিবাহের পূর্বে বরকর্তা ও কন্তাকর্তার মধ্যে কলহ উপস্থিত হইয়া বিবাহ ভাঙ্গিয়া যাইত বর মহাশয়কে শিশুপালের স্থায় হাতে স্থুভা বাঁধিয়া রিক্ত হল্তে গতে ফিরিয়া ষাইছে হইত। বলা বাহলা যে, সে সকল স্থানে বর্ষাত্রীদিগের আহার হইত না, তাঁহাদিগকেও শুক্ত জঠরে গৃহে ফিরিতে হইত। কিন্ধ আজ কাল দেখিতে পাই প্রায় সর্মতাই বিবাহের প্রমেট উভয়পক্ষীয় যাত্রীদিগের দক্ষিণ হস্কের ব্যাপারটা সম্পন্ন হয়। এ ব্যবস্থা মন্দ নহে, বিবাহ হউক আরু না হউক ভোক্ষনটা বন্ধ থাকে না। কন্তাকর্ত্তা মহাশর্দিগকে একটা উপদেশ প্রদান করিতে ইচ্ছা করি। ভবিষাতে তাঁহারা যদি স্বপক্ষীর ও বরপক্ষীয় নিমন্ত্রিত ব্যক্তিগণের বাটীতে খাল্পসামগ্রী প্রেরণের ব্যবস্থা করেন,তাহা হটলে নিমন্ত্রিত ব্যক্তিদের আরও স্থবিধা হয়। যে ক্সাকর্তার বাটীতে স্থানাভাব, তাঁ**হারও** বড় সামান্ত স্থবিধা হয় না। এ পরামর্শ कि मन्दर है जि।

২রা চৈত্র সোমবার ১৩১৫

(60)

সম্পাদক ভারা,

আলিপুরের দাররার এজলানে বোমার মামলার বিতীয় পরিচ্ছেদ শেষ হইল। উভর পক্ষের সাক্ষ্য প্রমাণাদি গ্রহণে প্রথম পরিচ্ছেদ শেষ হইরাছিল, শ্রীমান নটন বাবাজীবনের স্থণীর্ঘ বক্তার বিতীয় পরিচ্ছেদের শেষ হইল। এই বার আদামী পক্ষের উকিল ব্যারিপ্তারদিগের বক্তা তৃতীয় পরিচ্ছেদে স্থান পাইবে, অবশেনে বিচারক মহাশরের বায় এই স্থনীর্ঘ আধ্যায়িকার তৃত্য পরিচ্ছেদ বা উপসংহার হইবে। তাহা হইলেই দায়রার পালা শেম হয়। তাহার পর যথন হাইকোটে হইবে তথন আবার নৃত্ন করিরা পরিচ্ছেদ গণনা করা হইবে।

বেদনালে ঠাকুর এক বহাভারত রচনা করিরাছিলেন। সেই
মহাভারত 'অষ্টাদশ পর্বে বিভক্ত; অষ্টাদশ অক্ষোহিণী দৈয়
অষ্টাদশ দিবস বুদ্ধ করিরা পঞ্চত্ত প্রাপ্ত হইরাছিল, ব্যাসদেবের
মহাভারতে এইরূপ কথা আছে। কিন্তু এখন যদি কোন
কলির বেদব্যাস নৃতন মহাভারত রচনা করিতে প্রবৃত্ত হরেন,
তাহা হইলে তাঁহাকে বিষম বেগ পাইতে হইবে। কারণ
বাপরের মহাবৃদ্ধ আঠার দিনে শেষ হইরাছিল,কিন্তু কলির এই
মহাবৃদ্ধ একশত আঠার দিনেও শেষ হইবে কি না সন্দেহ,

সম্ভবতঃ শেষ হইবে না। কারণা যথন নটন বাবাজীবন একাই চৌদ দিন লইয়াছেন, তখন, ব্যানার্জ্জি, দাস, রার, মিত্র এক্ত কোম্পানীও কোন ২০।২৫ দিন না লইবেন ? তাহা হইলে দেখ এই মহা (বাক্) মুদ্ধের ১৩০ দিনেও শেষ হইবার আশা নাই।

অন্ন বয়স্ক বাঙ্গালী সন্ন্যাসী দেখিলেই আজ কাল পুলিশের নাকি ভক্তি-সিন্ধ উথলিয়া উঠিতেছে। অর্থাৎ নবীন সন্ন্যাসীর পশ্চাতে পশ্চাতে পুলিশের লোক ছায়ার ন্তায় ঘুরিয়া বেড়াইতেছে, এবং স্থবিধা পাইলেই সন্ন্যাসী ঠাকুরদের সেবার ব্যয়ভার পর্যান্ত বহন করিতেছেও যাহাতে কেহ তাঁহাদিগকে বিরক্ত করিতে না পারে, সেই ক্ষন্ত তাঁহাদিগকে নির্জনে লোকচক্ষর অগোচরে রাখিবার ব্যবস্থা করিতেছে। ভক্তির প্রকৃত লক্ষণই এই। পুলিশের এই সন্মাসীভক্তি দেখিয়া মনে মনে বড়ই আনন্দ অহুভব করিতেছি। সন্মাসী ঠাকুরেরা কোথায় বনে বনে, জলে, রৌজে, শীতে, হিমে খুরিয়া বেড়াইতেন, সময়ে আহার জুটিত না, হয় ত কোন দিন অনাহারেই কাটাইতে হইত; কিয় যে দিন হইতে তাঁহাদের উপর পুলিশের স্কর্দৃষ্টি পড়িয়ছে, সেই দিন হইতেই তাঁহাদের ছঃখ ঘুচিয়াছে। ছই বেঙ্গা যথাসমনে আহার, পীড়া হইলে চিকিৎসার ব্যবস্থা, দারন্দ শীতে কম্বলের ব্যবস্থা, স্বিধা কি সামান্ত ?

কিন্তু পুলিশের এই সন্ন্যাসী-ভক্তির উৎস উচ্ছ সিত হইতে দেশিয়া আমার মনে একটা আতক্ষেত্রও স্ঞার হইয়াছে। এই চৈত্র মাস, সন্মুধে চৈত্র সংক্রান্তি আসিতেছে. এ সময় ভারকেশ্বরে বাঙ্গালী সন্ন্যানী, বুবক সন্ন্যানীর যথেষ্ট আমদানী হইবে। পুলিশের কর্তারা বুবক বাঙ্গালী সন্ন্যাসীর ।যে প্রকার লক্ষণ নির্দেশ করিয়াছেন, সেই রূপ লক্ষণ ত তারকেশ্বরে সহস্র সহস্র সন্মাসীতে পরিলক্ষিত হইবে। যদি পুলিশ এই সকলকেই ভক্তি ক্রিতে প্রবৃত্ত হয়, তাহা হইলে কি হইবে? সকল সন্ন্যাসীর অবস্থানের জন্ত তাঁহারা স্থান সম্ভূলান করিবেন কিরপে ? আমার ভাবনার কথা শুনিয়া তোমরা হাসিও না. ইহা বড় সামাক্ত চিন্তার কথা নহে। এত গুলি সন্ন্যাসীর জন্ত আশ্রম নির্মাণ করা এক দিনের কার্য্য নহে। সম্ভবতঃ আপাততঃ হোগলার চালা তুলিয়াই কার্য্য নির্বাহ করিতে হইবে। সন্ন্যাসী ঠাকুরদের বাসস্থান ও আহারাদির ব্যবস্থার স্বস্তু আমাকে চিম্বান্তিও আতঙ্কগ্রস্ত হইতে হইয়াছে। এতগুলি লোকের আহার ও বাসস্থানের ব্যবস্থা করা ত সহজ্ব কথা নহে।

[&]quot;মাক্রান্ত টাইম্দ্" নামে তোমাদের এক সহযোগী একটা বড় পাকা কথা বলিয়াছেন। তিনি বলিয়াছেন যে, কংগ্রেস এতকাল ধরিয়া যে সকল অধিকার বা সংস্কার প্রার্থনা করিয়া আসিতেছেন, সেই গুলি সাবধানতা সহকারে পরিত্যাগপূর্ক্ত তবে সংস্কার কার্য্যে হস্তক্ষেপ করা কর্ত্তব্য। কি স্থান্যর কথা! ভারত

শাসন-সংশ্বাবের এরপ সহজ্ব ও স্থাম উপার থাকিতে লর্ড মিটো বা লর্ড মর্লি কেন এত মাথা বামাইতেছেন, তাহা ত আমি বুঝিতে পারি না। কংগ্রেস অর্থাং ভারতবাদী বাহা চার, তাহা ভাড়া আর সমস্তই মাজাজী সহযোগী ভোমাদিগকে দিতে সম্মত আছেন। ভোমরা দিন কতক কংগ্রেসে বলিতে আরম্ভ কর যে "আমরা কিছুই চাই না," "আমরা কিছুই চাই না।" তাহা হইলে সম্ভবতঃ ভোমাদের মাজাজী সহযোগী ভোমাদিগকে সমস্তই দিবার জন্ম গ্রথণিমেণ্টকে অন্ধ্রোশ করিবেন। ইতি।

৯ই চৈত্র পোমবার ১৩১৫।



সাজাৰক ভারা,

পূর্ব্বেই শুনিরা ছিলাম যে, এবার হুপলিতে বঙ্গীর প্রাদেশিক সমিতির অধিবেশন হুইবে, কিন্তু মান্ত্রাজী মঙ্গলিশের পর নানা কারণে মনে করিয়াছিলাম, হর ত এ বার আর কনকারেন্দ্র বা প্রাদেশিক সমিতি হুইবে না। প্রীবিষ্ণুর রূপার আগামী"উত্তম শুক্রবারের" অবকাশে, আমাদের প্রাদেশিক সমিতির হুগলীতে বিধার কল্পনা হুইরাছিল, কিন্তু আবার কি মনে ক্রিরা এবিষ্ণুশ্রা 'বিতীয় বিজ্ঞাপন প্রচার করিরা বলিতেছেন বে, উত্তম শুক্র বাবে নতে, জীজীক্তের ক্ষমন্তমীতে বসিবে Better late than never.

কনফারেন্স বসিবে তাহা ব্রিলাম, কিন্তু এটা কোন্ মতে বসিবে—শাক্তমতে, না বৈষ্ণব মতে, অথবা এখানে শাক্ত বৈষ্ণবের সমন্বর হইবে ? এখনও পর্য্যন্ত এ কথাটার সম্বন্ধে কোন তথ্য জানিতে না পারিয়া আমার মত অনেকেরই মনে সন্দেহের উদ্রেক হইরাছে। সোজা কথার জিজ্ঞাসা করিতেছি, তোমাদের এই ছগলী সমিভিতে কি শুধু মার্কামারা মডারেটের স্থান হইবে ? না,ইহাতে এক্ট্রীমিষ্টেরাও স্থান পাইবে ?

আর একটা কথা জিজাসা করিতে চাই। ভোষাদের মালাজা বৈঠকে স্বনেনী, বরকট, জাতীঃশিকা প্রান্ততি সম্বন্ধে যে ব্যবস্থা হইরাছিল, এই ভগলীর বৈঠকে কি সেই "মহাজনের" পদ্মই অনুসত হইবে! না সে গুলিকে একটু সম্মানের স্থান প্রদান করা হইবে? বড় আনালতে যে মোকজ্মা উঠিতে পারে নাই, তাহা কি ছোট আনালতে ত্লিবার সাহস কাহারও হইবে? আর যদি বা কাহারও সাহসে কুলার, তাহা হইকে প্রান্ত রাসবিহারী খোষ এও কোম্পানী কি এ হেন কন্দারেক্তে মোগ দিতে পারিবেন? পদ্মীবাসী বুড়ার কথা কর্মীর উত্তর দিতে পারিবে কি?

মি: এস, পি, সিন্হা মহাশর বছলাটের ব্যবস্থাপক সভায় আইন সদত্য নিৰুক্ত হইয়াছেন, এ সংবাদে তোমরা বিশেষ আনন্দ প্রকাশ করিয়াছ, আমিও খুব আনন্দিত হইয়াছি। কিন্তু এই আনন্দ প্রকাশের একটা বড়ই অস্তবিধা প্রথমে হইরাছিল। কিছু মনে করিও না; তোমরা সংবাদ দিলে-এীৰুক্ত এদ, পি, দিন্হা অমুক পদ পাইলেন। এমন স্থের সংবাদটা দশ জন পল্লীবাসীর নিকট দিবরে সময়ে আমি ভারি গোলে পড়িয়ছিলাম, যাহার নিকট বলি, সেই জিজাসা করে ভিনি কি বাঙ্গালী ? তাঁর বাঙ্গালা নাম কি ?" তোমার দিব্য সম্পাদক ভারা, আমি মি: সিনুহার বাঙ্গালা নাম জানিতাম না. স্বতরাং একট্র অপ্রস্তুতই হইয়াছিলাম। গ্রামের ছোঁড়ানিগকে জিজ্ঞাসা করিয়াও নাম জানিতে পারিলাম না। শেষে এক জন ভদ্র লোক বলিলেন যে মিঃদিন্হার বাদালা নাম এীবুক্ত সত্যেক্ত প্রসায় সিংহ, নিবাস বী**রভূম জেলার। নামটা জানিতে** পারিরা বড়ই আনল হইল, তিনি যে আমাদের বদেশী, স্বজাতি, তাহা বুঝিতে পারিলাম।

হাইকোটের বিশেষ আদালতে প্রথমেই বিঘটির নামলা উঠিরাছিল, তাহা ত শেষ হইয়া গেল। এখন আবার কোনটা উঠিবে? যেটা উঠে উঠুক, তাহার কথাত ভাবিতেছি না। ভাবনা কি জান? হাইকোটের বিশেষ আদালতে উকিল বাবুদের প্রেমেশ নিষিদ্ধ হইয়া গিয়াছে। ইহাতে উকিল বাবুদের প্রাপ্তির কিঞ্চিং ক্ষতি হইরাছে বটে, কিন্তু প্রধান অস্থবিধা হইরাছে আসামীদিণের। বল দেখি, কয় জন আসামী ব্যারিপ্তার নিরোগ করিতে পারে? এই ত বিঘাটীর মামলা হইয়া গেল, ছয় জন আসামীর মধ্যে তিন জন আসামী ব্যারিপ্তার নির্ভুক করিয়াছিল, আর তিন জনের পক্ষে কথা বলিবার এক জন লোকও মিলিল না। তাহাদের পক্ষ সমর্থন করিবার জন্ত কেহই দণ্ডারমান ইইলেন না। যদি এই আদালতে উকিলদিগের প্রবেশাধিকার থাকিত, তাহা হইলে এই তিন জনের পক্ষ হইয়া কেহ না কেহ 'প্রবশ্ত ছইটা কথা বলিতেন। বিশেষ বিচারালয়ে উকিলদিগের প্রবেশ নিয়িক্ষ করা কি ভাল হইয়াছে?

আর এই আলিপুরের বোমার মামলা! বাপরে, এ মোকদমার কি কোন দিন শেষ হইবে না ? আর একটা নাস গেলেই এক বংসর হইবে! উভর পক্ষের সাক্ষী সাবদ শেষ হইরা গেল, মনে করিলাম এত দিনে বুঝি এ মহাসমুদ্রের কুল পাওরা গেল। ও হরি, কুল কোথার? মিঃ নটন তই সপ্তাহ বক্তৃতা করিলেন; তাহার পর মিঃ এন বল্যোপাধ্যার কর দিন বলিলেন; এখন মিঃ দি, আর, দাসের বক্তৃতা শেষ হইলে আরও তই চারি জন ব্যারিষ্টার আছেন, তাহার পর এক দল উকিল আছেন; কেহই ছাড়িয়া কথা বলিবেন না। তাহা হইলেই এপ্রিল মানটা বক্তৃতার কাটিয়া ষাইবে; ম্বতরাং বোধ হইতেছে সেই ধে মাসে যে দিন এই বোমার প্রতিষ্ঠা,

সেই দিনই ইংার বিদর্জন হইবে। •বাহা হর একটা হইরা গেলেই বে রক্ষা পাওরা বার; আসামীরাও বাঁচে, আমরাও বাঁচি; বিনা পরসার উকিপেরাও বাঁচেন। তবে অস্থবিধা মিঃ নটন এও কোম্পানীর, তাহারা যথারীতি প্রচুর দক্ষিণা গৌরীদেনের ভাণ্ডার হইতে পাইতেছেন; আর অস্থবিধা তোমাদের, তোমরা মোকদ্দমার বিবরণ দিয়া কাগজ্বের পূচা অনারাদে বোঝাই করিতেছিলে।

ভারা, তোমাদের শাসন-সংস্কার সম্বন্ধ প্রবন্ধগুলি বিশেষ
মনোযোগ সহকারে পাঠ করিয়াছি, কিন্তু ভোমরা যাহা বৃঝিয়াছ,
আমি তাহা মোটেই বৃঝি নাই; আমি বৃঝিয়াছি বে, ইহা
একটা রাজনীতির থেলা। এই দেশ না কেন, এখনও সংসারের
ব্যাপার বেশ শক্ত হইরা দাড়ার নাই, ইহার মধ্যেই লর্ড সভার
বেশ হাঙ্গামা বাধিয়া উঠিয়াছে। কেন বাপ, তোমরা কে বল
দেখি? শাসন-সংস্কার হইতেছে আমাদের দেশের, ত্বই একটা
অতি সামান্ত অধিকার এই দেশের গোক পাইবে বলিয়া আশা
করিতেছে, আর অমনি ঘার প্রতিবাদ? ভায়া, ও সব রাজনীতির
মধ্যে বাইও না, ও সব সংস্কার যেমন হয় হউক, এখন বল দেখে
আমাদের এই পল্লীপ্রামগুলির জ্লাশের সংস্কারের কি হইবে?
আর ছই তিন সপ্তাহ পরে যে তৃষ্ণায় বৃক, ফাটিয়া যাইবে, তাহার
নিবারণের কোন পথ আছে কি না বলিতে পার ? শামন-সংস্কার
লইরা লর্ড মর্লি মিন্টো বাহাত্ববিগকে থাকিতে দাও, তোমরা ও

ছজুগে নাচিও না। তোমরা আমাদের জলাশর ও কুপগুলির সংকারে মন দাও, আমাদের দেশের শিকা সংসারের ব্যবস্থা কর।

সম্পাদক ভারা, একটা বাজে কথা বলি। ইংরাজিও বাঙ্গালা অনেক সংবাদপত্রেই, এমন কি ভোমাদের "হিত্বাদীতে"ও বিজ্ঞাপন দেখিতে পাই. "ফুলুরী পাত্রীর প্রবাজন।" কথানি আমি বেশ ভাল করির। ববিতে পারি না। সকলেই যদি হলরী পাত্রী চান, তাহা হইলে কি কুন্ধকারা বালিকা আমাদের বিবাহের বাজারে বিকাইবে ন। १ কোন দিন ত এমন বিজ্ঞাপন দেখিলাম না যে, পাত্ৰীটী সন্ধংশোদ্ভবা হওৱা চাই, গৃহকণ্ডে নিপুণা হওয়া চাই, শাস্ত ও ফুণীলা হওয়া চাই; কেবল দেখি "रूमदी পাতी" "रूमदी-পাতी।" किन वाशू कुन्ममिनी र। र्श्वामुथी, আह्रिभा वा जिल्लाखमा बाहारनत घरत नाहे, जाहारनत भः সার कि **चा**ठल दहेशारह ? তাহারা कि छत्थ यह्नत्म पतकता করিতেছে না ? আরও একটা কথা, বাহারা এই সকল ফুন্রী পাত্রীর জন্ম বিজ্ঞাপন দেন, তাঁহারা কার্ত্তিকের নৃতন সংমরণ কি না, সে সংবাদ ত বিজ্ঞাপনে লেখা থাকে না ? এই সকল ए थिका अनिया गतन वर्षे विक्रकात छेनम इस । छाहे এहे बाटक কথাটা বলিলাম।

ভারা, এই মাত্র ভোমাদের অগরাত্নের ভগ্ননৃত "এম্পারার" পাইলাম। কাগস্বধানি খুলিয়াই একধানি ছবি দেখিলাম, খেতাঙ্গ মহারথী ছবিতে দেখাইরাছেন যে, মি: এস, পি, সিন্হার মস্তকটা দেহ হইতে অনেক উচ্চে উঠিয়া অলতেনী হইরাছে। কথাটা কি সভাই তাই? দেখ, এই খেতাঙ্গগুলা এদেশের খাইরাই নামুষ, অথচ তাহার। কিছুতেই এদেশের ভাল দেখিতে পারে না। কেন বাপু, তোমাদের জ্ঞাতি দ্রাতা এক জনও কি ঐ উচ্চ পদটা পান নাই; আর এক জন দেশীর ভদ্রলোক আজ সেই পদ পাইরাছেন বলিয়া তোমাদের এত চক্ষু:শূল হইল কেন? আফিব আদালতে তোমাদের অনেক কুপোষ্য ত প্রতিপালিত হইতেছে; ডুবারি নামাইলে বাছাদের পেটের ভিতর হইতে এ, বি, সির নাম গন্ধও পাওয়া শার না, এমন ধমুর্দ্ধরেরাও শত শত টাকা পাইতেছে; কই তাহাতে ত কেহ কিছু বলে না, আর আজ একটা পদ আমাদের এক জন পাইয়াছেন, তাহাই লইরা ঠাটা তামাসা? ছিঃ! ইতি

১৬ই চৈত্র সোমবার ১৩১৫।

(BZ)

সম্পাদক ভাষা,

প্রতি সপ্তাহেই ত "বৃদ্ধের বচন" ছাপিতেছ, কিন্তু তোমার পাঠকগণ কি কেহ বৃদ্ধের কথা পড়িয়া থাকেন? সংবাদটা পাঠাইও, বুখা কালি কলমের অপব্যর করা এ বৃদ্ধ ব্যুদ্ধে আর পোষাইয়া উঠিতেছে না। দেখিতেছি তোমারা 'বজেট লইয়া খুব মাতিয়াছ। বজেটের

সার সংগ্রহ তোমাদের কাগজে পড়িলাম; যাহা ব্রিলাম, তাহা
আর বলিব না, বলিয়া কোন লাভই নাই; তোমরাই অরণ্যে
বেরাননী একচেটিয়া করিয়া রাখিতে পার। বঙ্গীয় বজেটের
বক্তভাও হইবে, কিন্তু যে প্রকার শুনিতেছি, তাহাতে এ বারে
বক্তভার আসর খুব জমিবে না। সে দিন যখন বজেটের হিসাব
ব্যবস্থাপক সভার পেশ করা হয়, তখন ছোটলাট বেকার বাহাছর

স্পিপ্ত বাক্যে বলিয়া দিয়াছেন যে, "মাননীয়" মহাশরেয়া এবার
অনর্থক বাক্য ব্যর করিতে পাইবেন না।

ভার।, আমি যদি হুর্ভাগ্যক্রমে তোমাদের ঐ ব্যবস্থাপক সভার এক জন মাননীয় হুইভাম, তাহা হুইলে শপথ করিয়া বলিতে পারি দে, আমি একটা কথাও বলিতাম না। ব্যবস্থাপক সভার বাকাব্যরমাত্রই অনর্থক; যিনি ধাহাই বলুন, তাহাতে শ্রবণ-যুখ ব্যতীত আর কোন লাভই নাই; এবার যখন ছোটলাট বাহাত্র সেই শ্রবণস্থাখেও সকলকে বঞ্চিত করিতে চাহিয়াছেন, তখন আর বক্তৃতা করিয়া যে লাভ কি, ভাহা ত আমি মোটেই ব্রিতে পারি না। তোমাদের "মাননীয়" মহাশরগণ ছোটলাট বাহাত্রের এই সাবধান বাক্য যদি গ্রহণ না করেন, একেবারে সাত্রকাণ্ড রামারণ খুলিয়া বসেন, ভাহা হুইলে ছোটলাটের আদেশে তাঁহাকে অযোধ্যাকাণ্ডের নিকট উপস্থিত হুইরাই পালা

পশুত মোক্ষদাচরণ সামাধ্যায়ী মহাশর ডাকাতির দায় হইতে অব্যাহতি লাভ করিয়াছেন, এ সংবাদ গুনিয়া আনন্দ লাভ করিয়াছিলাম। মনে করিয়াছিলাম, এান্ধণ পণ্ডিতের গ্রহের ফের বোধ হয় কাটিয়া গেল। কিন্তু এখন দেখিতেছি "বাংষ ছুলৈ আঠার ঘা"। তোমাদের কাগতে পাঠ করিলাম পণ্ডিছ সামাধ্যারীকে পুনরার গ্রেপ্তার করা হইরাছে। অপরাগটা ত বেশ বুঝিতে পারিলাম না। হাইকোর্টের নূতন আদালভ বিঘাট মামলার যে রায় প্রকাশ করিয়াছিলেন, তাহাতে সামাধ্যায়ী ৰহাশয়ের সম্বন্ধে তাঁহারা ছই একটি কথা বলিরাছিলেন। ভাহাতে ষে ব্যাপারের আভাস দেওয়াছিল, তাহা লইয়া আবার নতন এক নম্বর মামলা রুজু করিবার যে কি প্রয়োজন ছিল, ভাহা ত বুৰিতে পারি না। ঐ সকল কথা ধরিয়া শণ্ডিভকে কারাগারে প্রেরণ বা অন্ত কোন দণ্ড প্ররোগ করিলেই ভ গোল মিটিরা ষাইভ; নৃতন এক নম্বর মামলার কর্মভোগ করিছে হইত না। কি জানি ভারা, তোমাদের এখনকার আইন আদালতের কথা তোমরাই বলিতে পার। আমরা আদার व्याशात्री, व्यामारतत्र व्यर्गवयारनत्र मःवारष व्यरमावन कि ?

তোমাদের কলিকাতা সহরে বসস্তের প্রকোপ অত্যন্ত বৃদ্ধি প্রাপ্ত হইরাছিল; প্রতিদিন অনেক লোক ঐ রোগে প্রাণত্যাগ করিয়াছে। অনেক পরীগ্রামের ছেলে লেথাপড়া করিবার জন্ত কলিকাতার বাস ক্রিয়া থাকে, ভাহাদের অনেকেরই প্রভিভাবক কলিকাতার নাই। এই বসন্তের প্রকোপ দেখিরা বে প্রকার সাবধানতা অবলম্বন করা কর্ত্তবা, বালকেরা ভাষা করে না। এ অবস্থার অবিলম্বে স্কুল কলেক্স বন্ধ করিরা দেওরা স্কুল কলেক্সের অধ্যক্ষ মহাশরগণের কর্ত্তবা ছিল। ভোমরাও ইতঃপুর্ব্বে এ সম্বন্ধে হুই চারি বার বলিয়াছ, এখনও বসত্তের প্রকোপ নিভান্ত অল্প নহে, কিন্তু স্কুল কলেক্সের কর্তারা ভ সে কথার কর্ণপাত্তও করিলেন না। এই সকল দেখিরা শুনিয়া মনে হয় কর্তারা বেন বলিতে চান "মরে মক্ষক পরের ছেলে।"

আর একটা নৃতন সংবাদ তোষাদের পত্রে পাঠ করিলাম। কলিকাতা বিশ্ব-বিভাছরের পণ্ডিতেরা নাকি দোফলা এফ, এ পরীকার ব্যবস্থা করিয়াছেন? গণিতের প্রথম প্রশাপত্রে অনেক ভ্রম ছিল, ছাত্রেরা তাহাতে বিশেষ ক্ষতিপ্রস্ত হইয়াছে। স্তরাং প্নরার পরীক্ষার ব্যবস্থা হইয়াছে। য়াহারা ব্যবস্থা করিয়াছেন, জাঁহাদের ক্ষতিবৃদ্ধি কিছুই নাই, কিন্তু বে সমস্ত ছাত্রকে প্নরার পরীক্ষা দিতে হইবে, তাহাদের অস্থবিধার কথা কি বিশ্ব-পণ্ডিভগণ এক বার ভাবিয়া দেখিয়াছেন? অনেক দরিত্রের ছেলে পরীক্ষা দিয়া থাকে, ভাহাদিগকে যে প্নরায় ঢাকা, কলিকাতা, হুগলি, পাবনা প্রভৃতি স্থানে যাইতে হইবে, তাহার ধরতের ব্যবস্থা কি বিশ্ব-পণ্ডিভগণ করিবেন?

হন্ধের

তোমরা বড় বড় বিষয় লইয়া আলোচনা করিয়া থাক। ট্রান্সভালে কি হইল, সেই সংবাদ লইয়া তোমরা ব্যস্ত, বিলাতের লর্ড সভায় ও কমন্স সভার কি হইল, তাহা জানিবার জন্ত তোমরা পশ্চিম দিকে চাহিয়া বসিয়া আছ; স্থতরাং তোমানের নিকট পন্নীবাদীর ছঃখের কথা বলিয়া কোন লাভ নাই, তাহা জানি। কিন্তু কেমন আমাদের অভ্যাদ, আমাদের অভাব অভিযোগের কথা তোমাদের নিকট না বলিয়া থাকিতে পারি না; এই চৈত্র মাদ যার যার হইল এখনও এক বিন্দু রৃষ্টি হইল না। এ দিকে থাল বিদ সমস্ত শুকাইয়া গেল. অন্নকষ্টের হাহাকারে গগন বিদীৰ্ণ হইতেছে; কৈ. তেমিরাত সেকথা মোটেই বল না। এক বার কলিকাতা তাগে করিয়া আমাদের পলীগ্রামে আসিরা দেখিয়া যাও, জলের অভাবে লোকের কি কণ্ট হইরাছে। ইহার কি কোন প্রতীকার নাই ? দেশনারকগণ কি প্রীবাদীর এ হাহাকারে কর্ণপাত করিবেন না ? তোমরা একট ভাল করির। বল, দেশের গোককে সকল কথা জানাও, ওধু জেলা বোর্ডের দিকে চাহিয়া থাকিলে চলিবে না। ইতি

২৩শে চৈত্র সোমবার ১৩১৫।



সম্পাদক ভাষা,

দেখিতে দেখিতে আরও একটা বৎসর কাটাইরা দেওয়া গেল।
বড আশা করে. ১৩১৫ সালের সমানুরে অভার্থনা করিয়াছিলাম,

আর আজ উহাকে বিদার দিবার সময় তেমনই নিরাশ হইরাছি। এমন
ফর্মংসর বন্ধ দেশে আর কখন হইরাছিল কি না সন্দেহ। বৈশাথ
মাসের মাঝামাঝি সেই ধে মজালরপুরে বোমা বিভ্রাট ইইরাছিল,
সেই সময় হইতে আর এই চৈত্র মাসের শেষ পর্যান্ত কত জারগার
কত বোমা পড়িল, কত বোমা ফাটিল, কত খুন জথম হইল
ভাহার একটা যদি তালিকা কর, তবে সে তালিকা বড় ছোট
হইবে না। মজাফরপুরে প্রীমতী কেনেডি, কুমারী কেনেডি,
প্রক্রেচাকী, ক্ষুদিরাম; আলিপুর জেলখানার নরেক্ত গোস্বামী,
কানাইলাল, সত্যেক্তনাথ; তারপর মজাফরপুরের জের নন্দলাল,
আলিপুরের সরকারি উকিল আত্তবার, এবং তাঁহার হত্যাকারী
চারচক্র আপাততঃ এই দশজনকে অকালে ইহণাম হইতে বিদার
লইতে হইরাছে। ইহার উপর সিডিশন, ডাকাতি ও বোমার
মামলার আদামীদের সংখ্যাও বড় আল হইবে না।

ভারা, তোমরা সন্তবতঃ এই বারের সাপ্তাহিক হিতবানীতে চিরস্তন প্রপা অনুসারে বর্ধ-সমালোচনা করিবে। আমি সাহস করিবা বলিতে পারি, অন্তান্ত বংসরে ভোমরা এই বর্ধ-সমালোচনার ধেরূপ ঘটনাকে গুরুতর মনে করিবা উল্লেখ কর, এ বার যদি হেইরূপ ঘটনার উল্লেখ করিতে প্রবৃত্ত হও, তাহা হইলে ভোমাদের ঐ বিশ্বন্তর মূর্ত্তি সাপ্তাহিকের চারি পৃষ্ঠাতেও স্থান সন্থলান হবৈব না। স্বতরাং এই সমর হইতে ভোমাকে সাবধান করিবা দিতেছি, ব্রিকা স্ববিদ্যা ঘটনাবলীর উল্লেখ করিও।

অত্যন্ত গুরুতর ঘটনারও যদি কেবল উরেথ করিয়া ক্ষান্ত হও, ভাহা হইলেও ৬।৭ স্তন্তে স্থান সন্থলান করিছে পারিবে কি না সন্দেহ। অন্তান্ত বংসরে ভোমনা ঘটনা অরণ্যের অনেক এরওকে মহাক্রম বলিয়া বর্ণনা কর, কিন্তু এবার সভা সভাই সনেক মহাক্রমকে এরও করিয়া লইতে হইবে।

আমি ১৩১৫ সালের সমালোচনা করিতেছি না ষে, ষাবভীয় উল্লেখযোগ্য ঘটনার বর্ণনা করিব। সেটা ভোষরা সাপ্তাহিকে করিও। আমি বলিভেছিলাম যে, কত বৈশাথ মাসে আমরা হাসিমুথে এই বৎসরের সম্ভাষণ করিরাছিলাম, আর আজ—এক বংসর পূর্ণ হইবার পূর্কেই বিষাদ ভাষাক্রান্ত কদরে অক্রমোচন করিতে করিতে ১৩১৫ সালকে বিদার দিতেছি। ১৩১৫ অতীতের গর্ভে বিলীন হইল সভ্যু, কিছু বঙ্গবাসীর বিশ্বতি-সাগরে তাহা কথনই নিমগ্ন হইবে না। ষথনই এই হর্কংসরের কথা বঙ্গবাসীর শ্বতিপথে পতিত হইবে, ভখনই বালালী দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করিয়া বলিবে "ওঃ কি হর্কৎসরই গিয়াছে" লোকে কথায় বলে—"এস লক্ষ্মী যাও বালাই।" ১৩১৫ সালকে লক্ষ্মী বলিয়া সমাদরে আহ্বান করিয়া আজ বালাই বিলায় দিতে হইল, ইহাই হঃখ।

মাক্রাজ হাইকোর্টে কারুর সিডিশনের মামলার, এভদিন পরে স্থমীমাংসা হইল দেখিয়া এই রুদ্ধের মনে অভ্যন্ত আনন্দের উদর হইরাছে: এংশ্লো-ইণ্ডিমানগণ ভারতবাদীকে কেন উচ্চ রাজকার্যা প্রদান করিতে অনিচ্ছুক তাহা বুঝিতে পারিলে? ত্রীৰুক্ত শঙ্কর নাধার মাক্রাজ হাইকোটের জ্বজের পণে কোন্ গুণে যে বসিরাছেন, তাহা ত আমি ব্রিতে পারিলাম না। কনষ্টেবলের ৰুপার যিনি অবিশ্বাস করেন, তিনি খবরের কাগভের সম্পাদক ন। হট্য। হাইকোটের অজ হইলেন কেন? দেখ দেখি, বিচারপতি (वनमन (कमन স্থলর অভিমত প্রকাশ করিলেন। ততীয় বিচারপতি ওয়ালিদকে বেনদনের কথাই যুক্তিদক্ষত বলিয়া গ্রহণ করিতে হইল। আসামী কৃষ্ণস্বামীর বক্ততা যে ছই জন কনষ্টেবল গিথিয়া লইয়াছিল, তাহার' অশিক্ষিতই হউক, আর ষাহাই হউক, তাহারা iযে ভারতেখর সপ্তম এডওরার্ডের প্রতিনিধি-স্বরূপ. এ कथा मकनदक्रे चौकात क्रिएंट रहेर्द। विस्थितः श्रुनिन এ দেশের লোকের "মা বাগ।" পিতা মাতা কখনও পত্রের অভভ কামনা করিতে পারেন না। অতএব কনষ্টেবলম্বর রুফ্সামীর মঙ্গ-লের প্রতি দৃষ্টি রাখিয়াই প্রথমাবনি কার্য্য করিয়াছিল, বিচারপতি শ্বর নারার এ কথাটা বুকিতে পারেন নাই। বিভূষনা কি সাৰান্ত !

বজেটের পালা শেষ হইরা গেল, এখন ভােমরা যত পার বজেট আলোচনা করিতে থাক, কিন্তু একটা বিষয়ে তােমরা কেহ উচ্চবাচ্য কর নাই কেন? বােধ হর কর্তারা সেই গুরুতর বিষরের উরেথ করিতে ভূলিরা গিয়াছেন, কিন্তু ভােমরা ভূলিরা থাকিলে চলিবে কেন ? রাজপুরুষদিগের অমন ভুগল্রান্তি হয়, কিন্তু সংবাদপত্রের ভুলল্রান্তির মার্জনা নাই। এই দেখ না কেন, মেদিনীপুরের বোমার মামলায় কত বড় বড় লোককে প্রথমে আসামী করিয়া পরে রাজপুরুষগণ "মুছে ফেল" করিয়া তাঁহাদিগকে ছাড়িয়া দিলেন। পণ্ডিত পঞ্চানন তর্করত্ব মহাশ্বকেও প্রথমে ধরিয়া পরে "মুছে ফেল" বলিয়া রাজপুরুষগণ নিশ্চিম্ব হইলেন। কিন্তু তোমরা যদি সংবাদপত্রে ভুলক্রমে একটা সিডিশন করিয়া ফেল, ভাহা হইলে কি তোমরা, "মুছে ফেল" বলিয়াই নিস্কৃতি লাভ করিতে পারিবে? তাই বলিভেছিলাম যে, রাজপুরুষদের ভুলল্রান্তি মার্জ্জনীয়। এখন কাজের কথা বলি, এই বজেটে ত সকল বিষয়েরই হিসাব দেখিলাম, কিন্তু বোমার মামলার এবং প্রজার অসত্তোষ দমনে আগামী বংসবে গবর্গমেণ্ট কত টাকা ব্যর করিতে সঙ্কল্প করিয়াছেন, তাহার ত কোন উচ্চবাচ্য দেখিলাম না। বজেটের এই ভ্রম সংশোধন আবশ্রত।

ছোটলাট বাহাত্ত্ব ব্যবস্থাপক সভার সদস্তগণকে বাক্সংযত হইতে উপদেশ দিরাছিলেন বলিয়া আমি সত্য সত্যই বড় তঃথিত হইরাছিলাম। ভাবিয়াছিলাম, বে-সরকারি সদস্ত মহাশারগণের অধিকারের মধ্যেত কিঞ্চিৎ বাক্যব্যয়,আর লাভের মধ্যে নামের পুর্বের্মননীয়।" এখন ছোটলাট বাহাত্ত্র যদি সেই বাক্যব্যরের অধিকারটা সঙ্কোচ করিয়া দেন, তাহা হইলে আর বেচারাদের অবশিষ্ট কি থাকে ? কিন্তু ভারা বলিতে কি, ছোটলাটের বক্কৃতা পাঠ

করিয়া আমার পূর্বে ধারণা দ্র হইরাছে। প্রস্তাবিত শাসন-সংস্থাবের মতে আগামী বৎসবে নৃতন ব্যবস্থাপক সভা পঠিত হইলে, সেই সভার সদস্তাগণকে নানা কারণে বাগ্য হইরঃ অনতিদীর্ঘ বক্তা করিতে হইবে। সেই জন্ত দ্রদর্শী ছোটলাট বাহাছর এখন হইতেই সদস্থাদিগকে লইরা রিহার্শ্যাল দিয়া রাখিতেছেন। অবধারিত বিষয়ের জন্ত পূর্বে হইতে প্রস্তুত হইরা থাকাই বুদ্ধিমানের কার্য্য।

রোগই বল আর ভোগই বল, প্রথম প্রথম উহ। বড়ই তীব্র ও অসহ বলিয়া নৌধ হয়, কিন্তু উহার সহিত কিছু নিনের ঘনিষ্ঠতা হইলে আর উহার তীব্রতা অন্তব করা নায় না। যে দেশে কথনও ছর্ভিক্ষ হয় না, সেই দেশে যদি এক বার ছর্ভিক্ষ কি অয়কপ্র উপস্থিত হয়, তাহা হইলে সামায় প্রজা হইতে আরম্ভ করিয়া য়য়ং রাজা পর্যুম্ভ তাহার প্রতিকারের জয়্ম আহার নিদ্রা পরিত্যাগ করেন। কিন্তু আমানের দেশে এই নিত্য ছর্ভিক্ষের মুগে রাজপুক্ষগণও ছর্ভিক্ষের নামে এখন আর বিচলিত হন না; আমরাও ছর্ভিক্ষের নামে এখন আর বিচলিত হন না; আমরাও ছর্ভিক্ষের নামে ভীত হই না। তাঁহারা জানেন, ছর্ভিক্ষ হইলো রিলিফ ওয়ার্ক খুলিবেন, ডিম্প্যাচ লিখিবেন, আর আমরা জানি যে দেশে ছর্ভিক্ষ হইয়াছে য়তরাং আমাদিগকে অনাহারে মরিতে হইবে। তবে নিতান্ত যাহার পুর্বজন্মার্জিত পুণ্য আছে, সে কোন প্রকারে রক্ষা পাইলেও পাইতে পারে। কেবল ছর্ভিক্ষ সম্বন্ধে যে আমরা এইরূপ নির্ভিক

হইরাছি ভাহা নহে। প্লেগ বল, ধানাতয়াদী বল, নির্বাদন বল, হাজতবাদ বল সকল বিষরেই বাঙ্গালী অপেকারত ভরভাজা হইরাছে। এখন লোকে ধানাতয়াসীর নামে আর ভরে বিবর্ণ হর না, প্লেগের নামে বাড়ী ছাড়িরা পলায়ন করেন, নির্বাদন বা ওরারেন্টের নামে আর্গোপন করে না; এ সকল বাঙ্গালীর এখন নিত্যসহচর হইরা উঠিয়াছে।

ভাষা, একটা কথা শুনিলাম, কোন প্রদেশের রাজপুরুষেরা নাকি ঘোষ ও বহু উপাধিধারী রাজকর্মচারীদিগের উপর বড়ই স্থতীক্ষ দৃষ্টিপাত করিতেছেন, শুনিলাম, ক্ষ্মিরাম বহু, সভ্যেক্ত-নাথ বহু, চারুচক্র বহু, প্রভৃত্তি শ্রোণদণ্ডে দৃণ্ডিত এবং অরবিন্দ ঘোষ, বারীক্র ঘোষ, বীরেক্র ঘোষ প্রভৃতি রাজরোবে পতিত বহু ও ঘোষ উপাধিধারীদিগের সহিত অনুরূপ উপাধিধারী রাজপুরুষগণের কোন সম্বন্ধ আছে কি না, এখন ভাহারই 'অনুসন্ধান হইতেছে। কথাটা ভাত কি ?

এ বংসরের মত আমার দেখনী বন্ধ । করিয়া তোমাদের নিকট হইতে বিদার গ্রহণ করিলাম। যদি মরিয়া না বাই অথবা নির্বাসিত না । হই, তাহা । হইলে আগামী বংসরের প্রথমেই শুভ ১৩১৬ সালের বৈশাথ মাসের প্রথম সপ্তাহে আবার শুভাশীর্বাদ করিবার শন্ত তোমাদের নিকট উপস্থিত হইব। ত্র্বংসরের শেষে বিষয় স্কানের বৃদ্ধ তোমাদের নিকট ইত্ত বিদার প্রহণ

করিভেছেন। তোমরা ভবিষ্যৎ মঙ্গলের আশা করিয়া এখন হাসিমুখে বিদার দাও। ইতি।

10) त्न टेठव मन्नवात २०१८।

(68)

স্পাদক ভাষা,

শুভ নব বংশরের আশীর্কাদ গ্রহণ কর। তোমর। দেশের মঙ্গল চেষ্টা কর বলিরা আমরাও সর্কান তোমানের মঙ্গল কামনা করি। আশীর্কাদ করি তোমানের উদ্দেশ্য সফল হউক, চেষ্টা সার্থক হউক।

১০১৫ সাল অভীত হইল;এই অভীত বংসরকে সকলেই তুর্বংসর বলিভেছে। আমাকে শুভাশুভের একটা তালিকা তুলিরা দেখাইয়া দিতে পার কি যে, ১৩১৫ সাল কাহার পক্ষে শুভ এবং কাহার পক্ষে অশুভ হইরাছে? আমি একটা মোটামুটি রকম তালিকা প্রস্তুত করিরাছি, তোমাদের অবগতির জ্বা, সেই তালিকাট প্রকাশ করিলাম, যদি ভূল করিরা থাকি, তাহা হইলে ভূলটা দেখাইরা দিও।

প্রথম দফার ধর-রাজা ও রাজপুরুষ। ইতাদের পক্ষে ১৩১৫ দাল যে তুর্বৎসররূপে আসিয়াছিল, তাহাত আমার বোধ হয় না। রাজপুরুষগণের মধ্যে, ১৩১৫ সাল যদি কাহারও পক্ষে হর্কংসর হইয়া থাকে, ভাহা হইলেসে বোশ্বায়ের লাট স্থার ব্দর্জ ক্লার্কের পক্ষে; কারণ, এই বংসরে তিনি কলত্র-ছহিত্য-বিয়োগে কাতর হইয়াছেন। এই এক জন বাতীত, আমিত আর কোন রাজপুরুষের পক্ষে ১৩১৫ সালকে হুর্বাৎসর বলিয়া ষনে করি না। ১৩১৫ সাল স্থার এণ্ডুরু ফ্রেক্সারের পক্ষে অতান্ত ম্ব-বংসরই ছিন্স, নচেং তিনি তিন চারিবার আতভায়ীর হস্তে রকা পাইলেন কিরুপে ? শাসন-সংশারের বাগোরে বছলাট এবং পর্ড মর্লি ভারতবাসীর প্রীতিভাক্ষন হইয়াছেন, স্বতরাং ১৩১৫ সাল কখনই তাঁহাদের পক্ষে তুর্বংসর নহে। বোমার ষ্ড্যন্ত্র আবিষ্কৃত হওয়াতে ভারতে ইংরাজের রাজত্ব বজার রহিল, ইহা অপেকা রাজার পকে স্থ-সংবাদ আর কি আছে ? স্থভরাং রাজার পক্ষেত্র ১৩১৫ সাল মু-বৎসর। রাজা ও রাজপুরুষগণের পক্ষে যে ১৩১৫ সাল হর্বাৎসর নহে, তাহা বুঝিতে পারিলে ত ? তাহার পর অন্তান্ত পক্ষের কথা ধর। 'শ্রীমান নটন বাবাদীবনের পক্ষে ১৩১৫ সালের ভাষ স্থবংসর আর কথনও হয় নাই, তাহা কে অম্বীকার করিবে ? শ্রীমান সত্যপ্রসন্ন সিংহ বড়লাটের মন্ত্রী হইরীছেন, বিপিনরুঞ্চ বাবু মধ্যভারতের জুডিল্ঞাল কমিশনার হইয়াছেন, লালমোহন দাস হাইকোটের পাকা বিচারপতি হইরাছেন, হর্কংসর হইলে কি কখনও এরপ হয় ? পুলিশের

বিনোদবিহারী ও "মিরারের" নরেন সেন রায় বাহাছর হইলেন, নায়কের পাঁচকড়ি ভায়ার পড়ী-বিয়োগ হইল, এ সকল কি স্থ-বংদরের লক্ষণ নহে? পড়ী-বিয়োগ খেতাঙ্গ স্থার জর্জ্জ-ক্লার্কের পক্ষে গুরুতর বিষাদের বিষয় হইলেও বাঙ্গালী পাঁচকড়ি ভায়ার পক্ষে নহে, কেন না বাঙ্গলা দেশে প্রবাদ আছে, ভাগ্যবানেরই পড়ীবিয়োগ হয়, স্থতরাং ১৩১৫ সাল পাঁচকড়ি ভায়ার পক্ষে স্থবংসর সন্দেহ নাই। অধিকত্ত বর্ত্তমান বংসরটাও যে ভায়ার পক্ষে স্থবংসর হইবে, সে দিন ভায়া স্বয়ং "নায়কে" তাহার ইঙ্গিত করিয়াছেন। নব-বর্ষে "মেযের পড়ীলাভ" হইবে, "নায়ক" গণনা করিয়া এইরূপ স্থির করিয়াছেন।

স্বংসরের হিসাব এখনও শেষ হয় নাই। পূর্ববঙ্গ রেল-পথের পার্থবর্জী কয়েকথানা গ্রামের অধিবাসীদিগের অদৃষ্টে পিউনিটব প্লিশ লাভ হইয়ছে। এটাকে তোমরা ক্ষতি বিলয়া মনে কর কেন, তাহা ত আমি বৃঝিতে পারি না। লোকে ধনবান্ হইলে নিজ বাটীতে বিশ পঁচিশ জন য়ারবান্ রাখিতে পারে, কিন্তু দিবারাত্রি পাহারা দিবার জন্ত কেহ মনে করিলেই কি প্লিশ বসাইতে পারে? গ্রামবাসীরা বিনা চেপার, এমন কি সম্পূর্ণ অনিচ্ছায় সেই প্লিশ পাইয়াছে, ইহাতে ত আমি অসজ্যেমের জোমাদের আপত্তি করা, চীৎকার করা একটা বদ অভ্যাস

হইরাছে, তাই তোমরা পিউনিটিব পুলিশের নাম গুনিলেই অমনি গগুণোল বাধাও। ছিঃ! অগ্রে বিশেষ বিবেচনা পূর্বক । লাভালাভের বিচার করিয়া দেশ, তাহার পর যাহা বলিতে ধ্য় বলিও।

পিউনিটিব পুলিশের নামে একটা কথা মনে পডিয়া গেল! আগড়পাড়ার নিকটে নাকি আবার ছইটা বোমা দেখা দিরাছে ? তন্মধ্যে একটা ফাটিয়াছে, আর একটা ফাটিবার অবসর পার নাই। গবর্ণমেণ্ট এক্স পাঁচ হাক্ষার টাকা পুরস্কার ঘোষণা করিয়াছেন। যদি কোন পুলিশ কর্মাচারীও এই বোমার বা বোমা নিক্ষেপকারীর কোন সন্ধান ক্রিতে পারেন, তাহা হইলে তিনিও ঐ পুরস্কার পাইবেন, বলাই বাছলা। কিন্তু পুলিশ কর্মচারীরা কেন।পুরস্কার পাইবেন, তাহ। আমাকে বুঝাইরাদিতে পার ? বোম। নিক্ষেপকারীর অনুসন্ধান করা কি পুলিশের কর্ত্তব্য নতে ? শুনিয়াছি জাপানের কোন বিস্থালয়েই প্রতিভাশালী চাত্রকে কোনরূপ পুরস্কার দেওয়া হর না। জাপানী রাজপুরুষগণ বলেন যে, বিষ্ণা শিক্ষা করা প্রত্যেক ছাত্রের কর্ত্ব্য, সে জন্ত ভাহাকে পুরস্কৃত করিব কেন ? বৃদ্ধিমান ছাত্রকে বদি পুর্ধার দিতে হয়, তাহা হইলে ত পতিব্ৰতা স্ত্ৰীকে, পিতৃভক্ত পুত্ৰকে, मस्रोत वरमना क्वतनीटक एक कर्डवा भागरनव क्रम भूतकाव मिट्ड হয়। আমার বোধ হয় এ দেশের কর্তৃপক্ষরা যদি এ রূপ ব্যবস্তা করেন যে, পুলিশ কর্ম্মচারী ব্যতীত অন্ত কেহ বোমা নিক্ষেপ-

কারীর সন্ধান করিয়া দিলে তাহাকে ঐ পুরস্কার প্রদান করা হইবে, তাহা হইলেই ভাল হয়। কর্ত্তব্যপালনের জন্ম প্রিলশকে পুরস্কৃত করিলে ফলে এই দাঁড়াইবে যে, পুলিশ পুরস্কারের সম্ভাবনানা দেখিলে আর কর্ত্তব্য পালনে হস্তক্ষেপ করিবেনা।

म जिन आगड्भाषा (क्षेत्रात्तव निकर्ष). (तम भरवेत जेभव रा বোমাটা পাওয়া গিয়াছে সেটা নাকি ভোর রাঙিতে অর্থাৎ চারিটার পর কেহ রেলের উপর রাখিয়া গিয়া থাকিবে, কর্তপক্ষ এই রূপ অনুমান করিতেছেন। পিউনিটিব পুলিশ অপর্ঞ চারিটার পর হইতে রাত্রি ১টা পর্যান্ত রেলপথে পাহারা দেয়। ১টার পর যদি কেই রেলপথে বোমা রাখিরা পলারন করে তবে সেজ্ঞ পিউনিটিব পুলিশ দায়ী নহে। ঠিক কথা: রাত্রি ১টার পর হইতে প্রত্যেক গ্রামবাদীর রেলপথে পাহার। দেওয়া কর্ত্তবা। হতভাগারা এই কর্ত্তব্য পালন করে নাই বলিয়াই ত তাহাদের স্কল্পে পিউনিটিব পুলিশ চাপান হইল। পিউনিটিব পুলিশ রেলপথে পাহারা দিবার জন্ত নিবৃক্ত হইয়াছে, তাহারা পাহারাই দিবে: বোমা নিক্ষেপকারীকে তাহারা ধরিয়া দিবে তাহাদের সদিত এরপ বন্দোবস্ত করা হয় নাই। সে জ্ঞ সে দিন সন্ধাকালে গাড়ীতে যে বোমা পড়িয়াছিল, পুলিশ ভাহার নিক্ষেপকারীকে ধরে নাই। কেহ কেহ বলিভেছেন বে, বোমাট অণুর একথানি গাড়ী হইতে নিক্ষিপ্ত হইয়াছিল সেই জ্বন্ত পুলিশ

র'কের

ভাহাদের কোন কিনারা করিতে পারে নাই, কিন্তু গ্রামবাসীদের ভ ভাহার কিনারা করা কর্ত্তর্য ছিল। তাহারা কেন নৈহাটি কিংবা শ্রামনগর ষ্টেসনে গমন পূর্বক প্রত্যেক যাত্রীকে ভাল করিরা পরীক্ষাকরিরা দেখিল না যে,কাহারও নিকট বোমা আছে কি না ? গ্রাম হইতে দ্রবর্ত্ত্রী কোন ষ্টেসনে গিরা যাত্রীদিগকে পরীক্ষা করিতে পারিবে না, রাত্রী ১টার পর রেলপথের পার্মস্থিত বাশবনে বোমার অমুসন্ধান করিতে পারিবে না, অথচ পিউনিটব প্রিশ ক্ষম্কে ভর করিলে গণ্ডপোল করিতে থাকিবে! আন্দার আর কি ?

গবর্গমেন্ট এত লোককে নির্মাসিত করিতেছেন, কিন্তু বঙ্গভাষার বর্গমালা হইতে "ব" অক্ষরটাকে নির্মাসিত করিবার কোন ব্যবস্থা করিতে পারেন না কি ? আমার বোধ হয় বাঙ্গালার "ব" না থাকিলে, বিশ্লোহ, বিষেব, বিপ্লব, বসন্ত, বিশ্লচিকা, বিউবোনিক প্রেগ, বোমা, বারীক্র, বীরেক্স প্রভৃতি কিছুই থাকিত না। হিসাব করিয়া দেখ দেখি বঙ্গব্যবচ্ছেদের পর বরিশাল ব্যাপার হইতে আরম্ভ করিয়া বঙ্গে কি বিষম বিপ্লবই উপস্থিত হইয়াছে। "বাব্" শব্দ ত খেতাঙ্গ সমাজ্যের চক্ষুঃশূল হইয়াছে। "বন্দেমাতরম্," "বেঙ্গলী" "অমৃতবাজার," "বঙ্গবাসী," "বস্থমতী,"এমন কি মাঝে থাকিয়া তোমাদের "হিতবাদীও" খেতাঙ্গ সমাজ্যের মতে রাজবিষের প্রচারক ব্লিয়া বোধ হইতেছে। তাই বিশ্লতেছিলাম, এই "ব"টাই বঙ্গদেশের বালাই। তোমরা যদি

ওটাকে বঙ্গীর বর্ণমাল। হইতে ।বদার করিতে পার ত সব গোলমাল চুকিরা ধার।

ভারা, তোমরা ত অনেক সংবাদই রাখ, সেদিন সিংহ ভারাকে প্রীতিভাজ দিবার জক্ত টাউন হলে যে থানার ব্যবস্থা হইরাছিল, সেট্র মনেশী হিসাবে হইরাছিল না বিদেশী হিসাবে হইরাছিল, তাহার সন্ধান বলিরা দিতে পার? ভোজ সভার সভ্যের তালিকার অনেকগুলি খাঁটি মনেশীর নাম দেবিলাম বলিরাই এই প্রশ্ন জিজ্ঞাসা করিতেছি। আমি কাহারও নাম করিতেছি না, ব্যক্তি বিশেষের প্রতি ইক্তি করাও আমার উদ্দেশ্য নহে। ভবে কথাটা জানিরা রাখা ভাল।

আলিপুরের বোষার মামলার রায় প্রকাশ করিতে এক মাদ

সমর লাগিবে শুনিয়া অনেকেই বিশ্বয় প্রকাশ করিতেছেন।

কিন্তু আমি ত বিশ্বরের বিষয় কিছুই দেখি না। এত বড় মোকদমার

রায় যদি জ্বল্ল সাহেব এক মাদে লিখিতে পারেন, তবে আমি

তাঁহাকে বাহাছের বলিয়া মনে করি। দায়ারায় মোকদমাতেই

যখন চারি মাদের অধিক সময় লাগিয়াছে, তখন রায় লিখিতে

অস্ততঃ তুই মাদ এবং রায় পাঠ করিতেও ১৫ দিন সময়

অতিবাহিত হওয়া উচিত। একটা জ্বনরব শুনিলাম বে, জ্বল

সাহেব নাকি রায় লিখিবার জ্বল হিমানীমণ্ডিত হিমালয় শিখবে
গমন করিয়াছেন। কলিকাতার গরমে বসিয়া রায় লেখা অসপ্তব,

রজের

তাই মি: বিচক্রফট দাৰ্জ্জিলিকে বসিরা রার গলিখিবেন। কথাটা কি সত্য ? ইভি।

৬ই বৈশাথ সোমবার ১৩১৬।

(CC)

সম্পাদক ভারা.

সংবাদপত্রে আলিপুরের বোমার মামলা প্রত্যহ পাঠ করিতে করিতে বিরক্ত হইরা উঠিয়ছিলাম। কতদিনে এই মামলার বিবরণ পাঠের যন্ত্রণা হইতে অব্যাহতি লাভ করিব, কেবল তাহাই ভাবিতাম। প্রত্যহ মনে করিতাম, এই মামলার বিবরণ আর পাঠ করিব না। কিন্তু কেমন নেশা, কাগজ্ঞপানা হাতে লইয়াই প্রথমে আলিপুরের বোমার মামলার উপর নজর দিতে হয়। কোন্ সাক্ষী কি বলিলেন, কোন্ সাক্ষী জেরায় কি রূপ গোলযোগ করিলেন, তাহাই দেখিবার জন্ত মন ব্যাকুল হইভ। ভাই অনিচ্ছাসত্ত্রেও আগ্রহ সহকারে বোমার মামলা পাঠ করিভাম। অমি মনে করিয়াছিলাম বে, মামলার বিবরণ কাগজ্ঞে প্রকাশিত না হইলে এই নেশা আপনা-আপনি কাটিয়া বাইবে। কিন্তু এখন দেখিতেছি, আমার সে আশা কলবতী হইল না। বোমার মামলা এক মাসের জন্ত শ্বণিত রহিল বটে, কিন্তু এই

এক মাসের মধ্যে মোড়লের ডাকান্তি, বাহার ডাকান্তি, প্রভৃতি মাথা তুলিয়া দাঁড়াইল।

এই মামণার পড়িরা কেবল যে ৩০।৩৫ জন ভদ্রসন্তানের স্তুদীর্ঘ কাল হাজ্বতবাস লাভ হইয়াছে তাহা নহে, এসেদার মহাশরেরাও চারি মাস কালের উপর এসেসারি করিয়া বিলক্ষণ শিক্ষা পাইয়াছেন। এক শত পঁচিশ দিন ধরিয়া একটা মোকদমার জুরিগিরি অথবা এসেসারগিরি করার যে কি স্লখ, তাহা ভুক্ত-ভোগী না হইলে কেহই বুঝিতে পারিবেন না। বহুকাল পুর্বে আমি একবার একটা ডাকাতি মামলার জুরিগিরি করিরাছিলাম। দশ বারদিন ধরিরা **আমাকে আদাগতে যাতা**য়াত করিতে হইয়াছিল। অবশেষে আমি একদিন জ্বন্ধ। সাহেবকে বলিলাম "ধর্মাবভার, আমাকে এই জুরিগিরি হইতে অব্যাহতি দিয়া আসামী শ্রেণীভ্রু করিতে আজা হউক। আমি কঠিগড়ার ভিতর কখনও দাঁড়াইয়া, কখনও বসিয়া একটু হাঁফ ছাঙ্গিয়া বাঁচি।" সৌভাগ্যের বিষয়—সেই দিনই মোকনমার বিচার শেষ হইল. আমি আসামীশ্রেণীভক্ত না হইরাই জুরিগিরি হইতে অব্যাহতি লাভ করিলাম। ১০1১২ দিনে আমার বে কণ্ট হইরাছিল, ভাচা মনে করিয়াই আমি আলিপুরের বোমার মামলার এসেসার-দিগের যন্ত্রণা অমুভব করিতেছি। আশা করি এদেসরযুগল এট মহাদায় হইতে নিষ্কৃতি লাভ করিরা গঙ্গালান করিরা ঘরে किविशाटकन ।

ব্যামার মামলার পাঠকগণের হর্দ্ধশাও বড় কম নহে। যে
মোকদমার ৩০।৩৫ জন আসামী, হই তিন শত সাক্ষী, হাজার
হাজার একজিবিট, ডজন ডজন উকিল ব্যরিষ্ঠার, সেই
মোকদমার বিবরণ পাঠ করিয়া প্রথমাবিধি শেষ পর্যান্ত সমস্ত
ঘটনা কয় জন মনে করিয়া রাখিতে পারে? জজ সাহেব,
এসেসর এবং উকিল ব্যরিষ্ঠারগণ নোট লিখিয়া লইয়া তবে
ঘটনাগুলি মনে করিয়া রাখেন। কিয়্ত পাঠকগণ ত
আর নোট লিখিয়া সংবাদপত্র পাঠ করেন না যে, আগাগোড়া
ভাঁহাদের নখনপণ্ড থাকিবে ? তাই বলিতেছিলাম যে নেশায়
পাড়িয়া বোমার মামলার বিবরণ পাঠ করি সত্যা, কিয়্ত এই পাঠের
দার হইতে নিয়ভি পাইবার জক্ত প্রত্যন্থ ঈশবের নিকট প্রার্থনা
করিয়াছি।

ভারা, এখন কলিকাভার ডাক্রার, কবিরাজ ও পেটেন্ট ঔষণ বিক্রেভাদিগের অন্থ্রহে আমাদের একটা ব্যর বাঁচিয়া গিরাছে। এখন আর প্রতি বৎসর "ন্তন পঞ্জিকা" ক্রের করিতে হর না; চৈত্র মাসের প্রথম হইতে আরম্ভ করিয়া এ পর্যান্ত ৫।৭ খানি "ন্তন পঞ্জিকা" বিনামূল্যে প্রাপ্ত হইয়াছি। পঞ্জিকা প্রকাশক-গণের উপকারার্থে আমি একটা ন্তন বিষয়ের প্রস্তাব করিতেছি। যদি তাঁহারা পঞ্জিকার স্তার বিস্তাল্যের পাঠ্য প্রত্তক মুক্রিত করিয়া এই রূপে বিনামূল্যে বিতর্প করেন, তাহা হইলে আমার স্তার অনেক দরিক্র বিশেষ উপকার বোধ করেন। ছেলেদের অর্থাৎ শ্রীমান পৌত্র এবং দৌহিত্র ভাষাদের পাঠ্য পুস্তক কিনিতে কিনিতে দেউলিয়া হইবার মত হইমাছি। সে কালে, অর্থাৎ এখনকার ২৫।৩০ বংসর পূর্ব্বে এক খানা পাঠ্য পুস্তক কত বংসর পরিয়াই পঠিত হইত, গরিবের ছেলেরা প্রাতন পুস্তক চাহিয়া লইয়া পাঠ করিত; কিন্তু এখন আর তাহা হইবার যো নাই। এখন পাঠ্য পুস্তক "নব রে নব নিতুই নব।" সদি ডাব্রুনার কবিরাজ মহাশ্রেরা দ্বা না করেন, তাহা হইলে গরিবের ছেলেদের লেখাপড়া শিখিবার আর কোন উপারই থাকিবে না।

অনেক প্রকার মামলা মোকদমার,প্রতিশোধ বা প্রতিহিংদার সমূবে থাকিয়া স্বদেশী শিখন্তীর কার্য্য করিতেছে বলিয়া শুনিতে শাই। কিন্তু এখন দেখিতেছি যে, স্বদেশী, কলপ ঠাকুরের সারথ্য কার্য্যে ব্রন্তী হইয়াছে। তোমাদের কাগজেই "মলার মোকদমা" পাঠ করিয়া তাহা ব্ঝিতে পারিয়াছি। এখন নাগাদ গরু চুরি—ইশুক মেরে চুরি, সবই স্বদেশীর অন্তর্গত হইয়া পঞ্জিয়ছে। যে রূপ ব্যাপার দাভাইয়াছে, তাহাতে অতঃপর স্বদেশী মামলার নাম শুনিলেই লোকে ভাবিবে, ইহার মধ্যে হয় পারিবারিক কলহ, না হয় উৎকোচ, নতুবা আদিরদ ঘটিত কিছু রহস্ত আছে। স্বদেশী আলোলনটার মধ্যে অবৈধ কিছু না থাকিলেও ভবিষ্যতে 'স্বদেশী" পিনাল-কোডের প্রতিশক্ষরূপে ব্যবস্থাত ইব্রে বলিয়া ব্রেদেশীকে সভাসতাই একটা

মহা-ফৌব্দারী কাণ্ডে পরিণত করিতে বসিরাছে। কাঙ্গটা বড়ই অপ্তার হইতেছে সন্দেহ নাই। ইতি।

১৩ই বৈশাথ সোমবার ১৩১৬।

(69)

সম্পাদক ভারা,

তোমাদিগকে কি যে লিখিব তাহা ভাবিয়াই পাইতেছি না।
লিখিবার যে কথা নাই ভাহা নহে; আমাদের ছঃথের কথা অনন্ত,
কিন্তু বাঁহাদের জন্ত লিখিব তাঁহারা সকল কথা ভাবিয়া দেখেন
কি না. এ সম্বন্ধে আমার ঘোর সন্দেহ আছে।

a ______

এই দেখ না কেন, পল্লীগ্রামের জলকটের কথা আমি কি কম বিলিয়াছি, তোমরাও অবসরমত হই এক কথা যে না বলিয়াছ তাহা নহে; কিন্তু কৈ, পল্লীবাসীর জলকট দূর করিবার জল্প তোমাদিগের দেশ নায়কগণ কিছু করিতে অগ্রসর হইয়াছেন কি ? তোমরা কোন চেটা করিয়াছ কি ? জানি তোমাদের সহস্রকাজ, তোমাদের পৃথিবীর সংবাদ দিতে হয়, পৃথিবীর জ্বভাব অভিযোগের কথা উল্লেখ করিতে হয়, কিন্তু পল্লীবাসীর জ্বকটের কথা কি সেই সহস্র কথার একটা কথাও হইবে না ?

দেখ ভারা, ভোমরা সহরে বিসরা দেশের অবস্থা যাহা ভাব বা যাহা শোন, প্রকৃত পক্ষে কি দেশের অবস্থা তাই? ভোমরা বড় বিড় কথা লইরা গভীর গবেষণা কর, ভোমরা উচ্চ রাজনীতিক আলোচনার দিশেহারা হইরা যাও; কিন্তু জিজ্ঞাসা করি, দেশের দশের কথা কি ভোমাদের সর্ব্ব প্রধান কথা হওয়া উচিত নহে? এই যে জলকটের আর্ত্তনান, এই যে মালেরিয়ায় হাহাকার, এই যে জ্মুল্যের জন্তু ক্রন্দন, এ সকল কি ভাবিবার বিষর নহে?

আমি বৃড়া মাষ্ট্রষ, আমি বৃঝিতে পারি না ভামরা কাহার কথা অধিক চিস্তা কর। দেশের মৃষ্টিমের লোক কি দেশের সর্বস্থা? তাহা ভাবিও না ভারা! দেশ দশের; সেই দশ জনের দিকে না চাহিলে, তাহাদের হঃখ, ভাহাদের কষ্ট্র দ্র করিবার ক্ষা প্রাণপণে চেষ্টা না করিলে, দেশের কল্যাণ কিছুতেই হইনে না। ভোমরা গল্পে, পল্পে, প্রবন্ধে, বক্তৃভার "ভাই ভাই" মন্ত্র প্রচার করিয়া থাক, কিন্তু দরিদ্র ক্ষককে কি কোন দিন "ভাই" বলিয়া আলিঙ্গন করিয়াহ? ভাহার স্থান কুটীর ধারে ক্ষান ও কি উপস্থিত হইয়াহ? ভাহার স্থান ভারা হুণ ক্ষের ক্থা শুনিয়া কি কোন দিন অশ্রুবিসর্জ্জন করিয়াছ? অথচ ভোমরা নাকি লোকনায়ক ? ভোমরা নাকি ঘোর স্বদেশহিতৈ লাই। রাগ করিও না সম্পাদক ভারা, বড় হুংবেই কথা কয়টী বলিলাম। বড়ার কথার রাগ করিতে নাই।

ও সকল কথা থাক। সংবাদ পত্রাদিতে পাঠ করিতেছি. তোমাদের কলিকাতা মিউনিসিপালিট নাকি টাকা বছট বাছাইয়া ফেলিয়াছেন এবং তার জ্ঞা কলিকাতার করদাতগণ নাকি ভারি খাপ্পা হইরাছেন ? অবশু বেশী পরসা দিতে হইলেই সকলেরই কটও হয়, রাগও হয়। কিন্তু আমি এই ট্যাক্স বৃদ্ধিতে আপন্তি করিতে প্রস্তুত নহি। রাজ্বধানীতে বাস করিবে, কলের জল থাইবে, গ্যাসের আলো ভোগ করিবে, ট্রাম মোটর চড়িবে. বিজ্লীর হাওয়া খাইবে, আরও কত কি করিবে অথচ ট্যাক্স দিবার সময় হইলেই লাকে কাঁদিবে! মিউনি-সিপালিটি তোমার স্থথের জন্ত, তোমার বিলাস বাসনা পরিতৃপ্ত করিবার জ্বন্ত এত যে আরোজন করিতেছেন, তাহাতে প্রসা লাগে না ? তোমাদের অন্তই ত এত বছ একটা মিউনিসিপাল আফিস প্রস্তুত হইয়াছে, তাহাতে টাকা খরচ হর নাই ? ভোমার বাডীতে বেশী জল বায় হইতেছে কি না তাহা জানিবার জ্ঞু নিশাচর কর্মচারী নিয়োগ করিতে প্রসা লাগে না ? তোমর চৌরঙ্গীর রাস্তাগুলির পরিণর বৃদ্ধি করিতে হইলে, क्रिविश्वत क्रिटेंड इंहेर्दिना ? এ मकन होका कोशा इंहेर्ड আসিবে ? তোমাদের দেখিতেছি স্থটুকুও আছে, রাগটুকুও আছে।

এই অত্যধিক ট্যাক্স বৃদ্ধিটা আমি আরও এক কারণে অনুযোদন করি। আমি ত দেখিতে পাইতেছি, আমাদের দেশের যার ছ'পয়সা আয় হইতেছে, দেই কলিকাতার যাইরা ঘর বাধিতেছে, দেই পদ্ধীগৃহের, প্রতিবেশীর, পিতৃপিতামহের নামের মমতা পরিত্যাগ করিয়া কলিকাতাবাদী হইতেছে। ফলে পল্লীঞ্জামের ছরবস্থা বাজিতেছে। এ অবস্থার যদি কলিকাতার ট্যাক্সের হার বৃদ্ধি হয়, তাহা হইলে পাঁচহালারী সাতহাজারীরা আর কলিকাতার ঘর বাধিতে যাইবে না। আর হাহারা কার্য্যোপলক্ষে কলিকাতার থাকিতে বাধ্য হইবে, তাহারাও বাড়ী ভাড়ার ভয়ে, ৫০ টাকা বে্তনের উপর নিজ্য করিয়া মাতা ভগিনীকে পদ্ধীগ্রামে ফেলিয়া কেবল গৃহিণী ও প্রত্র কন্তাকে হইরা কলিকাতার বাদা বাধিবে না। স্বতরাং পল্লীগ্রামের উন্নতি হইবে। ম্যালেরিয়া, জলকন্ত প্রভৃতির দিকে বাবুদের দৃষ্ট পড়িবে। এই হেতু কলিকাতা সহরের ট্যাক্ম বৃদ্ধির আমি সম্পূর্ণ অন্ধমোদন করি।

বাঙ্গালার ছোট লাট সার বেকার হকুম দিরাছেন যে;
বাঙ্গালা গবর্ণমেন্টের বড় বড় রাজকর্মচারীরা গ্রাম্মের কয়মাস
দার্জ্জিলিঙ্গে কাটাইতে পারিবেন না, তাঁহাদিগকে কলিকাতাতেই
থাকিতে হইবে। ইহাতে নাকি সরকারে পাঁচ লক্ষ টাকার উপর
বায় বাঁচিয়া যাইবে। তোমরা সাধু কার্য্যের জন্ত ছোট লাট
বাহাছরের প্রশংসাবাদ করিয়াছ। আমি ত তোমাদের প্রশংসার
কোন কারণ দেখিতে পাই না; ছোটলাট বাহাছর কাষটা কি
ভাল করিয়াছেন? আহা। বেচারীরা বংসবের মধ্যে কেবল

অতি সামাস্থ পাচ ছয় মাস একটু শাস্তিতে বাস করিত;
একটু ফুর্ব্তি করিত, তাহাও ছোট লাটের সহিল না, তিনি
বেচারীদের নির্বাসন দশু বিধান করিলেন। দেখ ভারা
কাঙ্গটা সভ্য সভ্যই ভাল হয় নাই। এই খেতাঙ্গ মহাপুরুষদিগের
মাথা ত চরিবশ ষণ্টাই গরম হইরা আছে; তাহার পর যদি বা
মাস করেক দার্জিলিঙ্গে ঠাগুা বাভাসে থাকিয়া মাথাটা একটু শীতল
করিতেন, এখন তাহাও হইবে না। লোকগুলা যে ক্ষেপিয়া
উঠিবে। তাহাতে কি দ্বেশের কল্যাণ হইবে? পাঁচ লক্ষ্ টাকা
বাচিবে বলিয়াই তোমরা আনন্দ প্রকাশ করিয়াছ, ভবিষ্যতের
ফলটার কথা ত ভাব নাই। ইতি।

২০শে বৈশাখ সোমবার ১৩১৬।

(\mathbf{p})

সম্পাদক ভারা,

বোমার মামলার আলিপুরের পাল। শেষ হইল,দেশের লোকেও হাঁফ ছাড়িয়া বাঁচিল। তোমরা এই মামলা উপলক্ষে বেশ আরামে কাগজ পুরাইতেছিলে, সুভরাং ভোমরা যদি বলিতে যে, মামলা শেষ হওরাতে ভোমরাও বাঁচিলে, তাহা হইলে বোধ হয় লোকে সহজে ভোমাদের কথায় বিশ্বাদ করিত না। কিন্তু এখন আর লোকে ভোমাদের কথায় অবিশাস করিবে না। কারণ শ্রীমান নর্টন বাবাঞ্চীবন সে বিষয়ে তোমাদের জন্ত চূড়ান্ত নন্দীর শ্বরূপ হইরাছেন।

শ্রীমান বাবাজীবন "এম্পায়ারের" প্রতিনিধির সহিত কথা কহিতে কহিতে বলিয়াছেন ষে, এই মামলাটা এত দীর্ঘকাল ধরিয়া চলিরাছে বলিয়া তিনিও গ্র:খিত। আরও পূর্ব্বে মামলার নিশান্তি হইলে তিনি স্থা হইতেন। অর্থাৎ মামলা অধিক দিন ধরিয়া চলাতে মদি কাহারও লাভ হইয়া থাকে, তাহা হইলে প্রথমে লাভবান হইয়াছেন শ্রীমান নটন এবং বিভীয় লাভবান হইয়াছে তোমাদের সংবাদ পত্রের দল! তা শ্রীমান মুখন বলিয়াছেন যে, মোকদ্মার নিশান্তি হওয়াতে তিনি স্থা ইইয়াছেন, এবং সকলকে তাঁহার কথা শিরোধার্য্য করিবে হইবে, তখন তোমাদের কথাতেও লোকের অবিশাস করিবার কোন কারণ নাই, সে বিষয়ে তোমর। নিশিস্ত থাক।

শ্রীমান নটন বাবাকীবন যে তোমাদের অর্থাৎ ভারতবাসীর প্রকৃত বন্ধু, তাহা বোগ করি জোমরা এইবারে বেশ বুঝিতে পারিরাছ। সে দকল প্রমাণ ও সাক্ষ্যের উপর নির্ভর করিয়া অরবিন্দ বাব্র অপরাণ আদালতে প্রমাণ করিবার চেষ্টা করা হইয়াছিল,তাহার মূল্য কিরূপ তাহা ত দেখিলে? বিচারকও স্পষ্টই ঐ দকল প্রমাণকে অসার বলিয়া নির্দেশ করিয়া অরবিন্দ বাব্রক নিরপরাধ বলিয়া ছাড়িয়া দিয়াছেন। কিন্তু শ্রীমান নটন।তোমাদের এতই শুভাকাজ্জী বে, পাছে অরবিন্দ বাব্ অব্যাহতি লাভ করেন, সে অস্থ তিনি ঐ সকল প্রমাণ লইরা প্রাণপণে বাগষুদ্ধ করিয়াছিলেন। কিন্ত তিনি চেষ্টা করিলে কি হইবে, অরবিন্দ বাব্র অদৃষ্টে হঃব আছে কিনা, তাই বিচারক তাঁহাকে ছাড়িরা দিলেন। আলিপুরের জেলে অরবিন্দ বাব্ বেশ স্থাবেশ স্বছন্দে ছিলেন, ভাতের ভাবনা ভাবিতে হইত না। কিন্তু এখন কি তাঁহার অদৃষ্টে সে রাজভোগ জুটিবে ?

শ্রীমান নটনের ভারতপ্রীতির আর একটা পরিচয় তোমাদের মনে আছে ত ? চন্দননগরের চারুচক্রকে যখন হাইকোট হইতে অব্যাহতি প্রদান করা হইল, তখন শ্রীমান বলিলেন "চারুচক্রকে ছাড়িয়া দেওয়া হইবে না, লোকটা আসল খুনে,মজঃফরপুরের কাণ্ডের গোড়াই চারুচক্র, সে বিষয়ে মথেষ্ট প্রমাণ আছে "ইত্যাদি ইত্যাদি । আহা শ্রীমান বাবালীবনের একান্ত ইচ্ছা ছিল যে, চারুচক্রকে আর কিছু দিন ভারত সম্রাটের আতিথ্য গ্রহণে বাধ্য করেন। কিন্তু চারুচক্রের অদৃষ্টে নাকি কট্ট আছে, তাই গবর্গমেন্ট তাহার বিরুদ্দে মোকদ্দমা চালাইতে সমত হইলেন না। চারুচক্র বেচারাকে আবার সেই কুল মান্তারি করিয়া খাইতে হইতেছে। গবর্গমেন্ট যদি শ্রীমানের পরামর্শ গ্রহণ করিতেন, তাহা হইলে এত দিন চারুচক্র হন্নত সরকারের ব্যয়ে বায়ু পরিবর্ত্তনের জন্ত সমুদ্র যাত্রার আরোজন করিতেন। "ভাগাং ফলতি সর্ব্বতে"।

এখন বোধ হয় তোমরা ব্রিতে পারিলে যে, শ্রীমান নটন বারাজীবন তোমাদের কিরপ হিতৈষী। অতবড় নামজান ব্যারিষ্টার নটন, তিনি যে সকল প্রমাণকে অকাট্য বলিয়া মনে করিয়াছিলেন, জ্বজ্ব সাহেব কোন্ হিসাবে যে তাহা অগ্রাহ্ম করিলেন,তাহা আমাদের মত স্থলবৃদ্ধি লোকে বুরিতে পারে না। বারাজীবন যে কিরপ নিঃস্বার্থ "এম্পায়ারের" প্রতিনিপির সহিত কথা বার্ত্তার তিনি স্বমুপেই তাহার পরিচয় দিয়াছেন। এরপ নিঃস্বার্থ ও ভারতহিতৈষী মহাপ্রকৃষ যাহাতে কংগ্রেসের নেতৃস্থানীয় হন, সে বিসয়ে তোমরা একটু, চেষ্টা করিও। পূর্কে শ্রীমান যথন কংগ্রেদে ছিলেন, তথন দেশের লোকে তাহার প্রকৃত পরিচয় পায় নাই, এখন ত তোমরা পরিচয় পাইলে, এই বার নষ্টরত্বের পুনক্ষারে যত্নবান হও।

দেখ ভারা, কাল সহকারে সকলেরই উন্নতি হয়; কিন্তু তোমরা ভাহা বুঝিতে পার না বলিয়া কেবল র্থা চীংকার কর। এই দেখ না কেন আক্ষকাল ডাকাভদের কত উন্নতি হইয়াছে। আমাদের দে কালের বাণনী, চাড়াল, ডোমেরা ডাকাত হইত মাথায় ঝাঁকড়া চুল রাখিন্ত, উলক্ষপ্রায় হইয়া মুখে কালী মাথিয়া স্হস্তের বাটীতে ডাকাতি করিতে যাইত। আর এখনকার ডাকাতেরা নিব্য টেরি কাটয়া, কামিন্দ গায়ে, বুট পায়ে, এসেন্স মাথিয়া, ইংরান্দি বলিতে বলিতে লোকের বাড়ীতে ডাকাতি করিতে যায়। তোমরা এ উন্নতি ব্রিতে পার না বটে, কিন্তু পুলিশ তাহা বুঝিতে পারিয়াছে। তাই কোথাও ডাকাতি হইলে আর তাহারা ভীষণ-দর্শন ইতর শ্রেণীর

হ্রতের

লোকের বাটা খানাতন্ত্রাসী করে না, এখন তাহারা শিক্ষিত ভদ্র বাঙ্গালীর বাটা খানাতন্ত্রাসী করে। তোমরা ক্রমোন্নতির স্বাভাবিক নিরম জ্ঞান না অথচ পুলিশের নামে দোষ দাও,রাজপুরুষগণের নামে দোষ দাও। ইতি।

২৭শে বৈশাথ দোমবার ১৩১৬ সাল।

(65)

সম্পাদক ভারা,

শ্রোত যে ফ্রিরাছে তাহা ব্ঝিতে পারিরাছ কি ? এত দিন প্রবল বেগে জুরারের জল নদীতে প্রবেশ করিতেছিল, স্প্রীক্ষের বংশীধ্বনি প্রবণ করিয়া যমুনার জল যেরপ উজান বহিত, সেইরূপ কোন অক্সাত শ্রীক্ষের বংশীধ্বনি শুনিরা দেশের শাস্তিরক্ষার শ্রোত উজান বহিতেছিল। গেদিক হইতে শ্রোত স্বভাবতঃ প্রবাহিত হইতে থাকে, তাহার বিপরীত হইলেই উজান শ্রোত বলে। এত-দিন শাস্তিরক্ষকেরা শাস্তিত্র করিয়া অশাস্তির আকরম্বরূপ হইরাণছিল, কিন্তু এখন ব্ঝি সেই বংশীধ্বনি পামিরাছে, তাই শ্রোত আর উজান বহে না।

বিজ্যবন্দ্রী যথন বাহার প্রতি দৃষ্টিপাত করেন, তথন শার, ভাষার কোথাও পরাজ্যের স্ভাবনা থাকে না; সে যে কার্য্যে

হস্তক্ষেপ করে দেই কার্য্যে হাজার হাজার টাকা লাভ করির।
প্রশংসাভাজন হয়। কিন্তু বিজ্ববলক্ষী যথন রুপাবিতরণে কাতরা হন,
তথন লাকে কিছুতেই জয়লাভ করিতে পারে না। আমার বাধ হয়
প্রিলের প্রতি এতদিন বিজ্ববলক্ষী অন্প্রাহ করিতেছিলেন, তাই
সকল ক্ষেত্রেই প্রিলেশর জয়জরকার হইতেছিল। দেখ না কেন
চিংপুরের অত বড় একটা দালার প্রধান নামক হইয়াও প্রলিশ
ছোটলাট সার এণ্ডুরু ফ্রেজারের কেমন প্রশংসাভাজন হইয়াছিল।
যে সময় তোমরা আশা করিতেছিলে যে, বার্ষিক শাসন বিবরণীতে
হয় ত সার ফ্রেজার প্রিলেশর পৃষ্ঠদেশে স্থভীত্র ক্যাঘাত করিবেন,
সেই সয়য় ভিনি তাহাদের গায়ে হাত ব্লাইয়া কত প্রশংসাই না
করিলেন!

সকলই কালের ধরা। এখন সার ফ্রেজারের কাল নাই, স্থতরাং পুলিশের দেরপ আদর মার কে করিবে ? এখন দেখিতিছি চারিদিকেই পুলিশের নিন্দা। মহকুমার হাকিম হইতে আরম্ভ করিয়া হাইকোটের প্রধান বিচারপতি পর্য্যস্ত এক স্বরে পুলিশের দোষ কীর্ত্তনে প্রবৃত্ত হইরাছেন। পুলিশ অনেক বৃদ্ধি খরচ করিয়া যে সকল মোকদমা সাজাইয়া গুড়াইয়াছিল, তাহা বিচারকগণ এক কথাতেই শরতের মেঘের স্তায়্ব উড়াইয়া দিলেন। এই সকল ব্যাপার দর্শন করিয়া আমার মনে হয় যে, পুলিশের সেই উজ্লানহা ভাগ্যস্রোত বৃবি আর নাই। অদৃষ্টের জোর থাকিলে কি আজ পুলিশকে এরপ কলক্ষিত হইতে হইত ?

আহা। বড় ছঃখ হর আমার এণ্ডর ফ্রেন্সারের জন্ত। ভারা এখন বাণপ্রস্থ অবলম্বন করিয়া ধর্মচর্চার মনোনিবেশ করিয়াছেন, কিসে ভারতবাসীকে অন্ধকার হইতে আলোকে লইয়া থাইতে পারা যার, তাহার পরামর্শ করিবার জন্ত আমেরিকার গির্জার গির্জার গৃরিয়া বেড়াইতেছেন; হাজার হউক বাপের বেটা। পিতা ছিলেন পাল্রি পুত্র কি সহজ্বে পৈত্রিক ব্যবসায় পরিত্যাগ করিতে পারেন? তাই তিনি ভারতবাসীকে খৃষ্টান করিবার আশার আমেরিকার গমন করিয়াছেন। কিন্তু এ দিকে তাঁহার বড় সাধের বঙ্গ দেশের অতি বড় সাধের শ্রনিশের যে কি ছরবত্বা হইয়াছে, তাহা কি তিনি বুঝিতে পারিতেছেন? রুফ্ক-বিরহে গোকুল অন্ধকার হইয়াছিল আর ফ্রেক্সার-রুফ্কের বিরহে বঙ্গের প্রশিশার গেরুক্স অন্ধ্রপ্রা হইয়া কেবল বধুর গুণ মরণ করিতেছে।

পুলিশের এই হুরদৃষ্টের লক্ষণ কেবল যে বঙ্গনেশেই নোথতে পাওরা শাইতেছে, তাহা নহে, বঙ্গের স্বদেশী আন্দোলনের তরঙ্গ থেমন কলিকাতা হইতে আরম্ভ করিরা নেথিতে নেথিতে সমগ্র ভারতবর্ষ আন্দোলিত করিরাছে, পুলিশের হুর্নামও সেইরুপ এই কলিকাতা হইতে আরম্ভ করিয়া এক দিকে লক্ষ্ণো, অন্তদিহূক মাজ্রাজ পর্যাপ্ত পরিব্যাপ্ত হইরাছে। কলিকাতার হাইকোটের বিচারপতিরা ভ পুলিশের কলঙ্ক কীর্ত্তন করিয়াই কান্ত হইয়াছেন, মাজ্রাজ কিন্তু এই ব্যাপারে কলিকাতাকেও হারাইয়াছে। ত্রিবান্ত্রর হাইকোটের বিচারপতি পুলিশ চালানি আসামীদিগকে ছাড়িয়া

দিয়। পুলিশকেই চালান দিবার ব্যবস্থা করিষাছেন। কোথার রাম রাজা হবে, না, চৌদ্ধবংসর বনবাস ? কোথার ত্রিবান্ধুরের পুলিশ প্রকাণ্ড একটা দাঙ্গার ৬২ জন আসামীর অপরাধ সপ্রমাণ করাইয়। কর্ত্রপক্ষের নিকট প্রশংসা ও পুরস্কার লাভ করিবে, না, একেবারে হাতে হাতকড়ি, পারে বেড়ি ? পুলিশের রাম উল্টা ব্রিষাছে সক্রেম্ব নাই।

ভারা, সত্য কথা বলিতে কি, পুলিশের এই কলঙ্ক ঘোষণার আমার তত কপ্ত হর নাই, যত কপ্ত হইরাছে তোমাদের হেরার ব্লীটের স্থালিত সহযোগী "ইংলিশম্যানের" জ্লুশা দেখিরা। বেচারা পুলিশের কাটাকাণ ছেঁড়া চুলে ঢাকা দিতে গিরা আপনার নাক ও কাণ জই কাটিরা ফেলিরাছে। "ইংলিশম্যান" স্তাসতাই নাক কাণ কাটা স্পাণা হইরাছে। "ইংলিশম্যান" পুলিশের প্রেষ্টিভ রক্ষার জন্ত আর্ত্রনাদে সাহেবপাড়া প্রতিধ্বনিত করিতেছেন বটে, কিন্তু প্রিশের নস্তপ্রেষ্টিজের উন্ধারদাধন ত হইলই না অধিকন্ত ভাহার নিজের প্রেষ্টিভ নপ্ত হইতে বিষয়াছে। লোকে আপনার নাক কাণ কাটিরা পরের যাত্রাভক্ষের চেষ্টা করে; কিন্তু, "ইংলিশম্যান" কাহারও যাত্রা ভক্ষ করিতে পারিলেন না, মাঝে হইতে আপনার নাক কাণ কাটিরা ব্রিয়া বহিবলন। ইতি।

তরা জ্বৈষ্ঠ দোমবার ১৩১৬।

(PA)

সম্পাণক ভারা,

তোমরা সময় নাই, অসময় নাই, তোমাদের হেরার ট্রাটের সহ-যোগী ইংলিশম্যানকে গালি দিতে ছাড় না। কিন্তু "ইংলিশম্যান" যথন একটা ভাল কথা বলেন, তথন তাঁহার স্থ্যাতি কর না কেন ? এ কাঞ্চী ভোমাদের ভাল হইতেছে না।

গত বৃহস্পতিবারের"ইংলিশম্যানে"দেখিলাম যে,তোমাদের সহ-ধোগা এ দেশের রেলপথ সমূহের তৃতীয় শ্রেণীর যাত্রীদিগের ছর্দিশা দর্শনে অত্যস্ত ছংখিত হইরা রেল কোম্পানীর কর্তৃপক্ষের উপর বিশক্ষণ এক প্রস্তু গালিবর্ষণ করিরাছেন। ইংলিশম্যানের এই কার্য্য প্রশংসনীয় সন্দেহ নাই।

ঐ প্রবন্ধে "ইংলিশম্যান" প্রথমে যে সকল কথা বলিয়াছেন, তাহার সকল গুলির আমি সমর্থন করিতে পারি না। "ইংলিশম্যান" বলিয়াছেন যে, লর্ড কর্জনের আদেশে এখন প্রত্যেক ষ্টেশনের তৃতীয় শ্রেণীর বাত্রীদিগের ক্ষন্ত স্থপের নির্দ্ধণ ক্ষলের ব্যবস্থা করাছে, প্রতেক ষ্টেশনেই উপাদের মিষ্টায় বিক্রমের ব্যবস্থা হইয়াছে, লর্ড কর্জন এইরূপ ব্যবস্থা করিবার ক্ষন্ত প্রত্যেক রেল

কোম্পানীকে অন্নরোধ করিয়াছিলেন সত্যা, কিন্তু তাঁহার সে অন্নরোধ সর্ব্বিত্র বৃক্ষিত হয় নাই। বোধ হয় ইংলিশম্যান অনুমান করিয়া লইয়াছেন যে, যথন লওঁ কর্জানের অনুরোধ তথন সে অন্যুবোধ নিশ্চিতই রক্ষিত হইয়াছে।

কিন্তু এ বিষয়ে "ইংলিশম্যানের" অনুমান ভ্রমদ্ভূল হইণেও তৃতীর শ্রেণীর ষাত্রীদের লাঞ্ছনার বিষয় তিনি যাহা লিখিয়াছেন, তাহার এক বর্ণও অতিরঞ্জিত বা মিখা নহে। এ বিষরে তোমাদের সহযোগী যেরূপ ক্তারপরতা ও অনুসন্ধিংসার দৃষ্টান্ত দেখাইয়াছেন, যদি সকল বিষয়ে সেইরূপ দেখাইতে পারিতেন, তাহা হইলে তোমরা "ইংলিশম্যনকে" গালি দিবার স্থযোগ পাইতে না, এ কথা আমি মুক্তকণ্ঠে বলিতে পারি। ইংলিশম্যানের অদৃষ্টে নাকিতোমাদের স্থমধুর গালি লাভ আছে,তাই তিনি এই সকল জনহিত্কের ব্যাপারের আলোচনা না করিয়া কেবল বাবু ভাকাতের অনুসরণে অরণ্যে ঘুরিয়া বেড়াইয়াছেন। "ইংলিশম্যান" যদি বাবু ডাকাতের পরিবর্তে রেল্যাত্রীদিগের প্রতি দৃষ্টিপাত করেন, তাহা হুলে উভন্ন পক্ষেরই লাভ হয় সন্দেহ নাই।

ভারা লর্ড মিণ্টো ও লর্ড মর্লি মুসলমামদিগকে স্বতন্ত্র নির্বাচনা-ধিকার দিতে সঙ্কর করিরাছেন বলিয়া ভোমরা রাগ করিতেছ কেন? তোমরা যদি স্থির ভাবে তুইটা বিষরের চিস্তা কর, ভাষা ক্ইলে আমার দৃঢ় বিশাস যে, তোমরা এই ব্যবস্থায় কখনও বিরক্তি প্রকাশ করিতে পার না। প্রথমতঃ তোমরা ভাবিরা দেখ দেখি, যে, এই যে সংস্কার হইতেছে, ইহা প্রধানতঃ কোন্ শ্রেণীর চেষ্টার ফল, হিন্দুর না মুসলমানের । যে সকল কারণে গবর্ণমেণ্ট ভারতের শাসনকার্য্যের সংস্কার করিবার জন্ত বন্ধপরিকর হইরাছেন,সেই সকল কারণ হিন্দু সমাজ হইতে উৎপল্লনা মুসলমান সমাজ হইতে উৎপল্ল থ এই প্রশ্নের উত্তরে হিন্দু মুসলমান উত্তর সম্প্রদারকেই স্বীকার করিতে হইবে যে, হিন্দুর চেষ্টার, হিন্দুর আন্দোলনে, গবর্ণমেণ্ট এই সংস্কার কার্য্যে হস্তক্ষেপ করিরাছেন। হিন্দু চেষ্টা করিরা যে সংস্কার আমদানি করিয়াছে মুসলমান যদি তাহার ফতভোগী হর ভাহা হইলে হিন্দুর ছঃথ করিবার ত কোন কারণই নাই, বরং আনন্দিত হইবার যথেষ্ট কারণ আছে।

বিভীরতঃ শ্রীক্লয় বলিরা গিরাছেন, "দরিদ্রান্ তর কোঁন্তের মা প্রসচ্ছেশ্বর ধনম্।" দরিদ্রকে ধন দান কর,ধনবানকে দান করিও না। সংস্থারই বল আর যাহাই বল, সকলই রাজার দান। রাজ-যোগ্য পাত্রেই দান করিতেছেন। তিনি যদি হিন্দুকে দানের যোগ্য রূপার যোগ্য বলিরা মনে করিতেন,তাহা হইলে হিন্দুর জন্ত প্রতন্ত্র নির্মাচনের ব্যবস্থা করিতেন। রাজপুরুষেরা ব্রিয়াছেন যে, হিন্দু নিজের পারে তর দিরা দাড়াইতে শিখিয়াছে, স্বতরাং তাহাকে সাহায্য না করিলে ক্তি নাই। মুসলমান এখনও "হাঁটি হাঁটি পা পা" করিতেছে, এখন তাহাকে না ধরিলে পড়িয়া যাইবে। স্বতরাং তাহারা যদি মুসলমানকে হাঁটাইবার জন্ত কোনক্রপ বন্দোবস্ত করেন, তাহা হইলে হিন্দুর ক্রোধ কি বিরক্তি প্রকাশ করা কি ভাল ? লাউ গাছ কুমড়া গাছের জন্মই লোকে মাচা বাঁধিয়া দেয়, আম, কাঁঠাল, ঝাউ, দেবদারু গাছের জন্ম কেহ মাচা বাঁধে না। কেহ এই সকল মহীরুহের উপর মাচা বাঁধিয়া দিলে, বৃক্ষগুলি সেই মাচার উপর শাখা প্রশাখা বিস্তার করে না, সবেগে উঠিরার সময় মাচাকে ঠেলিয়া ফেলিয়া উঠিতে থাকে। তরুবর অন্তলভার আশ্রম হয়, কোমল লভার ন্থার অস্তের আশ্রম প্রার্থনা করে না।

তবে একটা এই দে, লতাই বল আর তর্কই বল, যত। দিন ছোট থাকে, ততদিন গরু বাছুরের আক্রমণ হইতে তাহাকে রক্ষা করিবার জন্ত তাহার জন্ত মাচা বাধিরা দিতে হর। লতাগুলি বড় হইলে তাহার জন্ত মাচা বাধিতে হর। কিন্তু বৃক্ষগুলি বড় হইলে তাহার জন্ত আর কিছুই করিতে হর না। রাজপুরুষগণ যতদিন ভারতবাসীকে শিশু বলিরা মনে করিরাছিলেন,তত দিন ভাহাদিগকে বেড়ার আড়ালে রাধিরাছিলেন। এখন তাঁহারা বৃঝিরাছেন দে, ভারতবাসী আর শিশু নহে আর তাহাদিগকে বেড়ার গ্রাড়ালে রাধিরাছিলেন। এখন তাঁহারা বৃঝিরাছেন দে, ভারতবাসী আর শিশু নহে আর তাহাদিগকে বেড়ার আড়ালে রাধিবার ব্যবতা করিরাছেন। মুসলমান যে লতা জাতির, সার ফুলার তাহা রাজাকে ব্যাইরা দিরাছেন। মুসলমান যে লতা জাতির, সার ফুলার তাহা রাজাকে ব্যাইরা দিরাছেন। মুসলমান যে দিন বৃঝিতে পারিবে সে লাউ ফুমড়ার মত কোমল লতা জাতীর নহে, হিন্দুর ন্তার দেও সগর্কে উন্নতশিরে দণ্ডারমান হইতে পারে, তথন সে কি আর মাচার আশ্রর থাকিবে ? কথনই নহে।

তথন সে রাজাকে বলিবে, "আমার মাচার প্ররোজন নাই, আমি স্বতন্ত্র নির্বাচনাধিকার, চাইনা, আমি হিন্দুর ক্যার নিজের বোগ্যতা নিজের সামর্থ্যের উপর নির্ভর করিয়া দণ্ডারমান হইল। "এ বৃদ্ধ" কি সে শুভদিন দেখিতে পাইবে ?

দেখ ভাষা, এখনকার পুলিশের অভ্যাচার ও হাইকোটের অবিকার দেখিয়া আমার বাল্যকালের একটা কথা মনে পডিয়া গেল ৷ আমরা তথন কলেজে মহাকবি ফিন্টনের "প্যারাডাইজলই" পড়িতাম। আমাদের অধ্যাপকটি গোঁড়া শ্বন্তান ছিলেন। একদিন আমরা তাঁহাকে ব্লিক্সাসা করিলাম বে "সম্বতান যদি ঈশ্বরের সহিত শত্রতাই করিতেছে, তাহা হইলে ঈশ্বর তাহাকে স্টিই বা করিলেন কেন আর তাহার সংশ্বার সাধন করিরা পুথিবীকে পাপমুক্ত করেন নাই বা কেন ?" উত্তরে সাহেব বলিলেন "ইহাও লীলাময়ের এক লীলা। তিনি অবশ্য পুর্বের জানিতেন যে, সমতান তাঁহার শক্র হ**ইবে** এবং তাহার স্বস্ত জগতের অনিষ্ট সাধন করিবে। কিন্তু ভিনি মনে করিলেন যে, আমি ষদি সম্বভানকে মারিমা ফেলি. তাহা হইলে লোকে আমার **ষ্ট্রিমা জ্বরক্ষ করিবে কিরুপে** ৪ সন্থতানের কার্য্যের স্থিত লম্বরের কার্য্যের তুলনা করিলে তবে ত মানব লম্বরের দয়া ব্রিতে পারিবে ?" সাহেবের এ বৃক্তি আমরা তথন ভাল বুরিতে পারি নাই, এখন হাড়ে হাড়ে বুঝিতেছি। ভোমরা বল "হে দয়াময় গবর্ণমেণ্ট ভূমি পুলিশের শাসন কর।" গবর্ণমেণ্ট মনে করিলেই

পুলিশকে শাদন করিতে পারেন বটে,, কিন্তু তাহ। হইলে ভোমরা গবর্ণমেণ্টের নিরপেক্ষ বিচার মহিমা বুরিবে কিরপে? খুষ্টানের ঈশ্বর যেরপ বিশু খুষ্টের সাহায্যে সরতানের প্রতিপত্তি নাশের ব্যবস্থা করিরা বিশুর মহিমা প্রচার করিরা থাকেন, আমাদের গবর্গফেটও সেইরপ হাইকোর্টের সাহায্যে পুলিশের দৌরাফ্য ত্রাস করিরা হাইকোর্টের মহিমা প্রচার করিতেছেন। ঈশ্বরের স্বষ্ট সরতান বেররপ ঈশ্বরের স্বর্গতে গোলযোগ ঘটার, গবর্ণমেণ্টের স্বষ্ট পুলিশও সেইরূপ গবর্ণমেণ্টের রাজ্যে অশান্তি উৎপাদন করিতেছে। সকলই লীলামবেরর ইচছা। ইতি



